



NETAJI SUBHAS OPEN UNIVERSITY

STUDY MATERIAL

ECO

PAPER - 5

MODULES : 31-34

ELECTIVE COMMERCE HONOURS



প্রাক্কর্থন

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাতক প্রেণির জন্য যে পাঠক্রম প্রতিষ্ঠিত হয়েছে, তার লক্ষণীয় বৈশিষ্ট্য হ'ল প্রতিটি শিক্ষার্থীকে তাঁর পছন্দমতো কোনও বিষয়ে সাম্মানিক (Honours) স্তরে শিক্ষার্থীর সুযোগ করে দেওয়া। এক্ষেত্রে ব্যক্তিগতভাবে তাঁদের গ্রহণক্ষমতা আগে থেকেই অনুমান করে না নিয়ে নিয়ত মূল্যায়নের মধ্য দিয়ে সেটা স্থির করাই যুক্তিযুক্ত। সেই অনুযায়ী একাধিক বিষয়ে সাম্মানিক মানের পাঠ-উপকরণ রচিত হয়েছে ও হচ্ছে — যার মূল কাঠামো স্থিরীকৃত হয়েছে একটি সূচিভিত্তি পাঠক্রমের ভিত্তিতে। কেন্দ্র ও রাজ্যের অগ্রগণ্য বিশ্ববিদ্যালয়সমূহের পাঠক্রম অনুসরণ করে তার আদর্শ উপকরণগুলির সমন্বয়ে রচিত হয়েছে এই পাঠক্রম। সেই সঙ্গে যুক্ত হয়েছে অধ্যেত্বা বিষয়ে নতুন তথ্য, মনন ও বিজ্ঞেয়ণের সমাবেশ।

দূর-সঞ্চারী শিক্ষাদানের স্থীরুত্ব প্রদত্তি অনুসরণ করেই এই সব পাঠ-উপকরণ লেখার কাজ চলছে। বিভিন্ন বিষয়ের অভিজ্ঞ পদ্ধিতমণ্ডলীর সাহায্য এ কাজে অপরিহার্য এবং যাঁদের নিরলস পরিশ্রমে লেখা, সম্পাদনা তথা বিন্যাসকর্ম সুসম্পন্ন হচ্ছে তাঁরা সকলেই ধন্যবাদের পাত্র। আসলে, এঁরা সকলেই তালক্ষ্যে থেকে দূরসঞ্চারী শিক্ষাদানের কার্যক্রমে অংশ নিচ্ছেন; যখনই কোনো শিক্ষার্থী এই পাঠ্যবস্তুনিচয়ের সাহায্য নেবেন, তখনই তিনি কার্যত একাধিক শিক্ষকমণ্ডলীর পরোক্ষ অধ্যাপনার তাৎপৰ সুবিধা পেয়ে যাচ্ছেন।

এইসব পাঠ-উপকরণের চৰ্চা ও অনুশীলনে যতটা মনোনিবেশ করবেন কোনও শিক্ষার্থী, বিষয়ের গভীরে যাওয়া তাঁর পক্ষে তত্ত্ব সহজ হবে। বিষয়বস্তু যাতে নিজের চেষ্টায় অধিগত হয়, পাঠ-উপকরণের ভাষা ও উপস্থাপনা তার উপযোগী করার দিকে সর্বস্তরে নজর রাখা হয়েছে। এরপর যেখানে যতটুকু অস্পষ্টতা দেখা দেবে, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পাঠকক্ষে নিযুক্ত শিক্ষা-সহায়কগণের পরামর্শে তার নিরসন অবশ্যই হ'তে পারবে। তার ওপর প্রতি পর্যায়ের শেষে প্রদত্ত অনুশীলনী ও অতিরিক্ত জ্ঞান অর্জনের জন্য ধ্রুব-নির্দেশ শিক্ষার্থীর গ্রহণ-ক্ষমতা ও চিন্তাশীলতা বৃদ্ধির সহায়ক হবে।

এই অভিনব আয়োজনের বেশ কিছু প্রয়াসই এখনও পরীক্ষামূলক—অনেক ক্ষেত্রে একেবারে প্রথম পদক্ষেপ। স্বভাবতই ত্রুটি-বিচুতি কিছু কিছু থাকতে পারে, যা অবশ্যই সংশোধন ও পরিমার্জনার অপেক্ষা রাখে। সাধারণভাবে আশা করা যায়, ব্যাপকতর ব্যবহারের মধ্য দিয়ে পাঠ-উপকরণগুলি সর্বত্র সমাদৃত হবে।

অধ্যাপক (ড.) শুভ শঙ্কর সরকার
উপাচার্য

একাদশ পুনর্মুদ্রণ : জানুয়ারি, 2019

বিশ্ববিদ্যালয় মণ্ডুরি কমিশনের দ্রষ্টব্যক্তি ব্যৱহাৰৰ বিধি অনুযায়ী মুদ্রিত।

Printed in accordance with the regulations of the
Distance Education Bureau of the University Grants Commission.

পরিচিতি

বিষয় : ঐচ্ছিক বাণিজ্য
(পঞ্চম পত্র)

সাম্যানিক স্তর

পাঠক्रম : ECO : 05 : পর্যায় : 31-34


	রচনা	সম্পাদনা
একক 31	অধ্যাপক অসিত ঘোষ	অধ্যাপক নিখিল রঞ্জন বর্ধন
একক 32	অধ্যাপক অনিবাণ ঘোষ	অধ্যাপক রঞ্জিতকুমার বোস
একক 33	অধ্যাপক রঘীন্দ্রনাথ বসু	অধ্যাপক মেহময় আচার্য
একক 34	অধ্যাপক সুজিত রায়	ড. দেৱাশিস ব্যানার্জী

পরিমার্জনা
অধ্যাপক অনিবাণ ঘোষ

প্রজ্ঞাপন

এই পাঠ-সংকলনের সমুদয় স্বত্ত্ব নেতৃত্ব সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দ্বারা সংরক্ষিত।
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এর কোনো অংশের পুনর্মুদ্রণ বা কোনোভাবে
উন্নতি সম্পূর্ণ নিষিদ্ধ।

গোহন কুমার চট্টোপাধ্যায়
নিবন্ধক



নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

ECO - 5

বাণিজ্য বিষয়ের ঐচ্ছিক পাঠ্যক্রম (আয়কর)

পর্যায়

31

		পৃষ্ঠা
একক 1	<input type="checkbox"/> আয়কর আইন ও পদ্ধতি	7-24
একক 2	<input type="checkbox"/> আবাসিক মর্যাদা ও করদায়	25-44
একক 3	<input type="checkbox"/> কর থেকে সম্পূর্ণ রেহাইযোগ্য আয়সমূহ করমুক্ত আয়	45-58

পর্যায়

32

একক 4	<input type="checkbox"/> আয়কর খাত এবং বেতন থেকে আয়	59-128
একক 5	<input type="checkbox"/> গৃহসম্পত্তি থেকে আয়	129-151
একক 6	<input type="checkbox"/> ব্যবসায় বা পেশা থেকে মুনাফা ও লাভ	152-190
একক 7	<input type="checkbox"/> ‘মূলধনি মুনাফা’ থেকে আয়	191-220
একক 8	<input type="checkbox"/> অন্যান্য উৎস থেকে আয়	221-230

পর্যায়


33

একক 9	<input type="checkbox"/> সমগ্র মোট আয় থেকে ছাড় সমূহ	231-248
একক 10	<input type="checkbox"/> কর থেকে অব্যাহতি	249-256

পর্যায়

34

একক 11	<input type="checkbox"/> ‘ব্যক্তি বিশেষ’ এর কর নির্ধারণ ও প্রদেয় কর নির্ণয়	257-277
একক 12	<input type="checkbox"/> অংশীদারি প্রতিষ্ঠানের কর নির্ধারণ ও প্রদেয় কর নির্ণয়	278-301



একক 1 □ আয়কর আইন ও পদ্ধতি

গঠন

- 1.0 উদ্দেশ্য
- 1.1 অঙ্গাবনা
- 1.2 ভারতবর্ষে আয়কর আইনের সংক্ষিপ্ত ইতিহাস
- 1.3 বর্তমান আয়কর আইনের সংক্ষিপ্ত শিরোনাম, সীমা ও সূচনা
- 1.4 আয়কর
- 1.5 অর্থ আইন
- 1.6 সংজ্ঞা ও মৌলিক ধারণা
 - 1.6.1 নির্ধারী বা করদাতা
 - 1.6.2 ব্যক্তি
 - 1.6.3 কর নির্ধারণ বছর
 - 1.6.4 পূর্ববর্তী বছর
 - 1.6.5 নতুন স্থাপিত ব্যবসায় বা পেশার ক্ষেত্রে পূর্ববর্তী বছর
 - 1.6.6 কোন পূর্ববর্তী বছরের আয় তার ঠিক পরবর্তী বছরে নিরূপণ করা হবে—
ব্যতিক্রম
 - 1.6.7 আয়
 - 1.6.8 সমগ্র মোট আয়
 - 1.6.9 মূলধনি সম্পত্তি
 - 1.6.10 কোম্পানির সম্পত্তি
 - 1.6.11 কৃষি আয়
 - 1.6.12 কৃষি আয় এবং অকৃষি আয়ের একীকরণ
 - 1.6.13 আগাতদৃষ্টিতে কৃষি আয় মনে হলেও অকৃতপক্ষে কৃষি আয় নয়
 - 1.6.14 আগাতদৃষ্টিতে কৃষি আয় না হলেও অকৃতপক্ষে কৃষি আয়
- 1.7 সারাংশ
- 1.8 অনুশীলনী
- 1.9 গ্রন্থপঞ্জী

1.0 উদ্দেশ্য

এই একটি পড়ার পর আপনি জানতে পারবেন—

- ভারতীয় আয়কর আইন,
- এই আইন অনুসারে আয়ের বৈশিষ্ট এবং
- কৃষি আয় ও কৃষি আয়ের করযোগ্যতা।

1.1 প্রস্তাবনা

ভারতীয় অধিনিতিতে কর ব্যবস্থা কোনও নতুন পথ নয়। কৌটিল্যের ‘অর্থশাস্ত্র’ গ্রন্থে কর ব্যবস্থার (আয়কর) উল্লেখ পাওয়া যায়। চতুর্গুণ যে লাভের বা আয়ের উপর কর আদায় করতেন, তারও প্রমাণ পাওয়া যায়। কর পথ ছিল রাজা ও পঞ্জার মধ্যে একটি সামাজিক চুক্তি। পঞ্জারা তাদের নিজেদের মজলের জন্য রাজাকে নানা প্রকার কর দিতে প্রস্তুত ছিল। অতএব, আয়কর ব্যবস্থা ভারতবর্ষে সুস্থাচীন। সরকারের রাজস্ব আদায়ের একটি গুরুত্বপূর্ণ সূত্র হল আয়কর। বর্তমান গতিশীল ভারতীয় অধিনিতিতে করব্যবস্থার গুরুত্ব সর্বজনৈকত।

1.2 ভারতবর্ষে আয়কর আইনের সংক্ষিপ্ত ইতিহাস

প্রথম আয়কর আইন (1860) : 1857 সালে সিপাহি বিদ্রোহের ফলে ইংরেজ সরকারের অধিনিতিক অবস্থার অবনতি হয়। তাই অধিনিতির উন্নতির জন্য 1860 সালে প্রথম আয়কর আইন প্রবর্তন হয়— যার প্রধান উদ্দেশ্য ছিল অধিক মাত্রায় রাজস্ব সংগ্রহ করা। স্যার জেমস উইলসন (Sir James Wilson) ছিলেন এই আইনের প্রবর্তক।

এরপর যথাক্রমে দ্বিতীয় আয়কর আইন (1869), তৃতীয় আয়কর আইন (1886), চতুর্থ আয়কর আইন (1918) এবং পঞ্চম আয়কর আইন (1922) প্রবর্তন হয়।

বর্তমানে ভারতবর্ষে প্রচলিত আয়কর আইন 1961 সালে প্রবর্তন হয়।

1.3 বর্তমানে আয়কর আইনের সংক্ষিপ্ত শিরোনাম, সীমা ও সূচনা (ধারা 1)

- এই আইনকে আয়কর আইন 1961 (Income Tax Act, 1961) বলা হয়।
- এই আইন সমগ্র ভারতে প্রযোজ্য হয়।

- (c) । লা এপ্রিল 1962 (1.4.1962) থেকে এ আইন বলবৎ করা হয়েছে।
- (d) সরকারি আদেশানুসারে [SO 1028 (E) of 7.11.1988] এই আইন । লা এপ্রিল 1989 (1.4.1989) থেকে সিকিম রাজ্যে চালু করা হয়েছে। বর্তমান আয়কর আইনে 450টির অধিক ধারা (Sections), অসংখ্য উপধারা (Sub-sections) এবং 12টি তফসিল (Schedule) আছে। এছাড়া বিভিন্ন উচ্চ আদালতের (High Court) ও সর্বোচ্চ আদালতের (Supreme Court) গুরুত্বপূর্ণ মামলার রায় (Judgement) বিশেষভাবে প্রযোজন।

1.4 আয়কর (Income Tax)

কোনও পূর্ববর্তী বছরের মোট আয়ের উপর থদেয় করাই হল আয়কর। অর্থাৎ আয়কর। আয়কর কথাটি দুটি শব্দ মিলিয়ে তৈরি হয়— 1. আয় এবং 2. এই আয়ের উপর কর। মোট করযোগ্য আয় নিরূপণ ও তার উপর করহার নির্ধারণ—এই দুই ক্ষেত্রেই 1961 সালের আয়কর আইন প্রযোগ করাই হল এককথায় আয়করের মূল বিষয়।

1.5 অর্থ-আইন (Finance Act)

সাধারণত প্রতি বছর ফেব্রুয়ারি মাসের শেষ সপ্তাহে, কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রতি আর্থিক বছরের জন্য সরকারের আনুমানিক আয় ও খয়ের সংబলিত একটি Budget সংসদে (লোকসভা) পেশ করেন। সেই বাজেটের সঙ্গে আয়কর সংক্রান্ত যাবতীয় নতুন প্রস্তাব ও সংশোধনী কার্যকরি করার জন্য অর্থ বিল (Finance Bill) পেশ করেন। বিতর্ক, আলোচনা এবং ভোটাভুটির পর এই বিল লোকসভা কর্তৃক গৃহীত ও রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত হলে অর্থ আইনে (Finance Act) পরিণত হয়। সুতরাং এই অর্থ আইন মূল আয়কর আইনের কিছু অংশের সংশোধন, পরিবর্তন, সংযোজন, পরিমার্জন ইত্যাদি করে। এছাড়াও অর্থ আইনে আয়করের হার (Rates of Income Tax) স্থিরীকৃত হয়।

1.6 সংজ্ঞা ও মৌলিক ধারণা (Definition and Concepts)

1.6.1 নির্ধারী বা করদাতা (Assessee) [ধারা 2 (7)]

1961 সালের আয়কর আইনের 2(7) ধারায় করদাতা বা নির্ধারীর সংজ্ঞা দেওয়া আছে। এই ধারা অনুযায়ী “যে ব্যক্তি আয়কর আইন অনুসারে কোনও কর বা অন্য যে কোনও অর্থ (যেমন সুদ, জরিমানা ইত্যাদি) প্রদান করতে বাধ্য থাকেন, তাকে নির্ধারী বা করদাতা বলে”।

নিম্নলিখিত ব্যক্তিগণকেও আয়কর আইনের দৃষ্টিতে করদাতা বলে গণ্য করা হবে—

1. যাঁর সম্পর্কে তাঁর নিজের বা অন্য কোন ব্যক্তির (যাঁর জন্য তিনিই কর নির্ধারণযোগ্য) আয় বা ফতিহ পরিমাণ নিরপেক্ষের জন্য মামলা শুরু হয়েছে।

অথবা,

2. যাঁর সম্পর্কে তাঁর নিজের বা অনুরূপ অন্য কোনও ব্যক্তির কাছে ফেরতযোগ্য অর্থের পরিমাণ নিয়ে মামলা শুরু হয়েছে।

আয়কর আইন অনুসারে নির্ধারীরূপে ধরে নেওয়া যায় (Deemed to be an assessee) এমন প্রতিটি ব্যক্তিও এর অন্তর্ভুক্ত। এই ধরনের ক্ষেত্রগুলি হল:

1. কোনও মৃত করদাতার আইনানুগ উত্তরাধিকারীগণ (ধারা 159)

2. কোনও করদাতার প্রতিনিধি (ধারা 160) যেমন:

(a) কোনও অনাবাসিক (Non-Residence) ব্যক্তির নিযুক্তক (agent) রূপে গৃহীত ব্যক্তি।

(b) কোনও নাবালক, উন্মাদ বা জড়বুদ্ধিসম্পন্ন ব্যক্তির অভিভাবক বা ব্যবস্থাপক (Manager), যিনি তাদের হয়ে আয় প্রাপ্তির অধিকারী।

(c) কোনও আদালতের আদেশ অনুসারে নিযুক্ত রিসিভার বা ব্যবস্থাপক, ন্যাসরক্ষক (Trustee), কেট অফ ওয়ার্ডস ইত্যাদি। যাঁরা কোন ব্যক্তির সম্পত্তির তত্ত্঵াবধান করেন।

আয়কর আইনের যে কোনও বিধান অনুযায়ী যে ব্যক্তি ‘খেলাপকারী নির্ধারী’ (assessee in default) হিসাবে গণ্য তিনিও ‘নির্ধারী’ শব্দের অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপ বলা যায়—যে ব্যক্তি বা প্রতিষ্ঠান অর্থপ্রদানকালে উৎসহলে আয়কর কেটে রাখেনি, কিন্তু যিনি কেটে রাখতে বাধ্য—ধারা 192-194, 194A, 194B, 194C, 194D এবং 195 অনুসারে বা কেটে রাখা সঙ্গেও আয়করের টাকা সরকারি তহবিলে জমা দেননি, তাকে খেলাপি করদাতা বলে গণ্য করা হবে (ধারা 201)।

সূতরাং কোনও ব্যক্তি যার উপর কর নির্ধারণের পদ্ধতি আরোপ করা যায়— তাঁর নিজের কর নির্ধারণের জন্য বা অপর কোন ব্যক্তির কর নির্ধারণের জন্য হেক— তাকেই আয়কর আইনে করদাতা বলা হয়।

1.6.2 ব্যক্তি (Person) [ধারা 2(31)]

ভারতীয় আয়কর আইন অনুসারে ব্যক্তি কথাটির অর্থ অনেক ব্যাপক। নিম্নলিখিত সাতটি সন্তা ব্যক্তি হিসাবে গণ্য হয়—

1. একজন স্বতন্ত্র ব্যক্তি (An Individual), অর্থাৎ একজন মানুষ যিনি প্রাপ্তবয়স্ক, অপ্রাপ্তবয়স্ক, নারী, পুরুষ, বা উন্মাদ হতে পারেন।

2. একটি অবিভক্ত হিন্দু পরিবার (A Hindu Undivided Family) অর্থাৎ একই পূর্বপুরুষ থেকে বংশান্তরিকভাবে আগত সকল বংশধর ও তাঁদের পত্নীরা এবং অবিবাহিত কন্যারাও এর অন্তর্গত।

3. একটি যৌথ মূলধনি কোম্পানি (A Joint Stock Company)।

4. একটি অংশীদারী কারবার (A Partnership firm)।
5. কিছু ব্যক্তির কোন সমিতি বা সংগঠন তা নিবন্ধিত অথবা অনিবন্ধিত (An Association of Persons, incorporated or not)।
6. একটি স্থানীয় স্বায়ত্ত্বাসন কর্তৃপক্ষ (A Local Authority)যেমন মিউনিসিপাল বোর্ড, কর্পোরেশন ইত্যাদি।
7. উপরিউক্ত ব্যক্তিগণ ছাড়াও আইনগ্রাহ্য প্রতিটি কৃতিম ব্যক্তি (Every artificial Juridical Person not falling within any of the preceding Sub-clauses)

1.6.3 কর-নির্ধারণ বছর (Assessment Year) [ধারা 2 (9)]

কর-নির্ধারণ বছর বলতে একটি 12 মাসের সময়কালকে বোবায় বা প্রতি ইংরেজি বছরের 1st এপ্রিল থেকে শুরু করে পরবর্তী বছরের 31st মার্চ অবধি গণ্য করা হয়। যে বছরে করদাতার মোট করযোগ্য আয় নির্ণয় করা এবং প্রযোজ্য হারে উক্ত করযোগ্য আয়ের উপর দেয় আয়কর নির্ধারণ করা হয়, সে বছরকে কর নির্ধারণ বছর বলে।

যেমন, কর নির্ধারণ বছর 2006–2007 শুরু হয়েছে 1.4.2006 থেকে আর শেষ হবে 31.3.2007 তারিখে। এই বছরে পূর্ববর্তী বছর 2005–2006 এ নির্ধারীর মোট আয় ও কর নির্ধারণ করা হয় বলে এই বছরকে কর নির্ধারণ বছর বলে।

1.6.4 পূর্ববর্তী বছর (Previous Year) [ধারা 3]

- আয়কর আইনের ধারা 3 অনুসারে প্রতিটি কর নির্ধারণ বছরের একটি ‘পূর্ববর্তী বছর’ আছে। কোনও করদাতা (Assessee) যিনি কোন হিসাবখাতা রাখেন না বা আর্থিক বছরের ভিত্তিতেই হিসাবের খাতা রাখেন (অর্ধাং 1st এপ্রিল থেকে 31st মার্চ) সেক্ষেত্রে কর-নির্ধারণ বছরের ঠিক পূর্ববর্তী আর্থিক বছরকেই ‘পূর্ববর্তী বছর’ আখ্যা দেওয়া হয়।

কর-নির্ধারণ বছরের পূর্বে অবস্থিত বলে এই বছরকে পূর্ববর্তী বছর বলে।

- বর্তমানে পূর্ববর্তী বছর হল কর নির্ধারণ বছরের অব্যবহিত পূর্বের আর্থিক বছর (1st এপ্রিল থেকে 31st মার্চ)।

- একটি আর্থিক বছরে যে আয় উপার্জন করা হয় পূর্ববর্তী আর্থিক বছরে তার উপর কর ধার্য করা হয়। অর্ধাং প্রথম আর্থিক বছরটি, যাতে আয় হয়, তা হল পূর্ববর্তী বছর এবং পরবর্তী আর্থিক বছরটি যাতে কর নির্ধারণ করা হয় তা হল কর নির্ধারণ বছর। যেমন :

পূর্ববর্তী বছর (Previous Year)	করনির্ধারণ বছর (Assessment Year)
2003–04	2004–05
2004–05	2005–06
2005–06	2006–07

● সব শ্রেণির করদাতার ক্ষেত্রে 31শে মার্চ সমান্তরাল আর্থিক বছরকেই পূর্ববর্তী বছর হিসাবে গণ্য করা হয়। অর্থাৎ সকল প্রকার করদাতার জন্য 31শে মার্চ যে বছর শেষ হয় তা একরূপ হিসাব বছর (Uniform accounting year) বলে বিবেচিত হয়।

1.6.5 নতুন স্থাপিত ব্যবসায় বা পেশার ক্ষেত্রে পূর্ববর্তী বছর (Previous Year of a newly setup business or other source of income)

আয়কর আইন অনুসারে নতুন স্থাপিত ব্যবসায় বা পেশার ক্ষেত্রে অথবা কোনও আর্থিক বছরে নতুন কোনও আয়ের উৎস এলে সে ক্ষেত্রে পূর্ববর্তী বছর শুরু হবে ব্যবসায় বা পেশা আরম্ভ হওয়ার দিন থেকে অথবা যে তারিখ থেকে নতুন আয়ের উৎস হল সেই তারিখ থেকে এবং পূর্ববর্তী বছর শেষ হবে 31শে মার্চ তারিখে।

উদাহরণ :

রাম তার নতুন ব্যাবসা শুরু করল 1 লা সেপ্টেম্বর 2006— এক্ষেত্রে পূর্ববর্তী বছর শেষ হবে 31শে মার্চ 2007, অর্থাৎ পূর্ববর্তী বছর 2006–2007।

1.6.6 কোনও পূর্ববর্তী বছরের আয় তার ঠিক পরবর্তী করনির্ধারণ বছরে নিরূপণ করা হবে—এই আইনের কিছু ব্যতিক্রম আছে (Exceptions to the General Rule that income earned during the Previous Year is charged to tax in the assessment year)

নিম্নলিখিত ক্ষেত্রে পূর্ববর্তী বছর এবং কর নির্ধারণ বছর একই হবে—

- অনাবাসিক জাহাজি ব্যবসায়ে ভারতে অর্জিত আয় যদি তার ভারতে কোনও নিযুক্তক (agent) না থাকে, (ধারা 172),
- যে বাতি স্থায়ীভাবে বা বহুদিনের জন্য ভারতবর্ষ ছেড়ে চলে যাচ্ছে, তার আয়ের ক্ষেত্রে (ধারা 174),
- যে বাতি আয়কর না দেওয়ার উদ্দেশ্যে সম্পত্তির হস্তান্তর করে অথবা সম্পত্তির দামে কোনও পরিবর্তন করে, তবে তার আয়ের ক্ষেত্রে (ধারা 175),
- পরিত্যক্ত বা বধ করে দেওয়া হয়েছে এমন কোন ব্যাবসা, পেশা বা বৃত্তির আয়ের ক্ষেত্রে (ধারা 176)।

1.6.7 আয় (Income) [ধারা 2(24)]

আয়কর আইনে ‘আয়’ কথাটি খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু আয়কর আইনে কোথাও আয়ের কোনও সংজ্ঞা নেই। 1961 সালের আয়কর আইনের 2(24) ধারায় অর্থাগমের কয়েকটি বিশেষ দফায় (items) উল্লেখ করা হয়েছে, আর এই দফাগুলিকে আয় বলে গণ্য করা হবে।

সাধারণত কোনও সম্পত্তি বা ব্যক্তিগত মেধা ও বিশেষ গুণের বা দৈহিক শ্রমদানজনিত অর্থপ্রাপ্তিকে আয় বোঝায়, যেমন বেতন, মজুরি, সুদ, খাজনা, ভাড়া ইত্যাদি।

C.I.T. Vs Shaw Wallace & Co. মামলায় প্রিভি কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী ‘আয় হল বিভিন্ন উৎস থেকে নিয়মিত বা প্রত্যাশিতভাবে নিয়মিত অর্থাগম’। [“Income connotes a periodical monetary return coming in with some sort of regularity or expected regularity from definite sources which need not be continuously productive.....”]

আয়কর আইনের দৃষ্টিতে আয় (Concept of Income as per Income Tax Act) :

ধারা 2(24) অনুসারে আয়ের যে সংজ্ঞা দেওয়া হয়েছে তা অনেকটা অন্তর্ভুক্তিকর (inclusive), কিন্তু সম্পূর্ণ বা সামগ্রিক নয়।

নিম্নলিখিত বিষয়গুলি আয়ের অন্তর্ভুক্ত—

- (i) মুনাফা ও লাভ (Profit and Gains),
- (ii) লভ্যাংশ (Dividend),
- (iii) সম্পূর্ণ বা আংশিকভাবে দাতব্য বা ধর্মীয় উদ্দেশ্য নিয়ে গঠিত কোনও ট্রাস্ট বা প্রতিষ্ঠান কর্তৃক থাপ্ত বেছায় সবরকম দান—যদি না দাতা কোন বিশেষ উদ্দেশ্যে ব্যয় করার জন্য কোন দান করে থাকে এবং দানের সময় সেই উদ্দেশ্যের উল্লেখ থাকে,
- (iv) করযোগ্য বেতন-পূরক সমূহের মূল্য (Value of Perquisites) [ধারা 17 (2)] এবং বেতনের পরিবর্তে মুনাফা (profits in lieu of Salary [ধারা 17 (3)])
- (v) বিশেষ ভাতা বা সুবিধা যা কর্মচারী তাঁর চাকুরিহল বা আবাসস্থলের ব্যক্তিগত খরচ মেটানোর জন্য বা তাঁর জীবনযাত্রার বৰ্ধিত খরচ মেটানোর জন্য মালিকের কাছে পেয়ে থাকেন,
- (vi) কোনও অধিকর্তা (director) বা প্রভৃতি স্বার্থসম্পন্ন কোনও ব্যক্তি বা তাঁদের আক্ষীয়গণ কর্তৃক আপ্ত কোনও সুবিধা বা বেতন পূরকের (Prequisite) মূল্য,
- (vii) 28(ii) এবং 28 (iii) ধারায় বর্ণিত বা 41 এবং 59 ধারায় করযোগ্য কোন অর্থপ্রাপ্তি,
- (viii) 28(iv) ধারায় করযোগ্য বেতন-পূরক বা অন্যান্য সুবিধা,
- (ix) মূলধনি লাভ (Capital Gains) [ধারা 45],
- (x) 44 ধারায় নির্ণীত বিমা লাভ,

- (xi) Imports (Control) Order, 1955 অনুসারে আপ্ত অনুমতিপত্র (Licence) বিক্রয়জনিত লাভ [ধারা 28(iiia)],
- (xii) রপ্তানির জন্য কেন্দ্রীয় সরকার থেকে আপ্ত কোন নগদ অনুদান (Cash assistance) [ধারা 28 (iiib)],
- (xiii) রপ্তানির জন্য ফেরতআপ্ত অস্তঃশুল্ক (Excise Duty) বা বৈদেশিক বাণিজ্য-শুল্ক (Customs Duty) [ধারা 28(iiic)],
- (xiv) লটারি, শব্দধৰ্মীধা, (Cross Word Puzzles), ধোড়দৌড়সহ সকল প্রতিযোগিতা, তাস খেলা, ভুয়াখেলা বা যে কোনও ধরনের বাজি গাঁথা প্রভৃতি খেলা থেকে আপ্ত অর্থ বা পুরস্কার।
- (xv) কর্মচারীদের মঙ্গলসাধনের জন্য কোন তহবিলে প্রদত্ত চাঁদার জন্য কোনও করদাতা যদি কোন অর্থ পেয়ে থাকে।

উপরে বর্ণিত বিষয়গুলি “আয়ের” সংজ্ঞা নয়। শুধুমাত্র আয় হিসেবে গণ্য বিভিন্ন অর্থ প্রাপ্তি ব্যাখ্যা করে। নিম্নলিখিত আয়ের বৈশিষ্ট্যসমূহ থেকে আয় সম্বন্ধে ধারণা আরও সহজ হবে।

● আয়ের বিশেষ বৈশিষ্ট্যসমূহ (Salient features)

আয়ের বিভিন্ন ধরুণ (Different form of income)

আয় নগদে বা প্রকারে (kind) হতে পারে। প্রকার আয়ের ক্ষেত্রে তার মূল্যায়ন আয়কর আইনের নিয়ম অনুযায়ী হয়।

● বেআইনি আয় (Illegal Income)

আয়কর আইনের দৃষ্টিভঙ্গিতে আয়ের উৎস আইনসংজ্ঞাত না বেআইনি— এই নিয়ে কোন পার্শ্বিক হয় না।

● স্থায়ী এবং সাময়িক আয় (Permanent and Temporary Income)

আয়করের দৃষ্টিতে সাময়িক ও স্থায়ী আয়ের মধ্যে কোনও তফাত করা হয় না। অস্থায়ী আয়ও করযোগ্য।

● মালিকানা বিরোধ (Title in dispute)

কোন আয়ের মালিকানায় বিরোধ থাকলে তার জন্য কর নির্ধারণ বৰ্ধ বা বাতিল হয় না।

● একযোগে খোক অর্থপ্রাপ্তি (Lump Sum receipt)

আয় একযোগেই হোক বা কিসিতে হোক—তা সমানভাবে করযোগ্য।

● একই আয়ের উপর দুবার কর ধার্য হবে না (Same Income cannot be taxed twice)

একই আয়ের উপর দুবার কর ধার্য না করাই হল আইনের মৌলিক নীতি।

- আয় প্রকৃত হবে, কাঞ্জনিক নয় (Income should be real and not fictional or Contingent) প্রকৃত আয়ই কেবল করযোগ্য হয়। কেনও কাঞ্জনিক আয় করযোগ্য নয়।
- ব্যক্তিগত দান (Personal Gift) উপহার যদি ব্যক্তিগত হয়, যেমন বিবাহ, জন্মদিন বা অন্যান্য সামাজিক অনুষ্ঠানে —আয় নয়।
- আয় হবে বাইরের থেকে (Income comes from outside) ছাত্র তার দৈনন্দিন প্রয়োজন ঘটাবার জন্য বাবার থেকে যে হাতখরচ (Pocket money) পায়, তা আয় নয়। তেমনই কোন স্ত্রী তার স্বামীর থেকে ব্যক্তিগত খরচ, পোশাক বা অন্যান্য কারণে যে তার্থ পায়, তা স্ত্রীর আয় নয়।

1.6.8 সমগ্র মোট আয় (Gross Total Income)

মোট আয়ের ও অদেয় আয়করের হিসাব করার জন্য আয়কর আইনের 14 ধারা অনুযায়ী সকল আয়কেই নিম্নলিখিত পাঁচটি খাতে ভাগ করা হয়েছে—

আয়ের বিভিন্ন খাত (Heads of Income)

1. বেতন থেকে আয় (Income for Salaries) [ধারা 15 থেকে 17]
2. গৃহসম্পত্তি থেকে আয় (Income from House property) [ধারা 22 থেকে 27]
3. পেশা বা ব্যাবসা থেকে আয় (Income from Business or Profession) [ধারা 28 থেকে 44]
4. মূলধনি লাভ (Income from Capital Gain) [ধারা 45 থেকে 55]
5. অন্যান্য খাতে আয় (Income from other Sources) [ধারা 56 থেকে 59]

কোন নির্ধারীর মোট আয় বের করতে হলে সর্বথথম আলাদা-আলাদাভাবে বিভিন্ন খাতের আয় নির্ধারণ করা প্রয়োজন।

উপরে উল্লেখিত পাঁচটি খাতের আয়ের যোগফল থেকে পাঁচটা দাবি ও লোকসানের জের বাদ দেবার (Set off and clubbing of incomes) পর যে আয় থাকে তাকে কোন নির্ধারীর সমগ্র মোট আয় (Gross total Income) বলে।

অসঙ্গত উল্লেখযোগ্য হলে যে, এই সমগ্র মোট আয় থেকে অনুমোদনযোগ্য কিছু ছাড় (Deduction u/s 80) দেওয়ার পর যে আয় থাকে তাকে ‘মোট করযোগ্য আয়’ (Total taxable Income) বলে।

1.6.9 মূলধনি সম্পত্তি (Capital Asset) [ধারা 2 (14)]

মূলধনি সম্পত্তি বলতে বোবায় ব্যাবসা বা পেশার সঙ্গে যুক্ত বা অসম্পর্কিত যে কোনও প্রকার সম্পত্তি (property of any kind), যা করদাতার অধীনে আছে (held by an assessee)। কিন্তু নিম্নলিখিত সম্পত্তিগুলি মূলধনি সম্পত্তি নয় :

- করদাতার ব্যবসা বা পেশার ব্যবহারের উদ্দেশ্যে রাখা পণ্যসম্ভার (Stock-in-trade), উৎপাদনকার্যে ব্যবহৃত কাঁচমাল (raw materials) বা পরোক্ষ কাঁচা উপাদান (Consumable Stores)
- ব্যক্তিগত জিনিসপত্র (Personal effects) অর্থাৎ যা কিনা করদাতার বা তার উপর নির্ভরশীল তার পরিবারের কোন ব্যক্তির ব্যক্তিগত ব্যবহারের জন্য রাখা কোন অঙ্গাবর সম্পত্তি (যেমন পরিধেয় পোশাক, আসবাবপত্র, ইত্যাদি) কিন্তু গহনাপত্র (Jewellery) এর অস্তর্ভুক্ত নয়।

অলঙ্কার বলতে বোঝায় :

- (a) সোনা, বুঁগা, প্ল্যাটিনাম, বা অন্য কোন দামী ধাতুর অলঙ্কার। সেগুলির দ্বারা কোন পরিধেয় পরিচ্ছদ খচিত কিনা তা বিচার্য নয়।
- (b) মূল্যবান মনি, রত্ন, জহরত তা কোন আসবাবপত্রে, বাসনপত্রে, বা অন্য কোন সামগ্ৰীতে গ্রহিত বা কোন পোশাকে খচিত হোক বা না হোক;
3. ভারতবর্ষের কেনাকৃষি জমি— যে জমির অবস্থান 10,000 বা তার অধিক জনসংখ্যা বিশিষ্ট কোন পুরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ডের সীমার মধ্যে অবস্থিত নয় বা পুরসভা বা বোর্ডের স্থানীয় সীমা 8 কিমি দূরত্বের অস্তর্গত এলাকায় অবস্থিত নয়;
4. কেন্দ্ৰীয় সরকারের $6\frac{1}{2}$ % স্বৰ্ণ ঋণপত্র (Gold Bond) 1977, 7%, স্বৰ্ণ ঋণপত্র 1980, জাতীয় অতিৱৰ্কা স্বৰ্ণ ঋণপত্র (National Defence Gold Bonds) 1980, বিশেষ প্রত্যৰ্পণযোগ্য ঋণপত্র (Special Bearer Bonds), 1991.

● মূলধনি সম্পত্তি দু প্রকারের—

(i) স্বল্পকালীন মূলধনি সম্পত্তি (Short term Capital Asset) [ধাৰা 2(42A)]

এটি হল যে সমস্ত মূলধনি সম্পত্তি হস্তান্তরের (Transfer) অব্যবহিত পূর্বে, কোম্পানি শেয়ার ও UTI বা অন্যান্য বিজ্ঞপ্তিকৃত মিউচুয়াল ফান্ডের ইউনিটের ক্ষেত্রে 12 মাস বা তার কম ও অন্যান্য সম্পদের ক্ষেত্রে 36 মাস বা তার কম সময় করদাতার অধীনে ছিল।

(ii) দীর্ঘমেয়াদী মূলধনি সম্পদ (Long term Capital Asset) [ধাৰা 2(29A)]

এটি হল যে সমস্ত মূলধনি সম্পত্তি যা হস্তান্তরের (Transfer) অব্যবহিত পূর্বে কোম্পানির শেয়ার, UTI বা অন্যান্য বিজ্ঞপ্তিকৃত মিউচুয়াল ফান্ডের ইউনিটের ক্ষেত্রে 12 মাসের বেশি ও অন্যান্য সম্পদের ক্ষেত্রে 36 মাসের বেশি সময় করদাতার অধীনে ছিল।

1.6.10 কোম্পানির লভ্যাংশ (Dividend) [ধাৰা 2(22)]

সাধাৰণ লভ্যাংশ বলতে কোন কোম্পানিৰ শেয়াৰ হোল্ডারগণ ওই কোম্পানিৰ পূৰ্বৰ্তী বছৰেৰ লাভেৰ যে অংশ পান, তাকে বোঝায়। কিন্তু আয়কৰ আইন অনুসাৰে এই সংজ্ঞা সম্পূৰ্ণ বা সামগ্ৰিক নয়। আয়কৰ আইনেৰ 2(22) ধাৰা অনুসাৰে নিম্নলিখিত বণ্টনগুলীই (distributions) লভ্যাংশ বলে বিবেচিত হয়।

(i) লভ্যাংশ অবশাই কোম্পানির মুনাফা (profit) থেকে দিতে হবে এবং কখনও মূলধন (Capital) থেকে নয়, মুনাফা পরবর্তী বছরের বা সঞ্চিত মুনাফা বা মূলধনি মুনাফা (Capital Profit) হতে পারে। শেয়ার হোল্ডারদের মধ্যে যখন কোম্পানি তার সম্পত্তির পূর্ণ বা আংশিক হুস ঘটিয়ে কোন অর্থ বণ্টন করে, তবে শেয়ার হোল্ডারদের হাতে এই বণ্টনের মাধ্যমে প্রাপ্ত অর্থ লভ্যাংশ বলে গণ্য হবে। [ধারা 2(22)(a)]

(ii) কোম্পানি যদি তার ইকুইটি শেয়ারগ্রহীতাদের মধ্যে খণ্পত্র বা সুদসহ বা সুদযুক্ত আমানতের থীকৃতিপত্র (Deposit Certificate) বণ্টন করে, প্রেকারেল শেয়ারগ্রহীতাদের মধ্যে বোনাস শেয়ার বিলি করে, তবে তা লভ্যাংশ হিসেবে গণ্য হবে। তবে সব ক্ষেত্রেই কোম্পানির এই বণ্টনের জন্য যথেষ্ট মুনাফা থাকতে হবে। [ধারা 2(22)(b)]

(iii) কোম্পানি তার অবসায়নের (Liquidation) সময় শেয়ার হোল্ডারদের মধ্যে কোন অর্থ বণ্টন করে, তবে তা লভ্যাংশ হিসেবে গণ্য হবে। তবে অবশাই এই বণ্টনের সম্পরিমাণ সঞ্চিত মুনাফা থাকতে হবে। [ধারা 2(22) (c)]

(iv) কোন কোম্পানি যদি তাঁর পুঁজি হাসের (Reduction of Capital) মাধ্যমে শেয়ার হোল্ডারদের মধ্যে কোনও অর্থ বণ্টন করে, তবে সেই অর্থ শেয়ার হোল্ডারদের কাছে লভ্যাংশ হবে, যদি এই অর্থ 1983 সালের 31শে মার্চ তারিখের পর থেকে সঞ্চিত মুনাফার (মূলধন জাতীয় হোক বা না হোক), অংশ হয়। [ধারা 2(22)(d)]

(v) জনসাধারণের স্বার্থে বিশেষভাবে জড়িত নয় এমন কোনও কোম্পানির (Company in which public are not Substantially interested) যদি যথেষ্ট সঞ্চিত মুনাফা থাকে এবং যদি সেই কোম্পানি 1987 সালের 31শে মে-র পর কোনও শেয়ার হোল্ডারকে (যার স্বার্থ বিশেষভাবে জড়িত, অর্থাৎ যিনি কোম্পানির মোট ইকুইটি শেয়ারের কমপক্ষে 10 শতাংশ ভোটের অধিকারী) বা কোনও প্রতিষ্ঠানকে (যদি শেয়ার হোল্ডার সেই প্রতিষ্ঠানের সভা বা অংশীদার হয়) কোনও অগ্রিম বা খণ্দান করে, তবে ওই অগ্রিম বা খণ্দ শেয়ারগ্রহীতার হাতে লভ্যাংশ বলে গণ্য হয়।

● ভারতীয় কোম্পানি থেকে প্রাপ্ত লভ্যাংশ একটি করমুক্ত আয়। [ধারা 10(33)]

নিম্নলিখিত অর্থের বণ্টনগুলি লভ্যাংশ বলে গণ্য হবে না :

(i) অর্থের বণ্টন যা উপধারা (c) বা (d)-তে লেখা হয়েছে, যদি শেয়ারের পূর্ণমূল্য নগদ অর্থে প্রাপ্ত কোন শেয়ারের ক্ষেত্রে হয় ওই শেয়ার হোল্ডারের যদি ওই কোম্পানির অবসায়নের (Liquidation) ক্ষেত্রে সম্ভাব্য উদ্বৃত্ত সম্পত্তিতে অংশগ্রহণ করার অধিকার না থাকে।

(ii) যে কোম্পানির অগ্রিম বা খণ্দান করাই মুখ্য ব্যাবসা, সেই কোম্পানি সাধারণ নিয়মেই যদি শেয়ার হোল্ডারদের কোম্পানি খণ্দান বা অগ্রিম দেয়।

(iii) কোম্পানি যে লভ্যাংশ এখন প্রদান করে তা যদি আগে দেওয়া কোন লভ্যাংশ থেকে পার্ট দাবি (set off) হিসেবে আংশিকভাবে বা সম্পূর্ণভাবে কাটা হয়ে থাকে, তবে পরবর্তী লভ্যাংশের যতটা পার্ট দাবি হিসাবে কাটা হয়েছে, সেটুকু অর্থ।

অর্থ আইন'99 (Finance Act 1999) অনুসারে নিম্নলিখিত দুটি ক্ষেত্রে বণ্টন, লভ্যাংশ বলে বিবেচিত হবে না (1.4.2000) এর পর থেকে।

(iv) কোম্পানি যখন তার শেয়ার হোল্ডারদের কাছ থেকে নিজ কোম্পানির শেয়ার ক্রয় (Purchase of its own share from its own Shareholders) করবার সময় কোন অর্থ প্রদান করে। [ধারা 77A, ভারতীয় কোম্পানি আইন 1956]।

(v) জেট ভেঙে সৃষ্টি কোম্পানি (Resulting Company by Demerger) যখন তার শেয়ারহোল্ডারদের কোনও শেয়ার দেয়।

1.6.11 কৃষি আয় (Agricultural Income) [ধারা 2 (1A)]

আয়কর আইনের 2(1A) ধারা অনুযায়ী কৃষি-আয় বলতে বোঝায়—

(a) নিম্নলিখিত অইন অনুযায়ী যে-কোনও খাজনা বা আয় (Rent or revenue)

(i) এই আয় ভূমি (land) থেকে প্রাপ্ত;

(ii) এই ভূমি ভারতে অবস্থিত;

(iii) এত ভূমি কৃষির উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

(b) এবং ভূমি থেকে প্রাপ্ত যে কোনও আয় বা পাওয়া গেছে,

(i) কৃষিকার্যের দ্বারা, অর্থাৎ চাষ করে ও চাষের কিছু প্রাথমিক কাজকর্মের দ্বারা।

(ii) উপজাত (Produce)-কে বাজারে নিয়ে যাওয়ার উপযুক্ত করতে কৃষকের সাধারণত যে কৃষি প্রক্রিয়া ব্যবহার করে থাকে সেইসব প্রক্রিয়ায় সম্পাদিত কাজের দ্বারা;

(iii) জমি কৃষকের বা পণ্য-খাজনার প্রাপকের ওই জমির ফসলের নিজ নিজ অংশ বিক্রয়জনিত আয়, যদি না ওই ফসল বাজারজাত করার জন্য কোনও বিশেষ প্রক্রিয়ার সাহায্য নেওয়া হয়ে থাকে।

(c) কৃষিজমির আয় প্রাপকের ওই কৃষিজমির উপরে বা সমিকটে অবস্থিত নিজের মালিকানায় বা অধিকারে বা ওই জমি কৃষকের অধিকারে যদি কোনও গৃহ থাকে এবং সেই গৃহ;

(i) যদি কোনও কৃষকের কাজের জন্য ব্যবহার হয়ে থাকে [ধারা 2(1)(c)],

(ii) কৃষিজমির উপরে বা সংলগ্ন হয়ে গৃহটি যদি তাদের চাষের শুবিধার্তে নিজেদের বসবাসের জন্য বা ফসল ও অনান্ন বস্তুসামগ্ৰী গুদামগুর হিসাবে ব্যবহারের জন্য অপরিহার্য হয়ে থাকে [ধারা 2(1)c(i)]।

(iii) গৃহটির জন্য দেও খাজনা যদি রাজস্বের (Land Revenue) অন্তর্ভুক্ত হয়ে থাকে বা গৃহটি কৃষি জমির অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে বিবেচিত হওয়ার ফলে যদি স্থানীয় অভিকরের (Local rates) আওতায় এসে থাকে [ধারা 2(1)(c)(ii)]

(iv) গৃহটি যদি 10,000 তার বেশি জনসংখ্যাশিষ্ট কোনও পৌরসভা বা ক্যান্টনমেন্ট পর্যদের (Board) এলাকার অবস্থিত না হয়ে থাকে [ধারা 2(1)(c)(ii)(A)]; তবে সেই গৃহের আয়।

- আয়কর আইনের 10(1) ধারা অনুযায়ী কৃষি আয় সম্পূর্ণ করমুক্ত

আয়কর আইনের 8 ধারা অনুসারে ভারতে অবস্থিত চা-বাগানগুলির (Tea Gardens) চা প্রস্তুত করে প্রাণ মোট আয়ের 60% কৃষি আয় (সুতরাং করমুক্ত) এবং বাকি 40% অকৃষি আয় বলে গণ্য হয়।

1.6.12 কৃষি আয় এবং অকৃষি-আয়ের একীকরণ (Integretion of non-agricultural income with agricultural Income)

আয়কর আইনের 10 (1) ধারা অনুযায়ী কৃষি আয় যদিও করমুক্ত, তবুও যদি কোন করদাতার ফোনও পূর্ববর্তী বছরে অকৃষি আয় (non-agricultural Income) 50,000 টাকার বেশি এবং কৃষি আয় (Agricultural Income) 600 টাকার অধিক, তখন একীকরণের প্রয়োজন হয়।

- একীকরণের প্রক্রিয়া

ধাপ I (Step I) : কৃষি আয়, অকৃষি আয়ের সঙ্গে যোগ করে মোট আয় নির্ণয় করতে হবে।

ধাপ II (Step II) : কর-নির্ধারণ বছরে নির্দিষ্ট প্রতিক্রিয়া হারে মোট আয়ের উপর কর ধার্য করতে হবে।

ধাপ III (Step III) : সংশ্লিষ্ট বছরের অকৃষি আয়ের করমুক্তসীমা (বর্তমানে 50,000 টাকা) এবং নেট কৃষি আয়ের সমষ্টির উপর নির্দিষ্ট হারে আয়কর নির্ধারণ করতে হবে।

ধাপ IV (Step IV) : এবারে করদাতা প্রদেয় কর হবে প্রথম পর্যায়ে নির্ধারিত আয়কর (ধাপ II) এবং দ্বিতীয় পর্যায়ে নির্ধারিত আয়করের (ধাপ III) বিয়োগফল।

উদাহরণ

2006-2007 কর নির্ধারণ বছরের জন্য MR A. Paul এর কায়দায় (Tax Liability) নির্ণয় করুন :

	Rs.
(a) কৃষি আয়	8000
অকৃষি আয়	48,000
(b) কৃষি আয়	600
অকৃষি আয়	51,000
(c) কৃষি আয়	9000
অকৃষি আয়	80,000
(d) কৃষি আয়	10,000
অকৃষি আয়	1,20,000

সমাধান

- (a) কেনও কর হবে না, যেহেতু অক্ষয়ি আয় 50,000 (ন্যূনতম করযোগ্য আয়) চেয়ে কম।
 (b) এফেতে অক্ষয়ি আয়ের সঙ্গে ক্ষয়ি আয় একীকরণ হবে না, যেহেতু ক্ষয়ি আয় 600 টাকার অধিক নয় :

করদায় (কেমলমাত্র অক্ষয়ি আয়ের হবে) —

মোট অক্ষয়ি আয়	51,000 টাকা
প্রথম 50,000 টাকা	—
পরবর্তী 1000 টাকা ($51,000-50,000$)@ 10%	100
করদায়	<u>100</u>

(c) এফেতে ক্ষয়ি আয় (9000টাকা) অক্ষয়ি আয় (80,000 টাকা) একীকরণ হবে।

অতএব মোট আয় হবে $(80,000+9000)$ টাকা = 89,000 টাকা

করদান হবে নিম্নরূপ :

Step I

মোট কর হবে

প্রথম 50,000 টাকা	—
পরবর্তী 10,000 টাকা @ 10%	1000
অবশিষ্ট $(89,000-60,000)$ 29,000 টাকা @ 20%	5800
	<u>6800(A)</u>

Step II

ক্ষয়ি আয় (9000 টাকা) করমুক্ত সীমার (50,000 টাকা) সঙ্গে যোগ করে মোট আয় হল 59,000 টাকা।

মোট কর হবে :

প্রথম 50,000 টাকা	—
পরবর্তী 9000 টাকা @ 10%	900
	<u>900(B)</u>

Step III

সুতরাং নিট করদায় হবে (A-B) বা $(6900-900)$ টাকা = 5900 টাকা

(d) কৃষি আয় 10,000 টাকা ও অকৃষি আয় 1,20,000 টাকা, একীকরণ করে মোট আয় হবে $(10,000+1,20,000)= 1,30,000$ টাকা।

করদায় হবে নিম্নরূপ

Step I : মোট কর হবে

প্রথম 50,000 টাকা

পরবর্তী 10,000 টাকা @ 10%

1000

অবশিষ্ট (1,30,000-60,000) বা 70,000 @ 20% এ

14,000

15,000(A)

Step II

কৃষি আয় 10,000 টাকা করমুক্ত সীমার (50,000 টাকার) সঙ্গে যোগ করে মোট আয় হল 60,000 টাকা। মোট কর হবে :

প্রথম 50,000 টাকা

পরবর্তী 10,000 টাকা @ 10%

1000

1000(B)

Step III

সুতরাং নিট করদায় হবে (A-B) বা (15,000-1000) টাকা = 14,000 টাকা।

1.6.13 নিম্নলিখিত আয়গুলি আপাতদৃষ্টিতে কৃষি আয় মনে হলেও অকৃতপক্ষে কৃষি আয় বলে গণ্য হবে না।

- (a) বন্ধ ধান বিক্রয় থেকে আয় (Rani Tara Kumari Devi Vs CIT).
- (b) গুড় বা চিনি বিক্রয় থেকে আয় (Seth Banarsi Das Gupta Vs CIT).
- (c) জলসেচের উদ্দেশ্যে জল সরবরাহ থেকে আয় (Sri Ranga Vilas Gining & Oil Mills Vs CIT).
- (d) কৃষি জমির বকেয়া খাজনার উপর সুদ (C.I.T Vs Kamakhys Narain Singh).
- (e) ইট তৈরির জন্য মাটি বিক্রয় থেকে আয় (Probhat Chandra Barus Vs CIT).
- (f) মাছ চাষ থেকে আয় (Emperor Vs Probhat Chandra Baru).
- (g) খেয়াঘাট (Ferries) থেকে আয় (Maharajadhiraj of Darbhanga Vs CIT)
- (h) খনি থেকে আয়,

- (i) কৃষি খামারের ব্যবস্থাপক ও অন্যান্য কর্মচারীর বেতন (Permier Construction Co. Ltd. Vs CIT).
- (j) খণ্ডজাত (Spontaneous growth) বনসপ্তদ থেকে আয় (CIT Vs Joyotikanta Chowdhurani).
- (k) কর যৌথ কোম্পানির কৃষি আয় থেকে প্রাপ্ত লভ্যাংশ (Dividend) (Bacha F. Guzdar Vs CIT).
- (l) কেবলমাত্র ফসল মজুত করার জন্য ব্যবহৃত জমির আয় (Emperor Vs Probhāt Chandra Barua).
- (m) পাথর ভাঙার কাজে ব্যবহৃত জমির থেকে আয় (Shib Lal Ganga Ram Vs CIT)
- (n) কৃষিকাজের জন্য প্রদেয় ধার থেকে প্রাপ্ত সুদ (Hajee Cassim Tayoob Surty Vs CIT).
- নিম্নলিখিত আয়গুলি আপাদৃষ্টিতে কৃষি আয় না হলেও এক্তপক্ষে কৃষি আয় :

 - (a) কৃষি জমিতে চারণ করানো এবং একমাত্র কৃষিকার্যের জন্য রফিত গো-মহিযাদির দুধ বা দুধজাত বন্দু বিক্রয়জনিত আয় (CIT Vs Kokine Dairy Ranoon)।
 - (b) ফুল ও লতাপাতা চাষ থেকে আয়।
 - (c) অধিকারভুক্ত কৃষিজমি উপ-ভাড়াটিয়া (Sub tenant) -কে বধক দিয়ে সেই বাবদ খাজনা (Raja Mustafa Ali Khan Vs CIT)।
 - (d) জমির মালিক কৃষিজমির পরবর্তী হস্তান্তর স্থাকার করার ফলে প্রাপ্ত কোন সেলামি (Mehar Bano Khanum Vs CIT)।
 - (e) বৃক্ষ রোপণ থেকে বনসপ্তদ থেকে আয় (CIT Vs Benoy Kumar Saha Roy)।
 - (f) কৃষিকার্যে নিযুক্ত অংশীদারী কারবার থেকে অংশীদার দ্বারা প্রাপ্ত বেতন, সুদ, লভ্যাংশ (CIT Vs R.M. Chidambaram Pillai)।
 - (g) ঘড় ও শিলাবৃষ্টির চা-বাগানের পাতা নষ্ট হবার জন্য বিমা কোম্পানি থেকে কোনও শক্তিপূরণ (CIT Vs B. Gupta (Tea) (P) Ltd.)।
 - (h) শুকনো তামাক পাতা (dried tobacco) বিক্রি করে আয় (CIT Vs Katragada Madhusudhana Rao)।

1.7 সারাংশ

এই এককটিতে আয়কর আইনের সংক্ষিপ্ত ইতিহাস আলোচনা করা হয়েছে। এই আইন সারা ভারতে 1লা এপ্রিল 1962 থেকে চালু হলেও 1লা এপ্রিল 1989 থেকে সিকিম রাজ্যে চালু করা হয়েছে। আপনি এই এককে জেনেছেন যে কে নির্ধারী বা কে ব্যক্তি। আয়কর আইন অনুসারে ব্যক্তিগত সাতটি ভাগে ভাগ করা হয়। 2 (24) এই আইনের ধারা অনুসারে বিভিন্ন বিষয়গুলিকে আয়ের অন্তর্ভুক্ত করা হয়েছে। কৃষি

আয় সম্পর্কেও এখানে আলোচনা করা হয়েছে। কতকগুলি আয় ভূমির সঙ্গে সম্পর্কিত হলেও কৃষি আয় বলা হয় না আবার কতকগুলি আয় ভূমির সঙ্গে সম্পর্কিত না হলেও সেগুলিকে কৃষি আয় বলা হয়।

1.8 অনুশীলনী

● বিষয়ভিত্তিক প্রশ্ন (Descriptive Question)

1. আয়কর আইনে আয় বলতে কী বোঝায়?
2. পূর্ববর্তী বছর কাকে বলে? নতুন ব্যবসায়ের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের কী কী বিশেষত্ব আছে?
3. 'কর-নির্ধারণ বছর' বলতে কী বোঝায়? পূর্ববর্তী বছরের সঙ্গে এর তফাও কী? কোন কোন ক্ষেত্রে পূর্ববর্তী বছর এবং কর নির্ধারণ বছর একই হবে?
4. কোন কোন বিষয় আয়ের অস্তর্গত? আয়ের প্রধান বৈশিষ্ট্যগুলি কী কী?
5. কৃষি আয় কাকে বলে? আংশিক কৃষি আয় কী?
6. করদায় নির্ণয়ের জন্য কৃষি আয় ও অকৃষি আয়ের একীকরণ প্রকল্প উদহরণসহ ব্যাখ্যা করুন।
7. আয়কর আইনে কাকে 'করদাতা' বা 'নির্ধারী' বলে গণ্য করা হয় এবং কাদের 'ব্যক্তির' মধ্যে ধরা হয়?
8. মূলধনি সম্পত্তি কী? কোন কোন সম্পত্তি মূলধনি সম্পত্তি বলে বিবেচিত হবে না?
9. লভ্যাংশ কী? কোন কোন অর্থের বণ্টন লভ্যাংশ বলে গণ্য হবে না?

● সংক্ষিপ্ত প্রশ্ন (Short Answer-type Question)

1. টীকা লিখুন:

- (a) করদাতা, (b) পূর্ববর্তী বছর, (c) আয়ের বিভিন্ন খাত, (d) মোট সমগ্র আয়,
- (c) নির্ধারণাদী ও স্বল্পনির্ধারণাদী মূলধনি সম্পত্তি।

2. সঠিক উত্তর দিন (Pick up the Correct Answer)

- (a) আয়কর আইন 1961 বলৱৎ করা হয়েছে :
 - (i) ১লা এপ্রিল, 1961 (ii) ১লা এপ্রিল 1962 (iii) ১লা মার্চ 1962
- (b) আয়করের হার (Rate of Income Tax) ধার্য হয়:
 - (i) আয়কর আইন অনুসারে (ii) অর্থ আইন অনুসারে (iii) অর্ডিন্যাল অনুসারে।
- (c) আয়ের বিভিন্ন খাত (Heads of Income) হল মোট
 - (i) ৪টি (ii) 5টি (iii) 6টি

- (d) একটি মিউনিসিপ্যালিটির আয় নির্ধারণ করা হবে, এই সত্তা (Status)-য়
 (i) কোম্পানি (ii) কিছু ব্যক্তির কোনও সমিতি বা সংগঠন (iii) একটি স্বায়ভাসন কর্তৃপক্ষ।
- (e) কলকাতা বিধিবিদ্যালয়ের আয় নির্ধারণ করা হবে এই সত্তা (Status)-য়
 (i) একটি অংশীদারী কারবার (ii) কিছু ব্যক্তির কোন সমিতি বা সংগঠন
 (iii) অইনগ্রাহ্য প্রতিটি কৃতিম ব্যক্তি।
- (f) পূর্ববর্তী বছর শেষ হয় এই তারিখে :
 (i) 31শে ডিসেম্বর (ii) 31শে মার্চ (iii) 30 শে সেপ্টেম্বর।
- (g) কৃষি আয়
 (i) সম্পূর্ণ করমুক্ত (ii) আংশিক করমুক্ত
 (iii) কিছু ক্ষেত্রে অক্ষিয় আয়ের সঙ্গে একীকরণ করা হয়, গড় কর ধার্য করবার জন্য।
- (h) লভ্যাংশ (Dividend)
 (i) সম্পূর্ণ করমুক্ত (ii) আংশিক করমুক্ত
 (iii) আয়কর আইনের 80L ধারায় ছাড় পাওয়া যায়।
- (i) দীর্ঘমেয়াদী মূলধনি সম্পদ হল (কোম্পানি শেয়ার ব্যতীত) যদি তা হস্তান্তরের পূর্বে করদাতার কাছে :
 (i) 36 মাসের অধিক ছিল (ii) 12 মাসের অধিক ছিল (iii) 24 মাসের অধিক ছিল
 (j) বল্লকালীন মূলধনি সম্পদ হল (কোম্পানি শেয়ার ব্যতীত), যদি তা হস্তান্তর পূর্বে করদাতার কাছে
 (i) 36 মাসের অধিক ছিল (ii) 12 মাসের অধিক ছিল (iii) 24 মাসের অধিক ছিল।
- (k) ভারতে অবস্থিত চা-বাগানগুলিতে চা প্রস্তুত করে অর্জিত আয় :
 (i) সম্পূর্ণ করমুক্ত (ii) সম্পূর্ণ করযোগ্য (iii) 60% কৃষি আয় বলে গণ্য হবে।
- উত্তর : (a) ii, (b) ii, (c) ii, (d) iii, (e) iii (f) ii, (g) iii, (h)i, (i) i (j) ii (k) iii.

1.9 গ্রন্থপঞ্জী

- আয়কর পরিচয়—ডি কে চক্রবর্তী (বাংলা ভাষায়)
- Income Tax Law & Practice—Bhagwati Prasad.
- Direct Taxes-Law and Practice (Student's Edition)—V.K. Singhania.
- Practical Approach to Income Tax—D.K. Chakraborty.
- Income Tax Law and Practice—H.C. Merhotra.

একক 2 □ আবাসিক মর্যাদা ও করদায়

গঠন

2.1 উদ্দেশ্য

- 2.1.1 অস্ত্রাবন্ধ
- 2.1.2 আবাসিক মর্যাদার শ্রেণিবিভাগ
- 2.1.3 আবাসিক মর্যাদা নির্ধারণে সাধারণ নিয়ম

2.2 একক ব্যক্তির আবাসিক মর্যাদা

- 2.2.1 আবাসিক এবং সাধারণত আবাসিক
- 2.2.2 আবাসিক এবং সাধারণ আবাসিক নয়
- 2.2.3 অনাবাসিক
- 2.2.4 মূল শর্তাবলী, অতিরিক্ত শর্তাবলী এবং ব্যতিক্রম
- 2.2.5 এক নজরে আবাসিক মর্যাদার নিয়মাবলী

2.3 অবিভক্ত হিন্দু পরিবারের আবাসিক মর্যাদা

- 2.3.1 অবিভক্ত হিন্দু পরিবারের আবাসিক মর্যাদার নিয়মাবলী

2.4 অংশীদারী কারবার এবং ব্যক্তিবর্গের সংস্থার আবাসিক মর্যাদা

2.5 অন্যান্য ব্যক্তির আবাসিক মর্যাদা

- 2.5.1 যৌথ মূলধনি কোম্পানির আবাসিক মর্যাদা

2.6 আবাসিক মর্যাদা এবং করের চৌহানি

- 2.6.1 আবাসিক ও সাধারণত আবাসিক করদাতার ক্ষেত্রে
- 2.6.2 আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন করদাতার ক্ষেত্রে
- 2.6.3 অনাবাসিক করদাতার ক্ষেত্রে

2.7 আবাসিক মর্যাদার ভিত্তিতে মোট করযোগ্য আয়ের পরিধি

2.8 ভারতের আয়ের পরিধি

- 2.8.1 ভারতে প্রাপ্ত আয়
- 2.8.2 ভারতে উচ্চত কিংবা অর্জিত আয়
- 2.8.3 ভারতে প্রাপ্ত বলে অনুমিত আয়
- 2.8.4 ভারতে উচ্চত বা অর্জিত অনুমিত আয়

2.9 সারাংশ

2.10 অনুশীলনী

2.11 গ্রন্থপঞ্জী

2.1 উদ্দেশ্য

এই এককটি পড়ার পর আপনি,

- বিভিন্ন প্রকার আবাসিক মর্যাদা জানতে পারবেন এবং
- বিভিন্ন ব্যক্তির আবাসিক মর্যাদা নির্ণয় করতে পারবেন।

2.1.1 প্রস্তাবনা

আয়কর আইনের 5 নং ধারা অনুসারে কোন করদাতার পূর্ববর্তী বছরে (Previous year) করযোগ্য মোট আয়ের অঙ্ক নির্ণয় করতে করদাতার সেই বছরের আবাসিক মর্যাদার (Residential Status) উপর নির্ভর করতে হয়। আয়কর দায় নির্ণয় করার জন্য করদাতার বাসস্থানের ভিত্তিতে তাদের আবাসিক মর্যাদা নির্ধারণ করা হয়।

ভারতে উন্নত বা অর্জিত ও পেয়েছেন বা পেয়েছেন বলে বিবেচিত সমস্ত আয়ই সকল করদাতার ক্ষেত্রে ভারতে করযোগ্য হয়। কিন্তু ভারতের বাইরে উন্নত বা অর্জিত ও পেয়েছেন বা পেয়েছেন বলে বিবেচিত কোন আয় ভারতে তাঁর মোট আয়ের অন্তর্ভুক্ত হবে বা হবে না, তা নির্ভর করবে সেই পূর্ববর্তী বছরে তার ভারতে আবাসিক মর্যাদার উপর।

2.1.2 আবাসিক মর্যাদার শ্রেণিবিভাগ

এই উদ্দেশ্যে করদাতার ভারতে আবাস (Residence) নিম্নলিখিত তিনটি শ্রেণিতে বিভক্ত :

আবাসিক মর্যাদা (Residential Status)



আবাসিক

অনাবাসিক

(Resident)

(Non-Resident)




আবাসিক ও সাধারণত আবাসিক

আবাসিক কিন্তু সাধারণত আবাসিক

(Resident and ordinarily Resident)

(Resident but not ordinarily Resident)



2.1.3 আবাসিক মর্যাদা নির্ধারণে সাধারণ নিয়ম

কোন করদাতার আবাসিক মর্যাদা নির্ধারণে নিম্নলিখিত বিষয়গুলি মনে রাখা থায়েজন—

1. আবাসিক মর্যাদা ও নাগরিকত্ব (Citizenship) দুটি পৃথক বিষয়। কোনও ব্যক্তির আবাসিক মর্যাদা নির্ণয় করতে ভারতীয় নাগরিকত্ব (Citizenship) বিবেচিত হয় না।

2. আয়করের দৃষ্টিতে একজন ভারতীয় নাগরিক অনাবাসিক (Non-Resident) হতে পারেন, আবার একজন বিদেশি নাগরিক আবাসিক (Resident) হতে পারেন।

3. আবাসিক মর্যাদা কোনও স্থায়ী ধারণা নয়। অর্থাৎ কোনও ব্যক্তির আবাসিক মর্যাদা প্রতি বছর এক বাও হতে পারে। কোন পূর্ববর্তী বছরে কোন ব্যক্তি আবাসিক হলেন, কিন্তু পরবর্তী বছরে অনাবাসিক হতে পারেন। কিন্তু ব্যক্তির নাগরিকত্ব সাধারণত প্রতি বছর একই থাকে।

4. কোন এক কর-নির্ধারণ বছরে কোন ব্যক্তি যদি ভারতে 'আবাসিক' (resident) মর্যাদা পান, তাই একই কর-নির্ধারণ বছরে তিনি অন্য কোন দেশেও 'আবাসিক' হতে পারেন। অর্থাৎ এমন কোনও নিয়ম নেই যে, কোন ব্যক্তি ভারতে কোন কর-নির্ধারণ বছরে 'আবাসিক' হলে অন্য কোন দেশে তিনি আবাসিক হতে পারেন না।

5. কোনও ব্যক্তি আবাসিক না অনাবাসিক, তা তথ্যের উপর নির্ভর করে এবং এই কারণে করদাতার কর্তব্য হল আয়কর কর্তৃপক্ষের কাছে এই বিষয়ে থক্ত তথ্য জানানো (Rai Bahadur Seth Teomal Vs CIT)।

6. আয়কর আইন অনুযায়ী প্রত্যেক ব্যক্তির (Person) আবাসিক মর্যাদা নির্ণয় করার পদ্ধতি বা নিয়ম পৃথক। আইন অনুযায়ী ব্যক্তির শ্রেণি বিভাগ নিম্নরূপ—

- (a) একক ব্যক্তি (an individual),
- (b) মৌখ হিন্দু পরিবার (a Hindu Undivided Family),
- (c) একটি অংশীদারী প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গের সংস্থা (A Firm or association of persons),
- (d) মৌখ মূলধনি কোম্পানি (Joint stock Company),
- (e) অন্যান্য প্রত্যেক ব্যক্তি (Every other person),

7. কোনও করদাতা ভারতে কোন একটি পূর্ববর্তী বছরে আবাসিক বা অনাবাসিক হতে পারেন।

2.2 একক ব্যক্তির আবাসিক মর্যাদা (Residential Status of an Individual)

একজন একক ব্যক্তি (i) ভারতে আবাসিক এবং সাধারণত আবাসিক বা (ii) ভারতে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় বা (iii) ভারতে অনাবাসিক হতে পারে [ধারা 6]

2.2.1 আবাসিক এবং সাধারণত আবাসিক (Resident and ordinarily resident) ধারা [6(1)]

আয়কর আইন, 1961-এর ধারা 6 (1) অনুসারে কোনও স্বত্ত্ব ব্যক্তিকে কোনও পূর্ববর্তী বছরে আবাসিক বলা যাবে, যদি তিনি ওই সংগ্রিষ্ঠ পূর্ববর্তী বছরে নিম্নলিখিত দৃটি মূল শর্তের (Basic Condition) মধ্যে অন্তত একটি (at least one) শর্ত পূরণ করতে পারেন :—

(a) তিনি সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে অন্তত 182 দিন বা তার অধিক দিন ভারতে উপস্থিত থাকেন।

অথবা

(b) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে তিনি অন্তত 60 দিন বা তার অধিকদিন ভারতে থাকেন এবং ওই পূর্ববর্তী বছরে অবাহিত পূর্বের 4 টি পূর্ববর্তী বছরে অন্তত 365 দিন ভারতে ছিলেন।

উপরে লিখিত নিয়মের ব্যতিক্রম (Exception)

(1) যে কোন ভারতীয় নাগরিক যদি কর্মসংঘানের উদ্দেশ্যে ভারতের বাইরে যান সেই পূর্ববর্তী বছরে তাঁকে আবাসিক হবার জন্য অন্তত 182 দিন বা তার অধিকদিন ভারতবর্ষে থাকতে হবে [ধারা 6(1) ধারার b শর্তে কমপক্ষে 60 দিন থাকলে হবে না।]

(2) বিদেশে কর্মরত কোনও ভারতীয় নাগরিক বা ভারতীয় বংশোদ্ধৃত ব্যক্তি কোন পূর্ববর্তী বছরে ছুটি (Leave) বা দীর্ঘ অবকাশ (Vacation) ভারতে আসেন, তবে ওই পূর্ববর্তী বছরে ভারতে আবাসিক হবার জন্য তাঁকে অন্তত 182 দিন বা তার অধিকদিন ভারতে থাকতে হবে। ধারা [6(1) b শর্ত অনুসারে কমপক্ষে 60 দিন থাকলে হবে না।]

কোনও একক ব্যক্তি কোন পূর্ববর্তী বছরে উপরে উল্লিখিত [ধারা 6(1) দুটি মূল শর্ত অন্তত একটি পূরণ করা ছাড়াও নিম্নলিখিত দুটি অতিরিক্ত শর্তই (Secondary Condition) [ধারা 6(1)] পূরণ করতে পারেন, তবে তাঁকে ওই পূর্ববর্তী বছরে আবাসিক এবং সাধারণভাবে আবাসিক বলে গণ্য হবে।

অতিরিক্ত শর্ত

(i) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের ঠিক আগের 10 টি পূর্ববর্তী বছরের মধ্যে তিনি যদি কমপক্ষে 2 পূর্ববর্তী বছরে আগের উল্লিখিত দুটি মৌলিক শর্তের [ধারা 6(1)] মধ্যে যে কোন একটি পূরণ করার মাধ্যমে আবাসিক ছিলেন।

এবং

(ii) উক্ত পূর্ববর্তী বছরের ঠিক আগে 7টি পূর্ববর্তী বছরে অন্তত 730 দিন তিনি ভারতে ছিলেন।

2.2.2 আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় (Resident but not ordinarily resident) [ধারা 6(1), 6(6)(a)]

কোন একক ব্যক্তি যদি কোন একটি পূর্ববর্তী বছরে মূল দুটি শর্তের [ধারা 6(1)] অন্তত একটি পূরণ করে [অর্থাৎ শর্ত (a) বা (b)] কিন্তু অতিরিক্ত শর্ত দুটি পূরণ করতে পারেন না [শর্ত (i) এবং (ii)], তাহলে তিনি ওই পূর্ববর্তী বছরে ভারতে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় বলে গণ্য হবেন।

2.2.3 অনাবাসিক (Non-resident)

কোন একক ব্যক্তি কোন একটি পূর্ববর্তী বছরে যদি মূল শর্ত দুটির [ধারা 6(1)] মধ্যে একটিও পূরণ করতে পারেননি [অর্থাৎ শর্ত (a) অথবা (b)], তাকে ওই পূর্ববর্তী বছরে অনাবাসিক বলে গণ্য করা হবে।

2.2.4 এক নজরে শর্তাবলী

মূল শর্তাবলী [ধারা 6(1)] (Basic Condition)	অতিরিক্ত শর্তাবলী [ধারা 6(6)] (Secondary Condition)
<p>(a) পূর্ববর্তী বছরে কমপক্ষে 182 দিন ভারতে উপস্থিতি।</p> <p style="text-align: center;">অথবা</p> <p>(b) পূর্ববর্তী বছরে কমপক্ষে 60 দিন এবং তার ঠিক আগে 4 পূর্ববর্তী বছরে অস্তত 365 দিন ভারতে উপস্থিতি।</p>	<p>(i) পূর্ববর্তী বছরের আগের 10 পূর্ববর্তী বছরের মধ্যে কমপক্ষে 2 টি পূর্ববর্তী বছরে আবাসিক এবং</p> <p>(ii) পূর্ববর্তী বছরের আগের 7 পূর্ববর্তী বছরে কমপক্ষে 730 দিন ভারতে উপস্থিতি।</p>
<p>ব্যতিক্রম (Exceptions)</p> <ol style="list-style-type: none"> কোন ভারতীয় নাগরিক কর্মের উদ্দেশ্যে ভারতের বাইরে গেলে সেই পূর্ববর্তী বছরে আবাসিক গণ্য হতে গেলে (a) শর্ত পূরণ করতে হবে (উপস্থিতি অস্তত 182 দিন, 60 দিন নয়)। কোনও ভারতীয় বংশোদ্ধৃত ব্যক্তি বিদেশে কর্মরত অবস্থায় কোন পূর্ববর্তী বছরে ছুটিতে বা অবকাশে ভারতে আসেন, তবে অস্তত 182 (60 দিন নয়) উপস্থিতি থাকলে ওই বছরে তিনি আবাসিক হবেন। 	

2.2.5 এক নজরে আবাসিক নিয়মাবলী (Rules of Residence at a glance)

আবাসিক এবং সাধারণত আবাসিক	আবাসিক এবং সাধারণত আবাসিক নয়	অনাবাসিক
মূল শর্তের [ধারা 6(1)] অন্তত একটি এবং অতিরিক্ত শর্তের দুটিই পূরণ করতে হবে।	মূল শর্তের [ধারা 6(1)] অন্তত একটি পূরণ করতে হবে এবং অতিরিক্ত শর্তের [ধারা 6(1)] একটি/ কোনটাই পূরণ করতে পারে না।	মূল শর্তের [ধারা 6(1)] কোনটিও পূরণ করবে না।

উদাহরণ : 1. রমেন বিশ্বাস একজন ভারতীয় নাগরিক। 25.4.2000 তে তিনি চাকরি নিয়ে বিদেশে চলে
যান এবং 1.7.05-এ ভারতে ফিরে আসেন। 25.4.2000 থেকে 31.4.2005 -এই সময়ের মধ্যে প্রতি বছর
তিনি ভারতে আসেন এবং 2000-01 থেকে 2003-04 থেকে পূর্ববর্তী বছরে তিনি 80 দিন এবং 2004-
2005-এ তিনি 141 দিন ভারতে থাকেন। 1.7.05-এ ভারতে ফিরে তিনি স্থায়ীভাবে ভারতে বসবাস শুরু
করেন।

শ্রীরমেন বিশ্বাসের 2006-2007 কর নির্ধারণ বছরে ভারতে আবাসিক ঘর্যাদা কী হবে ব্যাখ্যা করুন।
সমাধান :

কর নির্ধারণ বছর (Assessment year) 2006-2007 সুতরাং পূর্ববর্তী বছর (Previous year) 2005-
2006। পূর্ববর্তী বছরে (2005-2006) শ্রীবিশ্বাস ভারতে ছিলেন মোট 274 দিন। (1.7.05 থেকে 1.7.06
পর্যন্ত)।

অর্থাৎ 182 দিনের বেশি। সুতরাং ধারা 6(1)-এর প্রথম শর্তটি তিনি পূরণ করেছেন, তিনি আবাসিক।
প্রথম চাকরি নিয়ে বিদেশ গেলেন 25.4.2000 (পূর্ববর্তী বছর 2000-01)।

অতিরিক্ত শর্ত ধারা 6(6): তিনি ধারা 6(6)-এর দুটি শর্তের প্রথম শর্তই, অর্থাৎ 10টি পূর্ববর্তী বছরের
গত 10টি পূর্ববর্তী বছর

মোট কতদিন ছিলেন

ধারা 6(1) অনুযায়ী

আবাসিক ঘর্যাদা

1995-96 থেকে 1999-2000

প্রতি বছর 365 দিন

আবাসিক

2000-01

25+80*=105 দিন

অনাবাসিক

2001-02 থেকে 2003-04

প্রতিবছর 80**দিন

অনাবাসিক

2004-05

140 দিন**

অনাবাসিক

মধ্যে অস্তত 2টি বছর তিনি ভারতে আবাসিক ছিলেন না। *এই পূর্ববর্তী বছরে তিনি চাকরি নিয়ে বিদেশে চলে যান, সুতরাং তাঁর ক্ষেত্রে ব্যতিক্রম ঘটবে। কমপক্ষে তিনি 182 দিনের কম ভারতে ছিলেন 2000-01 পূর্ববর্তী বছরে [ধারা 6(1)]** এই পূর্ববর্তী বছরগুলিতে তিনি ছুটি নিয়ে ভারতে আসেন, এ ক্ষেত্রেও ব্যতিক্রম ঘটবে। কমপক্ষে তাঁকে ভারতে 182 দিন থাকতে হবে। [ধারা 6(1)] সুতরাং তিনি 2006-07 নির্ধারণ বছরে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় বলে গণ্য হবেন।

উদাহরণ : 2. Mr. Robertson একজন বিদেশি নাগরিক। তিনি প্রথমবার ভারতে আসেন 15ই জুন 2000। পূর্ববর্তী বছর 2000-01 থেকে 2005-2006 তিনি ভারতে ছিলেন 120 দিন, 110 দিন, 20 দিন, 195দিন, 130দিন ও 90দিন।

নির্ধারণ বছরে 2006-2007 তাঁর ভারতে আবাসিক মর্যাদা কী হবে?

সমাধান :

কর নির্ধারণ বছর	2006-2007
সুতরাং পূর্ববর্তী বছর	2005-2006

পূর্ববর্তী বছর 2005-2006-এ তিনি 90 দিন ভারতে ছিলেন। এই পূর্ববর্তী বছরের ঠিক আগের 4টি পূর্ববর্তী বছরে তিনি ভারতে ছিলেন

পূর্ববর্তী বছর	মোট কতদিন ছিলেন
2004-05	130 দিন
2003-04	195 দিন
2002-03	20 দিন
2001-02	110 দিন
মোট উপস্থিতি	455 দিন

তিনি ধারা 6(1) র বিতীয় শর্ত অনুসারে পূর্ববর্তী বছর 2005-2006-এ 60 দিনের বেশি (90দিন) ভারতে আছেন এবং সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের ঠিক আগের 4টি পূর্ববর্তী বছরে 365 দিনের বেশি (455 দিন) ছিলেন। সুতরাং তিনি 2005-2006 পূর্ববর্তী বছরে ভারতে ‘আবাসিক’ বলে গণ্য হবেন।

তিনি ধারা 6(6)-দুটি অতিরিক্ত শর্তের একটিও পূরণ করতে পারেননি।

কারণ—

(1) পূর্ববর্তী বছর 2005-2006-এর ঠিক আগের 10টি পূর্ববর্তী বছরের মধ্যে 2টি পূর্ববর্তী বছরে তিনি আবাসিক ছিলেন না—যেহেতু তিনি ভারতে প্রথম আসেন 2000-01পূর্ববর্তী বছর (15ই জুন 2000)।

(2) পূর্ববর্তী বছর 2005-06-এর ঠিক আগের 7টি পূর্ববর্তী বছরে তিনি ভারতে 730 দিন ছিলেন না।
তিনি ভারতে উপস্থিত ছিলেন—

পূর্ববর্তী বছর	মোট কতদিন ছিলেন
2004-05	130 দিন
2003-04	195 দিন
2002-03	20 দিন
2001-02	110 দিন
2000-01	120 দিন
(প্রথম ভারতে আসেন)	575 দিন

অতএব, Mr. Robertson-এর কর নির্ধারণ বছর 2006-07-এ ভারতে আবাসিক মর্যাদা হল “আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন।”

উদাহরণ : 3. শ্রীমতী শ্রাবণী ব্যানার্জী একজন ভারতীয় নাগরিক, বিদেশে চাকরি পেয়ে প্রথম ভারতবর্ষ ছেড়ে যান 1.9.02। 2003-2004 পূর্ববর্তী বছরে তিনি দেশে আসেন 28 দিনের জন্য। পুনরায় 1st January '06 তিনি ছুটি নিয়ে ভারতে আসেন এবং 31st March '06 অবধি ভারতে ছিলেন।

2006-2007 কর নির্ধারণ বছরে তাঁর আবাসিক মর্যাদা কী হবে?

সমাধান :

কর নির্ধারণ বছর	2006-2007
সূতরাং পূর্ববর্তী বছর	2005-2006

পূর্ববর্তী বছর 2005-2006-এ শ্রীমতী ব্যানার্জী ভারতে উপস্থিত ছিল 90 দিন (1.1.06 থেকে 31.3.06 পর্যন্ত অর্থাৎ 182 দিনের কম। যেহেতু তিনি ভারতীয় নাগরিক ও বিদেশে কর্মরতা ও ছুটিতে ভারতে এসেছেন, সেহেতু 6(1) ধারা অনুযায়ী আবাসিক মর্যাদা পাবার জন্য তাঁর সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে কমপক্ষে 182 দিন থাকা প্রয়োজন। অতএব, 2006-2007 নির্ধারণ বছরে ভারতে তাঁর আবাসিক মর্যাদা হল “অনাবাসিক”।

2.3 অবিভক্ত হিন্দু পরিবারের আবাসিক মর্যাদা (Residential Status of a Hindu Undivided Family) [ধারা 6(2) ও ধারা 6 (6)(b)]

- কোন অবিভক্ত হিন্দু পরিবারকে পূর্ববর্তী বছরে আবাসিক ও সাধারণত আবাসিক (Resident and ordinarily Resident) বলা হবে যদি ওই পরিবারের বিধয়কর্মের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট

পূর্ববর্তী বছরে আংশিক বা সম্পূর্ণভাবে ভারতে অবস্থিত হয় এবং ওই পরিবারের কর্তা বা ম্যানেজার (ব্যবস্থাপক) ধারা 6(6)-এর অতিরিক্ত দুটি শর্তের দুটিই পূরণ করেন—
শর্তদুটি নিম্নরূপ :—

- (i) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের অবস্থিত আগের 10 টি পূর্ববর্তী বছরের মধ্যে তিনি অন্তত 2 পূর্ববর্তী বছরে আবাসিক বলে গণ্য হয়ে থাকেন। [ধারা 6(1)-এর মূল শর্তদুটির মধ্যে অন্তত একটি শর্ত পূরণ করার মাধ্যমে] এবং
 - (ii) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের অবস্থিত আগের 7 পূর্ববর্তী বছরের মধ্যে তিনি যদি মোট 730 দিন বা তার বেশি দিন বাসিগতভাবে ভারতে উপস্থিত থাকেন।
2. কোন অবিভক্ত হিন্দু পরিবার পূর্ববর্তী বছরে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় (Resident but not ordinarily Resident) বলা হবে যদি ওই পরিবারের বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে আংশিক বা সম্পূর্ণভাবে ভারতে অবস্থিত হয় কিন্তু ওই পরিবারের কর্তা বা ম্যানেজার (ব্যবস্থাপক) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে ধারা 6(6)(a)-এর দুটি শর্তের একটি বা উভয় শর্তই পূরণ করতে না পারেন।
3. কোন অবিভক্ত হিন্দু পরিবারকে কোন একটি পূর্ববর্তী বছরে অনাবাসিক (Non Resident) বলা হবে যদি ওই পরিবারের বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পূর্ণভাবে ভারতে বাইরে অবস্থিত হয়।
- (i) বিষয়কর্মের ‘নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা’—এই কথার তাৎপর্য হল কার্যত নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা, কেবলমাত্র আইনত নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা নয় (CIT Vs Nandalal Gandalal).
 - (ii) যৌথ হিন্দু পরিবারের কর্তার মৃত্যু ওই পরিবারের আবাসিক মর্যাদার পরিবর্তন ঘটায় না।
পরিবারের উত্তরাধিকারী কর্তাগণের ভারতে উপস্থিত আবাসিক মর্যাদা নির্ধারণে গণ্য করা হবে। [Marimuthu Pillai Vs CIT]

2.3.1 অবিভক্ত হিন্দু পরিবারের আবাসিক মর্যাদার নিয়মাবলী (Rules of Residential Status of a HUF)

আবাসিক এবং সাধারণত আবাসিক	আবাসিক এবং সাধারণত আবাসিক নয়	অনাবাসিক
* পরিবারের বিষয়কর্মের নিয়ন্ত্রণ সম্পূর্ণ বা আংশিকভাবে ভারতে অবস্থিত হয়	* পরিবারের বিষয়কর্মের নিয়ন্ত্রণ সম্পূর্ণ বা আংশিকভাবে ভারতে অবস্থিত হয়	পরিবারের বিষয়কর্মের নিয়ন্ত্রণ সম্পূর্ণভাবে ভারতের বাইরে অবস্থিত হয়।
এবং * পরিবারের কর্তা বা ম্যানেজার ধারা 6(6)-এর দুটি শর্তের দুটিই পূরণ করেন।	এবং * পরিবারের কর্তা বা ম্যানেজার ধারা 6(6)-এর দুটি শর্তের একটি বা উভয় শর্তই পূরণ করতে পারেন না।	

কোনও একটি পূর্ববর্তী বছরে—

উদাহরণ: 4. প্লয় রায় একজন একক ব্যক্তি। তিনি কর নির্ধারণ বছর 2006-2007 (পূর্ববর্তী বছর 2005-2006, ভারতে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন। 2005-2006 পূর্ববর্তী বছরে একটি অবিভক্ত হিন্দু পরিবারের ব্যাবসা কর্তা ছিলেন থলয় রায়। এই ব্যাবসা আংশিক কলকাতা থেকে এবং আংশিক লন্ডন থেকে পরিচালিত হয়। 2006-2007 নির্ধারণ বছরে পরিবারের আবাসিক মর্যাদা কী হবে?

সমাধান :

এখানে কর নির্ধারণ বছর	2006-2007
অতএব পূর্ববর্তী বছর	2005-2006

পূর্ববর্তী বছর 2005-2006-এ অভিভক্ত হিন্দু পরিবারের ব্যাবসা নিয়ন্ত্রিত হয় আংশিকভাবে ভারত থেকে। সূতরাং এই যৌথ হিন্দু পরিবারটি মর্যাদা হবে আবাসিক (Resident) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে।

কিন্তু এই পরিবারের কর্তা শ্রীপ্রলয় রায় 2005-2006 পূর্ববর্তী বছরে ভারতে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন। অর্থাৎ তিনি 6(1) ধারার দুটি শর্তের অস্তত একটি পূরণ করেছেন, কিন্তু 6(6) ধারার দুটি শর্তের একটি বা দুটি শর্ত পূরণ করতে পারেননি।

সূতরাং ওই অভিভক্ত হিন্দু পরিবারের 2006-2007 কর নির্ধারণ বছরে আবাসিক মর্যাদা হবে ‘আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয়’।

2.4 অংশীদারী কারবার এবং ব্যক্তিবর্গের সংস্থার আবাসিক মর্যাদা (Residential Status of Firm of other Association of Persons) [ধারা 6 (4)]

কোন অংশীদারী কারবার বা ব্যক্তিবর্গের সংস্থা কোন পূর্ববর্তী বছরে ভারতে—

- আবাসিক (Resident) হিসাবে গণ্য হবে যদি ওই অংশীদারী কারবারের বা সংস্থার বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পূর্ণ বা আংশিকভাবে ভারতে অবস্থিত হয়।
- আবাসিক (Non-Resident) হিসাবে গণ্য হবে যদি বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পূর্ণভাবে ভারতের বাইরে অবস্থিত হয়।

কোন অংশীদারী কারবার বা ব্যক্তিবর্গের সংস্থা কখনও ‘সাধারণত আবাসিক নয়’ (Not ordinarily Resident) হতে পারে না।

এখানে মনে রাখা প্রয়োজন, যে নিয়ন্ত্রণ এবং পরিচালনা বলতে প্রকৃত নিয়ন্ত্রণ ও পরিচালনা (de fact control and management) বোঝায়, নিয়ন্ত্রণ বা পরিচালনার অধিকার (right to control or management) বোঝায় না।

2.5 অন্যান্য ব্যক্তির আবাসিক মর্যাদা (Residential Status of every other Persons) [ধারা 6 (4)]

কোনও অন্যান্য ব্যক্তি পূর্ববর্তী বছরে ভারতে—

- আবাসিক (Resident) হিসাবে গণ্য হবে যদি তাঁর বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও পরিচালনা সম্পূর্ণ বা আংশিকভাবে ভারতের মধ্যে থেকে পরিচালিত হয়।
- অনাবাসিক (Non-Resident) হিসাবে গণ্য হবে যদি বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও পরিচালনা সম্পূর্ণভাবে ভারতের বাইরে থেকে পরিচালিত হয়।

2.5.1 যৌথ মূলধনি কোম্পানির আবাসিক মর্যাদা (Residential status of a Company) [ধারা 6 (3)]

(a) ভারতীয় কোম্পানি—

ভারতীয় কোম্পানি সর্বদাই আবাসিক (Resident) হিসাবে গণ্য হবে। এর বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও পরিচালনা ভারত বা ভারতের বাইরে—যেখানে থেকেই হোক না কেন।

(b) বিদেশি কোম্পানি (Foreign Company)

- আবাসিক (Resident) হিসাবে গণ্য হবে যদি এর বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও পরিচালনা সম্পূর্ণভাবে ভারতের মধ্যে থেকে পরিচালিত হয়।
- অনাবাসিক (Non-Resident) হিসাবে গণ্য হবে যদি এর বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও পরিচালনা সম্পূর্ণ বা আংশিকভাবে ভারতের বাইরে থেকে পরিচালিত হয়।

যৌথ মূলধনি কোম্পানি কখনও ‘সাধারণত আবাসিক নয়’ (Non ordinary Resident) হতে পারে না।

2.6 আবাসিক মর্যাদা এবং করের চৌহদি (Residential Status and Incidence of Tax) [ধারা 5]

পূর্ববর্তী বছরে কোন করদাতার ভারতে আবাসিক মর্যাদা অনুযায়ী তাঁর মোট আয় বা করযোগ্য আয় নির্ণয় করা হয়। অর্থাৎ কোন করদাতার কোন্ কোন্ আয় ভারতে করযোগ্য বা নয় তা নির্ভর করে সংশ্লিষ্ট

পূর্ববর্তী বছরে করদাতার আবাসিক মর্যাদার ওপর। বিভিন্ন আবাসিক মর্যাদার ভিত্তিতে করদায় কীভাবে নির্ণয় করা হয়, তা পরপৃষ্ঠায় আলোচনা করা হল।

2.6.1 আবাসিক ও সাধারণত আবাসিক করদাতার ক্ষেত্রে

কোন পূর্ববর্তী বছরে যে কোন উৎস থেকে প্রাপ্ত সমস্ত আয়ই কোন আবাসিক ও সাধারণত আবাসিক করদাতার ক্ষেত্রে তাঁর মোট আয়ের অঙ্গভূক্ত হয়, যেমন—

- ভারতে প্রাপ্ত অথবা প্রাপ্ত বলে অনুমিত (Deemed) আয়, সে আয় ভারতে বা ভারতের বাইরে যেখানেই অর্জিত বা উদ্ভূত হোক না কেন।
- ভারতে উদ্ভূত বা অর্জিত বা ভারতে উদ্ভূত বা অর্জিত বলে অনুমেয় আয়।
- ভারতের বাইরে উদ্ভূত বা অর্জিত বা ভারতের বাইরে প্রাপ্ত আয়।

2.6.2 আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন করদাতার ক্ষেত্রে

যে করদাতার কোন পূর্ববর্তী বছরে ভারতে ‘আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন’ তাঁর কেবলমাত্র নিম্নলিখিত আয়গুলিই মোট আয়ের অঙ্গভূক্ত হবে, যেমন—

- ভারতে প্রাপ্ত অথবা ভারতে প্রাপ্ত বলে অনুমিত আয়।
- ভারতে উদ্ভূত বা অর্জিত বা ভারতে উদ্ভূত বা অর্জিত বলে অনুমিত আয়।
- ভারতের বাইরে উদ্ভূত বা অর্জিত আয় এমন ব্যাবসা থেকে যা ভারত থেকে পরিচালিত হয়।

2.6.3 অনাবাসিক করদাতার ক্ষেত্রে

যে করদাতার পূর্ববর্তী বছরে ভারতে অনাবাসিক তাঁর কেবলমাত্র নিম্নলিখিত আয়গুলিই মোট আয়ের অঙ্গভূক্ত হবে যেমন—

- (a) ভারতে প্রাপ্ত অথবা ভারতের প্রাপ্ত বলে অনুমিত তায়।
(b) ভারতে উত্কৃত বা অর্জিত ভারতে উত্কৃত বা অর্জিত বলে অনুমিত তায়, তা যেখানেই প্রাপ্ত হোক
না কেন।

2.7 আবাসিক মর্যাদার ভিত্তিতে মোট করযোগ্য আয়ের পরিধি (Scope of Total income on the basis of residential Status)

আয়	আবাসিক ও সাধারণত আবাসিক	আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয়	অনাবাসিক
1. ভারতে উদ্ভৃত এবং প্রাপ্তি আয়	করযোগ্য	করযোগ্য	করযোগ্য
2. ভারতে উদ্ভৃত কিন্তু ভারতের বাইরে প্রাপ্তি	করযোগ্য	করযোগ্য	করযোগ্য
3. ভারতের বাইরে উদ্ভৃত কিন্তু ভারতে প্রাপ্তি	করযোগ্য	করযোগ্য	করযোগ্য
4. ভারতের বাইরে উদ্ভৃত কিংবা অর্জিত এবং ভারতের বাইরে প্রাপ্তি আয় :			
(i) ভারত থেকে পরিচালিত এবং ব্যাবসা থেকে করযোগ্য	করযোগ্য	করযোগ্য নয়	করযোগ্য নয়
থেকে লাভ			
(ii) ভারত থেকে পরিচালিত নয়, এমন ব্যাবসা থেকে করযোগ্য	করযোগ্য	করযোগ্য নয়	করযোগ্য নয়
থেকে লাভ			
(iii) অন্যান্য উৎস থেকে আয়	করযোগ্য	করযোগ্য নয়	করযোগ্য নয়
(iv) পূর্ববর্তী বছরের আগের কোন বছরের বৈদেশিক আয় যা পূর্বে কর ধার্য হয়নি কিন্তু তা পূর্ববর্তী বছরে ভারতে প্রেরণ করা হয়েছে	করযোগ্য নয়	করযোগ্য নয়	করযোগ্য নয়

2.8. ভারতে আয়ের পরিধি

2.8.1 ভারতে থাক্ষ আয় (Income received in India)

ନଗନ୍ ଅର୍ଥେ ବସୁତେ (Kind) କରଦୀତା ସ୍ଵର୍ଗ ବା ତାର ପକ୍ଷେ ଅନ୍ୟ କୋନ ସ୍ଵର୍ଗ ଧାରା ପୂର୍ବବତୀ ବହରେ ଭାରତେର, ମାଟିତେ ଥାଣ୍ଡ ଆୟକେ ‘ଭାରତେ ଥାଣ୍ଡ ଆୟ ବଲେ’।

তবে, এখানে মনে রাখা প্রয়োজন প্রথম আপ্তি (First receipt) হল গুরুত্বপূর্ণ, পরবর্তী আপ্তির কোন গুরুত্ব নেই।

উদাহরণস্বরূপ, কোন মূলধনি সম্পত্তি জাপানে বিক্রি করে ওই দেশেই অর্থ পাওয়া গেল। পরবর্তীকালে, করদাতা ওই অর্থ ভারতে পাঠালে, এই আয় জাপানে হয়েছে বলেই গণ্য করা হবে, ভারতে নয়।

2.8.2 ভারতে উত্তৃত কিংবা অর্জিত আয় (Income which ‘accrues’ and ‘arises’ in India)

কোনও আয় ভারতে পাওয়ার অধিকার জন্মাবার সঙ্গে সঙ্গে সেই আয়কে ভারতে উত্তৃত আয় বলে, এবং যখন ভারতে উত্তৃত কোনও আয় প্রকৃতপক্ষে পাওয়া যায়, তখন সেই আয়কে অর্জিত আয় বলে।
যেমন—

- (i) ভারতের কোনও বাড়ি থেকে ভাড়া।
- (ii) ভারতে ছিত কোনও মূলধনি সম্পত্তি বিক্রয় করে অর্থ লাভ।
- (iii) ভারতে অবস্থিত কোনও ব্যাঙ্ক থেকে সুদ।

2.8.3 ভারতে প্রাপ্ত বলে অনুমিত আয় (Income deemed to be received in India) [ধারা 7]

কিছু কিছু আয় আছে যেগুলি প্রকৃতপক্ষে প্রাপ্ত হয়নি, কিন্তু প্রাপ্ত বলে অনুমিত আয় হিসেবে গণ্য করা হয় এবং আয়কর আইনে এই অনুমিত আয়কে প্রাপ্ত মতেই দেখা হয়।

যেমন—

- (i) কোনও পূর্ববর্তী বছরে নিয়োগকর্তা দ্বারা কর্মচারীর অনুমোদিত ভবিষ্যন্তিতে (Recognised Provident Fund) টাংড় এবং সুদ।
- (ii) অননুমোদিত ভবিষ্যন্তি (Unrecognised Provident Fund) থেকে অনুমোদিত ভবিষ্যন্তিতে কর্মচারীর নিজস্ব টাংড় বাদে তার হিসাবের মোট সংক্ষিত অর্থের স্থানান্তর।
- (iii) লভ্যাংশ (Dividend) প্রকৃতপক্ষে দেওয়া হোক বা না হোক [তবে 1998-99 কর নির্ধারণ বছর থেকে লভ্যাংশ থেকে প্রাপ্ত আয় করমুক্ত]

2.8.4 ভারতে উত্তৃত বা অর্জিত বলে অনুমিত আয় (Income deemed to arise of accrue in India) [ধারা 9]

ভারতীয় আয়কর আইন অনুসারে কিছু কিছু আয়কে ভারতে উত্তৃত বা অর্জিত বলে অনুমিত আয় বলে, যদিও প্রকৃতপক্ষে আয়গুলি ভারতে উত্তৃত বা অর্জিত নয়—

যেমন—

- (i) কোনও কেন্দ্রীয় বা রাজ্য সরকারি কর্মচারী ও ভারতীয় নাগরিক যদি সরকার দ্বারা ভারতের বাইরে প্রেরিত হয় এবং সরকারি কাজে লিখ্ত থেকে তার বেতন থেকে আয়।
- (ii) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ভারত থেকে নিয়ন্ত্রিত কোনও ব্যাবসার বা পেশা থেকে আয়।
- (iii) কোনও ভারতীয় কোম্পানি কর্তৃক ভারতের বাইরে প্রদত্ত লভ্যাংশ।

উদাহরণ : 5.

- (a) Mr. Martin একজন অনাবাসিক একক ব্যক্তি (Non Resident individual) ভারত থেকে পণ্য কিনে কানাড়ায় নিয়ে যান এবং কানাড়ায় বিক্রি করে 20,000 টাকা লাভ করেন। এই মুনাফার কোন অংশ ভারতে উত্তৃত হয়েছে বলে ভারতে করযোগ্য হবে কিনা তা ব্যাখ্যা করুন—
- (b) রাম ব্যানার্জী একজন আবাসিক কিন্তু সাধারণ আবাসিক নয়, একক ব্যক্তি প্যারিসের কোন ব্যাবসা থেকে 30,000 টাকা উপার্জন করলেন এবং ওই শহরের ব্যাঙ্কে জমা রাখলেন। পরবর্তীকালে 15,000 টাকা ভারতে পাঠালেন। তার আয়ের করযোগ্যতা কী হবে?

সমাধান :

- (a) যদিও পণ্য ভারতে ক্রয় করা হয়েছে, পণ্য কিন্তু কানাড়ায় (ভারতের বাইরে) বিক্রি করা হয়েছে। সূতরাং এই আয় কানাড়ায় উত্তৃত ও প্রাপ্ত হয়েছে বলে ধরা হবে।
Mr. Martin একজন অনাবাসিক এবং আয় ভারতের বাইরে উত্তৃত ও প্রাপ্ত হয়েছে সূতরাং এই আয়/মুনাফা ভারতে করযোগ্য নয়। এই আয় প্যারিসের কোন ব্যাবসা থেকে প্রাপ্ত, এই ব্যাবসা নিয়ন্ত্রণ ও পরিচালন ভারতের বাইরে থেকে হয়।
- (b) এই লাভ ভারতের বাইরে উত্তৃত এবং ভারতের বাইরে প্রাপ্ত এবং রাম ব্যানার্জী একজন আবাসিক এবং সাধারণত আবাসিক, সূতরাং তা ভারতে করযোগ্য নয়।

উদাহরণ : 6.

অনিল তালুকদার 2005-2006 পূর্ববর্তী বছরে নিম্নলিখিত আয়গুলি করেছেন :

- (i) জাপানে উপদেষ্টার কাজ করে ভারতে বেতন হাতে পেয়েছেন 20,000 টাকা।
- (ii) ভারতে কাজ করার জন্য, অবসরের পর ইরানে উত্তর-বেতন (Pension) পেয়েছেন 15000 টাকা।
- (iii) ভারত সরকার থেকে সাম্মানিক বেতন পেয়েছেন 4000 টাকা।
- (iv) পশ্চিমবঙ্গ থেকে ব্যাবসা করে মুনাফা করেছেন 6000 টাকা, যদিও এই ব্যাবসা পরিচালনা করেছেন কানাড়া থেকে।
- (v) পাকিস্তানে ব্যাবসা করে তিনি মুনাফা করেছেন 10,000 টাকা, যদিও এই ব্যাবসা দিলি থেকে পরিচালনা করেছেন।
- (vi) ইংল্যান্ডের একটি কোম্পানি থেকে 7000 টাকা লভ্যাংশ (Dividend) পেয়েছেন ও এই টাকা সুইজারল্যান্ডে তাঁর ব্যাঙ্কে জমা পড়েছে।

- (vii) সিঙ্গাপুরে ব্যাবসা করে তিনি মূলাফা করেছেন 7000 টাকা যদিও এই ব্যাবসা পরিচালন করেছেন বাংলাদেশ থেকে, আয় তাঁর নিজের নামে বাংলাদেশের এক ব্যক্তে জমা পড়েছে।
- (viii) নেপাল থেকে কৃষি আয় করেছেন 5000 টাকা, যা ভারতে আনা হয়নি।
কর-নির্ধারণ বছর 2006-2007-এ তাঁর করযোগ্য আয় নিরূপণ করুন, যদি করদাতা হন।
- (a) আবাসিক ও সাধারণত আবাসিক,

	আবাসিক এবং সাধারণ আবাসিক Rs.	আবাসিক কিন্তু সাধারণ আবাসিক নয় Rs.	অনাবাসিক Rs.
(i) জাপানে উপদেষ্টার কাজ করে ভারতে বেতন হাতে পেয়েছেন।	20,000	20,000	20,000
(ii) ভারতে কাজ করবার জন্য অবসরের পর ইরানে উত্তর বেতন পেয়েছেন।	15,000	15,000	15,000
(iii) ভারত সরকার থেকে সাম্মানিক বেতন পেয়েছেন।	8,000	8,000	8,000
(iv) পশ্চিমবঙ্গ থেকে ব্যাবসা করে মূলাফা করেছেন, যদিও ওই ব্যাবসা পরিচালনা করেছেন কানাড়া থেকে।	6,000	6,000	6,000
(v) পাকিস্তানে ব্যাবসা করে মূলাফা হয়েছে, যদিও ওই ব্যাবসা দিল্লি থেকে পরিচালনা হয়েছে।	10,000	10,000	nil
(vi) ইংল্যান্ডের একটি কোম্পানি থেকে লভ্যাংশ পেয়েছেন ও ওই টাকা সুইজার- ল্যান্ডে তাঁর ব্যক্তে জমা পড়েছে।	9,000	nil	nil
(vii) সিঙ্গাপুরে ব্যাবসা করে মূলাফা হয়েছে, যদিও ওই ব্যাবসা পরিচালিত হয়েছে বাংলাদেশ থেকে।	7,000	nil	nil
(viii) নেপাল থেকে কৃষি আয় হয়েছে, যা, ভারতে আনা হয়নি	5,000	nil	nil
করযোগ্য আয়	80,000	59,000	49,000

- (b) আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয়,
- (c) অনাবাসিক।

সমাধান :

মিস্টার অনিল তালুকদারের আয়ের করযোগ্যতার হিসাব 2006-2007। পূর্ববর্তী বছর 2005-2006।

2.9 সারাংশ

একজন ব্যক্তির করদায় অনেকটা নির্ভর করে ওই ব্যক্তির আবাসিক মর্যাদার উপর। তাই কোন ব্যক্তির আবাসিক মর্যাদা নির্ণয় করা খুবই গুরুত্বপূর্ণ। আবার পূর্ববর্তী বছরে ব্যক্তির উপস্থিতির উপর নির্ভর করে, যেহেতু ব্যক্তির আবাসিক মর্যাদা নির্ণয় করা হয়, সেই জন্য পূর্ববর্তী বছর পরিবর্তন হওয়ার সঙ্গে সঙ্গে ব্যক্তির আবাসিক মর্যাদাও পরিবর্তন হবে। আবাসিক মর্যাদাকে সাধারণত তিনটি ভাগে ভাগ করা হয়, যেমন—“আবাসিক ও সাধারণত আবাসিক” “আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয়” এবং অনাবাসিক। যৌথ হিন্দু পরিবারের আবাসিক মর্যাদা [ধারা 6(6)(b) এবং (6)(2)] ও এখানে আলোচনা করা হয়েছে।

2.10 অনুশীলনী

● বিষয়ভিত্তিক প্রশ্ন (Descriptive Question)

1. ভারতে নির্ধারীর বাস বলতে কী বোঝায়?
2. আবাসিক মর্যাদার ভিত্তিতে করদাতাদের শ্রেণিবিভক্ত করুন।
3. “করের চৌহদি আবাসিক মর্যাদার উপর নির্ভর করে”—ব্যাখ্যা করুন।
4. একজন করদাতার আবাসিক মর্যাদা কীভাবে তার করদায়ের উপর প্রভাব বিস্তার করে, তা সংক্ষেপে আলোচনা করুন।
5. একজন ব্যক্তিকে পূর্ববর্তী বছরে ‘আবাসিক’ মর্যাদা পেতে হলে কী কী শর্ত পূরণ করতে হবে?
6. “আবাসিক এবং সাধারণভাবে আবাসিক ব্যক্তি” কাকে বলে?
7. ‘আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয়’ কাকে বলে?
8. অনাবাসিক ব্যক্তি কে?
9. অবিভক্ত হিন্দু পরিবারের আবাসিক মর্যাদা কীভাবে নির্ধারণ হয়?
10. অংশীদারী কারবার এবং ব্যক্তিবর্গের সংস্থার আবাসিক মর্যাদা কীভাবে নির্ধারণ হয়?

11. অন্যান্য ব্যক্তির আবাসিক মর্যাদা কীভাবে নির্ধারণ হয়?
12. যৌথ মূলধনি কোম্পানির আবাসিক মর্যাদা কীভাবে নির্ধারণ হয়?
13. আয়কর আইন অনুসারে (a) ভারতে প্রাপ্ত আয় (b) ভারতে উত্তৃত কিংবা অর্জিত আয় (c) ভারতে প্রাপ্ত বলে অনুমিত আয় বলতে কী বোঝেন?

● সঠিক উত্তর দিন (Pick up the correct Answer)

- (i) ভারতবর্ষে আয়কর দায় নির্ণয় করার জন্য আবাসিকের (a) নাগরিকত্ব (b) আবাসিক মর্যাদা (c) নাগরিকত্ব ও আবাসিক মর্যাদা বিবেচনা করা হয়।
- (ii) কোনও ব্যক্তির আবাসিক মর্যাদা (a) এক পূর্ববর্তী বছর থেকে আর এক পূর্ববর্তী বছরে ভিন্ন হতে পারে (b) সকল পূর্ববর্তী বছরে একই রকম থাকবে (c) প্রতিটি পূর্ববর্তী বছরে অবশ্যই পৃথক পৃথক হবে।
- (iii) ব্যক্তির আবাসিক মর্যাদা নির্ধারণের প্রথম মৌলিক শর্তটি হল যে, ওই ব্যক্তিকে পূর্ববর্তী বছরে কমপক্ষে 150 দিন থাকতে হবে, (b) কমপক্ষে 182 দিন থাকতে হবে, (c) কমপক্ষে 60 দিন থাকতে হবে।
- (iv) কোনও ভারতীয় নাগরিক যিনি পূর্ববর্তী বছরে কাজের জন্য ভারত ত্যাগ করেছেন সেই পূর্ববর্তী বছরে আবাসিক হওয়ার জন্য তাকে ভারতে থাকতে হবে (a) কমপক্ষে 182 দিন (b) কমপক্ষে 60 দিন (c) কমপক্ষে 200 দিন।
- (v) ভারতের বাইরে উত্তৃত কিংবা অর্জিত এবং ভারতের বাইরের প্রাপ্ত আয় যদি ভারতে থেকে পরিচালিত ব্যাবসা থেকে হয় তবে তা করযোগ্য হবে না (a) সকল ধরনের ব্যক্তির ক্ষেত্রে (b) আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় ব্যক্তির ক্ষেত্রে (c) অনাবাসিক ব্যক্তির ক্ষেত্রে।

● সংক্ষিপ্ত ধরণ (Short Answer-type Question)

1. ভারতে প্রাপ্ত বলে অনুমিত আয়ের চারটি উদাহরণ দিন।
2. ভারতে উত্তৃত কিংবা অর্জিত বলে অনুমিত আয়ের চারটি উদাহরণ দিন।
3. নিম্নলিখিত আয়গুলি ভারতে ‘আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন’ করদাতার ক্ষেত্রের করযোগ্য কিনা তা কারণ দেখিয়ে লিখুন।
 - (i) কানাড়ায় ব্যাবসা থেকে লাভ বাবদ 15,000 টাকা ভারতে পাঠানো হয়েছে। করদাতা এই ব্যাবসা যখন তিনি কানাড়ায় থাকেন তখনই কেবলমাত্রা দেখাশোনা করেন।
 - (ii) থাইল্যান্ডে চাকরি করে 12,000 টাকা বেতন তিনি সেখানকার জ্যাকে জমা দিয়ে সঙ্গে সঙ্গেই ভারতে পাঠিয়ে দেন।

- (iii) জাপানের একটি কোম্পানি থেকে লভ্যাংশ তাঁর ওখানকার ব্যাকে জমা পড়েছে 5,000 টাকা।
- (iv) একটি ভারতীয় কোম্পানির হয়ে পাবিস্তানের কাজ করবার জন্য তিনি 20,000 টাকা ওখানে বেতন হিসাবে পেয়েছেন।
- (v) ভারতে কৃষি আয় 15,000 টাকা।
- (vi) লঙ্ঘনে তাঁর বাড়ির ভাড়া সরাসরি ভাড়াটে থেকে ভারতে তাঁর ব্যাকে জমা পড়েছে 18,000 টাকা।
- (vii) বাংলাদেশের কৃষি আয় 16,000 টাকা তাঁর ওখানকার ব্যাঙ্ক থেকে তাঁর আদেশ মতো ভারতে সরাসরি তাঁর ব্যাকে জমা পড়েছে।

ঘৰহাবিক প্ৰশ্ন (Practical Question)

১. রতন লাহা 2005-2006 গূৰ্ববৰ্তী বছৱে নিষ্পলিখিত আয়গুলি কৱেছেন—

Rs.

(i) একটি ভারতীয় কোম্পানি থেকে হলাণ্ডে লভ্যাংশ পেয়েছেন এবং ওখানেই খৰচ কৱেছেন।	40,000
(ii) বিদেশি কোম্পানি থেকে লভ্যাংশ সুইজারল্যাণ্ডের একটি ব্যাকে জমা পড়েছে।	12,000
(iii) একটি বিদেশি কোম্পানি থেকে ভারতে বেতন হিসাবে আয় কৱেছেন।	14,000
(iii) ভারতে একটি বাড়ি থেকে ভাড়া তিনি শ্ৰীলঙ্কায় পেয়েছেন।	16,000
(iii) কানাডায় আয় কৱেছেন ও ওখানেই পেয়েছেন, যদিও পৱে তিনি এই আয় ভারতে নিয়ে এসেছেন।	22,000
(iii) দিল্লিতে ব্যাবসা থেকে মুনাফা যা মাৰ্কিন যুক্তরাষ্ট্ৰ থেকে পৱিচালনা কৰা হয়।	18,000
(iii) অস্ট্ৰেলিয়ায় ব্যাবসা থেকে মুনাফা যা কলকাতা থেকে পৱিচালনা কৰা হয়।	17,000
(iii) তাঁর কাকা ইটালি থেকে দান হিসাবে ব্যাঙ্ক ড্রাফ্ট ভারতে পাঠিয়েছেন।	30,000

নিৰ্ধাৰিত মোট আয় নিৰ্ণয় কৰুন ধৰে নিয়ে যে, তিনি ভারতে ওই গূৰ্ববৰ্তী বছৱে :

- (a) আবাসিক ও সাধাৱণত আবাসিক।
(b) আবাসিক কিন্তু সাধাৱণত আবাসিক নন।

(c) আবাসিক।

2. শ্রী অশোক রায় একজন ভারতীয় নাগরিক। তিনি প্রথম 1st August 2002 কাজ নিয়ে ভারতে ছেড়ে বিদেশে চলে যান। 2004 সালে তিনি ভারতে আসেন এবং 42 দিন থেকে আবার বিদেশে চলে যান। তিনি 1st January 2006 এ আবার ভারতে আসেন এবং 31st March 2006 এবং পর্যন্ত ছিলেন।

2005-2006 পূর্ববর্তী বছরে তাঁর আবাসিক মর্যাদা নির্ধারণ করুন।

3. শ্রীঅলোক পাল 1997 সালের 1st April সর্বপ্রথম ভারতে আসেন। 2003 সালের 22nd March তিনি ভারত থেকে লড়নে যান (কর্মসূচে) 2004 এবং সালের 25th June ভারতে ফিরে আসেন। তখন থেকে তিনি একটানা ভারতে বসবাস করেছেন। 2005-2006 পূর্ববর্তী বছরে তাঁর আবাসিক মর্যাদা কী হবে?

4. শ্রীতপন রায় উচ্চশিক্ষার্থে প্রথমবার ভারত থেকে ইংল্যান্ডে যান 1st December। ছুটিতে তিনি দূর্বার ভারতে আসেন। প্রথমবার তিনি আসেন 25th December এবং 26 দিন থাকেন এবং দ্বিতীয়বার 1st May 2004 আসেন এবং 30 দিন ছিলেন। পড়াশুনো শেষ হবার পর, তিনি পাকাপাকিভাবে 15th November 2005 এ ভারতে ফিরে আসেন।

2005-2006 পূর্ববর্তী বছরে তাঁর আবাসিক মর্যাদা কী হবে?

2.11 গ্রন্থপঞ্জী

1. Income Tax Law & Practice—Gaur, Narang
2. Income Tax Law—A. K. Chakraborty
3. Direct Taxes -Law & Practice (Students' Edition)—V. K. Singhania
4. আয়কর পরিচয় (বাংলাভাষায়)—ডি. কে. চক্রবর্তী
5. Income Tax Law & Practice—Bhagwati Prasad
6. Income Tax Act (as amended upto date)

একক ৩ □ কর থেকে সম্পূর্ণ রেহাইযোগ্য আয়সমূহ বা করমুক্ত আয়

গঠন

- 3.1 উদ্দেশ্য
- 3.2 প্রস্তাবনা
- 3.3 কিছু আয় করমুক্ত
 - 3.3.1 কিছু প্রতিষ্ঠানের আয় করমুক্ত
 - 3.3.2 বিদেশি নাগরিকদের কিছু করমুক্ত আয়
 - 3.3.3 পুরস্কার ইত্যাদি করমুক্ত আয়
 - 3.3.4 অনাবাসিক ব্যক্তিদের করমুক্ত আয়
 - 3.3.5 অন্যান্য ব্যক্তিবর্গের করমুক্ত আয়
- 3.4 মুক্ত বাণিজ্য অঞ্চলের আয় ছুটি
- 3.5 করমুক্ত আয়ের সংক্ষিপ্ত আলোচনা
- 3.6 সারাংশ
- 3.7 অনুশীলনী
- 3.8 গ্রহণযোগ্য

3.1 উদ্দেশ্য

এই এককটি পড়ার পর আপনি এই বিষয়গুলো সম্পর্কে জানতে পারবেন—

- করমুক্ত আয় অর্থাৎ যে আয়ের উপর কর দিতে হয় না,
- বিশেষ বিশেষ ব্যক্তিদের করমুক্ত আয় এবং
- মুক্ত বাণিজ্য অঞ্চলের কর ছুটি (tax holiday) ইত্যাদি।

3.2 প্রস্তাবনা

সরকারের রাজস্ব আদায়ের একটি গুরুত্বপূর্ণ সূত্র হল আয়কর। সমাজে অর্থনৈতিক সমতা আনার সরকারি নীতির জন্য তাই আয়করের গুরুত্ব প্রচুর পরিমাণে বেড়েছে। তবুও আয়কর আইনের উদ্দেশ্য ভারতবর্ষের মতো রাষ্ট্রের ক্ষেত্রের সর্বক্ষেত্রের কর চাপানো হতে পারে না। তাই ভারতের আয়কর আইনও কিছু কিছু সূত্র থেকে আয়, কিছু বাস্তি বা প্রতিষ্ঠানের আয় আয়কর মুক্ত বলে গণ্য করে। সামাজিক ন্যায়নীতি, অর্থনৈতিক সাম্যতা, বৈদেশিক মুদ্রা তার্ফে, বিশেষ বিশেষ কাজের দ্বরূপ সরকারি পুরস্কারপ্রাপ্তি, সামাজিক নিরাপত্তা, শ্রমিক কল্যাণ ইত্যাদি উদ্দেশ্য ভারতীয় আয়কর আইনের 10 ধারা অনুযায়ী কয়েকটি করমুক্ত (Tax Free Income) হিসাবে ঘোষণা করা হয়েছে। সুতরাং এই করমুক্ত আয়গুলি মোট আয়ের অঙ্গভূত হবে না।

3.3 কিছু আয় করমুক্ত

সংখ্যা	ধারা	আয়	কারণ (Rationale)
1.	10(1)	কৃষি আয়	সামাজিক ন্যায়নীতি
2.	10(2)	হিন্দু যৌথ পরিবার থেকে থাণ্ড আয়	যৌথ পরিবারই কর নির্ধারী
3.	10(2A)	অংশীদারী ব্যাবসা থেকে থাণ্ড আয়	অংশীদারী ফার্ম কর নির্ধারী
4.	10(5)	ছুটিতে অঞ্চল খরচ বা সহায়তা	শ্রমিক কল্যাণ
5.	10(7)	বিদেশে চাকরির জন্য সুবিধাদি ও বিশেষ ভাতা	বিদেশে চাকরির অসুবিধা
6.	10(8)	সমবায় কারিগরি সহায়তা পেশায় বিদেশিয় সরকার কর্তৃক নিযুক্ত ব্যক্তির আয়	আন্তর্জাতিক বাধ্যতা
7.	10(8A)	বিদেশি পরামর্শদাতার পারিশ্রমিক	আন্তর্জাতিক বাধ্যতা
8.	10(10)	মৃত্যু-সহ অবসরকালীন অনুত্তোষিক	সামাজিক নিরাপত্তা
9.	10(10A)	সরকারি কর্মচারীগণ কর্তৃক থাণ্ড অবসর বৃত্তির নিষ্ক্রিত মূল্য	সামাজিক নিরাপত্তা
10.	10(10AA)	সরকারি কর্মচারীগণ কর্তৃক সঞ্চিত ছুটির বেতন বা নগদীকৃত অর্থ	সামাজিক নিরাপত্তা

সংখ্যা	ধারা	আয়	কারণ (Rationale)
11.	10(10B)	শ্রমিকদের ইঁটাইজনিত ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ	সামাজিক নিরাপত্তা
12.	10(10BB)	ভূগল গ্যাস দুর্ঘটনায় আক্রান্ত ব্যক্তিক ক্ষতিপূরণ	সামাজিক কল্যাণ
13.	10(10C)	পাবলিক সেক্টর কোম্পানি থেকে প্রেচ্ছা অবসর গ্রহণ থেকে প্রাপ্ত অর্থ	সামাজিক নিরাপত্তা
14.	10(10D)	জীবনবিমা পত্র থেকে অর্থপ্রাপ্তি	সামাজিক নিরাপত্তা ও সংগ্রহ উৎসাহদান
15.	10(11), (12)	ভবিষ্যন্তি থেকে প্রাপ্ত অর্থ	সামাজিক নিরাপত্তা ও সংগ্রহ উৎসাহদান
16.	10(13)	ঙ্গীকৃত বাধ্যকাৰ তহবিল থেকে অর্থপ্রাপ্তি	সামাজিক নিরাপত্তা ও সংগ্রহ উৎসাহদান
17.	10(14A)	বিনিময় বুকি প্রিমিয়াম	ব্যাবসায় সাহায্য
18.	10(15)	লাইপত্র এবং প্রকল্পের উপর প্রাপ্ত সুদ	সংগ্রহ উৎসাহদান ও সরকারি লাইপত্রকে জনপ্রিয় কৰা
19.	10(15A)	বিমানোপোতের ইজারা বাবদ খাজনা	বিদেশি বিমান বিক্রেতাকে উৎসাহদান
20.	10(16)	শিক্ষাগত ছাত্রবৃত্তি	শিক্ষায় উৎসাহদান
21.	10(30)	চা-বোর্ড থেকে ভর্তুকি প্রাপ্তি	চা-শিল্পে সাহায্য
22.	10(31)	রাবার উৎপাদনে ভর্তুকি প্রাপ্তি	রাবার শিল্পে সাহায্য
23.	10(32)	নাবালকের আয় (1500 টাকার কম)	সামাজিক দায়বদ্ধতা

3.3.1 কিছু প্রতিষ্ঠানের আয় করমূক্ত

সংখ্যা	ধারা	আয়	কারণ (Rationale)
1.	10(20)	হানীয় কর্তৃপক্ষের আয়	জনহিতকর কার্যে যুক্ত
2.	10(20A)	আবাসন পর্যবেক্ষণের আয়	নগর উন্নয়নে যুক্ত
3.	10(21)	অনুমোদিত কোন বৈজ্ঞানিক গবেষণায় সংস্থার আয়	বৈজ্ঞানিক গবেষণায় উৎসাহদান

সংখ্যা	ধারা	আয়	কারণ (Rationale)
4.	10(22)	অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠানের আয়	শিক্ষার প্রসারে উৎসাহদান
5.	10(22B)	অনুমোদিত সংবাদ সংস্থার আয়	সংবাদ সরবরাহে উৎসাহদান
6.	10(23)	অনুমোদিত গ্রীড়া সংস্থার আয়	খেলাধূলার প্রসারে উৎসাহদান
7.	10(23A)	পেশাগত প্রতিষ্ঠানের আয় (আইন, ঔষধ, হিসাবশাস্ত্র ইত্যাদি)	পেশাগত কাজে উৎসাহদান
8.	10(23AA)	সৈন্যদল সংক্রান্ত তহবিলের পক্ষে আয় গ্রহণ	সৈন্যদলকে সাহায্য
9.	10(23AAA)	শ্রমিক ও কর্মচারীদের কল্যাণে সৃষ্ট তহবিলের আয়	শ্রমিককল্যাণ
10.	10(23AAB)	জীবনবিমা নিগমে পেনসন তহবিলের আয়	জীবনবিমা নিগমকে অর্থ সংগ্রহে উৎসাহদান
11.	10(23B)	খাদি বা গ্রামীণ শিল্পের আয়	গ্রামীণ শিল্পকে উৎসাহদান
12.	10(23BB)	খাদি ও গ্রামীণ শিল্প বিকাশের জন্য গঠিত বোর্ড বা কর্তৃপক্ষের আয়	গ্রামীণ শিল্পকে উৎসাহদান
13.	10(23BBA)	সার্বজনিক ধর্মীয় বা দাতব্য ট্রাস্ট	সামাজিক স্বীকৃতি
14.	10(23BBB)	ইউরোপিয়ান অর্থনৈতিক কমিউনিটির আয়	আন্তর্জাতিক দায়বদ্ধতা
15.	10(23C)	নির্দিষ্ট কিছু জাতীয় তহবিলের আয়	জাতীয় স্বার্থে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে
16.	10(23D)	মিউচুয়াল ফান্ডের আয়	মিউচুয়াল ফান্ড ও মূলধনি বাজারকে উৎসাহদান
17.	10(24)	নির্বাচিত শ্রমিক সংঘের আয়	সামাজিক দায়বদ্ধতা
18.	10(25)	ভবিষ্যানিধির আয়	শ্রমিক কল্যাণ
19.	10(26)	তফশিলি উপজাতির কোনও সভ্যের আয়	সামাজিক দায়বদ্ধতা

সংখ্যা	ধারা	আয়	কারণ (Rationale)
20.	10(27)	নির্দিষ্ট সমবায় সমিতির আয়	সমবায় সমিতি গঠনে উৎসাহদান
21.	10(29)	পণ্য বিপণন কর্তৃপক্ষের আয়	পণ্য বিপণনে উৎসাহদান
22.	10(29A)	কফি বোর্ডের আয়	উৎপাদনে উৎসাহদান

3.3.2 বিদেশি নাগরিকদের কিছু করমুক্ত আয়

সংখ্যা	ধারা	আয়	কারণ (Rationale)
1.	10(6)(ii)	বিদেশি রাষ্ট্রদূত, হাইকমিশনার ও তাদের দপ্তরের অন্যান্য অভাবতায় আধিকারিকদের বেতন এবং বেতন খাতে আয়	কুট্টৈতিক কারণ
2.	10(6)(vi)	বিদেশি কর্মচারীর বেতন ব্যবহার	বৈদেশিক প্রযুক্তির
3.	10(6)(viii)	আহাজের নাবিকের বেতন	আন্তর্জাতিক প্রয়োজন
4.	10(6)(ix)	অধ্যাপক বা শিক্ষক হিসাবে কোনও বিদেশি নাগরিকের বেতন	শিক্ষার প্রসার
5.	10(6)(xi)	বিদেশি শিক্ষানবীশের পারিশ্রমিক	শিক্ষায় উৎসাহদান
6.	10(8)	সমবায় করিগরি সহয়তার পেশায় নিযুক্ত কোনও বিদেশি সরকারি কর্মচারীর আয়	কারিগরি কর্মসূচিতে উৎসাহদান

3.3.3 পুরস্কার ইত্যাদি করমুক্ত আয়

সংখ্যা	ধারা	আয়	কারণ (Rationale)
1.	10(7A)	সাহিত্য, বিজ্ঞান, খেলা, শিল্প, সেবাকার্য ইত্যাদি ক্ষেত্রে কৃতিত্বের জন্য সরকার কর্তৃক পুরস্কার	শীকৃতি থদান
2.	10(18)	সাহসিকতার জন্য পুরস্কার প্রাপকদের পেনসন	শীকৃতি থদান

3.3.4 অনাবাসিক ব্যক্তিবর্গের করমুক্ত আয়

সংখ্যা	ধারা	আয়	কারণ (Rationale)
1.	10(4)(i)	অনাবাসিক কর্তৃক আগ্রহ নির্ধারিত লঘী পত্রের উপর সুদ	নির্ধারিত লঘীপত্র-গুলিতে আকর্ষণীয় করা
2.	10(4)(ii)	অনাবাসিক ব্যাঙ্ক আমানতের উপর সুদ	বৈদেশিক অর্থ ভারতে প্রবেশকে উৎসাহদান
3.	10(5B)	অনাবাসিক কারিগরি বিদ্যায় পারদর্শী ব্যক্তির আয়করে ছাড়	কারিগরি বিদ্যা ও বৈদেশিক প্রযুক্তি ভারতে আনয়ন
4.	10(6B)	নির্দিষ্ট কিছু আয়ের উপর বিদেশি কোম্পানির পক্ষে কর প্রদান	আন্তর্জাতিক চুক্তি
5.	10(6C)	বৈদেশিক কোম্পানির ভারতের সুরক্ষার জন্য কারিগরি সেবা থেকে আয়	জাতীয় সুরক্ষা

3.3.5 অন্যান্য ব্যক্তিবর্গের করমুক্ত আয়

সংখ্যা	ধারা	আয়	কারণ (Rationale)
1.	10(17)	লোকস্বা, রাজ্যসভা ও বিধানসভার সদস্যদের দৈনিক ভাতা	রাজনৈতিক প্রয়োজন
2.	10(26)	তফশিলি উপজাতির কোনও সভ্যের আয় (নাগল্যান্ত, মণিপুর, মিজোরাম প্রভৃতি অঞ্চলের)	তফশিলি উপজাতির অর্থনৈতিক উন্নতিসাধন
3.	10(26A)	লাদাকে বসবাসকারী ব্যক্তির আয়	জাতীয় প্রয়োজন

3.4 মুক্ত বাণিজ্য অঞ্চলের আয় ছুটি (Tax Holiday)

সংখ্যা	ধারা	আয়	কারণ (Rationale)
1.	10A	মুক্ত বাণিজ্য অঞ্চলে নতুন স্থাপিত শিল্পের আয়	শিল্পের প্রসারে সহায়তা
2.	10B	100% রপ্তানি সহায়ক (Oriented) নতুন স্থাপিত শিল্পের আয়	রপ্তানিতে উৎসাহদান
3.	10C	উত্তর-পশ্চিমাঞ্চলে স্থাপিত শিল্পের আয় অধিনীতিতে উৎসাহদান	গিছিয়ে পড়া অঞ্চলের

3.5 করমুক্ত আয়ের সংক্ষিপ্ত আলোচনা

নিম্ন কয়েকটি গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য আয় সংক্ষেপে আলোচনা করা হল।

1. কৃষি আয় [ধারা 10(1)]

দ্রষ্টব্য প্রথম একক [প্যারা 1.6.11, 1.6.12, 1.6.13, 1.6.14]

2. হিন্দু যৌথ পরিবার থেকে প্রাপ্ত আয় [ধারা 10(2)]

যৌথ হিন্দু পরিবারের কোনও সদস্য যদি ওই পরিবারের মালিকানাধীন কোন অবিভাজ্য সম্পত্তির আয় থেকে অথবা ওই পরিবারের অন্য কোন আয় থেকে অংশ পায়, তা সম্পূর্ণ করমুক্ত।

3. আকস্মিক আয় (Casual Income) [ধারা 10(3)]

যে আয় অপ্রত্যাশিত ও অভাবিতপূর্ণ তাকেই বলা হয় আকস্মিক আয়। একজীভৃতভাবে সর্বাধিক 5,000 টাকা পর্যন্ত, (লটারি জেতাসময়েত), এমন আকস্মিক বা অনাবৃত বা সাময়িক প্রকৃতির কোনও অর্থস্থান্তিকেই আকস্মিক আয় বলে। কিন্তু, যোড়েডোডসময়েত আন্দাজ দোড় থেকে আয়ের ক্ষেত্রে 5,000 টাকার পরিবর্তে এই 2,500 টাকা পর্যন্ত পাওয়া যায়। এই ছাড় কর নির্ধারণ বছর 2003-04 থেকে আর পাওয়া যাবে না।

কিন্তু নিম্নলিখিত আয়গুলি আকস্মিক আয়ের অন্তর্ভুক্ত নয়:

- (i) মূলধনি লাভ (ধারা 45),
 - (ii) ব্যাবসায়, অথবা পেশা বা ব্যক্তিগত ক্ষমতা ব্যবহারের ধারা উল্লিখিত কোনও অর্থস্থান্তি,
 - (iii) বোনাস, বেতন প্রক আনুতোষিক প্রভৃতি রূপে কোন কর্মচারীর পারিশ্রমকের অতিরিক্ত অর্থস্থান্তি।
- যে আয় শ্রমদানের ফলে অথবা ব্যাবসায়, পেশা বা বৃত্তির সূত্রে অর্জিত হয়, তাকে কখনওই আকস্মিক আয় বলে গণ্য করা যাবে না।

আকস্মিক আয় হল অপ্রত্যাশিতভাবে ও চুক্তির কোন শর্ত ছাড়াই অর্থপ্রাপ্তিজনিত আয়।

ব্যক্তিগত ক্ষমতা ব্যবহারের দ্বারা কেউ যদি স্বেচ্ছায় প্রদত্ত কিছু গ্রহণ করেন, তা আকস্মিক আয় বলে গ্রাহ নয়, যেমন একজন হোটেল পরিচারককে প্রদত্ত ব্যক্তিশৈশ।

4. অনাবাসিক কর্তৃক প্রাপ্ত নির্ধারিত লাভিপত্রের উপর সুদ [ধারা 10(4)]

বিজ্ঞপ্তিকৃত জামানত ও বড়ের উপর কোনও অনাবাসিকের প্রাপ্ত সুদ কর থেকে সম্পূর্ণ রেহাই পায়।

5. জাহাজের নাবিকের বেতন [ধারা 10(6)(viii)]

কোন অনাবাসিক বিদেশি নাগরিক জাহাজের নাবিক হিসেবে যে বেতন পায়, বা যা প্রাপ্ত, তা সম্পূর্ণরূপে করমুক্ত, এই শর্তে যে তার ভারতে থাকার সময় পূর্ববর্তী বছরে মোট 90 দিনের বেশি হবে না।

6. অধ্যাপক বা শিক্ষক হিসেবে কোনও বিদেশি নাগরিকের বেতন [ধারা 10(6)(ix)]

কোন বিশ্ববিদ্যালয় বা অন্য কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে কোন বিদেশি নাগরিক যদি অধ্যাপক বা শিক্ষক হিসেবে কাজের জন্য বেতন পান তা সম্পূর্ণ করমুক্ত।

7. বিদেশি শিক্ষানবীশের পারিশ্রমিক [ধারা 10(6)(xi)]

কোনও বিদেশি নাগরিক বিদেশি সরকারের কর্মচারী হিসেবে ভারতে থাকাকালীন সময় যদি পারিশ্রমিক পায়, তা হলে সেই পারিশ্রমিক বাবদ আয় করমুক্ত হবে।

8. বিদেশি ভাতা [ধারা 10(7)]

কোন ভারতীয় নাগরিককে ভারতের বাইরে কাজ করার জন্য ভারত সরকার যদি কোন রূপ ভাতা প্রদান করেন, তা হলে সেই আয় সম্পূর্ণ করমুক্ত।

9. শ্রমিকের ছাঁটাইজনিত ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ [ধারা 10(B)]

শিল্পবিরোধ আই, 1947, বা চাকরির বা অন্য কোন শর্ত অনুসারে কোন শ্রমিকের ছাঁটাইজনিত ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ [সর্বাধিক 50,000 টাকা] করমুক্ত।

10. জীবনবিমা থেকে অর্থপ্রাপ্তি [ধারা 10(D)]

জীবনবিমা পলিসি থেকে প্রাপ্ত অর্থ, এমন কি ওই পলিসির উপর প্রাপ্ত বোনাস করমুক্ত।

11. বিনিময় ঝুঁকি প্রিমিয়াম [ধারা 10(14A)]

কোন ব্যক্তিকে মুদ্রা (currency) ধার দিয়ে exchange risk premium বাবদ কোন অর্থ যদি সরকারি আর্থিক প্রতিষ্ঠান আয় করে, তবে এ আয় করমুক্ত হবে, যদি ওই আয় 10(23B) ধারায় বর্ণিত তহবিলে ওই সরকারি প্রতিষ্ঠান জমা রাখে।

12. লগিপত্র ও প্রকল্পের উপর আপ্ত সুদ [ধারা 10(15)]

নিম্নলিখিত লগিপত্র ওবং প্রকল্পের উপর আপ্ত সুদ করমুক্ত :

- (i) ন্যাশনাল সেভিংস অ্যানুয়িটি বড (12 বছর)
- (ii) পোস্ট অফিস ক্যাশ সার্টিফিকেট
- (iii) ন্যাশনাল প্ল্যান সার্টিফিকেট
- (iv) ট্রেজারি সেভিংস ডিপোজিট সার্টিফিকেট
- (v) পোস্ট অফিস ন্যাশনাল সেভিংস সার্টিফিকেট (12 বছর/7বছর)
- (vi) স্পেশাল ডিপোজিট স্কিম (1981)
- (vii) স্পেশাল বিয়ারার বড (1991)
- (viii) ন্যাশনাল ডিফেন্স গোল্ড বড (1980)
- (ix) 10% জামিনযুক্ত পরিশোধনযোগ্য N.T.P.C. বড
- (x) 10% (করমুক্ত 10 বছরের কক্ষক রেলওয়ে পরিশোধযুক্ত বড।
- (xi) কোন সরকারি প্রকল্পের অবসরআপ্ত সরকারি কর্মচারীর জমা বাবদ সুদ।

13. ছাত্রবৃত্তি [ধারা 10(16)]

শিক্ষার বায় বহনের সাহায্যার্থে প্রদত্ত কোনও ছাত্রবৃত্তি করমুক্ত।

14. সংসদ ও বিধানসভা ইত্যাদির সদস্যদের দৈনিক ও অন্যান্য ভাতা [ধারা 10(17)]

লোকসভা, রাজসভা ও বিধানসভা বা তাদের কোন কমিটির সদস্য হওয়ার জন্য আপ্ত দৈনিক ভাতা সম্পূর্ণ করমুক্ত।

15. পুরকার [ধারা 10(17A)]

ভারত সরকার বা কোন রাজ্য সরকার কর্তৃক নগদ অর্থে বা বস্তুতে (kind) সাহসিকতা, সেবা ইত্যাদি কারণে আপ্ত পুরকার করমুক্ত।

16. কেন্দ্রীয় সরকার প্রদত্ত কোন কোন অনুগ্রহপূর্বক অর্থপ্রদান [certain ex-gratia payments] [ধারা 10(18A)]

প্রাক্তন রাজন্যবর্গের ব্যক্তিগত ব্যয় নির্বাচার্য ভাতা (Privy-purse) লোপ পাবার ফল হিসাবে কেন্দ্রীয় সরকার কর্তৃক কোন অর্থপ্রদান করমুক্ত।

17. স্থানীয় কর্তৃপক্ষের (Local Authority) আয় [ধারা 10(20)]

জল, বিদ্যুৎ, সেবা ইত্যাদি নিজ এলাকায় সরবরাহের জন্য স্থানীয় কর্তৃপক্ষের আয় করমুক্ত।

18. আবাসন কর্তৃপক্ষের (Housing Authority) আয় [ধারা 10(20A)]

নগর, শহর বা গ্রামের পরিকল্পনা, বিকাশ বা উন্নয়নের জন্য ভারতে গঠিত কোন আবাসন কর্তৃপক্ষের আয় সম্পূর্ণ করমুক্ত।

19. অনুমোদিত কোন বৈজ্ঞানিক গবেষণা সংস্থার আয় [ধারা 10(21)]
এ জাতীয় গবেষণা সংস্থার আয় করমুক্ত।
20. শিক্ষাপ্রতিষ্ঠানের আয় [ধারা 10(22)]
মুনাফার উদ্দেশ্যে নয়, কেবল শিক্ষার উদ্দেশ্যে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা অন্যান শিক্ষাপ্রতিষ্ঠানের আয় সম্পূর্ণ করমুক্ত।
21. অনুমোদিত ক্লীড়া সংস্থার আয় [ধারা 10(23)]
সরকার কর্তৃক অনুমোদিত ক্লিকেট, হকি, ফুটবল, টেনিস ও অন্যান খেলাধূলার পরিচালনা, প্রসার ও উন্নতির জন্য প্রতিষ্ঠিত কোন সংস্থার আয় করমুক্ত আয় বলে বিবেচিত হয়।
22. পেশাগত প্রতিষ্ঠানের (Professional Institutions) আয় [ধারা 10(23A)]
ভারত সরকার কর্তৃক অনুমোদিত কোন পেশাগত প্রতিষ্ঠানের আয় (জামানতের উপর সুদ, গৃহখাতে আয়, সুনির্দিষ্ট কোনও কাজের জন্য আপ্ত আয় ও সুদ লভ্যাশৰূপে আপ্ত আয় ছাড়া) সম্পূর্ণ করমুক্ত।
23. সৈন্যদল সংক্রান্ত তহবিল (Registered Fund)-এর পক্ষ থেকে আয় গ্রহণ [ধারা 10(23AA)]
ভারতে সশস্ত্র বাহিনীর প্রতিষ্ঠিত কোনও সৈন্যদল সংক্রান্ত তহবিল বা কোন জনসাধারণের তহবিলের তরফ এই ধরনের বাহিনীর বর্তমান বা আগত সদস্যদের বা তাঁদের পরিবারের কল্যাণের জন্য কোন ব্যক্তি কর্তৃক গৃহীত কোন আয় করমুক্ত।
24. শ্রমিক ও কর্মচারীদের কল্যাণে সৃষ্ট তহবিলের আয় [ধারা 10(23AAA)]
শ্রমিক ও কর্মচারীদের কল্যাণের উদ্দেশ্যে সৃষ্ট কোন তহবিলের আয় করমুক্ত।
25. জীবনবিমা নিগমের পেনসন তহবিলের আয় [ধারা 10(23AAB)]
জীবনবিমা নিগমের দ্বারা (1996 সালের 1st আগস্টের পর) পেনসন তহবিলের আয় করমুক্ত।
26. খাদি ও গ্রামীণ শিল্প কমিশনের আয় [ধারা 10(23B)]
খাদি ও গ্রামীণ শিল্প কমিশনের অনুমোদিত কোনও ট্রাস্ট বা সমিতির ব্যাবসায় থেকে আয় ব্যতীত যে কোন আয় করমুক্ত।
27. খাদি বোর্ডের আয় [ধারা 10(23BB)]
খাদি ও গ্রামীণ শিল্প বিকাশের জন্য গঠিত যে কোন কর্তৃপক্ষের আয় সম্পূর্ণ করমুক্ত।
28. সার্বজনিক ধর্মীয় বা দাতব্য ট্রাস্ট [ধারা 10(23BBA)]
সার্বজনিক ধর্মীয় বা দাতব্য ট্রাস্ট বা বৃত্তিদান বা ধর্মীয় বা দাতব্য সমিতির পরিচালনার জন্য কোন আইন অনুযায়ী প্রতিষ্ঠিত বা নিযুক্ত কোন সংস্থার তরফে উন্নুত আয় সম্পূর্ণ করমুক্ত।
29. নির্দিষ্ট কিছু জাতীয় তহবিল (National Fund)-এর আয় [ধারা 10(23C)]
কোনও ব্যক্তি নিম্নলিখিত তহবিলের থেকে যে সকল আয় গ্রহণ করে—তা করমুক্ত।

(i) প্রধানমন্ত্রীর জাতীয় আপ তহবিল (ii) প্রধানমন্ত্রীর তহবিল (লোকশিল উন্নয়ন) (iii) প্রধানমন্ত্রীর ছাত্র তহবিল দান (iv) অন্যান্য দাতব্য তহবিল।

30. মিউচুয়্যাল ফান্ডের আয় [ধারা 10(23D)]

সাবলিক সেক্টর ব্যাঙ্ক বা পাবলিক ফিনান্সিয়াল সংস্থা বা SEBI কর্তৃক অনুমোদিত মিউচুয়্যাল ফান্ডের আয় করমুক্ত।

31. শ্রমিক সংঘের আয় [ধারা 10(24)]

কোনও নিবন্ধভূক্ত শ্রমিক সংঘের জামানতের উপর সুদ বাবদ আয়, সম্পত্তি থেকে আয় ও অন্যান্য উৎস থেকে আয় করমুক্ত।

32. ভবিষ্যন্তির (Provident Fund)আয় [ধারা 10(25)]

সংঘবন্ধ ভবিষ্যন্তি, অনুমোদিত ভবিষ্যন্তি, বার্ধক্য তহবিল, কয়লাখনি ভবিষ্যন্তির পক্ষে যে কোন ব্যক্তির প্রাপ্তি যে কোন আয় সম্পূর্ণ করমুক্ত।

33. তফশিলি উপজাতির (Scheduled Tribe) কোন সভ্যের আয় [ধারা 10(26)]

নাগাল্যান্ড, মণিপুর, ত্রিপুরা, অরুণাচল প্রদেশ, মিজোরাম থড়তি অঞ্চলে বসবাসকারী তফশিলি উপজাতির কোন সভ্যের আয় সম্পূর্ণ করমুক্ত।

34. নির্দিষ্ট সমবায় সমিতির আয় [ধারা 10(27)]

তফশিলি জাতি বা উপজাতির সভ্যদের স্বার্থে গঠিত সমবায় সমিতির আয় করমুক্ত।

35. লাদাকে বসবাসকারী ব্যক্তির আয় [ধারা 10(26A)]

লাদাকে বসবাসকারী ব্যক্তির আয় করমুক্ত বলে বিবেচিত হয়।

36. পণ্য-বিপণন কর্তৃপক্ষের আয় [ধারা 10(29)]

পণ্য মজুত, পণ্য আকরণ (Processing) বা পণ্য বাজারকৃত করার সুবিধার্থে গুদামধর বা পণ্যাগারের ভাড়াজনিত আয় করমুক্ত।

37. কফি বোর্ডের আয় [ধারা 10(26A)]

কফি উৎপাদনের সাহায্যে গঠিত কফি বোর্ডের আয় করমুক্ত।

38. চা-বোর্ড থেকে ভরতুকি প্রাপ্তি [ধারা 10(30)]

কোন কর্দাতা যিনি ভারতে চা উৎপাদন ও ব্যাবসায় নিযুক্ত চা-পর্যন্ত (Tea-Board) থেকে কোনূপ ভরতুকি পান, সেই আয় করমুক্ত।

39. ভারতীয় কোম্পানির শেয়ার থেকে লভ্যাংশ [ধারা 10(33)]

কোন মূলধনী সম্পত্তি (US-64 এর কোন unit) ইন্টার্স্টের ফলে অর্জিত আয় সম্পূর্ণ করমুক্ত। তবে এই ইন্টার্স্ট ১লা এপ্রিল, 2002 এর পর হতে হবে।

নিম্নলিখিত করমূক্ত (কোন কোন ফেত্রে আংশিক করমূক্ত) আয়গুলি বেতনখাতে আয় (Income from Salary) এককে বিশদভাবে আলোচনা করা হয়েছে :

1. মৃত্যু সহ অবসরকালীন আনুতোষিক (Gratuity) [ধারা 10(10)]
2. উত্তর-বেতনের নিষ্ক্রিত মূল্য (Commututed Value of Pension) [ধারা 10(10A)]
3. শ্রমিকদের ছাঁটাইজনিত ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থের রেহাই। [ধারা 10(10B)]
4. সংঘবিধিবদ্ধ ভবিষ্যানিধি (Statutory Provident Fund) থেকে প্রদত্ত কোনও অর্থ [ধারা 10(11)]
5. কোনও স্বীকৃত ভবিষ্যানিধির (Recognised Provident Fund) পুঁজিভূত অর্থ থেকে প্রাপ্ত অর্থ [ধারা 10(12)]
6. অনুমোদিত বার্ধক্যনিধি প্রদত্ত অর্থ [ধারা 10(13)]
7. বাড়িভাড়া ভাতা (House Rent Allowance) [ধারা 10(13A)]
8. কোনও বিশেষ ভাতা বা সুবিধা (Special Allowance or benefits) [ধারা 10(14)]
9. ভ্রমণের জন্য রেয়াত বা সহায়তার মূল্য (Travel Concession or assistance) [ধারা 10(5)]

3.6 সারাংশ

আপনারা জানেন সমস্ত আয় করযোগ্য হলেও আয়কর আইন অনুসারে কতকগুলি আয়ের উপর কর দিতে হয় না। অর্থাৎ এই আয়গুলি করমূক্ত, যেমন কৃষি আয়, হিন্দু যৌথ পরিবার থেকে প্রাপ্ত আয় ইত্যাদি। আবার অনেক প্রতিষ্ঠান আছে যেমন স্থানীয় কর্তৃপক্ষ, আবাসন পর্যবেক্ষণ, অনুমোদিত শিক্ষা ইত্যাদির আয়ও করমূক্ত। কিছু কিছু আয় যেমন আকস্মিক আয়, মৃত্যুসহ অবসরকালীন আনুতোষিক ইত্যাদির একটি অংশ বিশেষ করমূক্ত।

3.7 অনুশীলনী

● বিষয়ভিত্তিক প্রশ্ন (Descriptive Question)

1. সম্পূর্ণ করমূক্ত আয়ের বারোটি দফার উল্লেখ করুণ।
2. বিদেশি নাগরিকদের ফেত্রের ছয়টি করমূক্ত আয়ের উল্লেখ করুণ।

3. অনাবসিক ব্যক্তির ক্ষেত্রে চারটি করমুক্ত আয়ের উল্লেখ করুন।
4. বেতনখাতে আয়ের অস্তগত চারটি করমুক্ত আয়ের উল্লেখ করুন।
5. প্রতিষ্ঠানের ক্ষেত্রে করমুক্ত ছয়টি আয়ের উল্লেখ করুন।
6. মুক্ত বাণিজ্য-অঞ্চলের আয় ছুটির (Tax Holiday) কয়েকটির নাম উল্লেখ করুন।
7. 'আকস্মিক আয়' বলতে কী বোঝায়?

● **সংক্ষিপ্ত প্রশ্ন (Short Answer-type Question)**

- (i) নিম্নলিখিত আয়গুলি আকস্মিক আয় কিনা, যুক্তিসহ সংক্ষেপে নির্ণয় করুন।
 - (a) রবি ঘোড়দৌড় থেকে 4,000 টাকা পেয়েছেন।
 - (b) হরি মোটর দৌড় (Motor rally) থেকে 3,000 টাকা পুরস্কার হিসাবে পেয়েছেন।
 - (c) শ্যামা বিবাহবর্ষিকী উপলক্ষে তার বধুর থেকে 4,500 টাকার উপহার পেয়েছেন।
 - (d) অজিত পশ্চিমবঙ্গ রাজ্য লটারির প্রথম পুরস্কার (এক লক্ষ টাকা) জিতলেন।
 - (e) ডঃ শ্যামল রায় তার রোগীর নিকট থেকে 2,000 টাকার উপহার পেলেন।
 - (f) কমল, (ইতিয়া হোটেলের বেয়ারা) হোটেলে বসবাসকারীদের কাছ থেকে 500 টাকা টিপস পেয়েছেন।
 - (g) মালিক হরেনের কাজে খুশি হয়ে 3,000 টাকা ঘূঢ়ের শাদা-কালো টেলিভিশন উপহার দিলেন।
 - (h) মৃণাল একজন রাজ্য সরকারের বেতনভূক কর্মচারী। অফিসের বার্ষিক সাংস্কৃতিক উৎসবে নটিক করবার জন্য দর্শকদের কাছ থেকে 3,000 টাকা পুরস্কার পেয়েছেন।
 - (i) সৌরভ গঙ্গোপাধ্যায় পাকিস্তানের বিদ্যুৎ একটি আন্তর্জাতিক একদিনের ক্রিকেটে ম্যান অফ দি ম্যাচ হিসাবে 4,000 টাকা পেয়েছেন।
- (ii) নিম্নলিখিত আয়গুলির করযোগ্যতা পর্যালোচনা করুন।
 - (a) ভূবন গাল ভারত সরকারের কাছ থেকে তার শিল্প জাতীয়করণের ক্ষতিপূরণ বাবদ 50,000 টাকা পেলেন।
 - (b) অমিত সেন একটি কারখানার শ্রমিক, চাকরির মেয়াদের পূর্বে চাকরি থেকে বরখাস্ত হওয়ার জন্য 75,000 টাকা ক্ষতিপূরণ পেলেন।
 - (c) বিকাশ, কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র। তার মেধার জন্য পশ্চিমবঙ্গ সরকারের নিকট থেকে বার্ষিক 12,000 টাকা ছাত্রবৃত্তি পেয়েছে।
 - (d) পরিমল ন্যাশনাল সেভিংস অ্যানুষ্ঠিত বন্ড থেকে 6,000 টাকা সুদ পেয়েছেন।
 - (e) প্রফেসর রবার্টসন একজন ইংল্যান্ডের নাগরিক। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের পড়াবার জন্য 10,000 টাকা বেতন পেয়েছেন।

- (f) শচীন তেড়ুলকারকে তাঁর পারদর্শিতার সামান্যগুপ্ত ভাবত সরকার 50,000 টাকার পূরকার দিয়েছে।
- (g) নিম্নাই ঘোষ জীবনবিমা নিগম থেকে তাঁর পলিসির মেয়াদান্তে বোনাস সহ 1,00,000 টাকা পেয়েছেন।
- (h) শ্রীমতী মীরা সেন, তাঁর স্বামীর মৃত্যুতে জীবনবিমা নিগম থেকে স্বামীর নমিনি হিসাবে 50,000 টাকা পেয়েছেন।
- (i) অবৃপ মিত্র তাঁর চিকিৎসার জন্য অধানমন্ত্রীর আগ তহবিল থেকে 20,000 টাকা সাহায্য পেয়েছেন।
- (j) অল ইণ্ডিয়া ফুটবল ফেডারেশন বিভিন্ন খাতে বার্ষিক 80,000 টাকা আয় করল।
- (k) সূর্য সাংগ্রহ মণিপুরে বসবাসকারী উপজাতি সম্প্রদায়ের সভ্য। ব্যাবসা থেকে 1,25,000 টাকা আয় করেছেন।
- (l) সাহা ইনসিটিউট অফ নিউক্লিয়ার ফিজিক্স সরকার অনুমোদিত জাতীয় গবেষণা সংস্থা বার্ষিক 90,000 টাকা আয় করল।
- (m) কলকাতা মিডিনিসিপাল কর্পোরেশন বার্ষিক 2,00,000 টাকা আয় করল।
- (n) নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় বার্ষিক 1,00,000 টাকা আয় করল।
- (o) রামকৃষ্ণ মিশন বার্ষিক 85,000 টাকা আয় করল।
- (p) শিবেন বসু ইণ্ডিয়ান স্টোর্যাবে কোম্পানি থেকে 20,000 টাকা ডিভিডেন্ড পেয়েছেন।

3.8 গ্রন্থপঞ্জী

1. আয়কর পরিচয় (বাংলাভাষা)—ডি. কে. চক্ৰবৰ্তী
2. Income Tax Law & Practice—Bhagwati Prasad
3. Income Tax Law —A. K. Chakraborty
4. Income Tax Law & Practice—Gaur, Narang
5. Direct Taxes (Students' Edition) - Law & Practice—V. K. Singhania
6. Income Tax Act (as amended upto date)

একক 4 □ আয়ের খাত এবং বেতন থেকে আয় [ধারা 14 এবং ধারা 15 থেকে ধারা 17]

গঠন

- 4.0 উদ্দেশ্য
- 4.1 প্রস্তাবনা
- 4.2 আয়ের বিভিন্ন খাত
- 4.3 আয়ের সংজ্ঞা এবং আয়ের ছাড়ের বিভিন্ন দিক
 - 4.3.1 বেতন থেকে আয়
 - 4.3.2 সংজ্ঞা
 - 4.3.3 ছুটির বেতন
 - 4.3.4 উন্নতবেতন
 - 4.3.5 আনুতোষিক
 - 4.3.6 সরকারি বা বেসরকারি কোম্পানির কর্মচারী কর্তৃক স্বেচ্ছায় অবসর গ্রহণের জন্য ক্ষতিপূরণ বাবদ থাপ্ত অর্থের জন্য ছাড়
 - 4.3.7 রেয়াতি হারে অমণ সুবিধা
- 4.4 বিভিন্ন ভাতা
 - 4.4.1 বাড়িভাড়া ভাতা
 - 4.4.2 বিশেষ বিশেষ ছাড়যোগ্য ভাতা
 - 4.4.3 সম্পূর্ণ করযোগ্য ভাতা
 - 4.4.4 বেতন পূরক
 - 4.4.5 নিম্ন আয়ভূক্ত কর্মচারী
- 4.5 ব্যয়-মূল্য নির্ধারণ
 - 4.5.1 ভাড়াইন বাসস্থানের মূল্য
 - 4.5.2 নিয়োগকারী ব্যবস্থিত বাসস্থানের ভাড়া ব্যাপারে রেয়াত করলে রেয়াতের মূল্য
 - 4.5.3 মেট্রোগাড়ির মূল্যায়ন
 - 4.5.4 বিনাব্যয়ে গ্যাস, বিদ্যুৎ, জল প্রতি সরবরাহ
 - 4.5.5 বিনাব্যয়ে শিক্ষার সুবিধাসমূহ
 - 4.5.6 বিনাব্যয়ে পরিবহনের সুবিধাসমূহ

- 4.5.7 বিনাব্যয়ে আসবাবপত্রের ব্যবহার
- 4.5.8 নিয়োগকারী কর্তৃক ঝাড়ুদার, মালী, পাহারাদার ও গৃহভূত্য ইত্যদির ব্যবহৃ
- 4.5.9 সুদবিহীন খণ অথবা রেয়াতি সুদের হারে খণ
- 4.6 বেতনের পরিবর্তে মুনাফা
- 4.7 ভবিষ্যন্তি
- 4.8 বেতন থেকে ছাড়
 - 4.8.1 প্রমিত ছাড়া
 - 4.8.2 প্রমোদভাতার দ্রবুন ছাড়
 - 4.8.3 পেশা বা নিয়োগের উপর কর
- 4.9 অব্যাহতি
- 4.10 'বেতন থেকে আয়' খাতে করযোগ্য আয় নির্ণয়
- 4.11 সারাংশ
- 4.12 অনুশীলনী
- 4.13 গ্রন্থপঞ্জী

4.0 উদ্দেশ্য

আমরা জানি প্রতিটি মানুষ কোনও না কোনও ভাবে অর্থ উপার্জন করে জীবনধারণ করে। তারা তাদের চাহিদা মেটানোর জন্য বিভিন্ন কাজে লিপ্ত থাকতে পারে যেমন, একই ব্যক্তি কোথাও শ্রম দিয়ে পারিশ্রমিক পায়, অন্য সময়ে ব্যাবসা করে মুনাফা করতে পারে। আবার তার একাধিক বাড়ি থাকেল তা ভাড়া দিয়ে কিছু আয় করতে পারে। সুতরাং একজন ব্যক্তি বিভিন্ন সূত্র থেকে আয় করতে পারে। করযোগ্য আয় নির্ণয়ের জন্য বিভিন্ন সূত্রের আয়গুলিকে পাঁচটি পৃথক খাতে ভাগ করা হয়। এই এককটি পড়ে আপনি—

- আয়ের বিভিন্ন খাত নির্ণয় করতে পারবেন, এবং
- 'বেতন থেকে আয়ের' ক্ষেত্রে আয়কর আইন প্রয়োগ করে করযোগ্য আয় নির্ণয় করতে পারবেন।

4.1 প্রস্তাবনা

আগের এককগুলিতে করদাতাকে, কোন্ কোন্ আয়ের ক্ষেত্রে কর দিতে হয় তা আলোচনা করা হয়েছে। 1961 সালের ভারতীয় আয়কর আইনে সমস্ত আয়ের কয়েকটি নির্দিষ্ট খাতে'র অন্তর্ভুক্ত করা হয়েছে।

করদাতার মোট করযোগ্য আয় এই খাতে অনুযায়ী নির্ণয় করতে হয়। করযোগ্য আয়ের সঠিক পরিমাণ জানতে হলে এই খাত-সম্পর্কিত অহিনের নির্দিষ্ট নিয়মাবলীগুলি ভালোভাবে জানতে হবে।

4.2 আয়ের বিভিন্ন খাত

1961 সালের ভারতীয় আয়কর অহিনের 14 ধারা অনুসারে আয়ের সমস্ত উৎসকে পাঁচটি নির্দিষ্ট আয়ের খাতে অন্তর্ভুক্ত করা হয়েছে, এই খাতগুলি হল—

- (a) বেতন থেকে আয় [ধারা 15 থেকে 17]
- (b) গৃহসম্পত্তি থেকে আয় [ধারা 22থেকে 27]
- (c) ব্যবসায় বা পেশা থেকে মূলাফা ও লাভ [ধারা 28থেকে 44]
- (d) মূলধনি মূলাফা থেকে আয় [ধারা 45থেকে 55]
- (e) অন্যান্য উৎস থেকে আয় [ধারা 56 থেকে 59]

মূত্রবাং কোনও সংস্থায় কাজ করে যে বেতন পাওয়া যায় তা ‘বেতন থেকে আয়’ খাতে করযোগ্য হবে, বাড়িভাড়া দিয়ে গৃহীত আয় (ভাড়া) ‘গৃহসম্পত্তি থেকে আয়’ খাতে করযোগ্য হবে। কোনও মূলধনি সম্পত্তি বিক্রয় হলে তা ‘মূলধনি মূলাফা থেকে আয়’ এবং অন্য যে কোনও আয় যেগুলি আগের কোনও খাতেই অন্তর্ভুক্ত হয়নি সেগুলি ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে করযোগ্য হবে।

4.3 আয়ের সংজ্ঞা এবং আয়ের বিভিন্ন দিক

4.3.1 বেতন থেকে আয়


এই খাতে করযোগ্য আয়ের পরিমাপ করতে হলে প্রদানকারী ও প্রাপকের মধ্যে নিয়োগকারী ও কর্মচারীর সম্পর্ক অবশ্যই থাকতে হবে। নিয়োগকারী ছাড়া অন্য কোনও ব্যক্তির কাছ থেকে প্রাপ্ত পারিশ্রমিক ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে করযোগ্য হবে। একেত্রে এম এল এ (MLA) ও এম পি (MP)-দের সরকারের কাছ থেকে প্রাপ্ত বেতন বা ভাতা এই খাতে কর যোগ্য হবে না, কারণ তাদের কর্মচারী বলে গণ্য করা হয় না, তাদের এই আয় ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে করযোগ্য হবে। আবার চাকুরি অবসানের পরেও আগের নিয়োগকারীর কাছ থেকে প্রাপ্ত অর্থ (উত্তরবেতন) এই খাতে করযোগ্য হবে। একজন কলেজ শিক্ষক পরীক্ষার কাজে বিশ্ববিদ্যালয়কে সহায়তা করার জন্য বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে যে পারিশ্রমিক পান তা ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে করযোগ্য হয় কারণ উক্ত শিক্ষকের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের কর্মচারী-নিয়োগকারীর সম্পর্ক নেই।

4.3.2 সংজ্ঞা

আয়কর আইনে বেতনের কোনও সুনির্দিষ্ট সংজ্ঞা দেওয়া হয়নি। আয়কর আইনের 17(1) ধারা অনুযায়ী নিম্নলিখিত বিষয়গুলিকে বেতনের অন্তর্ভুক্ত করা হয়—

- (a) মজুরিসমূহ (Wages)
- (b) যে কোনও বার্ষিক বৃত্তি বা উত্তরবেতন (Annuity or Pension)
- (c) আনুতোষিক (Gratuity)
- (d) যেকোনও পারিশ্রমিক (fees), দন্তি (Commission), বেতনপূরক (Perquisites) বা বেতনের পরিবর্তে মুনাফা (Profit in lieu of salary)
- (e) যে কোনো আগাম বেতন (Any advance salary)
- (f) চাকুরিজীবনে থাপ্য ছুটি উপভোগ না করার জন্য প্রাপ্ত অর্থ (Encashment of leave salary)
- (g) স্বীকৃত ভবিষ্যন্তিতে কর্মচারীর বেতনের 12%-র অতিরিক্ত নিয়োগকারীর পদস্থ অংশ এবং এই ভবিষ্যন্তিতে উপর 9.5% হারের অতিরিক্ত সুদ।

এখন আমরা বেতনের নিম্নলিখিতভাবে শ্রেণিবিভাগ করতে পারি—



(i) আগাম বেতন—প্রাপ্তির ভিত্তিতে এই বেতন করযোগ্য হয়। অর্থাৎ যে পূর্ববর্তী বছরে এই বেতন গ্রহণ করা হয়, তাকে সেই বছরের সংশ্লিষ্ট নির্ধারণ বছরের করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত করা হয়।

(ii) বকেয়া আদায়—এই বেতন প্রাপ্তির ভিত্তিতে করযোগ্য হবে যদি তা প্রাপ্তের ভিত্তিতে সংশ্লিষ্ট নির্ধারণ বছরের করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত না হয়।

4.3.3 ছুটির বেতন (Leave Salary)

একজন কর্মচারী তার চাকুরি জীবনের মোট থাপ্য ছুটির সর্বটাই উপভোগ করতে নাও পারেন। জমানো ছুটির একটি নির্দিষ্ট পরিমাণ বিশ্বাস করে এককালীন অর্থ পেতে পারেন। এই অর্থকেই ছুটির বেতন বলে। মৃত কর্মচারীর আইন-সঙ্গত উত্তরাধিকারীদের এই উত্তরবেতন প্রদান করা হলে তা বেতন হিসেবে করযোগ্য হবে না। আবার চাকুরিতে থাকাকালীন ছুটির বেতন গ্রহণ করলে তা বেতনের সঙ্গে প্রাপ্তির ভিত্তিতে করযোগ্য হবে।

তবে অবসরপ্রাপ্ত কর্মচারীদের ক্ষেত্রে ধারা 10(10AA) অনুসারে নিম্নলিখিত ভাবে কর ছাড় পাওয়া যায়—

- (a) কেন্দ্রীয় বা রাজ্য সরকারি কর্মচারীদের ক্ষেত্রে জমে থাকা ছুটির নগদীকৃত বেতনের সম্পূর্ণ অংশই করমূক্ত [ধারা 10(10AA)(i)]।
- (b) বেসরকারি কর্মচারীদের ক্ষেত্রে নিম্নলিখিত চারটি বিকল্পের মধ্যে যেটি সবচেয়ে কম [ধারা 10(10AA)(ii)]।
 - (i) জমানো ছুটির নগদীকৃত বেতন
 - (ii) তার 10 মাসের গড় বেতন
 - (iii) সর্বোচ্চ সীমা Rs. 3,00,000
 - (iv) যত বছর তিনি চাকুরি করছেন প্রতি বছরের জন্য প্রাপ্য সর্বাধিক 30 দিনের ছুটি হিসাবে মোট ছুটি থেকে যতদিন তিনি ঘোট ছুটি উপভোগ করছেন তা বাদ দিয়ে অবশিষ্ট দিনের গড় পাওয়া বেতন।

ব্যাখ্যা : (a) গড় বেতন বলতে বোঝায় অবসর নেওয়ার ঠিক আগের 10 মাসে তার পাওয়া মূল বেতন ও মহার্ঘ ভাতার গড়। যদি মোট বিকল্পের নির্দিষ্ট হারে দয়ুরি পাওয়া যায় তবে তাও অন্তর্ভুক্ত হবে। যদি অবসরকালীন সুবিধা নির্ণয়ে মহার্ঘভাতা বিবেচিত হয় তবেই তা এখানে বিবেচনা করা হবে।

- (b) কর্মচারী প্রেছায় অবসর গ্রহণ করলে 10(10AA) ধারা অনুসারে তিনি ছাড় পাবেন [C.I.T Vs R.J Shahvey (1986) 159 ITR 160 (Mad)]।
- (c) চাকুরি জীবনে কর্মচারীর মৃত্যু হলে ছুটির বেতন গ্রহণকারীকেও ওই অর্থের উপর কর দিতে হবে না।
- (d) 2002-2003 নির্ধারণ বছর থেকে সর্বোচ্চ সীমা হবে 3,00,000 টাকা (Notification NO. 123/2002 [F.No 200/23/98-IT (A-1)], dated 31 May 2002)।

উদাহরণ :

Mr. Anil Basu retired on 31st March 2002 from ITC Ltd. after 22 years and 5 months of service. He received a leave salary@Rs. 7,000 p.m. for 30 months leave standing credit at the time of his retirement. Other informations are as follows –

Basic salary at the time of retirement	Rs. 7,000 p.m.
Dearness Allowance ... 50% of basic (as per terms of employment)	
Bonus	Rs. 1, 000
Commission ... 10% of Annual Turnover.	
Leave availed during the tenure of service ... 6 months	
Annual Turnover	Rs. 1,00,000

Calculate the taxable amount of leave salary of Mr. Anil Basu for the Assessment year 2006-2007.

সমাধান :

**Calculation of taxable amount of leave salary
of Mr. Anil Basu**

Particulars	Amount Rs.	Amount Rs.
Leave salary received Rs. $(7,000 \times 30)$		2,10,000
<i>Less: Deduction U/s 10 (10AA) (ii)</i>		
Least of the following		
(i) Actual amount received	2,10,000	
(ii) Maximum limit	3,00,000	
(iii) 10 months average salary Rs. $(11,333 \times 10)$	1,13,330	
(iv) Leave Salary due on the basis of maximum entitlement of 30 days in a year Rs. $(11,333 \times 16)$	<u>1,81,328</u>	<u>1,13,330</u>
		<u>96,670</u>
Taxable amount of Leave Salary		

Working notes :

(1) Average Salary :

$$\text{Basic} \quad \text{Rs. } 7,000 \times 10 = \text{RS. } 70,000$$

$$\text{D.A. (50\%)} \quad = \text{Rs. } 35,000$$

Commission

$$\left(1,00,000 \times \frac{10}{100} \times \frac{10}{12} \right) = \text{Rs. } 8,333$$

$$= \text{Rs. } 1,13,333$$

$$\text{Average Salary} \quad (1,13,33 \div 10) = \text{Rs. } 11,333$$

(2) Leave Salary on the basis of maximum entitlement :

Maximum entitlement of leave @30 days for every year = 22 months

Leave actually availed during the service period = 6 months

$$\therefore \text{Maximum entitlement} = (\text{leave earned} - \text{leave availed}) \\ = (22 - 6) = 16 \text{ months}$$

4.3.4. উত্তরবেতন (Pension) [ধারা 17 (i) (ii)]

অবসর গ্রহণের পর পূর্বতন নিয়োগকারীর কাছে থেকে প্রাপ্ত মাসিক অর্থই হল উত্তরবেতন। এই উত্তরবেতন বেতনের মতোই করযোগ্য হবে। কিন্তু নিষ্কৃতি উত্তরবেতন (Commutted Pension)'র সম্পূর্ণ অংশ করযোগ্য নয়। আয়কর আইনের 10(10A) ধারা অনুসারে নিষ্কৃত উত্তর বেতনের ক্ষেত্রে নিম্নলিখিত ভাবে ছাড় পাওয়া যায়—

করদাতা	ধারা 10(10A) অনুসারে ছাড়ের পরিমাণ
1. নিয়োগকর্তার কাছ থেকে প্রাপ্ত নিষ্কৃত উত্তর বেতন :	(a) সম্পূর্ণ অংশ করমূল্ত [ধারা 10(10A)(i)] (b) এই ক্ষেত্রে নিম্নলিখিতভাবে কর ছাড় পাওয়া যাবে [ধারা 10(10A)(ii)] (i) যদি তিনি আনুতোষিক পান : সম্পূর্ণ উত্তর বেতনের নিষ্কৃতি মূল্যের $\frac{1}{3}$ অংশ। (ii) যদি তিনি আনুতোষিক না পান : সম্পূর্ণ উত্তর বেতনের নিষ্কৃতি মূল্যের $\frac{1}{2}$ অংশ।
2. জীবন বিমা নিগম-এর কাছে থেকে প্রাপ্ত নিষ্কৃতি উত্তর বেতন যে কোনও ব্যক্তি (কর্মচারী হোন বা না হোন)	2. জীবন বিমা নিগম-এর থেকে pension fund থেকে প্রাপ্ত নিষ্কৃত উত্তর বেতনের সম্পূর্ণ অংশ করমূল্ত [ধারা 10(10A)(iii)]

উদাহরণ :

Subir, an employee of ITC Ltd. retired on Feb. 28, 2006 and his pension is fixed at Rs. 3,500 per month. He however has received Rs. 30,000 as the commuted value 60% of his monthly pension in March 2006. Calculate the taxable amount of commuted pension of Subir for the Assessment year 2006-2007, assuming that (a) he has also received gratuity and (b) he has not received any gratuity.

**Computation of taxable amount of Commuted
Pension of Subir for Assessment year 2006-2007**

Particulars	If he has received gratuity Rs.	If he has not received gratuity Rs.
Commuted pension received	30,000	30,000
<i>Less:</i> Deduction u/s 101(10A)(ii)		
● Commuted value of $\frac{1}{3}$ rd of pension which he is normally entitled to receive, Rs. $\left(30,000 \times \frac{100}{60} \times \frac{1}{3} \right)$	16,667	
● Commuted value $\frac{1}{2}$ of the pension which he is normally entitled to receive, Rs. $\left(30,000 \times \frac{100}{60} \times \frac{1}{2} \right)$		25,000
Taxable amount	13,333	5,000

4.3.5 আনুতোষিক (Gratuity)

1972 সালের আনুতোষিক প্রদান আইন অনুযায়ী সমস্ত কর্মচারী মৃত্যু বা অবসর গ্রহণের পর বা চাকুরি ছেড়ে দিলে আনুতোষিক পাওয়ার অধিকারী তবে তাদেরকে অবশ্যই অস্ততপক্ষে পাঁচ বছর কাজ করতে হবে ওই খতিঠানে। এই আনুতোষিক করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হবে এবং ধারা 10(10) অনুসারে ছাড় পাওয়া যাবে। 1961 সালের আয়কর অইনের ধারা 10(10) অনুসারে একজন করদাতা নিম্নলিখিত ছাড় পাওয়ার অধিকারী।

করদাতা	ধারা 10(10) অনুসারে ছাড়ের পরিমাণ
1. কেন্দ্রীয়/রাজ্য সরকারি বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত কর্মচারী; কিন্তু বিধিবদ্ধ সংস্থার কর্মচারী নন।	সম্পূর্ণ অংশ করমূল্ক [ধারা 10(10)(i)]
2. সংবিধিবদ্ধ নিগম ও বেসরকারি কর্মচারী	● নিম্নলিখিত তিনটির মধ্যে যেটি কম সেটি ছাড়যোগ্য
● যদি তিনি 1972 সালের আনুতোষিক প্রদান আইন অনুসারে আনুতোষিক পান	(a) আপ্ত আনুতোষিকের মোট পরিমাণ (b) সর্বোচ্চ সীমা Rs. 3,50,000

<ul style="list-style-type: none"> যদি তিনি 'আনুভোবিক প্রদান আইন 1972' অনুযায়ী প্রদত্ত আনুভোবিক অপেক্ষা বেশি হারে আনুভোবিক পান। 	<p>(c) প্রতিটি পূর্ণ সম্পাদিত বছর বা তার ছয় মাসের অতিরিক্ত অংশের জন্য 15 দিনের বেতন।</p> <ul style="list-style-type: none"> নিম্নলিখিত তিনটির মধ্যে যেটি কম সেটি ছাড়যোগ্য— <ol style="list-style-type: none"> প্রাপ্ত আনুভোবিকের মোট পরিমাণ সর্বোচ্চ সীমা Rs. 3,50,000 প্রতিটি পূর্ণ সম্পাদিত চাকুরির বছরের জন্য $\frac{1}{2}$ মাসের গড় বেতন (বছরের আংশিক সময় চাকুরি করলে উক্ত বছর বিবেচিত হবে না)
---	--

ব্যাখ্যা :—(a) বেতন বলতে বোঝায় (মূল বেতন + চাকুরির শর্তে থাকা মহার্ঘভাতা + চাকুরির শর্ত অনুযায়ী সম্পাদিত বিক্রয়ের উপর নির্দিষ্ট হারে দস্তুরি)।

(b) 15 দিনের বেতন নিম্নলিখিতভাবে হিসাব করতে হবে—

$$\text{শেষ মাসিক বেতন} \times \frac{15}{26}$$

(c) গড় বেতন বলতে বোঝায় অবসর গ্রহণের ঠিক আগের 10 মাসের গড় বেতন।

উদাহরণ

(i) Tarun Biswas is an executive of Bengal Pvt. Ltd. He submits the following Particulars of his income for the previous year ended on 31st March 2006. You are required to compute the taxable amount of gratuity, (a) if he gets gratuity according to the provisions of the Payment of Gratuity Act 1972, and (b) If he gets gratuity at the better terms than that of the Payment of Gratuity Act 1972.

- Basic Pay Rs. 3,500 p.m.
- Dearness Allowance Rs. 2,000 p.m. (as per terms of employment)
- He retired from service on 31st October 2005 after completing 34 years 7 months of service and received Rs. 1,00,000 as gratuity.

সমাধান :

- (a) Computation of taxable amount of gratuity of Tarun Biswas, a resident individual for the Assessment year 2006-2007 relating to previous year 2005-2006

Particulars	Rs.	Rs.
Gratuity received		1,00,000
Less. Deduction u/s 10 (10)		
Least of the following :		
(i) Actual amount received	1,00,000	
(ii) Maximum limit	3,50,000	
(ii) 15 days salary for each years complete service	1,11,057	
Rs. $\left[(3,500 + 2,000) \times \frac{15}{26} \times 35 \right]$		1,00,000
Taxable amount		NIL

- (b) Computation of taxable amount of gratuity of Tarun Biswas, a resident individual for the year 2006-2007 relating to the Previous year 2005-2006

Particulars	Rs.	Rs.
Gratuity received		1,00,000
Less. Deduction u/s 10 (10):		
Least of the following :		
(i) Actual amount received	1,00,000	
(ii) Maximum limit	3,50,00	
(iii) $\frac{1}{2}$ months average salary for each years completed service		93,500
Rs. $\left[(3,500 + 2,000) \times \frac{1}{10} \times \frac{1}{2} \times 34 \right]$	93,500	
Taxable Amount		6,500

উদাহরণ :

From the following particulars compute the taxable amount of gratuity of Mr. X for the Assessment year 2006-2007.

- (a) Basic Salary Rs. 3,000 p.m. Annual increment falls due every year on 1st January @ Rs. 150.

- (b) Dearness Allowance Rs. 1,000 p.m. (fixed) [as per terms of employment].
(c) He retired for ITC Ltd. as 31st March 2006 after 33 years of completed service and received Rs. 85,000 as gratuity (he got gratuity at the better terms)

সমাধান :

Computation of taxable amount of gratuity of Mr. X, a resident individual for the Assessment year 2006-2007 relating to the Previous year 2005-2006

Particulars	Rs.	Rs.
Gratuity received		80,000
Less. Deduction u/s 10(10) :		
Least of the following :		
(i) Actual amount received	85,000	
(ii) Maximum limit	3,50,000	
(iii) $\frac{1}{2}$ months average salary for each years completed service	64,268	
Rs. $\left[3,895 \times \frac{1}{2} \times 33 \right]$		64,268
Taxable Amount		15,732

Working note :

Calculation for average salary—

Mr. X retired on 31st March, so the gratuity is payable in the month of April. 10 months average salary to be calculated prior to the month in which it is payable.

$$\text{Basic Salary : Rs } (3000 \times 3) = 9,000 \text{ (Jan}'05 \text{ to Mar } '05)$$

$$\text{Rs. } (2850 \times 7) = 19,950 \text{ (June}'04 \text{ to Dec } '04)$$

$$\text{Dearness Allowance Rs. } (1,000 \times 100) = 10,000$$

$$\underline{\text{Rs. } 38,950}$$

$$\therefore \text{Average Salary} = 38,950 \div 10 = \text{Rs. } 3,895 \text{ p.m.}$$

4.3.6 সরকারি বা বেসরকারি কর্মচারী কর্তৃক খেচ্ছায় অবসর গ্রহণের জন্য ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থের জন্য ছাড়

সি. বি. ডি. টি.-র 26.11.92 তারিখের পরিপত্র নং 640 বিধি 2BA অনুসারে নিম্নলিখিত শর্তগুলি পূরণ করলে কর্মচারী নিয়োগকারীর কাছে থেকে খেচ্ছায় অবসর গ্রহণের জন্য ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ

(Compensation received at the time of voluntary retirement) ছাড় পাবেন, যদি—

- (a) নির্ধারী কোনও সরকারি বা বেসরকারি কোম্পানি বা সমবায় প্রতিষ্ঠান বা কেন্দ্রীয়, রাজ্য বা আন্দোলিক আইনের দ্বারা প্রতিষ্ঠিত কোনও নিগম বা স্থানীয় কর্তৃপক্ষের কর্মচারী হন।
পৌরমূল্য (Municipal value) : স্থানীয় কর্তৃপক্ষ বাড়ির উপর কর আরোপ করার জন্য গৃহসম্পত্তি যে আয় মূল্যায়ন করেন তাকেই পৌরমূল্য বলা হয়। বড়বড় শহর যেমন কলকাতা, দিল্লি, চেনাই ও মুম্বাই এ সমগ্র পৌরমূল্য (Gross Municipal Value) থেকে কৃতাক কর (Service Tax) যেমন জলকর, পয়ঃপ্রণালী কর ইত্যাদি এবং মেরামত বাবদ ছাড় বাদ দিয়ে বাড়িটির অভিকরযোগ্য মূল্য (Net Ratable Value) বা নিট পৌরমূল্য (Net Municipal Value) পাওয়া যায়। তাই এই শহরগুলিতে সমগ্র পৌরমূল্য নির্ণয় করার জন্য অভিকরযোগ্য মূল্যের সঙ্গে ঐ মূল্যের $\frac{1}{9}$ অংশ যোগ করতে হয়, এছাড়া পয়ঃপ্রণালী ও জলকর থাকলেও উহার সঙ্গে যোগ করতে হবে।

ধারণাগত ভাড়া (National Rent) : যে ভাড়াতে নিকটবর্তী অঞ্চলে ওই শ্রেণির বাড়িগুলিকে যুক্তিসংজ্ঞাত ভাবে ভাড়া দেওয়া হয়।

অধিত ভাড়া (Rent Control Act) অনুযায়ী স্থিরীকৃত ভাড়া।

- বাড়ির মালিক কর্তৃক প্রদত্ত পৌরকর মোট বার্ষিক মূল্য থেকে বাদ দিন। তবে মনে রাখতে হবে ভাড়াটিয়া কর্তৃক প্রদত্ত পৌরকর এবং কর থেকে কিন্তু প্রদত্ত হয়নি, বাদ দেওয়া যাবে না। পরবর্তী বছরের কর অগ্রিম অদান করা হলে তা বাদ দেওয়া যবে না।
- নির্ধারী অর্থাৎ বাড়ির মালিক যদি নিম্নলিখিত খাতে বায় করে থাকেন তবে সেগুলিও বাদ দিতে হবে যেমন—জলের খরচ, সিডির আলোর জন্য খরচ, মালীর বেতন সহ বাগান করার খরচ, লিফ্ট রক্ষণাবেক্ষণের খরচ ইত্যাদি।
- অবশিষ্ট যা থাকবে তাই হবে ভাড়া দেওয়া সম্পত্তির নিট বার্ষিক মূল্য।

নিম্নলিখিতভাবে ‘মোট বার্ষিক মূল্য’ নির্ধারণ করা যায়—

Step-I : Municipal Value	xxx
Fair Rent	xxx
Higher of the above (a)	xxxx
Standard Rent (b)	- xxx

Step-II :	Minimum Expected Rent©	
	(lower of the a & b)	xxxx
	Actual rent received (d)	
	(excluding unrealized rent & rent pertaining to vacancy).	xxxx
	If (d) is higher than (c),	
	(d) will be the Gross Annual Value	xxxx
Step-III :	যদি (d), (c) থেকে ছেট হয় তবে কেন (d) কম হল তার কারণ দেখতে হবে। নিম্নলিখিত কারণগুলি দেখা যেতে পারে।	
	(i) (d) is lower than © only for vacancy	(d) will be the GAV.
	(ii) (d) is lower than © partly for vacancy & partly for other factors (at lower rent / unrealized rent).....© less loss due to vacancy will be the GAV.	
	(ii) (d) is lower than © because of factors other than vacancy	© will be the GAV.

5.4.2 সম্পূর্ণভাবে নিজের বসবাসের জন্য গৃহসম্পত্তির বার্ষিকমূল্য

মালিক বসবাসের জন্য যখন একটি সম্পূর্ণ গৃহসম্পত্তি ব্যবহার করেন এবং পূর্ববর্তী বছরের কোনও সময়ের জন্য ভাড়া দেওয়া না হয়ে থাকে বা অন্য কোনও সুবিধা ভোগ করেননি তবে শুধু গৃহসম্পত্তির বার্ষিক মূল্য শূন্য হবে [ধারা 23(2)(a)]। ধারা 24(b) অনুসারে কেবলমাত্রে খাণের উপর সুদ ছাড়া পাওয়া যাবে।

- পূর্ববর্তী বছরের কিছু সময় নির্ধারী নিজের আবাসের জন্য সম্পত্তি ব্যবহার করেন ও বাকি সময়ের জন্য ভাড়া দেন : [ধারা 23(2)(a)]

একটি বাড়ি বা আবাসিক একক পূর্ববর্তী বছরের কিছু সময় নির্ধারী কর্তৃক নিজের আবাসের জন্য ব্যবহৃত হয় আর বাকি সময় ভাড়া দেওয়া হয়েছে বলে ধরে নিয়ে [ধারা 23(1)] ধারা অনুযায়ী নির্ণয় করতে হবে।

নিজের বসবাসের জন্য কোনোরূপ [23(2)(a) ধারা অনুসারে] ছাড় বা সুবিধা পাওয়া যবে না।

যেখানে মালিকের বসবাসের জন্য তার ভোগদখলে একাধিক গৃহসম্পত্তি থাকে সেফলে তার ইচ্ছা অনুসারে কেবল একটি বাড়ির বার্ষিক মূল্য শূন্যরূপে ধরা হয় [ধারা 23(4)]। মালিকের ভোগদখলে থাকা অন্যান্য বাড়িগুলির বাসরিক আয় [ধারা 23(1)] অনুসারে “ভাড়া দেওয়া হয়েছে ধরে নিয়ে” নির্ণয় করতে হবে [ধারা 23(1)(c)]।

5.4.3 নির্দিষ্ট কারণে পূর্ববর্তী বছরে মালিকের ভোগ দখলে থাকা বাড়িটি খালি থাকলে

গৃহসম্পত্তি মালিকের ভোগদখলে থাকলেও পূর্ববর্তী বছরে খালি থাকলে নিম্নলিখিত শর্তপূরণ সাপেক্ষে বাড়িটির বার্ষিক মূল্য শূন্য হবে [ধারা 23(2)(b)]।

- (a) নির্ধারীর মালিকানায় কেবলমাত্র একটি বাড়ি আছে।
- (b) তিনি চাকুরি, বাবসায় বা পেশার প্রয়োজনে অন্য কোনও স্থানে ছিলেন।
- (c) অন্য স্থানে তিনি যেখানে ছিলেন তিনি সেই বাড়ির মালিক নন।
- (d) বাড়িটি প্রকৃতপক্ষে ভাড়া দেওয়া হয়নি।
- (e) তিনি ওই বাড়ি থেকে অন্য কোনও সুবিধা পান নি।

5.5 বার্ষিক মূল্য থেকে ছাড়সমূহ [ধারা 24]

নিচ বার্ষিক মূল্য থেকে নিম্নলিখিত দুটি ছাড়া পাওয়া যাবে—

- (a) প্রমিত ছাড় (Standard Deduction) এবং
- (b) খণ করা মূলধনের উপর সুদ (Interest on borrowed capital)

নির্ধারী তাঁর গৃহসম্পত্তির জন্য যাই খরচ করুন না কেন নিচ বার্ষিক মূল্যের 30 শতাংশ প্রমিত ছাড় পাবেন।

- প্রমিত ছাড় [ধারা 24(a)] : নির্ধারী তাঁর গৃহসম্পত্তির জন্য যাই খরচ করুন না কেন নিচ বার্ষিক মূল্যের 30 শতাংশ প্রমিত ছাড় পাবেন।
- খণ করা মূলধনের উপর সুদ [ধারা 24(b)] : খণ করা মূলধনের উপর সুদ প্রকৃত প্রদত্ত না হলেও ছাড় পাওয়া যবে যদি ওই মূলধন জমি ও গৃহ সম্পত্তি ক্রয়, নির্মাণ, সারানো বা পুনর্নির্মাণের জন্য খণ করা হয়ে থাকে। তবে একেব্রে নিম্নলিখিত বিষয়গুলি মনে রাখবেন—
 - (a) কোনও একটি বছরে সুদের অর্থ প্রদত্ত না হলেও অর্থাৎ বাকি থাকলেও ছাড় পাওয়া যাবে।
 - (b) অপ্রদত্ত সুদের উপর সুদ ছাড় পাওয়া যাবে না (Shew Kissen Bhatter Vs. CIT)
 - (c) ওই খণ সংগ্রহের জন্য কোনও দালালি বা কমিশন ছাড় পাওয়া যাবে না।
 - (d) উপরে উল্লেখিত উদ্দেশ্যের জন্য নেওয়া খণ পরিশোধের জন্য নতুন খণ নেওয়া হলে, ওই নতুন খণের উপর প্রদত্ত বা প্রদেয় সুদও ছাড় পাওয়া যাবে।

সম্পূর্ণভাবে নিজে বসবাসের জন্য যে গৃহসম্পত্তির বার্ষিক মূল্যায়ন 23(2)(a) ধারা অনুসারে করা হয় তার ক্ষেত্রে কেবলমাত্র সুদের জন্য 24(b) ধারার ছাড় হবে।

এখানে ধারা 24(b) অনুসারে নিম্নলিখিতভাবে নির্ধারী ছাড় পাবেন—

- 1999 সালের ।লা এপ্রিল বা তার পর মূলধন খাল করা হলে নিম্নলিখিত শর্তদুটি পূরণ সাপেক্ষে সর্বোচ্চ 1,50,000 টাকা

(a) 1999 সালের ।লা এপ্রিল বা তার পর সম্পত্তি গ্রহণ বা নির্মাণের জন্য মূলধন খাল করা হয়েছে।

(b) 2003 সালের ।লা এপ্রিলের পূর্বে ক্রয়কার্য বা নির্মাণ কার্য শেষ হয়েছে। এক্ষেত্রে সম্পত্তিটি নির্মাণ শুরু করার কোনও নির্দিষ্ট তারিখের কথা বলা হয়নি। বসবাসের জন্য সম্পত্তিটির নির্মাণ কার্য 1999 সালের ।লা এপ্রিলের আগে শুরু হতে পারে কিন্তু নির্মাণ কার্য যদি 2003 সালের ।লা এপ্রিলের আগে শেষ হয় তবেই সর্বোচ্চ 1,50,000 টাকা পর্যন্ত সুদের জন্য ছাড় পাওয়া যাবে।

- অন্যান্য ক্ষেত্রে সর্বোচ্চ 30,000 টাকা অর্থাত উপরের শর্তদুটি পূরণ না হলে (বা 1999 সালের ।লা এপ্রিলের আগে খণ্ড নেওয়া হলে) সর্বোচ্চ 30,000 টাকা পর্যন্ত সুদের জন্য ছাড় পাওয়া যাবে।

● **নির্মাণকার্য সম্পর্ক হওয়ার পূর্বের সময়ের সুদ :**

গৃহসম্পত্তি নির্মাণ সম্পর্ক হওয়ার পূর্বের আর্থিক বছরগুলিতে গৃহসম্পত্তিটির জন্য সংগৃহীত খাগের উপর প্রদেয়/প্রদত্ত সুদের সংষ্ঠিত যে বছর গৃহসম্পত্তির নির্মাণকার্য সম্পূর্ণ হয়ে তা ব্যবহারযোগ্য হয়েছে সে বছর থেকে পরবর্তী পাঁচ বছর এক-পঞ্চামাংশ করে ছাড় পাওয়া যাবে। সুতরাং গৃহসম্পত্তির প্রথম পাঁচ বছর সুদ বাবদ ছাড়ের পরিমাণ হবে বকেয়া খাগের উপর বর্তমান বছরের প্রদেয় সুদ + নির্মাণ চলাকালীন বছরগুলির সুদের সমষ্টির এক-পঞ্চামাংশ।

● **অনাদায়ী ভাড়া (Unreleased Rent) [Explanation to Sec.23(1)] :**

নির্ধারী তার ভাড়াটিয়ার কাছ থেকে ভাড়া আদায়ে অসমর্থ হলে উই অনাদায়ী ভাড়া “ভাড়ার মূল্য” (Rental Value) থেকে বাদ দিয়ে ‘প্রকৃত প্রাপ্ত/প্রাপ্ত ভাড়া’ হিসেবে যদি নিম্নলিখিত শর্তগুলি পূরণ হয়—

- (a) একটি লিখিত চুক্তি অনুযায়ী বাড়িটি ভাড়া দেওয়া হয়েছে।
- (b) খেলাপকারী ভাড়াটিয়া বাড়ি ছেড়ে দিয়েছেন বা তাকে বাড়িটি ছেড়ে দিতে বাধ্য করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- (c) ভাড়াটিয়ার ভোগদখলে নির্ধারীর অন্য কোনও সম্পত্তি নেই।
- (d) অপ্রদত্ত ভাড়া আদায়ের জন্য করদাতা আইনানুগ মামলা বুজু করতে সমস্ত রকমের যুক্তিসঙ্গত ব্যবস্থা নিয়েছেন অথবা “খেলাপকারী ভাড়াটিয়ার বিবৃত্যে আইনানুগ ব্যবস্থা নিয়ে কোনও লাভ নেই” এ ব্যাপারে আয়কর দপ্তরের নির্ধারণকারী অফিসারকে যুক্তি দ্বারা সন্তুষ্ট করা

5.5.1 অনাদিয়ী ভাড়া যদি ছাড় পাওয়ার পর আদায়ীকৃত হয় [ধারা 25AA]

2001-2002 ପୂର୍ବବର୍ତ୍ତୀ ବଛର ବା ତାର ପରେର କୋନ୍ତ ପୂର୍ବବର୍ତ୍ତୀ ବଛରେର ଅନାଦୟୀ ଭାଡା କୋଣ ପରବର୍ତ୍ତୀ ବଛରେ ଆଦ୍ୟ କରା ହୁଲେ ତା ସେଇ ପ୍ରାପ୍ତି ସଂଖିଷ୍ଟ ପୂର୍ବବର୍ତ୍ତୀ ବଛରେ କରଯୋଗ୍ୟ ହବେ [ଧାରା 25AA] ଏକେଥେ ଆଦ୍ୟକୃତ ଅର୍ଥ ଥେବେ ଧାରା 25B ଅନ୍ସାରେ ଆଦ୍ୟକୃତ ଅର୍ଦ୍ଦର ଧାରା 30 ଶତାଂଶ ଛାଡ଼ ଦେଓୟା ହବେ।

ଅନ୍ତର୍ଦୟାନୀ ଭାଡ଼ା ଆଦାୟର ସମୟ କରଦାତାର ଉଚ୍ଚ ବାଡ଼ିର ମାଲିକ ଥାକୁ ବାଧ୍ୟତାମୂଳକ ନର ।

৫.৬ গৃহসম্পত্তি থেকে আয় খাতে করযোগ্য আয় নির্ণয়

Computation of Income from House Property of Mr. X, a resident individual for the Assessment year 2006-2007 relating to the previous year 2005-2006.

Particulars	Rs.	Rs.
<input type="checkbox"/> Let out Property :		
Gross Annual Value :		
Step - I : (a) Gross Municipal Value or (b) Fair rent or National Value -whichever is higher subject to maximum "Standard Rent" where applicable.	** ** _____	**
Step - II (c) Amount from Step - I (d) Actual Rent Received or Receivable [Annual Rental Value (-)Unrealised Rent] -Whichever is higher	** ** _____	**
Step -III : In case of Vacancy, Amount calculated in Step -II will be reduced as follows for determining Gross Annual Value - Amount calculated from Step II (-)	_____	
Annual Rental Value x $\frac{\text{Vacancy Period}}{12}$		
Less : Municipal Tax paid by the Assessee	***	
NET ANNUAL VALUE ;		***
Less Deduction u/s 24		

(i) Standard Deduction u/s 24 (a)	**		
(ii) Interest on borrowed Capital u/s 24(b)	**	***	***
● Unrealised Rent Recovered u/s 25 (A) :			**
● Unrealised Rent Recovered u/s 25AA :	**		
<i>Less</i> : Deduction u/s 25B – 30% of amount recovered	**	***	
Income from Let out house-property			**
□ Self-Occupied Property :			
Annual Value u/s 23(2)(a)	Nil		
<i>Less.7</i> Deduction u/s 24			
Interest on loan u/s 24 (b)	(–)	(–)	
Income from House property			***

1. Municipal tax and other Service Taxes paid by the assessee for the current year including arrear tax paid during the current year are allowed as deduction. Tax paid by the tenant, outstanding tax and tax paid in advance during the current year are not allowed as deduction.

উদাহরণ : ১

From the following Particulars Compute the Gross Annual Value for the A.Y. 2006-2007.

	HP1 Rs.	HP2 Rs.	HP3 Rs.	HP4 Rs.
Municipal Value (A)	1,05,000	1,05,000	1,05,000	1,05,000
Fair Rent (b)	1,07,000	1,07,000	1,07,000	1,07,000
Standard Rent (c)	NA	88,000	88,000	1,35,000
Actual Rent received (d)	1,02,000	1,12,000	80,000	1,20,000

সমাধান ১

Computation of Gross Annual value for the Assessment year 2006-2007

	HP1 Rs.	HP2 Rs.	HP3 Rs.	HP4 Rs.
Step I : (a) or (b) whichever is higher but subject to (c)	1,07,000	88,000	88,000	1,07,000
Step II : If (d) is more than the value of Step I, (d) will be taken as Gross Annual Value (d)		1,12,000		1,20,000
∴ Gross Annual Value	1,07,000	1,12,000	88,000	1,20,000

উদাহরণ ২

Find out the Gross Annual Value of the House Properties for the Assessment year 2006-2007
(in Rs. '000)

	H ₁	H ₂	H ₃	H ₄
Municipal value (a)	60	60	60	112
Fair Rent (b)	68	68	68	117
Standard Rent (c)	62	62	70	115
Actual Rent (d)	66	66	72	120
Inrealised rent of Previous year 2001-2002 which could not be realised (e)	2	6	5	50

সমাধান ৩

Computation of Gross Annual Value for the Assessment year 2006-2007

	H ₁	H ₂	H ₃	H ₄
Step -I : (a) or (b) whichever is higher but subject to max (c)	62	62	68	115

Step -II : If (d) – (e) [rent received after excluding unrealised rent] is higher than the amount determined in step I, then (d)–(e) will be taken. If (d)–(e) is less. Step II is not required (d) – (e)

64	60	67	70
Gross Annual Value	64	62	68

উদাহরণঃ ৩

From the following particulars compute the Gross Annual Value of the Assessment year 2006-2007

(in Rs. '000)

	H ₁	H ₂	H ₃
Municipal Value (a)	60	62	60
Fair Rent (b)	65	67	64.5
Standard Rent (c)	59.5	59	63
Actual Rent (d)	72	57	72
Vacant Period (in month)	1	2	5

সমাধানঃ

Computation of Gross Annual Value for the Assessment year 2006-2007

(Rs. in '000)

	H ₁	H ₂	H ₃
Step-I : (a) or (b) whichever is higher but subject to maximum of (c)	59.5	59	63
Step-II : If (d) is higher than the amount determined in step I the (d) will be the G.A.V. (d)	72	57	72
Whichever is higher	72	59	72

Step-III : If property remain
Vacant, then the decline in
the gross annual value due to
vacancy shall be deducted &
after excluding such amount
the balancing amount is taken
as Gross Annual Value.

$$\text{Rs. } 72,000 - \left(72,000 \times \frac{1}{12} \right); \text{ Rs. } \left(59,000 - 57,000 \times \frac{2}{12} \right) 66 \quad 49.5 \quad 42$$

$$\text{Rs. } 72,000 - \left(72,000 \times \frac{1}{12} \right) \\ \therefore \text{ Gross Annual Value} \quad \quad \quad 66 \quad 49.5 \quad 42$$

উদাহরণ : ৪

Arun Ghosh has occupied three houses for his residential Purposes, Particulars of which are as follows :

	H-1 Rs.	H-2 Rs.	H-3 Rs.
Municipal Valuation	10,000	30,000	30,000
Fair Rent	18,000	18,000	35,000
Standard Rent	15,000	20,000	-
Municipal Tax paid	1,200	2,400	3,600
Repairs	400	-	200
Ground Rent	2,000	1,000	500

Arun borrows Rs. 30,000 @20% p.a. for Construction of House -3 (date of borrowing June 1, 1994, date of repayment of loan : May 10,202) Construction of all houses is completed in May 1999.

Compute the taxable income for the Assessment year 2006-2007.

সমাধান :

Here Arun has occupied three houses for his residential purposes, only one house will be treated as self-occupied property and the other two houses will be treated as "deemed to be let-out property." Here we have assumed that House-3 is self-occupied.

Computation of taxable income of Mr. Arun Ghosh, a resident individual for the Assessment year 2006-2007 relating to the Previous year 2005-2006.

Particulars	Rs.	Rs.	Rs.
H-1 :			
Gross Annual Value :			
Municipal Value	10,000		
Fair Rent	18,000		
(a) Maximum of above two	18,000		
(b) Standard Rent	15,000		
minimum of (a) & (b)			
Gross Annual Value	15,000		
<i>Less. Municipal Tax</i>	1,200		
		13,800	
Net Annual Value			
<i>Less. Deduction u/s 24</i>		13800	
Standard Deduction u/s 24 (a)		4,140	
(30% of Rs. 13,800)			
Income from House -1			9,660
H-2 :			
Gross annual Value :			
Municipal Value	30,000		
Fair Rent	18,000		
(a) Maximum of above two	30,000		
(b) Standard Rent	20,000		
Minimum of above (a) & (b)			
Gross Annual Value	20,000		
<i>Less. Municipal Tax</i>	2,400		
Net Annual Value		17,600	
<i>Less. Standard Deduction u/s 24(a)</i>			
(30% of Rs. 17,,600)		5,280	
Income from House -2			12,320
H-3 :			
(Self-occupied property)			
Annual Value [u/s 23 (2) (a)]			NIL
<i>Less. Deduction u/s 24</i>			
Deduction u/s 24 (b)			
Interest on borrowed capital			

(a) of the previous year 2001-2002	6,000		
(b) of the pre-reconstruction period i.e. from 1-6-94 to 31-3-99. (20% on Rs. 30,000 for 4 years & 10m = Rs. 29,00) deductible in 5 years (from 1999-2000 to 2002-03) in 5 equal instalments (Maximum limit of deduction is Rs. 30,000)	5,800		
Income from House -3		11,800	
Taxable Income from House Property			(-) 11,800
			10,800

উদাহরণ : ৫

Sanjay Saha own the following houses. The Particulars of which are as follows -

	HP-1 Rs.	Hp-2 Rs.	HP-3 Rs.	HP-4 Rs.
Municipal value	30,000	5,000	68,000	95,000
Fair Rent	36,200	12,00	75,000	9,00
Rent Received	30,000	-	-	-
Loan taken for Construction	30,000	40,000	-	65,000
Municipal taxes				
-Paid by Sanjay	-	500	7,000	9,000
-Paid by tenant	3,500	-	-	-
Repais & Collection	2,000	5,000	3,200	1,000
Land Revenue	1,500	500	4,200	900
How used	let out for residence	Self occupied for residence	Self occupied for residence	Self occupied for residence
Date of Completion	31-5-2000	31-5-2003	31-3-200	1-4-99

(Date of borrowing the loan; June 15, 1995 date of repayment of loan along with interest : December 31, 1999, rate of interest 15% p.a.)

Compute the taxable income under the head 'Income from House property' for the Assessment year 2006-2007.

সমাধান :

Computation of taxable income under the head "Income from House Property" of Mr. Sanjay Saha, a resident individual for the Assessment year 2006-07 relating to the Previous year 2005-06

Particulars	Rs.	Rs.	Rs.
HP-1 : (Let-out of residence)			
Gross Annual Value :			
Higher of the following			
Municipal Value	30,000		
Fair Rent	36,200		
Gross Annual Value	36,200		
<i>Less,</i> Municipal Tax paid by the owner	NIL		
Net Annual Value		36,200	
<i>Less:</i> Deduction u/s 24			
(a) Standard Deduction u/s 24 (a) (30% of Rs. 36,200)	10,860		
(b) Interest on borrowed Capital u/s 24(b)			
(i) for the P.y. 2001-2002	NIL		
(ii), for the Pre-Construction period [i.e 15% on Rs. 30,000 from 15-6-95 to 31-12-99] deductible in 5 equal instalments from 2000-2001 to 2004-05		4,088	
Rs. $\left(30,000 \times \frac{15}{100} \times \frac{54.5}{12} \right) \times \frac{1}{5}$		14,984	
Income from HP-1			21,252

HP-2 : (Deemed to be let-out) :		21,252
Gross Annual Value :		
Higher of the following		
(a) Municipal Value	5,000	
(b) Fair Rent	12,000	
Gross Annual Value	12,000	
<i>Less.</i> Municipal tax paid	500	
Net Annual Value		11,500
<i>Less.</i> Deduction u/s 24 :		
(a) Standard Deduction u/s 24(a) (30% of Rs. 11,500)	3,450	
(b) Interest on borrowed Capital u/s 24(b)		
(i) for the P.y 2001-2002	NIL	
(ii) for the pre-construction period [i.e. 15% on Rs. 40,000 from 15.6.95 to 31-12-99] deductible in 5 equal instalments {from 2000-2001 to 2004-05}		5,450
Rs. $\left[40,000 \times \frac{15}{100} \times \frac{54.5}{12} \right] \times \frac{1}{5}$		8,900
Income from HP-2		2,600
		23,852
HP-4 : (Self-occupied Property treated as such) :		
Annual Value [u/s 23(2)(a)]	NIL	
<i>Less.</i> Standard Deduction u/s 24(a)	NIL	
Interest on borrowed Capital u/s 24(b)		
(i) for the P.y 2001 – 2002	NIL	
(ii) for the Pre-Construction Period	7,394	
Rs. $\left[65,000 \times \frac{15}{100} \times \frac{45.5}{12} \right] \times \frac{1}{5}$		7,394
(15-6-95 to 31-3-99)		(-) 7,394
Income from HP - 4		16,458
Taxable Income from House Property		
Rounded off u/s 288A		16,460

Note :

(1) Sanjay used two houses for his residence, but according to law only one house will be treated as 'self-occupied property' and the other will be treated as 'Deemed to be let out'. Here it is assumed that Sanjay has chosen the HP-4 as "Self-Occupied Property."

(2) HP-3 is used for business purpose. So, the Annual value of this house will not be chargeable to tax under the head 'Income from House Property.'

উদাহরণ : ৬

From the following Particulars compute the taxable income for the Assessment year 2006-07.

	House I let out for residence Rs.	House II let out for business Rs.
Municipal Value	36,000	35,000
Rent	38,000	38,000
Fair Rent	35,000	35,000
Standard Rent	40,000	—
Municipal Tax paid		
by the owner	4,000	5,000
by the owner	5,000	10,000
Repairs & Collection	750	900
Insurance	2,000	1,500
Land Revenue	500	700
Ground Rent (due)	1,200	2,200
Interest on borrowed		
Capital (mortgaging of House – I) for construction of House – II)	—	14,000
Unrealised rent of Previous year 2005-2006	1,000	8,000
Unrealised rent of Previous year 2004-2005	—	30,000

সমাধান :

Computation of taxable under the head 'Income from House property' of Mr. X, a resident individual for the Assessment year 2002-2003 relating to the previous year 2001-02.

Particulars	Rs.	Rs.	Rs.
House -I : (Let out for residence)			
Gross Annual Value :			
Higher of the following—			
(i) Municipal Value	36,000		
(ii) Fair Rent	35,000		
(a) Maximum of (i) & (ii)	36,000		
(b) Standard Rent	40,000		
(i) Minimum of above (a) & (b)	36,000		
(ii) Rent Rs. (38,000 - 1,000)	37,000		
Here (ii) is more than (i), so the Gross Annual Value	37,000		
Less. Municipal Tax paid by the owner	4,000		
Net Annual Value		33,000	
Less. Deduction u/s 24 :			
(i) Standard Deduction u/s 24 (a) (30% on Rs. 33,000)	9,900		
(ii) Interest on borrowed capital u/s 24(b)	NIL	9,900	
Income from House - I			23,100
House -II : (Let out for business)			
Gross Annual Value :			
(i) Municipal Value	35,000		
(ii) Fair Rent	32,000		
Whichever is maximum of (a) & (b)	35,000		
Actual Rent Received (38,000-8,000)	30,000		
Gross Annual Value		35,000	
[Rent is less than the maximum of (a) & (b) so comparison is not necessary]			
Less. Municipal Tax paid by the owner.		5,000	
Net Annual Value		30,000	
Less. Deduction u/s 24 :			
(i) Standard Deduction u/s 24 (a) (30% of Rs 30,000)	9,000		
(ii) Interest on borrowed cap. u/s 24 (b)	14,000	23,000	7,000
Taxable Income			30,100

উদাহরণ :

Rahul Mehta owns a building (construction completed on 31-3-97). The building has three independent units Unit -1 (50% of the floor area) is let out for residential purpose for the rent of Rs. 8,200 p.m. Unit-1 remains vacant for one month when it is not put to any use. Unit 2 (25% of the floor area) is used by Rahul for his profession, while unit 3 (the remaining 25%) is utilised for his residence. The particulars were as follows—

Municipal Value Rs. 60,000; Fair rent Rs. 70,000; Standard Rent Rs. 90,000 Municipal taxes Rs. 15,000, repairs Rs. 4,000; Annual Charge under the will by father Rs. 9,000. Interest on borrowed capital Rs. 36,000; Fire insurance premium paid Rs. 10,000.

Compute the taxable income for the A.y. 2006-07.

সমাধান :

Computation of taxable income for Rahul Mehta a resident individual for the Assessment year 2006–2007 relating to the previous year 2005–2006

Particulars	Rs.	Rs.	Rs.
Unit -I : (let out Portion)			
Gross Annual Value :			
Step -I : Municipal Value			
Rs. $(60,000 \times \frac{1}{2})$	30,000		
Fair Rent Rs. $(70,000 \times \frac{1}{2})$	35,000		
(i) Higher of the above	35,000		
(ii) Standard rent Rs. $(90,000 \times \frac{1}{2})$	45,000		
Whichever is less			
Step -II : (a) Minimum of above (i) & (ii)	35,000		
(b) Rent receivable Rs. $(8,200 \times 12)$	98,400		
Whichever is higher			
Step -III. Amount from step-II as reduced by proportionate rental value for vacancy period, i.e. $\left[98,400 - \left(98,400 \times \frac{1}{12} \right) \right]$			
Gross annual Value	90,200		

Particulars	Rs.	Rs.	Rs.
Less. Municipal Tax paid Rs. $(15,000 \times \frac{1}{2})$	7,500		
Net Annual Value		82,70	
Less. Standard Deduction u/s 24(a) (30% on Rs. 82, 700)	24,810		
Interest on loan u/s 24(b) Rs. $(36,000 \times \frac{1}{2})$	18,00	42,810	
Income from Unit -I			39,890
Unit-2 (used for Profession) : It will not be assessed under this head			NIL
Unit-3 (self-occupied portion) : Net annual value u/s 23(2)(a)		NIL	
Less. Interest on loan u/s 24(b)			
Rs. $(36,000 \times \frac{25}{100})$		9,000	
[Being less than Rs. 30,000, maximum limit]			(-)9,000
Taxable Income from House Property			30,890

5.8 সারাংশ

একজন নির্ধারীর একাধিক বাড়ি থাকলে তিনি সেই বাড়িগুলি বিভিন্নভাবে ব্যবহার করে কিছু আয় করতে পারেন। আপনি জানেন আয় হলেই তা করযোগ্য হবে। সূতরাং এই এককটি পড়ে আপনি সহজেই গৃহসম্পত্তি থেকে করযোগ্য আয় নির্ণয় করতে পারবেন। আয়কর আইনের উল্লেখযোগ্য ধারা যেমন, 23(1), 23(2)(a), 24 এবং 25 সম্পর্কে এই এককটিতে আলোচনা করা হয়েছে।

5.9 অনুশীলনী

• বিষয়ভিত্তিক শ্রেণি :

1. কাকে গৃহসম্পত্তির মালিক বলা হবে?
2. কোন কোন ক্ষেত্রে গৃহসম্পত্তি থেকে আয় করযোগ্য নয়?

3. সম্পূর্ণভাবে ভাড়া দেওয়া গৃহসম্পত্তির বার্ষিকমূল্য নির্ণয় করুন।
4. ধারা 24 অনুসারে ছাড়গুলি বর্ণনা করুন।

● সঠিক উত্তরটি বেছে লিখুন :

5. (a) নির্ধারীর নিজের ব্যবসায়ের জন্য ব্যবহৃত গৃহসম্পত্তি থেকে প্রাপ্ত আয়” ‘গৃহসম্পত্তি থেকে আয়’ খাতে করযোগ্য। ঠিক/ভুল
- (b) নির্ধারীর নিজের বসবাসের জন্য ব্যবহৃত গৃহসম্পত্তির বার্ষিক মূল্য শূন্য ধরা হয়। ঠিক/ভুল
- (c) নির্ধারীর স্বেচ্ছায় কোনও বার্ষিক দায় প্রদান করলে তা ধারা 24 অনুসারে ছাড়যোগ্য। ঠিক/ভুল
- (d) পৌরকর প্রদত্ত না হলেও গৃহসম্পত্তির আয় নির্ণয়ে ছাড় পাওয়া যাবে। ঠিক/ভুল

● ব্যবহারিক তথ্য :

6. From the following particulars compute the taxable income of Mr. X for the Assessment year 2006–2007

How used	House-I	House-II	House-III
	self occupied for residence	self occupied for business	let out for residence
	Rs.	Rs.	Rs.
Municipal Value	40,000	6,000	16,000
Fair Rent/rent	50,000	10,000	22,000
Municipal . Tax paid	4,000	500	1,500
Repairs & Collection	200	550	750
Land Revenue	500	300	1,300
Annual Charge	200	—	50
Interest as borrowed Capital	1,000 (for repairs)	5,000 (for construction)	200 (for payment sister's marriage)
Construction completed on	16-5-89	5-6-72	14-5-95
House remaining Vacant	—	—	2 months

7. Karuna has occupied two houses for his residential purposes, particulars of which are as follows –

	House -I	House -II
	Rs.	Rs.
Municipal Value	60,000	35,000
Fair Rent	85,000	32,000
Standard Rent	65,000	–
Municipal Tax paid	10%	10%
Fire Insurance (due)	300	500
Interest on Capital borrowed for construction (loan is yet to be repaid)	1,40,000	NIL
Date of Completion	10-3-2001	31-3-2001
Remain Vacant	–	2 months

You are required to compute the taxable income for the assessment year 2002-03.

5.10 উত্তর সংকেত

1. 5.2 অংশ দেখুন।
2. 5.3 অংশ দেখুন।
3. 5.4 (b) অংশ দেখুন।
5. (a) ভুল, (b) ঠিক, (c) ভুল, (d) ভুল।

5.11 গ্রন্থপঞ্জী

1. আয়কর পরিচয় — ডি. কে. চক্ৰবৰ্তী
2. Law & Practice of Direct Taxes — C. H. Sengupta.
3. Student's Guide Income Tax— V. K. Singhania

**একক 6 □ ব্যাবসায় বা পেশা থেকে মুনাফা ও লাভ [ধারা 28 থেকে
ধারা 44]**

গঠন

6.1 উদ্দেশ্য

6.1.1 অস্ত্রাবনা

6.2 ব্যাবসা ও পেশা

6.2.1 এই খাতে করযোগ্য আয়

6.2.2 এই খাতে আয় নির্ণয়ের সাধারণ নীতি

6.2.3 ব্যবসায়িক আয় হলেও এই খাতে করযোগ্য নয়

6.3 ব্যাবসা বা পেশা থেকে লাভ বা ক্ষতি নির্ণয়ের জন্য বাদযোগ্য খরচসমূহ

6.3.1 বাড়িভাড়া, কর, মেরামত খরচ এবং বিমার ব্যয়

6.3.2 যন্ত্রপাতি এবং আসবাবপত্রের মেরামত ও বিমার খরচ

6.3.3 অবচয়

6.3.4 বৈজ্ঞানিক গবেষণার জন্য ব্যয়

6.3.5 Patent right ও Copy right'র জন্য ব্যয়

6.3.6 বিশেষ জ্ঞান আহরণের জন্য ব্যয়

6.3.7 জনগণের সামাজিক ও অর্থনৈতিক উন্নতিকল্পে পরিকল্পনা গ্রহণের জন্য অর্থ ব্যয়

6.3.8 আথমিক ব্যয়

6.3.9 স্বেচ্ছায় অবসর প্রতিটি প্রকল্পে প্রদত্ত অর্থ

6.3.10 কর্মচারীদের প্রদত্ত বোনাস বা কমিশন

6.3.11 খণ্ড মূলধনের উপর সুদ

6.3.12 কুখ্যণ

- 6.3.13 পরিবার পরিকল্পনার জন্য অর্থ ব্যয়
- 6.3.14 সাধারণ ছাড়
- 6.3.15 কয়েকটি গুরুত্বপূর্ণ ছাড়
- 6.4 কয়েকটি ব্যয় যেগুলি ছাড় পাওয়া যায় না
- 6.5 বিবেচিত মূলাফা
- 6.6 অস্তিম মজুত সম্ভাবনের মূল্যায়ন
- 6.7 প্রারম্ভিক সম্ভাবন ও অস্তিম সম্ভাবন কম মূল্যে বা বেশি মূল্যে দেখানো
- 6.8 মালিকের নিজের ব্যবহারের জন্য উভেদিত পণ্য
- 6.9 ব্যাবসা থেকে আয় বা মূলাফা নির্ণয়ের পদ্ধতি
- 6.10 পেশা থেকে আয় মূলাফা নির্ণয়ের পদ্ধতি
- 6.11 ব্যবহারিক উদাহরণ
- 6.12 সারাংশ
- 6.13 অনুশীলনী
- 6.14 উত্তর সংকেত

6.1. উদ্দেশ্য

এই এককটি পত্রে আপনি

- ব্যাবসা বা পেশা থেকে লাভ ও আয় এবং
- ওই লাভ বা আয়ের উপর প্রদেয় কর নির্ণয় করতে পারবেন।

6.1.1 প্রস্তাবনা

কোনও ব্যক্তি ব্যাবসার মাধ্যমে বা তাঁর পেশাগত যোগ্যতাকে কাজে লাগিয়ে যে আয় উপার্জন করেন সেই উপার্জিত আয়কে ব্যাবসা বা পেশা থেকে উত্তৃত আয় বলে। আয় এবং লাভ সমার্থক নয়। আয়

থেকে প্রাসঙ্গিক বায় বাদ দিয়ে যা অবশিষ্ট থাকে তাকে লাভ বলে। কোনও ব্যাবসা বা পেশার করযোগ্য লাভ আপনাকে নির্ণয় করতে হবে। প্রত্যক্ষ করের মধ্যে “ব্যাবসা বা পেশার লাভ বা মুনাফা” খাতে আয় খুব গুরুত্বপূর্ণ। সরকারের আয়ের একটি বড় অংশ আসে এই উৎস থেকে।

6.2 ব্যাবসা ও পেশা

আয়কর আইনের 2(13) ধারা অনুসারে ব্যাবসা (Trade), বাণিজ্য (Commerce) বা উৎপাদন (manufacture) সম্পর্কিত যে কোনও ব্যাবসা, বাণিজ্য বা উৎপাদনের অর্থনৈতিক কার্যকলাপকে ব্যাবসা বলে। কোনও একটি পৃথক লেনদেন থেকে প্রাপ্ত লাভকেও আপনি ব্যাবসা বলে। কোনও একটি পৃথক লেনদেন থেকে প্রাপ্ত লাভকেও আপনি ব্যাবসা আয় বলে গণ্য করতে পারেন। এক্ষেত্রে কোনও লেনদেন ব্যাবসার হওয়ার প্রয়োজন নেই।

আয়কর আইনের 2(36)ধারা অনুসারে পেশার অর্থ হল বৃত্তি। কোনও ব্যক্তি যখন তাঁর নিজস্ব বুদ্ধি বা মানসিক দক্ষতাকে কাজে লাগায় তখন তাকে পেশা বলে। যেমন— আইনজীবী, সনদপ্রাপ্ত হিসাব পরীক্ষক, ডাক্তার ইত্যাদি। কিন্তু এই সমস্ত ব্যক্তিকে যখন কোনও প্রতিষ্ঠান নিয়োগ করে অর্থাৎ যেখানে নিয়োগকর্তা ও কর্মচারী সম্পর্ক থাকে সেক্ষেত্রে ওই সমস্ত ব্যক্তির আয় ‘বেতন থেকে আয়’ খাতে করযোগ্য হবে।

6.2.1 এই খাতে করযোগ্য আয়

“ব্যাবসা বা পেশা থেকে লাভ বা আয়” করযোগ্য আয়গুলি হল—

1. নির্ধারিত মালিকানায় পূর্ববর্তী বছরে ব্যাবসা বা পেশা থেকে প্রাপ্ত আয়। কোনও ব্যবস্থাপক বা প্রতিনিধি ব্যাবসা পরিচালনা করলেও মালিকই কর প্রদানের জন্য দায়ী থাকবেন। ভারতে বা ভারতের বাইরের ব্যাবসা যাই হোক না কেন আয়কর আইন অনুসারে একই নিয়ম প্রযোজ্য হবে। আবার আকস্মিক (Casual) বা অপৌরণপুনিক (non-recurring) যাই হোক না কেন কেবলমাত্র মুনাফা জাতীয় লাভই এই খাতে করযোগ্য হবে। [ধারা 28(i)]

2. নিম্নলিখিত ব্যক্তিদের কোনও ক্ষতিপূরণ বা কোনও অর্থ প্রদত্ত হলে বা ওই ব্যক্তিদের দ্বারা গ্রহীত হলে সেগুলি ব্যবসায়ের আয় হিসাবে গণ্য করা হবে

- (a) ভারতীয় কোম্পানির সম্পূর্ণ অংশ বা অংশ বিশেষ কোনও ব্যক্তির দ্বারা পরিচালিত হলে, তিনি যে নামেই পরিচিত হোন না কেন তার অপসারণ হলে বা কাজের শর্তাবলীর পরিবর্তন হলে।
- (b) ভারতে অবস্থিত যে কোনও বিদেশি কোম্পানির সম্পূর্ণ অংশ বা অংশ বিশেষ কোনও ব্যক্তির দ্বারা পরিচালিত হলে তিনি যে নামেই পরিচিত হোন না কেন তার অপসারণ হলে বা কাজের শর্তাবলীর পরিবর্তন হলে।

- (c) ভারতে কোনও ব্যক্তি অপর কোনও ব্যক্তির ব্যবসায়ের প্রতিনিধিত্ব করলে তার প্রতিনিধিত্বের অবসায়ন বা শর্তাবলীর পরিবর্তন ঘটলে।
- (d) কোনও স্বাক্ষিগত সম্পত্তি বা ব্যাবসা, আইন বলে সরকার বা সরকারি বিধিবদ্ধ সংস্থা দ্বারা অধিগ্রহীত হলে।

3. আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ আইন, 1947 এর আমদানি (নিয়ন্ত্রণ) আদেশ 1955 অনুসারে প্রাপ্ত অনুমতিপত্র (licence) বিক্রয় করে প্রাপ্ত মুনাফা [ধারা 28(iii)(a)],

ভারত সরকার অনুমোদিত রপ্তানির জন্য প্রাপ্ত বা প্রাপ্ত অনুদান বা সাহায্য [ধারা 28(iii)(b)], Customs and central Excise Duties Drawback Rules, 1971 অনুযায়ী রপ্তানির জন্য কোনও ব্যক্তিকে রপ্তানি শুল্ক বা উৎপাদন শুল্ক ফেরত বা ফেরতযোগ্য অর্থ [ধারা 28(iii)(c)]।

4. ব্যাবসা বা পেশা থেকে উত্তৃত কোনও সুবিধা অর্থে বৃপ্তাস্তরিত করা সম্ভব না হলে তা এই খাতে করযোগ্য হবে [ধারা 28(iv)]।

6.2.2 এই খাতে আয় নির্ণয়ের সাধারণ নীতি

- (a) ব্যাবসা বা পেশা নির্ধারী দ্বারা পরিচালিত হবে অর্থাৎ তাঁর পরিচালিত করবার অধিকার থাকবে। তিনি নিজে অথবা প্রতিনিধি দ্বারা কারবার পরিচালিত করবেন।
- (c) মূর্ববর্তী বছরে নির্ধারী ব্যাবসা বা পেশা পরিচালিত করেছেন।
- (d) আইন বহির্ভূত ব্যাবসার আয় এবং পেশাগত আয় আয়কর আইনের আওতায় করযোগ্য আয়বূপে গণ্য হয় এবং উহাদের এই খাতে অস্তর্ভূত করা হয়।
- (e) নির্ধারীর যতগুলি ব্যাবসা বা পেশা আছে সেইসব ব্যাবসা বা পেশা থেকে উত্তৃত আয়ের উপর আলাদা ভাবে কর ধার্য করবেন না। সমস্ত ব্যাবসা বা পেশা থেকে উত্তৃত আয় একত্রে হিসাব করে তার উপর কর ধার্য করবেন।
- (f) কর সবসমত প্রকৃত বা বাস্তব মুনাফা (Actual Profit)-র উপর ধার্য করবেন। কখনই অনুমান করা মুনাফা (Anticipated Profit) কর নির্ণয়ের জন্য গণ্য করবেন না।
- (g) ফাটকা কারবারের ক্ষেত্রে যদি কোনও ক্ষতি হয় তবে সেই ক্ষতি কেবলমাত্র ফাটকা কারবার থেকে প্রাপ্ত আয় থেকেই বাদ দেবেন। অন্য কোনও ব্যাবসার আয় থেকে আয় আপনি বাদ দিতে পারবেন না।
- (h) ব্যাবসায় অবসায়নে সম্পত্তি বিক্রয়ের ফলে প্রাপ্ত মুনাফা করযোগ্য নয় কিন্তু ওই সম্পত্তি যদি মজুদ সম্ভাব (Stock-in-trade) হয় তবে তা বিক্রয়ের ফলে প্রাপ্ত মুনাফা করযোগ্য হবে।
- (i) ব্যাবসার সঙ্গে প্রত্যক্ষভাবে যুক্ত ক্ষতি ওই ব্যাবসার আয় নির্ণয় করার সময় নিম্নলিখিত

শর্তসাপেক্ষে ছাড়যোগ।—

- (i) ক্ষতি মুনাফা জাতীয় হবে।
- (ii) পূর্ববর্তী বছরের সঙ্গে ওই ক্ষতি সম্পর্কযুক্ত।
- (iii) এই ক্ষতি কাঙ্গনিক নয়।

উদাহরণঃ

- কর্মচারীর অবহেলার বা অসততার জন্য ক্ষতি,
 - কারখানা থেকে চুরির জন্য ক্ষতি,
 - শত্রুর আক্রমণের ফলে মজুদ সম্ভারের ক্ষতি,
 - প্রাকৃতিক বিপর্যয়ের জন্য ক্ষতি ইত্যাদি।
- (j) কোনও অংশীদারী কারবারের অংশীদারদের প্রাপ্ত বা থাপ্য সুদ, বেতন, বোনাস যাই হোক না কেন, তা অংশীদারদের ব্যতিগত করযোগ্য আয় নির্ণয়ে “কারবারের আয়” খাতে করযোগ্য হবে।
এই ব্যবস্থা নির্ধারণ বছর 1993-94 থেকে কার্যকরী [ধারা 28(v)]।

6.2.3. ব্যাবসায়িক আয় হলেও এই খাতে করযোগ্য নয়

নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে ব্যাবসা বা কারবার থেকে প্রাপ্ত আয় বা লাভ “ব্যাবসা বা পেশা থেকে মুনাফা লাভ” খাতে করযোগ্য হবে না।

- (a) গৃহসম্পত্তি থেকে প্রাপ্ত ভাড়া ধারা 22 অনুসারে “গৃহসম্পত্তি থেকে আয়” খাতে করযোগ্য হয়।
গৃহসম্পত্তি যদি মজুদ সম্ভার হিসাবে থাকে অথবা মালিকের বাড়িভাড়া দেওয়ার ব্যাবসা থাকলেও প্রাপ্ত ভাড়া এই খাতে করযোগ্য হবে না। [Salisbury House Estate Ltd Vs Fry (1930)]
- (b) নিয়মিত কারবার হিসাবে লটারি জেতা বা ঘোড় দৌড় জেতা ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে করযোগ্য হবে।
- (c) শেয়ারের উপর লভ্যাংশ 56(2)(i) ধারা অনুসারে ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে করযোগ্য হবে। মজুদ সম্ভারে থাকা শেয়ারের উপর প্রাপ্ত লভ্যাংশ বা শেয়ারের ডিলারের কাছে থাকা শেয়ারের উপর ডিলারের প্রাপ্ত লভ্যাংশও এই খাতে করযোগ্য হবে না; উহাদের ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে হিসাব করা হবে।

6.3 ব্যাবসা বা পেশা থেকে লাভ বা ক্ষতি নির্ণয়ের জন্য বাদযোগ্য খরচসমূহ

6.3.1 বাড়িভাড়া, কর মেরামত খরচ এবং বিমার ব্যয় [ধারা 30]

নির্ধারীর ব্যাবসা পরিচালনার জন্য বাড়ি সংজ্ঞান্ত ব্যয় যেমন—বাড়িভাড়া, বাড়ির জন্য কর, মেরামত খরচ বাড়ির জন্য বিমা ইত্যাদি ব্যবসায়ের আয় থেকে বাদ দেবেন।

6.3.2 যন্ত্রপাতি এবং আসবাবপত্রের মেরামত ও বিমার খরচ [ধারা 31]

এই সংজ্ঞান্ত খরচগুলি অর্থাৎ যন্ত্রপাতি ও আসবাবপত্রের মেরামত ও বিমার খরচগুলি ব্যাবসার আয় থেকে বাদ দেবেন।

6.3.3 অবচয় [ধারা 32]

- নিম্নলিখিত শর্তসাপোক্ষে অবচয়ের জন্য ছাড় পাওয়া যাবে—
 - (a) নির্ধারী অবশ্যই সম্পত্তির মালিক হবেন,
 - (b) সম্পত্তি অবশ্যই নির্ধারীর ব্যাবসা বা পেশার জন্য ব্যবহৃত হবে,
 - (c) সম্পত্তি পূর্ববর্তী বছরে ব্যবহৃত হয়েছে।
- আয়কর আইন অনুযায়ী নিম্নলিখিত সম্পত্তিগুলির অবচয় বাদ যাবে—স্পন্দনীয় সম্পত্তি → বাড়ির যন্ত্রপাতি, আসবাবপত্র।

স্পন্দনীয় সম্পত্তি (31শে মার্চ 1998 থেকে ব্যবহার শুরু হয়েছে) → Know how, Patent, Copyrights, trade mark, licence ইত্যাদি।
- অবচয় ধার্যের নিয়মাবলী—
 - (a) আয়কর আইন অনুযায়ী সম্পত্তির হ্রাসপ্রাপ্ত মূল্য (Written down Value) 'র উপর ক্রম হ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করবেন। তবে কেবলমাত্র বিদ্যুৎ উৎপাদন ও বণ্টন শিল্পের জন্য স্থির কিপ্তি পদ্ধতি অনুসরণ করবেন।
 - (b) নির্দিষ্ট শ্রেণিভুক্ত সম্পত্তির (Block of Assets) উপর অবচয় ধার্য হয়।
 - (c) যে বছরটিতে সম্পত্তি বিক্রয় হয় সেই বছর কোনও অবচয় বাদ দেবেন না।
 - (d) পূর্ববর্তী বছরে যে সম্পত্তি ক্রয় করা হয় এবং নির্ধারী সেই সম্পত্তি যদি 180 দিনের কম সময় ব্যবসায়ে করেন সেক্ষেত্রে অবচয়ের যে হার আছে তার 50% ধার্য করবেন।

নির্দিষ্ট শ্রেণিভুক্ত সম্পত্তির অবচয় হার—

শ্রেণি	সম্পত্তির প্রকৃতি	অবচয়ের হার
বিভাগ—1	বসবাসযোগ্য গৃহসম্পত্তি (Residential buildings)	5%
বিভাগ—2	অফিস, কারখানা বা মুদ্রামূলক ব্যবস্থাপূর্ণ বাবহৃত গৃহসম্পত্তি	10%
বিভাগ—3	হোটেল—বসবাসযোগ্য প্রতিটি এককের আয়তন ৪০ বর্গ মিটারের অধিক নয়	20%
বিভাগ—4	নতুন গৃহসম্পত্তি—প্রতিটি একক ৪০ বগমিটারের অধিক নয় (বিভাগ-3 এর অন্তর্ভুক্ত নয় এইরূপ)	40%
বিভাগ—5	সামাজিক বা অস্থায়ী গৃহসম্পত্তি	100%
বিভাগ—6	আসবাবপত্র—হোটেল, রেস্টুরেন্ট, শুল কলেজ, সিনেমা হল ইত্যাদি জনসমাজমযুক্ত স্থানের আসবাবপত্রের জন্য	15%
বিভাগ—7	অন্যান্য আসবাবপত্রের জন্য	10%
বিভাগ—8	যন্ত্রপাতি, জাহাজ এবং অন্য জলযান	25%
বিভাগ—9	মোটরগাড়ি—(গাড়ি ভাড়া খাটোনো ব্যবসা ব্যতীত) 1990 সালের ১লা এপ্রিলের পরে ত্রৈত অথবা ব্যবহৃত	20%
বিভাগ—10	যাত্রী বা পণ্য পরিবহণের ব্যবসায়ে নিযুক্ত কারবারের বাস, লরি এবং মোটরগাড়ি, উড়োজাহাজ ইত্যাদি	40%
বিভাগ—11	(ক) 2001-02 আর্থিক বছরে ত্রৈত এবং ব্যবহৃত নতুন বাণিজ্যিক গাড়ি; (খ) Technology Upgradation Fund Scheme অনুসারে ১লা এপ্রিল, 2001 থেকে 31 শে মার্চ 2004 সালের মধ্যে ত্রৈত এবং ব্যবহৃত বয়ন শিরের	50%
বিভাগ—12	কম্পিউটার এবং নতুন বাণিজ্যিক গাড়ি যা 15 বছরের পুরানো বাতিল গাড়ির পরিবর্তে এন্য করা হয়েছে (ত্রৈত এবং ব্যবহৃত হয়েছে ১লা অক্টোবর 1998 থেকে 31 শে মার্চ 1999 এর মধ্যে অথবা ১লা এপ্রিল 1999 থেকে 31 শে মার্চ 2000-এর মধ্যে)	60%
বিভাগ—13	বায়ু এবং জলদূষণ নিয়ন্ত্রণ যন্ত্র, শক্তি সম্পদ সংরক্ষণ যন্ত্র, শক্তি মূর্ননবীকরণ যন্ত্র, বর্জ্য পদার্থ নিয়ন্ত্রণ যন্ত্র	100%
বিভাগ—14	উৎপাদন কলা-কৌশল (সালের 1998 শে মার্চের 31 পর অর্জিত)	25%

শ্রেণি	সম্পত্তির প্রকৃতি	অবচয়ের হার
বিভাগ—15	পেটেন্ট (31শে মার্চ, 1998-এর পর অর্জিত)	25%
বিভাগ—16	কপিরাইট (31 শে মার্চ 1998-এর পর অর্জিত)	25%
বিভাগ—17	ট্রেড মার্ক (31 শে মার্চ, 1998-এর পর অর্জিত)	25%
বিভাগ—18	লাইসেন্স (31 শে মার্চ, 1998-এর পর অর্জিত)	25%
বিভাগ—19	ফ্রানচাইজ (31 শে মার্চ, 1998-এর পর অর্জিত)	25%

6.3.4 বৈজ্ঞানিক গবেষণার জন্য ব্যয় [ধারা 35]

গবেষণার জন্য ব্যয়



মূলাফা জাতীয়

মূলধন জাতীয়

- | | |
|--|---|
| (i) নির্ধারিত নিজস্ব ব্যাবসার সাথে সংঞ্চিষ্ট
বৈজ্ঞানিক গবেষণা সংক্রান্ত ব্যয় ছাড়যোগ্য। | (i) নির্ধারিত নিজস্ব ব্যাবসার সাথে যুক্ত বৈজ্ঞানিক
গবেষণার জন্য ব্যয় ছাড়যোগ্য। |
| (ii) কোনও স্বীকৃত বৈজ্ঞানিক গবেষণা সংস্থা,
বিশ্ববিদ্যালয়, কলেজ ইত্যাদি প্রতিষ্ঠানে
গবেষণার জন্য অদ্বুত অর্থের 125 শতাংশ
ছাড়যোগ্য। | (ii) বৈজ্ঞানিক গবেষণার জন্য কেন্দ্রীয় সরকারের
স্বীকৃত কোনও বিশ্ববিদ্যালয়, বা IIT অথবা
National laboratory or Department of
BioTechnology ইত্যাদি স্থানে অর্থ প্রদান
করা হলে, সেই অর্থের 125 শতাংশ
ছাড়যোগ্য। |

** ধারা 35(2AB) অনুসারে বায়ো- টেকনোলজি সংক্রান্ত কারবার অথবা ভেবজ, ঔষধ, কম্পিউটার, টেলিযোগাযোগ যন্ত্রপাতি, বিমান, ইলেক্ট্রনিক যন্ত্রপাতি, রাসায়নিক সামগ্রী ইত্যাদি উৎপাদনে নিযুক্ত কোনও কোম্পানি বৈজ্ঞানিক গবেষণার জন্য অর্থ ব্যয় করলে ওই ব্যয়ের (মূলধনী এবং মূলাফা জাতীয়) 150 শতাংশ ছাড়যোগ্য।

** জমি ক্রয় সংক্রান্ত ব্যয় ছাড়যোগ্য নয়।

** কারবার অতিষ্ঠার পূর্বের তিন বছরের মধ্যে বৈজ্ঞানিক গবেষণার জন্য কোনও ব্যয় করলে তাকে কারবার যে বছর শুরু হচ্ছে সেই বছরের ব্যয় রূপে গণ্য করা হবে।

6.3.5 Patent right ও Copy right'র জন্য ব্যয় [ধারা 35A]

নির্ধারী 1.4.98 এর আগে যদি কোন পেটেন্ট বা কপি রাইট নেবার জন্য মূলধন জাতীয় ব্যয় করেন তবে সেক্ষেত্রে 14 বছর অথবা উহার মেয়াদ কাল এই দুটির মধ্যে যেটি কম সেই সময় ধরে সমান কিঞ্চিতেও ইই মূলধনী ব্যয় ছাড় দিতে হবে। এই জন্য মূলধনী বায় 1.4.98 এর পরে হলে নির্ধারী 32 ধারা অনুসারে 25% হারে অবচয় দিতে পারবেন।

আবার মুনাফা জাতীয় ব্যয় হলে নির্ধারী 37 (1) ধারা অনুসারে ছাড় দাবী করতে পারবেন।

6.3.6 বিশেষ জ্ঞান আহরণের জন্য ব্যয় [ধারা 35AB]

নির্ধারী কারিগরি বিশেষ জ্ঞান আহরণ করার জন্য এককালীন যে অর্থ 31.3.98 এর মধ্যে ব্যয় করেন তার জন্য ছাড় পাবেন। ছাড়ের পরিমাণ হবে—

- (a) যদি ওই বিশেষ জ্ঞান কোনও সরকারি ল্যাবরেটরি বা পাবলিক সেক্টর কোম্পানির ল্যাবরেটরি বা কোনও বিশ্ববিদ্যালয়ে বিকাশ লাভ করে তবে 3 বছর ধরে ওই অর্থ সমান কিঞ্চিতেও ছাড় পাওয়া যাবে।
- (b) অন্যান্য ক্ষেত্রে 3 বছরের পরিবর্ত্তে 6 বছর ধরে উক্ত ব্যয়কে ছাড়িয়ে দিতে হবে।

6.3.7 জনগণের সামাজিক ও অর্থনৈতিক উন্নতিকল্পে কোনও পরিকল্পনা গ্রহণের জন্য অর্থ ব্যয় [ধারা 35AC]

সরকার কর্তৃক নির্ধারিত কোনও পরিকল্পনা জনগণের সামাজিক ও অর্থনৈতিক উন্নতিতে কাজে লাগানোর জন্য প্রতিষ্ঠান কোনও অর্থ ব্যয় করলে তা ছাড় পাওয়া যাবে। কোনও সরকারি কোম্পানি, স্থানীয় স্বায়ত্ত্বশাসন প্রতিষ্ঠান অথবা জাতীয় কমিটি কর্তৃক অনুমোদিত কোনও সংস্থার মাধ্যমে এই ব্যয় করলে, অবশ্য কোনও কোম্পানি সরাসরি এই জাতীয় প্রকল্পে অর্থ ব্যয় করলে তা ছাড় পাবে।

6.3.8 প্রাথমিক ব্যয় [ধারা 35D]

ব্যাবসায় প্রতিষ্ঠানের প্রাথমিক ব্যয়গুলি হল—

- (a) সম্পাদনযোগ্যতা প্রতিবেদন তৈরির খরচ,
- (b) প্রকল্প প্রতিবেদন তৈরির খরচ,
- (c) বাজার সমীক্ষার খরচ,
- (d) পরিমেল নিয়মাবলী ও পরিমেলবন্ধ রচনার খরচ,

- (e) কোম্পানি নিবন্ধনের খরচ,
- (f) বিভিন্ন চুক্তিপত্র তৈরির আইনগত খরচ,
- (g) শেয়ার ও ডিবেঙ্গার বিলি করার বিভিন্ন খরচ ইত্যাদি।

● ছাড়ের পরিমাণ :

কোম্পানি ছাড়া যে কোনও নির্ধারীর ক্ষেত্রে সর্বোচ্চ ছাড়ের পরিমাণ হবে পরিকল্পনা বায় (Project Cost) এর ৫%। কোম্পানির ক্ষেত্রে পরিকল্পনা ব্যয়ের ৫% অথবা নিয়োজিত মূলধন (Capital employed)-এর মধ্যে যৌটি বড় হবে সেটি সর্বোচ্চ সীমা হবে।

● ছাড় পাওয়ার নিয়ম :

31.3.98 এর পরে ব্যয় → ছাড়যোগ্য অর্থের পরিমাণ সমান ৫টি বার্ষিক কিস্তিতে বাদ যাবে।

6.3.9 স্বেচ্ছায় অবসর গহণ প্রকল্পে প্রদত্ত অর্থ [ধারা 35DDA]

2001-2002 নির্ধারণ বছর থেকে 35DDA ধারা অনুসারে কোনও প্রতিষ্ঠান কোনও পূর্ববর্তী বছরে স্বেচ্ছায় অবসর গহণ প্রকল্পে যে অর্থ ব্যয় করে তার $\frac{1}{5}$ অংশ ওই সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে ছাড় পাওয়া যাবে এবং অবশিষ্ট অংশ চারটি পরবর্তী বছরে ছাড় পাওয়া যাবে।

6.3.10 কর্মচারীদের প্রদত্ত বোনাস বা কমিশন [ধারা 36(1)(ii)]

কর্মচারীদের প্রদত্ত বোনাস বা কমিশন ছাড় পাওয়া যাবে। বোনাস সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের মধ্যে অথবা আয়ের হিসাব আয়কর দণ্ডের জমা দেওয়ার পূর্বে প্রদান করলে তবে তা ছাড় পাওয়া যাবে।

6.3.11 ঋণ মূলধনের উপর সুদ [ধারা 36(1)(iii)]

ব্যবসায়ের থয়োজনে যদি কোনও মূলধন ঋণ করা হয় তবে নিম্নলিখিত শর্তসাপেক্ষে ওই মূলধনের সুদ ছাড় পাওয়া যাবে।

- (a) নির্ধারী অবশ্যই অর্থ ঋণ করেছেন।
- (b) এই ঋণ করা অর্থ ব্যবসায়ে ব্যবহার করা হয়েছে।
- (c) এই ঋণ করা অর্থের উপরই সুদ দেওয়া হয়েছে।
- (d) লভ্যাংশ প্রদানের জন্য ঋণ করা অর্থের উপর প্রদত্ত সুদ ছাড় পাওয়া যাবে।

- (c) ব্যাবসার পরিধি বাড়ানোর জন্য খণ্ড করা অর্থের উপর অদত্ত সুদ ছাড় পাওয়া যাবে।
- (f) মূলধনী সম্পত্তিগ্রহের জন্য খণ্ড করা হয়েছে, এই বৃপ্ত অর্থের উপর অদত্ত সুদ ছাড় পাওয়া যাবে, তবে ওই খণ্ডকৃত মূলধন মূলধনজাতীয় ওয়ে ব্যবহৃত হলেও ওই খণ্ডের উপর সুদ ছাড় পাওয়া যাবে [India Cements Ltd. V CIT (1966)]

6.3.12 কুখণ [ধারা 36(1)(vii)]

পূর্ববর্তী বছরের অবলেখিত (Written off) কুখণ ছাড় পাওয়া যাবে, যদি নিম্নলিখিত শর্তগুলি পূরণ হয়—

- (a) আগের যে কোনও পূর্ববর্তী বছরে অথবা বর্তমান পূর্ববর্তী বছরে এই অর্থ আয়ের অন্তর্ভুক্ত হয়েছে অথবা অর্থলাইকারী প্রতিষ্ঠানের স্বাভাবিক কারবারী লেনদেনের অঙ্গ হিসেবে এই খণ্ড অদত্ত হয়েছে।
- (b) পূর্ববর্তী বছরের আয় নির্ণয় করার সময় কুখণের অর্থ ক্ষতিরূপে বাদ দেওয়া হয়েছে।
- (c) কারবারের স্বাভাবিক লেনদেনের অংশ হিসেবে এই খণ্ড সৃষ্টি হয়েছে।
- (d) কোনও একটি বৃথৎ কারবারের কুখণ অন্য চালু কারবারের আয় থেকে বাদ দেওয়া যাবে না।

6.3.13 পরিবার পরিকল্পনার জন্য অর্থব্যয় [ধারা 36(1)(ix)]

কোম্পানির তার কর্মীদের মধ্যে পরিবার পরিকল্পনার ধারণা বিস্তারের জন্য যদি মূলধনজাতীয় ব্যয় করেন তবে সংশ্লিষ্ট ব্যয় 5 বছর ধরে বিস্তার করতে হবে। যে বছর এটি ব্যয় করা হয় সেই বছর থেকে শুরু করে পরবর্তী 4 বছর এই ছাড় পাওয়া যাবে।

6.3.14 সাধারণ ছাড় [General Deduction ধারা 37(1)]

এই ধারাকে অবশিষ্টের ধারা বলে। এই ধারাতে ছাড় পেতে হলে নিম্নলিখিত শর্তগুলি পূরণ করতে হবে—

- 30 থেকে 36 নম্বর ধারার অন্তর্গত বিষয়গুলি এই ধারায় থাকবে না।
- পূর্ববর্তী বছরে এই ব্যয় করা হবে।
- নির্ধারীর কোনও ব্যক্তিগত ব্যবচ এর মধ্যে আসবে না।
- ব্যয়গুলি অবশ্যই নির্ধারীর ব্যাবসা-সংক্রান্ত ব্যয় হবে।
- ব্যয়গুলি কখনই মূলধনজাতীয় হবে না।

- (vi) এই ব্যয় সম্পূর্ণ এবং কেবলমাত্র এই কারবারের জন্যই করা হয়েছে।
- (vii) “আপনার নিজস্ব টেলিফোন প্রকল্প” (Own your Telephone)-এ অর্থ জমা রাখলেও উহা এই ধারাতে ছাড় ফাওয়া যাবে (Circular No. F 204/70/75 – ITCA II dated 10.5.1976)।

6.3.15 কয়েকটি গুরুত্বপূর্ণ ছাড় [ধারা 30 থেকে 37]

- (i) সম্পত্তি রক্ষার্থে যে আইনগত ব্যয় হয়,
- (ii) আর্থিক সংস্থা থেকে খাগ নেবার জন্য আইনগত ব্যয়,
- (iii) চৃক্ষিপত্র ও গুরুত্বপূর্ণ দলিল তৈরির আইনগত ব্যয়,
- (iv) নির্ধারীর ব্যবসায়ের সম্পত্তি ধ্বংস, নষ্ট ইত্যাদির হাত থেকে রক্ষা করার জন্য ব্যয়,
- (v) চৃক্ষি সম্পাদনের ব্যর্থ হওয়ার জন্য ক্ষতিপূরণ,
- (vi) ব্যবসায়ের স্বার্থে রক্ষার্থে বিভিন্ন সমিতিতে প্রদত্ত বাধ্যতামূলক চাঁদা,
- (vii) আর্থিক প্রতিষ্ঠান থেকে খাগ নেওয়ার জন্য আইন-সংক্রান্ত ব্যয় ও পরিমেল নিয়মাবলী পরিবর্তনের জন্য ব্যয়,
- (viii) টেলিফোন প্রতিস্থাপনের জন্য ব্যয়,
- (ix) বিভিন্ন সামাজিক অনুষ্ঠানের জন্য ব্যয়,
- (x) কর্মচারীদের কল্যাণের জন্য ব্যয়,
- (xi) ব্যাবসার স্বার্থে কোনও কর্মচারীকে বহিক্ষণের জন্য প্রদত্ত ক্ষতিপূরণ,
- (xii) ট্রেড মার্ক নিবন্ধনের জন্য ব্যয়, (CIT Vs Finlay Mills Ltd, 1951)
- (xiii) দিনের শেয়ে ব্যবসায়ের নগদ ধার্তিতি,
- (xiv) একচেটিয়া অধিকার রক্ষার জন্য আইনগত ব্যয়,
- (xv) কর্মচারীদের প্রদত্ত উপহারের জন্য ব্যয়,
- (xvi) অনুমোদিত মূলধন বাড়ানোর জন্য প্রদত্ত ফী,
- (xvii) কর্মচারী দ্বারা অর্থ চুরি সংক্রান্ত ক্ষতি (loss by embezzlement),
- (xviii) শেয়ার মূল্যায়নের জন্য ব্যয়।

6.4 কয়েকটি ব্যয় যেগুলি ছাড় পাওয়া যায় না [ধারা 40]

(a) কয়েকটি ব্যয় ছাড়যোগ্য নয় [ধারা 40 (a)]

আয়কর আইনের 40(a) ধারা অনুসারে যে কোনও নির্ধারীর ক্ষেত্রে নিম্নলিখিত ব্যয়গুলি ছাড় পাওয়া যাবে না।

- (i) ভারতের বাইরে প্রদেয় যে কোনও সুদ, স্বত্ত্বাদা, প্রযুক্তিগত সেবার জন্য ফী ইত্যাদি যার উপর কর প্রদান করা হয়নি বা উৎসমূলে কর বাদ দেওয়া হয়নি। [ধারা 40(a)(i)]।
- (ii) কোনও ব্যাবসা বা পেশার মূলাফা বা লাভের উপর প্রদত্ত কর।
- (iii) সম্পত্তি কর আইন 1957 অনুসারে প্রদত্ত কোনও সম্পত্তি কর। [ধারা 40(a)(ii)]।
- (iv) ভারতের বাইরে প্রদেয় বেতন, যদি তার উপর কর প্রদান না করা হয় অথবা উৎসমূলে কর বাদ না দেওয়া হয়। [ধারা 40(a)(iii)]।
- (v) কর্মচারীদের কল্যাণার্থে ভবিষ্যানিধি বা অন্য যে কোনও ফাণ্ডে নির্ধারী কর্তৃক প্রদত্ত অর্থ, যদি ওই ফাণ্ড থেকে কর্মচারীদের অর্থ প্রদানের সময় করযোগ্য অর্থের উপর কর প্রদানের উপর্যুক্ত ব্যবস্থা নির্ধারী কর্তৃক না নেওয়া হয়। [ধারা 40(a)(iv)]।

(b) আঞ্চীয়দের জন্য ব্যয় [ধারা 40A(2)]

নির্ধারী যদি নিম্নলিখিত ব্যক্তিদের কোনও অর্থ প্রদান করেন বা তাদের জন্য কোনও অর্থ ব্যয় করেন এবং নির্ধারণ অফিসার যদি তা অনৈতিক মনে করেন তবে তা ছাড় পাওয়া যায় না।

- (a) নির্ধারী স্বত্ত্ব ব্যক্তি হলে তার আঞ্চীয়,
- (b) কোম্পানির অধিকর্তা অথবা তা কোনও আঞ্চীয়,
- (c) অংশীদারী কারবারের অংশীদার বা তার কোনও আঞ্চীয় অথবা কোনও সমিতির ক্ষেত্রে সমিতির সদস্য বা তার কোনও আঞ্চীয়,
- (d) নির্ধারীর ব্যাবসা বা পেশাতে প্রভৃতি স্বার্থ (Substantial interest) আছে এমন ব্যক্তি,
- (e) যে কোনও ব্যক্তি যার ব্যাবসাতে নির্ধারীর প্রভৃতি স্বার্থ আছে।

(c) 20,000 টাকার বেশি অর্থ প্রদান [ধারা 40A(3)]

20,000 টাকার বেশি কোনও ব্যয় রেখাঙ্কিত চেক বা রেখাঙ্কিত ব্যাঙ্ক ড্রামেটের মাধ্যমে না হয়ে যদি অন্যভাবে প্রদত্ত হয় তবে ওই ব্যয়ের 20% মূলাফার সঙ্গে যুক্ত করা হবে।

● **ব্যতিক্রম**—বিধি 6DD অনুসারে নিম্নলিখিত ক্ষেত্রে 20,000 টাকার বেশি রেখাঞ্চিত ড্রাফট বা রেখাঞ্চিত চেক প্রদান না করলেও উপরের নিয়মটি কার্যকর হবে না—

- (a) LICI, IFC, RBI, IDBI, বাণিজ্যিক ব্যাঙ্ক'র মতো বিভিন্ন অর্থনৈতিক সংস্থা,
- (b) সরকারকে অর্থ প্রদান,
- (c) যেখানে ব্যাঙ্কের কোনও শাখা নেই এমন গ্রামে বসবাসকারী বা ব্যাবসায়ী,
- (d) কৃষিকার্য, মধু, চন্দন তৈরিতে, দুধ উৎপাদনে এবং মৎস্য চাষে নিয়োজিত বাণিজ্যমূহুর্ত,
- (e) কোনও ব্যক্তি যিনি বাংসরিক 7,500 টাকার বেশি বেতন পান না, তাকে অবসর নেওয়ার বছরে অবসরকালীন সুযোগ-সুবিধা যেমন আনুভোবিক, অবসায়নের জন্য ক্ষতিপূরণ ইত্যাদি প্রদান।
- (f) একাধিক বিল প্রতিটি 20,000 টাকার নীচে, কিন্তু অর্থ প্রদান একত্রে হলে।

6.5 বিবেচিত মুনাফা (Deemed Profit)

নিম্নলিখিত থাণ্ডিগুলি ব্যবসায়ের আয় হিসাবে করযোগ্য হবে—

- (i) গুর্বে ছাড় পাওয়া গেলেও পরে পুনরুদ্ধার করা হয়েছে [ধারা 41(1)] :

যদি নির্ধারী কোনও পূর্ববর্তী বছরে ক্ষতি, ব্যয় বা ব্যাবসায়িক দায়-এর জন্য ছাড় পান এবং সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে ওই বাদ দেওয়া ক্ষতি, ব্যয় বা ব্যাবসায়িক দায়ের কোনও অংশ বা সম্পূর্ণ অংশ নগদে বা অন্য কোনও উপায়ে পুনরুদ্ধার করতে পারেন তবে তা মুনাফা হিসাবে বিবেচিত হবে এবং করযোগ্য হবে।

আগুনে পুড়ে যাওয়া মজুদপণের ক্ষতির জন্য নির্ধারী ছাড় পান কিন্তু বিমা কোম্পানির কাছ থেকে এই খাতে প্রাপ্ত ক্ষতিপূরণ করযোগ্য [Investors Corporation Vs CIT (1993) 201 ITR 378 (Cal)].

- (ii) কুখণ পুনরুদ্ধার [ধারা 41(4)]

কোনও পূর্ববর্তী বছরে আয়কর আইনের 36(1) (vii) ধারা অনুসারে কুখণের জন্য নির্ধারী যদি ছাড় পান এবং সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে ওই ছাড় পাওয়া কুখণের বেশি পরিমাণ পুনরুদ্ধার করেন তবে পুনরুদ্ধার করা অর্থ থেকে মোট ঝণ ও ছাড় পাওয়া কুখণের অস্তরফলটি (balance) বাদ দিয়ে যে অবশিষ্ট অংশটি থাকে তাই করযোগ্য হবে।

ধরা যাক, নির্ধারী 1998-99 পূর্ববর্তী বছরে 55,000 টাকার পরা ধারে বিক্রয় করেছেন। 1999-2000 সালে নির্ধারী 20,000 টাকা অবলেখন করেন এবং 36(1)(vii) ধারা অনুসারে ছাড় পান। 2000-2001 পূর্ববর্তী বছরে নির্ধারী 40,000 টাকা পুনরুদ্ধার করেন। সূতরাং, 40,000 টাকা—(50,000 টাকা — 20,000 টাকা) বা 5,000 টাকা করযোগ্য হবে।

(iii) অজানা উৎস থেকে আয়

(a) নগদ ঋণ (Cash Credit) [ধারা 68]

যদি নির্ধারী তাঁর হিসাবের বই-এ কোনও অর্থকে ক্রেডিট করেন এবং ওই ক্রেডিট করা অর্থের উৎস সম্পর্কে তিনি যদি আয়কর অফিসারকে সঙ্গোষ্জনক উভর দিতে না পারেন তবে ওই অর্থ করযোগ্য হবে।

(b) অব্যাখ্যাকৃত লঘি (Unexplained Investment) [ধারা 69]

নির্ধারী সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে কোথাও লঘি করলে হিসাবের বইতে যদি তিনি লিপিবদ্ধ না করেন এবং এই লঘির উৎস সম্পর্কে আয়কর অফিসারকে সঙ্গোষ্জনক ব্যাখ্যা দিতে না পারেন তবে ওই লঘির মূল্য আয় হিসাবে বিবেচিত হবে।

(c) অব্যাখ্যাকৃত অর্থ (Unexplained Money) [ধারা 69A]

কোনও আর্থিক বছরে নির্ধারী যদি কোনও অর্থ, রঞ্জ, জহরত, গহনাপত্র বা মূল্যবান সামগ্ৰীৰ মালিক হন এবং তা হিসাবের বইতে লিপিবদ্ধ না করেন তবে এর উৎস সম্পর্কে তিনি সঙ্গোষ্জনক ব্যাখ্যা দিতে না পারার জন্য ওই অর্থ রঞ্জ, জহরত, গহনাপত্র বা মূল্যবান সামগ্ৰী ওই আর্থিক বছরে নির্ধারীৰ আয় হিসাবে বিবেচিত হবে এবং করযোগ্য হবে,

(d) অব্যাখ্যাকৃত খয় (Unexplained Expenditure) [ধারা 69C]

যেখানে নির্ধারী কোনও অর্থ খয় করেন এবং এই খয়ের উৎস সম্পর্কে তিনি যদি সঙ্গোষ্জনক ব্যাখ্যা দিতে না পারেন তবে তা নির্ধারীৰ আয় হিসাবে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে করযোগ্য হবে।

6.6 অস্তিম মজুদ সম্ভার (Closing Stock)-এর মূল্যায়ন

ক্রয়মূল্য এবং বাজার মূল্য—এই দুটির মধ্যে যেটি কম, সেই মূল্যে নির্ধারী তাঁর অস্তিম সম্ভার মূল্যায়ন করতে পারেন। কিন্তু মূল্যায়নের জন্য নির্ধারী যে পদ্ধতিই গ্রহণ করুন না কেন তিনি তাঁর সুবিধামতো ওই পদ্ধতি পরিবর্তন করতে পারবেন না। [CIT Vs. Apuchattiar,1962]

6.7 প্রারম্ভিক সম্ভার এবং অস্তিম সম্ভার কম মূল্যে বা বেশি মূল্যে দেখানো

প্রারম্ভিক সম্ভার বা অস্তিম সম্ভার কম মূল্যে বা বেশি মূল্যে ঘূলায়িত করলে পূর্ববর্তী বছরের মূল্যায়ন উপর তার প্রভাব পড়ে। মূল্যায়নের উপর এই প্রভাব দূর করার জন্য নিম্নলিখিত মিলকরণ প্রয়োজন—

সম্ভাবের মূল্যায়ন	মুনাফার উপর অভাব	অযোজনীয় মিলকরণ
(a) প্রারম্ভিক সম্ভাবের কম মূল্যায়ন (Under Valued) হলে	মুনাফা হ্রাস পাবে।	প্রকৃত মূল্য ও বইতে লিখিত মূল্যের অন্তরফল বাদ দিতে হবে।
(b) অস্তিম সম্ভাবের কম মূল্যায়ন (Under Valued) হলে	মুনাফা হ্রাস পাবে।	ওই অন্তরফল মুনাফার সঙ্গে যোগ হবে।
(c) প্রারম্ভিক সম্ভাবের অধিক মূল্যায়ন (Over Valued) হলে	মুনাফা হ্রাস পাবে।	ওই অন্তরফল মুনাফার সঙ্গে যোগ হবে।
(d) অস্তিম সম্ভাবের অধিক মূল্যায়ন হলে	মুনাফা হ্রাস পাবে।	ওই অন্তরফল মুনাফা থেকে বাদ দিতে হবে।

6.8 মালিকের নিজের ব্যবহারের জন্য উত্তোলিত পণ্য

মালিক নিজের ব্যবহারের জন্য ব্যাবসা থেকে পণ্য উত্তোলন করলে তার মূল্যায়ন অবশ্যই ক্রয়মূল্যে করতে হবে। এক্ষেত্রে বাজার মূল্য বিবেচনা করা যাবে না। যদি ওই উত্তোলিত পণ্য বাজার মূল্যে দেখানো হয় তবে মুনাফা থেকে বাজারমূল্য ও ক্রয়মূল্যের অন্তরফলটি বাদ দেবেন। এখানে উল্লেখ্য যে বিক্রয়ের ক্ষেত্রে দু'জন বাণিজ থয়েজন—ক্রেতা ও বিক্রেতা। মালিক নিজের ব্যাবসার পণ্য নিজের ব্যবহারের জন্য গ্রহণ করলে সেখানে দু'জন বাণিজ উপস্থিতি পাওয়া যায় না।

6.9 ব্যাবসা থেকে আয় বা মুনাফা নির্ণয়ের পদ্ধতি

Computation of Business Income of Mr. X, a resident individual for the Assessment year 2006-2007 relating to the previous year 2005-2006.

Particulars	Rs.	Rs.
Profit as per Profit & Loss A/c		***
Add : Expenses debited to Profit and Loss A/c but not admissible under the Act.		
(i) All Provisions and Reserves	***	
(ii) All Capital expenses		***

Particulars	Rs.	Rs.
(iii) All personal expenses (Interest on Capital, Salary of Proprietor)	***	
—কোন শ্রেণির করদাতাদের ক্ষেত্রে এই ছাড় প্রযোজ্য? সবশ্রেণির করদাতাদের ক্ষেত্রে প্রযোজ্য।

9.2.8 প্রদত্ত ভাড়ার ব্যাপারে ছাড় (Deduction in respect of rents paid) [ধারা 80GG]

এই ধারা একক ব্যক্তি এবং হিন্দু অবিভক্ত পরিবারের ক্ষেত্রে প্রযোজ্য।

যে সকল কর্মচারী গৃহ-ভাড়া ভাতা পায় না এবং পেশা অথবা ব্যবসায় নিযুক্ত কোনও ব্যক্তি যদি সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে বাসগৃহের জন্য ভাড়া দিয়ে যাচ্ছেন, তাহলে নিম্নলিখিত দৃটি শর্তসাপেক্ষে তাঁরা 80GG ধারানুযায়ী কর ছাড় পাবেন অর্থাৎ তাঁর মোট আয় থেকে এই ধারানুসারে প্রযোজ্য অংকটি বাদ যাবে।

■ শর্তগুলি হল :—

(1) কর নির্ধারী তাঁর নিয়োগকারীর কাছ থেকে বাড়িভাড়া বাদ কোনও সুবিধা পান না।

(2) কর নির্ধারী অথবা তাঁর স্ত্রী অথবা স্বামী অথবা নাবালক সন্তান, অথবা যেক্ষেত্রে কর নির্ধারী কোনও হিন্দু অবিভক্ত পরিবারের সদস্য সেক্ষেত্রে সেই পরিবার, যেখানে কর নির্ধারী বসবাস করেন বা চাকুরি করেন বা ব্যবসা বা পেশায় লিপ্ত আছেন সেখানে কোনও গৃহসম্পত্তির মালিক নন।

কর নির্ধারীর যদি অন্য কোনও স্থানে গৃহসম্পত্তি থাকে ও তিনি ওই গৃহসম্পত্তির জন্য ধারা 23(2)(a)(i) অনুসারে নিজের বসবাসের জন্য ছাড় চেয়ে থাকেন, তাহলে তিনি এই ছাড় পাবেন না।

(3) অতিক্ষেত্রে করদাতা যদি তার মোট আয়ের 10%-এর বেশি এবং আগ্রা, আমেদাবাদ, এলাহাবাদ, অমৃতসর, মুম্বই, ব্যাঙ্গালোর, বরোদা, বারানসী, বিশাখাপত্নম, ভূপাল, কলিকাতা, কালিকট, কোয়েস্টাচৌর, কোচিন, দিল্লি, ফরিদাবাদ, গোয়ালিয়ার, হায়দ্রাবাদ, হুবলী-ধারওয়ার, ইন্দোর, জবালপুর, জয়পুর, কানপুর, লক্ষ্মী, লুধিয়ানা, চেমাই, মাদুরাই, নাগপুর, পাটনা, পুনে, ঝীনগ়াৰ, সুৱাট, শোলাপুর অথবা ত্রিবান্দাম শহরগুলিতে অবস্থিত বাসগৃহের জন্য ভাড়া দেওয়া হয়।

■ কর নির্ধারী 80GG ধারা অনুসারে সর্বোচ্চ কত ছাড় পেতে পারেন ?

—নিম্নলিখিত তিনটি বিকল্পের মধ্যে যেটি সবথেকে কম :—

(1) অতিরিক্ত প্রদত্ত ভাড়া [প্রদত্ত ভাড়া মোট আয়ের 10% শতাংশ তাপেক্ষা যতখানি বেশি]

(2) মোট আয়ের 25% (এ ক্ষেত্রে মোট আয় বলতে এই ছাড় বাদে অন্যান্য যাবতীয় ছাড় বাদ দিয়ে যে মোট রায় হবে, তাই বুঝাবে)

(3) মাসিক 2000 টাকা।

9.2.9 অন্ধ বা বিকলাঙ্গ ব্যক্তিদের ক্ষেত্রে ছাড় [ধারা 80U]

■ ধারা 80U অনুযায়ী ছাড় পেতে হলে নিম্নলিখিত শর্তগুলি পূরণ করতে হবে—

(a) নির্ধারী অবশ্যই ভারতে আবাসিক স্থত্ত্ব ব্যক্তি হবেন।

(b) তিনি সম্পূর্ণ বা আংশিক অন্ধ বা তার শারীরিক অক্ষমতা CBDT কর্তৃক অনুমোদিত,

(c) তিনি তার প্রথম নির্ধারণ বছরে তার শারীরিক অক্ষমতা বা সম্পূর্ণ অন্ধত্ব যদি হোক না কেন সে সম্পর্কে কোনও নিবন্ধনভুক্ত চিকিৎসক বা চক্ষুরোগ বিশেষজ্ঞের কাছ থেকে নির্ধারণ অধিকারিকের কাছে প্রমাণপত্র দাখিল করেছেন।

■ ধারা 80U অনুসারে অক্তৃত ছাড়ের পরিমাণ—

বছরে সর্বোচ্চ 50,000 টাকা পর্যন্ত ছাড় পাওয়া যাবে।

9.2.10 80C থেকে 80U ধারাগুলির প্রয়োজনীয় ছাড়সমূহ

ধারা	ছাড়যোগ্য বিষয়	ছাড়ের অঙ্ক
80CCC	LIC অথবা UTI-এর পেনশন প্রকল্পে অদন্ত বা জমা-রাশির উপর, অক্তৃত অঙ্ক অদান	প্রদত্ত-জমা অঙ্ক অথবা 10,000 টাকার মধ্যে যেটি কম অঙ্কের।
80D	সাধারণ বিমার (G.I.C) Medi-claim প্রকল্পে চিকিৎসা বিমা খাতে অদান, অন্য খরচ বাবদ	অক্তৃত অঙ্ক প্রদান অথবা বার্ষিক 10,000 টাকা প্রদান-এ দুটির মধ্যে যেটি কম (প্রবীণ করদাতার ক্ষেত্রে সর্বোচ্চ 15,000 টাকা)।
80DD	নির্ভরশীল স্থায়ী দৈহিক প্রতিবন্ধী (অন্ধত্ব ও যুক্ত) আঙ্গীয়েরা শুধুমাত্র সমেত চিকিৎসা এবং ভরণ পোষণের জন্য খরচ বাবদ	বছরে 50,000 টাকা পর্যন্ত।
80DDB	পর্যন্ত কর্তৃক নির্দেশিত নির্দিষ্ট কয়েকটি রোগের চিকিৎসার জন্য খরচ	সাধারণের ক্ষেত্রে বছরে 40,000 টাকা, বছরে 60,000) টাকা প্রবীণ করদাতার ক্ষেত্রে।
80E	উচ্চশিক্ষার্থে গৃহীত ঋণ সুদসহ পরিশোধের জন্য	অক্তৃত সুদের অর্থ
80G	নিম্নলিখিত দানের ক্ষেত্রে :	
	(i) জাতীয় প্রতিরক্ষা তহবিল (National Defence Fund); (ii) জওহরলাল নেহরু স্মৃতি তহবিল (Jawaharlal Nehru Memorial Fund); (iii) প্রধানমন্ত্রীর জাতীয় খরা ত্রাণ (Prime Minister's Drought Relief Fund) তহবিল, (iv) জাতীয় শিশু তহবিল, (National Children Fund); (v) Indira Gandhi Memorial Trust; (vi) Rajib Gandhi Foundation;	

- (vii) Africa Fund : for Public contribution in India : ভারতে জনসাধারণ প্রদত্ত আফ্রিকা তহবিল;
- (viii) ন্যাশনাল ফাউন্ডেশন ফর কমিউনাল হারমনি;
- (ix) অনুমোদিত বিশ্ববিদ্যালয়-শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট তহবিল;
- (x) জাতীয় রোগ সহায়ক তহবিল (National illness Assistance Fund);
- (xi) অন্ধপ্রদেশ মুখ্যমন্ত্রীর সাইক্লোন ভ্রাণ তহবিল (The Andhra Pradesh Chief Ministers Cyclone Relief Fund '96.];
- (xii) যে কোনও রাজ্যের (মুখ্যমন্ত্রী/রাজ্যপাল) উভিশাসহ ভ্রাণ তহবিল;
- (xiii) জাতীয় ক্রীড়া ও সংস্কৃতিক তহবিল;
- (xiv) প্রধানমন্ত্রীর জাতীয় ভ্রাণ তহবিল (কারণিল যুধ তহবিল সহ);
- (xv) প্রধানমন্ত্রীর Armenia Earthquake (ভূমিকম্প) Relief fund;
- (xvi) জেলা স্বাক্ষরতা সমিতিকে থদান;
- (xvii) কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠিত কারিগরি উন্নয়ন সম্বন্ধীয়;
- (xviii) ন্যাশনাল ব্লাড ট্রান্সফিউশান কাউন্সিল/সেটেট কাউন্সিল সহ (National Blood Transfusion Council এবং State Councils for Blood transfusion);
- (xix) সরকার, স্থানীয় খায়াতশাসন কর্তৃপক্ষ বা অন্য কোন সংস্থার পরিচালনায় পরিবার পরিকল্পনার উন্নতির জন্ম;
- (xx) কেন্দ্রীয় সরকার অনুমোদিত Rural Development Fund;
- (xxi) বৈজ্ঞানিক গবেষণা-সংকাত প্রকল্প;
- (xxii) ভারতে প্রতিষ্ঠিত এবং সরকার অনুমোদিত কোনও দাতব্য প্রতিষ্ঠান তহবিল;
- (xxiii) শীকৃত মন্দির মসজিদ গীর্জা অথবা গুরুদ্বার রাষ্ট্রীয়বেশ্বরণ বা মেরামতের জন্ম;
- (xxiv) সংখ্যালঘু সমাজ সদস্যদের উন্নয়নকলে প্রতিষ্ঠিত কোনও কর্পোরেশনকে প্রদান ও নগদে দানই বিবেচ্য;

প্রথমে

Qualifying Amount : i নং থেকে xviii নং দানের ক্ষেত্রে দানের সর্বটা এবং xix নং থেকে xxiv নং দানের উর্ধ্বতম সীমা মোট আয়ের 10% মোট আয়ের ক্ষেত্রে দীর্ঘকালীন মূলধনি লাভের আয় ধরা হয় না; 80G ধারার দান ছাড়া অন্যান্য 80 ধারার ছাড়গুলি বাদ।

বিতীয়

vii নং থেকে xix-এর(ক্ষেত্রে Q₀ Amount-এর 100% এবং অন্যান্য নং এর ক্ষেত্রে Q₀ Amount এর 50%)

80 GG কোনও কর নির্ধারী ব্যক্তি বিশেষ যখন বাড়ি ভাড়া পান না, নিজস্ব বাড়ির অধিকারী নম অথচ ভাড়া বাড়িতে থাকার জন্য ভাড়া প্রদান করেন : সর্বমোট আয়ের (G.T.I) থেকে 80CCC থেকে 80U ছাড়সমূহ (80 GG বাদে) বাদ দেবার পর মোট আয়ের 25% বা মাসিক 2000 টাকা হারে বা প্রদত্ত বাড়ি ভাড়ার উপর মোট আয়ের 10% উদ্বৃত্ত অঙ্ক তিনটির মধ্যে যা ক্ষুদ্রতম সেটি বাদযোগ্য।

9.3 সমগ্র মোট আয় থেকে বাদযোগ্য ছাড়ের উদাহরণ

- ধারা 80G অনুযায়ী করনির্ধারী যে ছাড় পেয়ে থাকেন সেই সম্পর্কে একটি উদাহরণ :

উদাহরণ : (1) Mr. A. submits the following particulars for the assessment year 2006-2007

	Rs.
Bank Interest	12,700
Income from business	62,500
Income from house property	42,000
Donation made to :	
Approved Charitable Institution	13,500
Prime Minister's National Relief Fund	3,000
Prime Minister's Drought Relief Fund	4,000

Compute his total income for the relevant assessment year.

সমাধান :

Computation of total income of Mr. A. for the assessment year 2006-2007

	Rs.
Income from house property	42,000
Income from business	62,500
Income from other sources :	
Bank Interest	12,700
GROSS TOTAL INCOME	1,17,200
Less : Deduction u/s 80G (Please see Working Notes 1)	10,860
TOTAL INCOME	1,06,340

Working Notes No (1)

Calculation showing amount of deduction u/s 80G

Nature of Donation	Actual amount (Rs.)	Qualifying amount (Rs.)	Rate of deduction (%)	Amount of deduction (Rs.)
1) Donation of Prime Minister's Drought Relief Fund	4,000	4,000	50	2,000
2) Donation to Prime Minister's National Relief Fund	3,000	3,000	100	3,000
3) Donation to approved Charitable Institution [Such donation qualifies for deduction subject to a maximum of 10% of adjusted gross total income of Rs. 1,17,200 i.e. Rs. 11,720]	13,500	11,720	50	5,860
				10, 860

- A problem on Deduction under Section 80 GG

উদাহরণ : (2) From the following information calculate the amount of deduction u/s 80 GG.

The Gross total income of Mr. A for the assessment year 2006-2007 is Rs. 1,42,000 consisting of business income of Rs. 1,28,000 and bank interest of Rs. 14,000 Mr. A stays in a rented house in Calcutta paying a monthly rent of Rs. 1,200. Calculate the amount deductible under section 80GG (Assume all conditions prescribed in this section are fulfilled).

সমাধান : Computation of the amount of deduction under section 80GG

Rs.

Least of the following to be treated as deduction :

- (a) Excess of rent paid over 10% of total income
(Gross total income as reduced by the deductions admissible under chapter VIA except under Section 80GG)
[Rent paid : Rs. 14,400–10% of Rs. 1,42,000 (G.T.I Rs. 1,42,000)] 200
- (b) 25% of total income i.e., 25% of Rs. 1,42,000 35,500
- (c) Maximum : Rs. 2000 per month 24,200

Rs. 200 being the least, is deductible under section 80GG.

- A problem showing therein Deduction u/s 80D

উদাহরণ : (3) From the following particulars in relation to the financial year 2005, 2006, Compute taxable income of Mr-X for the Assessment year 2006-2007.

Salaries	Rs. 70,000
Professional tax paid	Rs. 1,000
Income from House Property	Rs. 27,000
Interest on Fixed Deposits with Nationalised Bank	Rs. 8,000
Investment in shares of X & Co	Rs. 24,000
Life Insurance Premium paid (Policy value Rs. 1,00,000)	Rs. 8,000
Medical Insurance Premium (Paid to General Insurance Corporation)	Rs. 12,000

সমাধান : Computation of Taxable Income of Mr. X, a resident individual for the Assessment year 2006-2007.

	Rs.	Rs.
(i) Income from Salaries		70,000
Less : Professional Tax paid u/s 16(iii)		1,000
69,000		
(ii) Income from House Property		27,000
(iii) Income from other sources u/s 56 :		
Interest on Fixed Deposits		8,000
GROSS TOTAL INCOME		1,04,000
Less. Deduction u/s 80C (LIP)	8,000	
Less. Deduction u/s 80D		
(Maximum Rs. 10,000)	10,000	18,000
TAXABLE INCOME		86,000

- A problem showing therein Deduction u/s 80G

উদাহরণ : (4) Mr. A. K. Sen. a resident individual, submits the following particulars his income for the Assessment year 2002-2003.

	Rs.
Income from Salary (Computed)	30,000
Income from House property (Computed)	20,000
Dividend from foreign company	5,000
Interest on Bank Deposit	3,000
Own Contribution to RPF	4,000
LIC premium paid on own Life	3,000
Donation to Prime Minister's Drought Relief Fund	4,000
Donation to National Defence Fund	5,000
Donation of rice to an approved institution	2,000
Donation to National Children's Fund	150
Donation to Central Government for promoting family planning	1,000
Donation to zilla Saksharta Samity	1,000
Compute his taxable income for the Assessment year 2006-2007.	

সমাধান : Computation of taxable income of Mr. A.K.Sen, a resident individual for the Assessment year 2006-2007.

	Rs.	Rs.	Rs.
Income from Salary (Computed)		30,000	
Income from House Property (Computed)		20,000	
Income from other sources :			
Dividend from foreign company	5,000		
Interest on Bank Deposit	3,000		
		8,000	58,000
Less : Deductions :			
Under Section 80C			
Under Section 80G		7,000	
50% of Rs. 9150 (5000 + 4000 + 150)	4,575		
100% of Rs. 2000	2,000		
		6,575	13,575
TAXABLE INCOME			44,425
Rounded off u/s 288A			44,430

Notes : Deduction u/s 80C :

Own Contribution of RPF =	Rs. 4,000
L.I.P paid =	Rs. 3,000
	Rs. 7,000

(i) Donation of rice is not eligible for deduction for deduction u/s 80G.

• A problem showing therein Deduction u/s 80D and 80GG

উদাহরণ : (6) From the following particulars of Mr. A. K. Basu Compute his taxable income for the Assessment year 2006-2007

Income from Salary Rs. 40,000 ; interest on bank deposit Rs. 5,000 ; Interest from fixed deposit with a Public Limited Co. Rs. 2,000 ; Dividend from an Indian Company Rs. 6,000 and interest on 10% Debentures of Indal Ltd. Rs. 4000 (Gross). He pays house rent @ Rs. 1200 p.m for a house in Ajimgarh but does not receive any house rent allowance from his employer. He does not own any house to live in. He paid the following amounts during 2005-2006.

- (i) Life Insurance Premium Rs. 3000.
- (ii) Life Insurance Premium on Jeeban Akshay Policy Rs. 4,000.
- (iii) Contribution to Public Provident Fund Rs. 2,000
- (iv) Own Contribution to Recognised Provident Fund Rs. 5,000
- (v) Medical Insurance under the Scheme 'Mediclaim' Rs. 2,000.

সমাধান : Computation of Taxable Income of Mr. A. K. Basu, for the Assessment year 2006-2007.

	Rs.	Rs.
(i) Income from Salaries Income from Salary		40,000
(ii) Income from other sources u/s 56 :		
(a) Interest on Bank deposits	5,000	
(b) Interest on Fixed deposit with a Company	2,000	
(c) Dividend from an Indian Company	Nil	
(d) Interest on Debentures of Indal Ltd.	4,000	11,000
GROSS TOTAL INCOME		51,000
Less. Deduction u/s 80C (2000 + 3000 + 4000 + 5000)	14,000	
Less : Deduction u/s 80D	2,000	16,000
		35,000
Less : Deduction u/s 80 GG (14,400 - 3,500)		
Least of the following		
(i) Rs. 2,000 p.m.	24,000	
(ii) 25% of total income ($\frac{1}{4} \times 35000$)	8,750	
(iii) Rent paid (-) 10% of total income	10,900	8,750
Taxable Income		26,250

9.4 সারাংশ

আগের পর্যায়গুলিতে আপনি মোট আয় নির্ধারণ করেছেন। এই এককটিতে আপনি জানতে পেরেছেন মোট আয় থেকে 80-র বিভিন্ন ধারা অনুযায়ী বাদযোগ্য ছাড়। অর্থাৎ সমগ্র মোট আয় থেকে 80CCC থেকে 80U ধারা অনুযায়ী ছাড় বাদ দেওয়ার পর যা অবশিষ্ট থাকে তাকে করযোগ্য আয় (Taxable Income) বলা হবে। আপনাকে সবসময় এই করযোগ্য আয় নির্ণয় করতে হবে।

9.5 অনুশীলনী

(A) সংক্ষিপ্ত প্রশ্ন :

- (1) ধারা 80G অনুসারে করনির্ধারী সর্বোচ্চ কত ছাড় পেতে পারেন?
- (2) ধারা 80GG-তে করনির্ধারীকে কেন ছাড় দেওয়া হয়?
- (3) 80GG ধারাতে সর্বোচ্চ ছাড়ের সীমা কত?
- (4) কোন কোন শ্রেণির করদাতাদের ক্ষেত্রে 80GG ধারা প্রযোজ্য?

(B) বিশদ প্রশ্ন :

- (1) ধারা 80D-তে সর্বোচ্চ ছাড়ের সীমা কত? কোন কোন শ্রেণির করদাতাদের ক্ষেত্রে এই ধারা প্রযোজ্য? কেন এই ছাড় দেওয়া হয়?

(C) ব্যবহারিক প্রশ্নাবলী (Practical Problem)

- (1) Mr. A. কলকাতায় একটি বেসরকারি সংস্থায় নিযুক্ত আছেন। তিনি পূর্ববর্তী বছর 2005-2006 জন্য তাঁর আয় ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্যের নিম্নলিখিত বিবরণ পেশ করেছেন :
 - (i) মূল বেতন 1,00,000 টাকা, (ii) মহার্ঘভাতা 50,000 টাকা, (iii) চিকিৎসা ভাতা 2,500 টাকা, (iv) বাড়িভাড়া ভাতা 8,400 টাকা, (v) অফিস ও বাস্তিগত উভয় উদ্দেশ্যে ব্যবহারের জন্য নিয়োগকর্তা 8 অঞ্চলিক সম্পন্ন একটি গাড়ি দিয়েছেন। উক্ত গাড়ির সমষ্টি খরচ নিয়োগকর্তা বহন করেন, (vi) নিয়োগকর্তা Mr. A. এর পক্ষে নিম্নলিখিত অর্থ প্রদান করেছেন (a) জীবনবিমা প্রিমিয়াম 6,000 টাকা, (b) বৃক্ষিকর 1,000 টাকা, (c) টেলিফোন খরচ 3,500 টাকা, (vii) তিনি ব্যাংক থেকে সুদ 9,700 টাকা এবং UTI থেকে লভাংশ 13,300 টাকা অর্জন করেছেন। (viii) তিনি কলকাতায় একটি ভাড়া বাড়িতে বসবাস করেন এবং এজন্য তিনি মাসিক 2,000 টাকা হারে ভাড়া প্রদান করেন। নির্ধারণ বছর 2006-2007-এর জন্য তাঁর মোট আয় প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করেন।

(2) Mr. A. K. Basu কলকাতায় একটি বেসরকারি প্রতিষ্ঠানে 1990 সাল থেকে ঢাকুরি করছেন।
 মার্চ 31,2006 তারিখে শেষ হওয়া বছরের জন্য তিনি নিম্নলিখিত বিবরণ পেশ করেছেন :

- (i) মূল বেতন মাসিক 7,000 টাকা, (ii) মহার্ঘভাতা মাসিক 3,250 টাকা, (iii) আপ্যায়ন ভাতা মাসিক 600 টাকা (প্রকৃত খরচ 3,700 টাকা), (iv) অমগভাতা 3,500 টাকা (অফিসের জন্য ব্যয় হয় 65%) (v) বসবাসের জন্য নিয়োগকর্তা কলকাতায় বিনাভাড়ায় একটি বাসস্থান দিয়েছেন যার ন্যায্য ভাড়া মাসিক 2,700(টাকা), (vi) তিনি স্বীকৃত ভবিষ্যন্তিতে 15,000 টাকা জমা দেন এবং নিয়োগকর্তাও সমপরিমাণ অর্থ জমা দেন। বার্ষিক 13.5% হারে সুদ ধার্য করে এবছর এই তহবিলে সুদ হিসাবে 6,750 টাকা ক্রেডিট করা হয়েছে। (vii) তিনি ভারতীয় কোম্পানি থেকে লভ্যাংশ বাবদ 14,200 টাকা, পোস্ট অফিস সেভিংস ব্যাংক জমা থেকে সুদ বাবদ 6,300 টাকা এবং লটারি থেকে নিট 16,000 টাকা (40% হারে কর বাদে) আয় করেছেন। (viii) তিনি জাতীয় সঞ্চয় স্টার্টফিল্ডেট (অষ্টম পর্যায়)-এ 12,000 টাকা এবং SBI এর থায়ী আমানতে 16,000 টাকা লম্বি করেছেন। (ix) তিনি তাঁর জীবনের উপর জীবন বিমার প্রিমিয়াম বাবদ 7,900 টাকা এবং তাঁর স্ত্রীর জীবনের উপর জীবন বিমার প্রিমিয়াম বাবদ 2,400 টাকা প্রদান করেছেন। (x) তিনি পরিবার পরিকল্পনার উন্নয়নের জন্য সরকারকে 2,500(টাকা দান করেছেন। (xi) তিনি আমেরিকায় নিবন্ধীকৃত একটি কোম্পানি থেকে 8,900(টাকা লভ্যাংশ পেয়েছেন, (xii) প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ তহবিলে তিনি 5,000 টাকা দান করেছেন, (13) তিনি তাঁর বিবাহিতা কন্যার জীবনের উপর জীবন বিমার প্রিমিয়াম 12,000 টাকা প্রদান করেছেন।
 নির্ধারণ বছর 2006-2007 এর জন্য তাঁর মোট আয় ও ঔদ্যে করের পরিমাণ নির্ধারণ করুন।

9.6 উত্তর সংকেত

- (A) 1. 9.2.6
- ‘ 2. 9.2.7
- 3. 9.2.7
- 4. 9.2.7
- (B) 1. 9.2.8
- 2. 9.2.2

9.7 গ্রন্থপঞ্জী

- (A) আয়কর পরিচয়—ডি. কে. চক্ৰবৰ্তী
- (B) Law and Practice of Direct Tax—C. H. Sengupta.

একক 10 □ কর থেকে অব্যাহতি

গঠন

10.0 উদ্দেশ্য

10.1 প্রস্তাবনা

10.2 যতদ্রু ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য করের হার

10.3 কর থেকে অনুমোদিত অব্যাহতি [ধারা 89(I)]

10.3.1 নির্ধারী যখন কোনও বকেয়া বেতন বা অগ্রিম বেতন পান তার জন্য অব্যাহতি।

10.3.2 খাপ্ত আনুভোবিকের জন্য অব্যাহতি।

10.3.3 ছাঁটাইয়ের জন্য শ্ফটিপূরণ বাবদ অব্যাহতি।

10.3.4 অবসর বৃত্তির নিষ্ক্রীত মূল্যের জন্য অব্যাহতি।

10.4 সারাংশ

10.5 অনুশীলনী

10.6 উত্তর সংকেত

10.7 গ্রাথপঞ্জী

10.0 উদ্দেশ্য

এই এককটি পড়ে তাপনি

- করযোগ্য আয় থেকে নির্ধারীর করদায় বা দেয় করের পরিমাণ নির্যাপ্ত করতে পারবেন এবং
- করদায় বা দেয় করের পরিমাণ থেকে নির্ধারী কর পরিমাণ কর রেহাই [ধারা 88, 89 (1)] পাবেন তা নির্যাপ্ত করতে পারবেন।

10.1 প্রস্তাবনা

আমাদের দৈনন্দিন জীবনে বাংসরিক আয়ের উপর কর নির্ধারণ একটি গুরুত্বপূর্ণ বিষয়। এই কর হল সরকারের মূল আয়। সুতরাং সঠিকভাবে কর নির্ধারণ করতে হবে। আগের পর্যায়ের এককগুলিতে আপনি মোট করযোগ্য আয় (taxable income) নির্ণয় করেছেন। কিন্তু এর পরে এই করযোগ্য আয়ের উপর করের পরিমাণ নির্ণয় করতে হবে। করযোগ্য আয় নির্ণয় করতে পূর্ববর্তী বছরের নির্ধারী কয়েকটি নির্দিষ্ট খাতে সংজ্ঞয় করলে সর্বোচ্চ 1,00,000 টাকা পর্যন্ত ছাড় দেওয়া হয়।

2.2 স্বতন্ত্র ব্যক্তির ক্ষেত্রে থ্রোজ্য করের হার (নির্ধারণ বছর 2006-2007)

কর নির্ধারী ব্যক্তি বিশেষের বিভিন্ন খাতে আয় নির্ধারণের পর করযোগ্য আয় (Taxable income) বের করার বিষয়টি আসে। বিভিন্ন খাতের আয়গুলি যোগ করতে হয় এবং মোট আয় পাওয়া যায়। মোট আয় থেকে 80 ধারার বিভিন্ন ছাড়গুলি (যে গুলি থ্রোজ্য) বাদ যায় এবং বাদ দেবার পর যে আয় পাওয়া যায় সেই আয়ই করযোগ্য আয়। করযোগ্য আয়ের উপর নিম্নলিখিত হার অনুযায়ী করের পরিমাণ নির্ধারণ করতে হয়।

নির্ধারণ বছরে (assessment year 2006-2007) করনির্ধারী ব্যক্তি বিশেষ ক্ষেত্রে করের হার :—

- | | |
|--|-------|
| (i) করযোগ্য আয় 1,00,000 টাকা পর্যন্ত | |
| (on taxable income upto Rs. 1,00,000) | Nil |
| (ii) করযোগ্য আয়ের পরবর্তী 50,000 টাকার উপর | |
| Rs. 1,00,000 – Rs. 1,50,000 | |
| (on next Rs. 50,000 of taxable income) | @ 10% |
| (iii) করযোগ্য আয়ের পরবর্তী 1,00,000 টাকার উপর | |
| Rs. 1,50,000 – Rs. 2,50,000 | |
| (on next Rs. 1,00,000 of taxable income) | @ 20% |
| (iv) করযোগ্য আয়ের বাকি অঙ্কের উপর | |
| Above Rs. 2,50,000 | @ 30% |
| (on the balance of taxable income) | |

উপরোক্ত হারে নির্ধারিত কর থেকে কর নির্ধারণের সময় প্রথমে কর রেহাই (Relief) বাদ দিতে হবে। এবং তার পরে অতিরিক্ত শিক্ষা শুল্ক ('Educational Cess') 2% হারে যোগ দিলে দেয় কর পরিমাণ (Net income tax payable) পাওয়া যায়।

যদি করযোগ্য আয় 10,00,000 টাকার বেশি হয় তবে 10% হারে অতিরিক্ত শুল্ক (Surcharge) প্রদান করতে হবে।

উদাহরণ 1 : Mr. X. বয়স 70 বছর, আয়-সংক্রান্ত নিম্নলিখিত বিবরণ পেশ করেছেন। Mr. X.-এর করযোগ্য আয় ও দেয় করের পরিমাণ নির্ধারণ করুন 2006-2007 নির্ধারণ বছর।

	Rs.
(1) Long-term Capital gain (দীর্ঘকালীন মূলধনি লাভ)	40,000
(2) Other income (অন্যান্য আয়)	2,70,000
(3) Contribution to Public Provident Fund (সর্বজনীন ভবিষ্যন্বিত তহবিলে প্রদান)	15,000
(4) Payment by cheque for Insurance on the health of the self (স্বাস্থ্যের অসুস্থতাজনিত সুরক্ষা বিমা প্রদান)	10,000

সমাধান

Computation of taxable income of Mr. X, a resident individual, for the assessment year 2006-2007 relating to previous year 2005-2006.

Rs.	Rs.	Rs.
(i) Income for Capital Gain Long term Cap. Gain		40,000
(ii) Income from other Sources G.T.I (Gross total income)		2,70,000
<i>Less. Deduction /s 80C</i>	15,000	3,10,000
<i>Less. Deduction u/s 80D</i>		
(Statutory limit Rs. 15,000 [for senior citizen])	10,000	
Total Income		25,000
		2,85,000

Tax Liability of Mr. X for the assessment year 2006-2007 relating to Previous year 2005-2006.

Tax on total income excluding longterm Capital Gain (Rs. 2,85,000 - 40,000 = Rs. 2,45,000)	
Statutory Limit Rs. 1,85,000	Nil
from Rs. 1,85,000 - 2,45,000 @ 20%	12,000
Tax on long term Capital gain (@ .% on Rs. 40,000)	8,000
	<hr/>
Add : Educational cess @ 2% on Rs. 20,000	20,000
Tax Payable	400
	<hr/>
	20,400

উদাহরণ 2. Mr. Manish Ghosh's Taxable Income before deductional u/s 80C for the financial year 2005-2006 is Rs. 4,90,000. Tax deducted at source is Rs. 200 per month. Compute his Tax Liability for the Assessment year 2006-2007.

His contribution to : RPF Rs. 9,000. PPF Rs. 10,000. He invested in NSC (VIIth issue) Rs. 10,000. LIP paid Rs. 4,000. He is 69 years of age.

সমাধান :

Computation of Tax liability for the A.Y 2006-2007

	Rs.
On Rs. 1,85,000	NIL
On Rs. 65,000 → 20% (from Rs. 1,85,000 - 2,50,000)	13,000
On Rs. 2,07,000 → 30% from Rs. 2,50,000 - 4,57,000	6,21,000 75,100
Add. Educational cess (2% on Rs. 75,100)	1,502
Tax payable	76,602
Rounded off 288B	78,600
Taxable Income before deduction u/s 80C	4,90,000
<i>Less. Deduction u/s 80C (9000 + 10,000 + 10,000 + 4,000)</i>	33,000
Taxable Income	4,57,000

10.3 কর থেকে অনুমোদিত অব্যাহতি—[ধারা 89(1)]

যদিও কোনও নির্ধারীর বকেয়া বেতন বা অগ্রিম বেতন বা একটি পূর্ববর্তী বছরে 12 মাসের বেশি বেতন প্রদত্ত হয় অথবা ধারা 17(3) অনুসারে বেতনের পরিবর্তে মুনাফা Profit in lieu of Salary বাবে আয় প্রদান হয়, তবে উক্ত নির্ধারী ধারা 89(1) অনুযায়ী অব্যাহতি দাবী করতে পারেন। এই অব্যাহতি পাওয়ার জন্য নির্ধারীকে নির্ধারণ আধিকারিকের কাছে আবেদন পেশ করতে হয়। আধিকারিক নির্ধারীকে পূর্ববর্তী বছরগুলির (বকেয়া বেতন যে বছরগুলির সঙ্গে সম্পর্কযুক্ত) প্রকৃত মোট আয়ের তথ্য সম্বলিত বিবৃতি পেশ করার নির্দেশ দিতে পারেন। এই উদ্দেশ্যে আধিকারিক ধারা 148 অনুযায়ী কোনও নোটিশ দেবেন না বা পূর্ববর্তী বছরগুলির জন্য কোনও আয়ের রিটার্ন দাখিল করতে বলবেন না। এই উদ্দেশ্যে নির্ধারীকে From No 10E যথাযথভাবে পূরণ করতে হবে এবং তা নিয়োগকর্তার কাছে পেশ করতে হবে।

ধারা 89(1) এবং বিধি 21A অনুযায়ী অব্যাহতির পরিমাণ নির্ধারণ করার পদ্ধতি আলোচনা করা হল।

10.3.1 নির্ধারী যখন কোনও বকেয়া বেতন বা অগ্রিম বেতন পান—তার জন্য অব্যাহতি (Relief when salary is received in arrears or in advance) [বিধি 21A(2)]

যখন কোনও নির্ধারী কোনও পূর্ববর্তী বছরে কোনও বকেয়া বেতন বা অগ্রিম বেতন পান, তখন এই অতিরিক্ত বেতনের জন্য অব্যাহতির পরিমাণ নিম্নলিখিতভাবে নির্ধারণ করা হবে।

- (i) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের অতিরিক্ত বেতনসহ মোট আয়ের উপর প্রদেয় কর নির্ধারণ করতে হবে।
- (ii) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের অতিরিক্ত বেতন বাদে মোট আয়ের উপর প্রদেয় কর নির্ধারণ করতে হবে।
- (iii) উল্লেখিত (i) এবং (ii)-তে নির্ধারিত করের পার্থক্য নিরূপণ করতে হবে।
- (iv) যে পূর্ববর্তী বছরের জন্য অতিরিক্ত বেতন পাওয়া যায়; সেই বছরের অতিরিক্ত বেতন সহ মোট আয়ের উপর প্রদেয় কর নির্ধারণ করতে হবে।
- (v) যে পূর্ববর্তী বছরের জন্য অতিরিক্ত বেতন পাওয়া যায়, সেই বছরের অতিরিক্ত বেতন বাদে মোট আয়ের উপর প্রদেয় কর নির্ধারণ করতে হবে।
- (vi) উল্লেখিত (iv) এবং (v)-তে নির্ধারিত করের পার্থক্য নিরূপণ করতে হবে।
- (vii) উল্লেখিত (vi)-তে নির্ধারিত কর অপেক্ষা (iii)-এ নির্ধারিত করের পরিমাণ যতটা বেশি, ততটাই হবে অব্যাহতির পরিমাণ। এক্ষেত্রে মনে রাখা দরকার যে, (iii)-এ নির্ধারিত করের পরিমাণ যদি কম হয় তাহলে নির্ধারী কোনও অব্যাহতি পাবে না।

10.3.2 থান্ত্র আনুতোষিকের জন্য অব্যাহতি (Relief in respect of gratuity) [চিত্র 21A(3)]

নির্ধারী যদি ৫ বছর বা তার বেশি বছর চাকুরি করার সুবাদে কোনও আনুতোষিক পেয়ে থাকেন,

তবে প্রাণ্ত আনুতোষিকের কিছু অংশ বা সম্পূর্ণটাই ধারা 10(10) অনুযায়ী তিনি ছাড় পরেন। এক্ষেত্রে নির্ধারী যদি সম্পূর্ণ ছাড় না পান, তবে করযোগ্য অংশের জন্য তিনি অব্যাহতি দাবী করতে পারেন। অব্যাহতির পরিমাণ নিম্নলিখিত উপায়ে নির্ধারণ করা হবে :

- * যদি নির্ধারী 15 বছর বা তার বেশি বছর চাকুরি করার জন্য আনুতোষিক পেয়ে থাকেন :
- (i) যে পূর্ববর্তী বছরে আনুতোষিক প্রাণ্ত হয়, সেই বছরে করযোগ্য আনুতোষিক সহ মোট আয়ের উপর প্রদেয় করের গড় হার নির্ধারণ করতে হবে।
- (ii) করযোগ্য আনুতোষিকের উপর এই গড় হার প্রয়োগ করে আনুতোষিকের উপর কর নির্ধারণ করতে হবে।
- (iii) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের অব্যাহতি পূর্বের তিনটি পূর্ববর্তী বছরের জন্য পৃথকভাবে মোট আয়ের উপর প্রদেয় করের গড় হার নির্ধারণ করতে হবে। এজন্য প্রতিটি পূর্ববর্তী বছরের আয়ের সঙ্গে করযোগ্য আনুতোষিকের এক-তৃতীয়াংশ যোগ করতে হবে।
- (iv) উল্লেখিত (iii)-তে তিনি বছরের গড় করের হারকে বিবেচনা করে বিবেচনা করে সামগ্রিক গড় হার নির্ধারণ করতে হবে।
- (v) মোট করযোগ্য আনুতোষিকের উপর সামগ্রিক গড় হার প্রয়োগ করে করের পরিমাণ নির্ধারণ করতে হবে।
- (vi) উল্লেখিত (v)-এ নির্ধারিত কর অপেক্ষা (ii)-এ নির্ধারিত কর যতটা বেশি, সেটাই হবে অব্যাহতির পরিমাণ। বেশি না হলে কোনওই অব্যাহতি পাওয়া যাবে না।

অন্যান্য ক্ষেত্র :

অবাহতির পরিমাণ নির্ধারণের জন্য উপরোক্ত নিয়ম প্রযোজ্য হবে—কেবল (iii)-তে বর্ণিত তিনটি পূর্ববর্তী বছরের পরিবর্তে দুটি পূর্ববর্তী বছরকে বিবেচনা করতে হবে, এক্ষেত্রে মনে রাখা প্রয়োজন যে প্রতিটি পূর্ববর্তী বছরের আয়ের সঙ্গে করযোগ্য আনুতোষিকের অর্ধেক অংশ যোগ করতে হবে।

10.3.3 ছাঁটাইয়ের জন্য ক্ষতিপূরণ বাবদ অব্যাহতি (Relief in respect of Compensation on termination of employment) [বিধি 21A(4)]

এই প্রকারের অব্যাহতি পাওয়ার শর্তগুলি নীচে উল্লেখ করা হল :

(1) কর্মচারী যদি তিন বছর বা তার বেশি বছর ধারাবাহিকভাবে চাকুরি করার পর ছাঁটাই-এর জন্য নিয়োগকর্তার কাছ থেকে ক্ষতিপূরণ পেয়ে থাকেন, এবং

(2) চাকুরির শর্ত অনুযায়ী অস্তত আরও তিন বছর চাকুরির মেয়াদ অবশিষ্ট আছে।

15 বছর বা তার বেশি চাকুরি করার জন্য আনুতোষিক পেলে অব্যাহতির পরিমাণ নির্ধারণের জন্য

(b) অনুচ্ছেদ বর্ণিত নিয়মাবলী, প্রাণ্ত ক্ষতিপূরণের জন্য অব্যাহতির পরিমাণ নির্ধারণের জন্য প্রযোজ্য হবে।

10.3.4 অবসর বৃত্তির নিষ্কাট মূল্যের জন্য অব্যাহতি (Relief in respect of Commutation of pension) [বিধি 21A(5)]

অবসর বৃত্তির নিষ্কাট মূল্য হতে ধারা 10 (10A) অনুযায়ী ছাড় দেবার পর যে অংশ অবশিষ্ট থাকে তাই কর্মচারীর বেতন থাতে আয় নির্ধারণের সময় করযোগ্য বলে বিবেচিত হয়। এই করযোগ্য অংশের জন্য কর্মচারী অব্যাহতি দাবি করতে পারেন। 15 বছর বা তার বেশি বছর চাকুরি করার জন্য আনুতোধিক পেলে অব্যাহতির পরিমাণ নির্ধারণের জন্য অনুচ্ছেদ (b)-তে বর্ণিত নিয়মাবলী একেব্রে প্রযোজ্য হবে।

10.4 সারাংশ

এই একবটিতে ২০০২-২০০৩ নির্ধারণ বছরে থ্রয়োজ্য কর হারের থ্রয়োগ দেখানো হয়েছে। এই কর হার থ্রয়োগ করে আপনি প্রদেয় কর নির্ণয় করতে পারবেন। এই প্রদেয় কর থেকে কর রেহাই (৪৪ ধারা) ও অব্যাহতি (৪৯(1) ধারা) বাদ দিলে আপনি নির্ধারীর কর দায় পাবেন। এই কর দায়ই নির্ধারী কর্তৃক প্রদত্ত হবে।

10.5 অনুশীলনী

(a) বিশদ প্রশ্ন (Essay type questions) :

1. ধারা 89(I) অনুযায়ী অব্যাহতি কোন ধরনের নির্ধারী দাবী করতে পারেন?
2. বকেয়া বেতন বা অন্য কোনও অর্থ প্রদত্ত হলে বা বেতন বা অন্য কোনও অর্থ অগ্রিম প্রদত্ত হলে আয়কর আইনের বিধান অনুযায়ী অব্যাহতির শর্ত ও পরিমাণ নির্ধারণ সম্পর্কিত পদ্ধতি আলোচনা করুন।
3. আয়কর আইনের ধারা উল্লেখ করে অবসর বৃত্তির নিষ্কাট মূল্যের জন্য অব্যাহতি সম্পর্কিত বিধয়টি আলোচনা করুন।
4. ছাঁটাইয়ের জন্য ক্ষতিপূরণ বাবদ অব্যাহতির শর্তগুলি কী কী?
5. প্রাপ্ত আনুতোধিকের জন্য আয়কর আইনের ধারা উল্লেখ করে কীভাবে তার পরিমাণ নির্ধারণ করবেন।
6. ধারা 89(I) অনুযায়ী অনুমোদিত অব্যাহতি সম্পর্কিত বিধি ও শর্তগুলি আলোচনা করুন।

10.6 উত্তর সংকেত

- (a) (1) 10.6
 - (2) 10.6.1
 - (3) 10.6.2
 - (4) 10.6.3
 - (5) 10.6.2
-

10.7 গ্রন্থপঞ্জী

- (a) আয়কর পরিচয়—ডি. কে. চক্ৰবৰ্তী
- (b) Income Tax and Wealth Tax—A. K. Chakraborty.
- (c) Students Guide to I. Tax.—V. K. Singhania.

একক 11 □ ‘ব্যক্তি বিশেষ’ এর কর নির্ধারণ ও প্রদেয় কর নির্ণয়

গঠন

- 11.0 উদ্দেশ্য
- 11.1 প্রস্তাবনা
- 11.2 মোট আয় বা করযোগ্য আয় নির্ধারণ পদ্ধতি
- 11.3 ‘ব্যক্তি বিশেষ’ এর কর নির্ধারণ
- 11.4 ব্যবহারিক উদাহরণ
- 11.5 সারাংশ
- 11.6 অনুশীলনী
- 11.7 উক্ত সংকেত

11.0 উদ্দেশ্য

এই এককটিতে আপনি স্বতন্ত্র ব্যক্তি বা ‘ব্যক্তি বিশেষ’-এর

- কর নির্ধারণ (Assessment of tax) এবং
- প্রদেয় কর (Tax Liability) নির্ণয় করতে পারবেন।

11.1 প্রস্তাবনা

আগের পর্যায়টিতে সমগ্র মোট আয় (Gross Total Income) থেকে ছাড়সমূহ এবং ধারা 80 অনুসারে ছাড় নিয়ে আলোচনা করা হয়েছে। কিন্তু করযোগ্য আয় নির্ণয় করলেই চলবে না, ওই করযোগ্য আয়ের উপর নির্ধারিত প্রদেয় কর নির্ণয় করতে হয়। আপনি যখন প্রদেয় করের পরিমাণ নির্ণয় করবেন তখন সংশ্লিষ্ট বছরের কর হার প্রয়োগ করবেন।

11.2 মোট আয় বা করযোগ্য আয় নির্ধারণ পদ্ধতি

আয়কর আইনে মোট আয় শব্দটি গুরুত্বপূর্ণ, কেননা কোনও ব্যক্তির মোট প্রদেয় করের পরিমাণ নির্ভর করে সেই ব্যক্তির মোট আয়ের উপর। কোনও নির্ধারিত মোট আয় নির্ধারণের জন্য আয়কর আইনের ধারা 14 অনুযায়ী আয়সমূহকে নিম্নলিখিত খাতে ভাগ করা হয় :

- বেতন থেকে আয় (Income from Salary)
- গৃহসম্পত্তি থেকে আয় (Income from House Property)
- ব্যাবসা বা পেশা থেকে মূলফা ও লাভ (Profit and gains of business or profession)
- অন্যান্য উৎস থেকে আয় (Income from other sources)

উপরিউক্ত খাত থেকে আয় নির্ধারণের জন্য আয়কর অইনে সুনির্দিষ্ট ধারার উল্লেখ করা আছে।

যেমন—

বেতন থেকে আয় [ধারা 15 থেকে 17]

গৃহসম্পত্তি থেকে আয় [ধারা 22 থেকে 27]

ব্যাবসা বা পেশা থেকে মূলফা ও লাভ [ধারা 28 থেকে 44]

মূলধন লাভ [ধারা 45 থেকে 55]

অন্যান্য উৎস থেকে আয় [ধারা 56 থেকে 59]

উপরিউক্ত বিভিন্ন ধারা ও উপধারার বিধান অনুযায়ী প্রতিটি খাত থেকে পৃথকভাবে আয় নির্ধারণ করতে হবে। বিভিন্ন খাতের আয় এবং অন্য ব্যক্তিদের আয় (যা আইন অনুযায়ী নির্ধারীর আয়ের মধ্যে তাৎক্ষণ্যে করতে হয়) যোগ করে যা পাওয়া যায় তা হল নির্ধারীর সমগ্র মোট আয় (Gross Total Income)।

সমগ্র মোট আয় নির্ধারণ করার পর তার থেকে আয়কর অইনের ধারা 80C থেকে 80U তে অনুমোদিত ছাড় বাদ দিতে হবে, বাদ দেওয়ার পর জের থাকবে সেটাই হল নির্ধারীর মোট আয় (Total Income)। এই মোট আয়কে ধারা 288A অনুযায়ী নিকটবর্তী দশ টাকার গুণিতক-এ সম্পূর্ণ করতে হয়।

■ মোট আয় নির্ধারণ করার একটি ছক এখানে পৃষ্ঠায় দেওয়া হল :

মোট আয় নির্ধারণ

(Computation of Total Income for the Assesment year 2006-07)

	টাকা	টাকা	টাকা
(A) বেতন থেকে আয় :			
(এই আয় নির্ধারণ কেবল স্বতন্ত্র ব্যক্তির জন্য প্রযোজ্য)			
মূল বেতন		***	
মহার্ঘ ভাতা		***	
অন্যান্য ভাতা যেগুলি সম্পূর্ণ করযোগ্য			
(প্রতিটি ভাতা পৃথকভাবে দেখাতে হবে		***	
প্রমোদ ভাতা (প্রথমে সম্পূর্ণ করযোগ্য)			
হিসাবে গণ্য করতে হবে এবং পরে ধারা 16(ii)			
অনুযায়ী শর্তসাপেক্ষ ছাড় দিতে হবে)		***	

	টাকা	টাকা	টাকা
অন্যান্য ভাতা যেগুলি আংশিক করযোগ্য (প্রতিটি পৃথকভাবে দেখাতে হবে)	***		
বাদ : ধারা 10 অনুমোদিত ছাড়	***		
অগ্রিম বেতন বকেয়া বেতন (যা এই পূর্ববর্তী বছরে পাওয়া গেছে এবং পূর্বের কোনও পূর্ববর্তী বছরে করযোগ্য বলে গণ্য করা হয়নি)		***	
ছুটির পরবর্তী বেতন	***		
বাদ : ধারা 10 (10AA) অনুযায়ী ছাড়	***		
অধিবৃত্তি (Bonus)		***	
দস্তুরী (Commission)		***	
আনুগোষ্ঠীক (Gratuity)	***		
বাদ : ধারা 10(10) অনুসারে ছাড়	***	***	
মাসিক অবসরবৃত্তি (Monthly Pension)		***	
অবসরবৃত্তির নিষ্কাট মূল্য (Commuted Value of Pension)	***		
ছাড় : ধারা 10 (10A) অনুযায়ী	***		
ঝীকৃত ভবিষ্যন্তিতে নিয়োগকর্তার প্রদত্ত অংশ (বেতনের 12% এর অতিরিক্ত অংশ করযোগ্য)		***	
ঝীকৃত ভবিষ্যন্তিতে জমাকৃত অর্থের উপর সুদ (সুদের হার 8.5% এর বেশি হলে, বেশি হারে জন্য যে পরিমাণ সুদ, তাই করযোগ্য)		***	
বেতন পূরক—(Perquisites) ধারা 17(2) : বিনাভাড়ায় নিয়োগকর্তার কর্তৃক প্রদত্ত বাসস্থান—			
ধারা 17(2)(i)	***		

	টাকা	টাকা	টাকা
রেয়াতি হারে (Concessional rate) নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত বাসস্থান—ধারা 17(2)(ii)			
সুনির্দিষ্ট কর্মচারীদের নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত সূযোগ-সুবিধা ধারা 17(2)(iii) [যেমন: ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা খরচে বা রেয়াতি হারে গাড়ি, নিয়োগকর্তা কর্তৃক গৃহভূতা, দারোয়ান, বিনা ব্যয়ে গ্যাস, বিদ্যুৎ, জল ইত্যাদি সুবিধা]	***		
নিয়োগকর্তা কর্তৃক কর্মচারীর জীবনবিশ্বাস প্রিমিয়াম প্রদান— ধারা 17(2)(v)	***		***
বেতনের পরিবর্তে মূলাফা (Profit in lieu of Salary) ধারা 17(3) (i) চাকরি থেকে ছাঁটাই হওয়ার জন্য আপ্ত ঝিতিপূরণ (ধারা 10(10B)/10(10C) অনুসারে ছাড় দেওয়ার পর যা অবশিষ্ট থাকবে)। (ii) চাকরির শর্তসমূহ পরিবর্তনের জন্য আপ্ত ঝিতিপূরণ, কর্মের প্রশংসার জন্য নিয়োগকর্তার কাছ থেকে আপ্ত দান, অঙ্গীকৃত। (iii) ভবিষ্যন্তি থেকে যখন টাকা তুলে নেওয়া হয় তার মধ্যে যতটা নিয়োগ কর্তার অংশ ও তার উপর সুদ অন্তর্ভুক্ত থাকে।	***	***	***
বেতন থেকে সমগ্র আয় বাদ : আয়কর আইনের 16 ধারা অনুযায়ী ছাড় : আপ্যায়ন/প্রমোদ ভাতোর দ্বুণ ছাড় — ধারা 16 (ii) (সরকারি কর্মচারীর ক্ষেত্রে) পেশাকর প্রদানের জন্য ছাড়—ধারা 16 (iii)	***	***	***

	টাকা	টাকা	টাকা
(B) গৃহসম্পত্তি থেকে আয় :			
(1) ভাড়া দেওয়া গৃহসম্পত্তি থেকে আয় :			
মোট বার্ষিক মূল্য (প্রকৃত ভাড়া, নায়া ভাড়া অথবা পৌরমূল্যের মধ্যে মোট বৃহত্তম কোন কোন ক্ষেত্রে প্রমিত ভাড়া (Statndard rent) পর্যন্ত সীমাবদ্ধ বাদ : পৌর কর বা অন্যান্য আনুযায়ী সীমাবদ্ধ কর (Local Taxes)	***		
যা গৃহসম্পত্তির মালিক প্রদান করেছেন	***		
নিট বার্ষিক মূল্য	***		
বাদ : ধারা 23(i) অনুযায়ী নব নির্মিত গৃহ বাবদ ছাড় (প্রসঙ্গত উল্লেখ্য নির্ধারণ বছর 1998-99 থেকে এই ছাড় পাওয়া যায় না)		***	
সমন্বিত বার্ষিক মূল্য (Adjusted annual value)			
বাদ : ধারা 24 অনুযায়ী ছাড় :			
(i) প্রমিত ছাড় ধারা 24(a) (নিট বার্ষিক মূল্যের 30%)	***		
(ii) খণ্ডের উপর সুদ (প্রদত্ত অথবা প্রদেয়) ধারা 24(b)	***	***	
ভাড়া দেওয়া গৃহসম্পত্তি থেকে আয়—		***	
(2) মালিক কর্তৃক নিজের বসবাসের জন্য ব্যবহৃত গৃহসম্পত্তি যদি মালিকের নিজের বসবাসের জন্য সম্পূর্ণ ভাবে ব্যবহৃত হয় এবং বছরের কোন সময়ের জন্য যদি বাড়িটি ভাড়া দেওয়া না হয়, সেক্ষেত্রে—			
সমন্বিত বার্ষিক মূল্য [ধারা 23(2)(a)]		Nil	
[বিশেষভাবে মনে রাখা দরকার যে এই ধারার সুবিধা নিজের বসবাসের জন্য ব্যবহৃত কেবল একটি গৃহসম্পত্তির জন্য পাওয়া যায়—একের বেশি গৃহসম্পত্তি নিজের বসবাসের জন্য ব্যবহৃত হলে মালিকের ইচ্ছানুযায়ী যে			

টাকা	টাকা	টাকা
কোনও একটিকে এই ধারা অনুযায়ী নির্ধারণ করতে হবে, অন্য গৃহসম্পত্তিগুলি নির্ধারণের জন্য ভাড়া দেওয়া হয়েছে বলে বিবেচনা করতে হবে।]		
বাদ : ধারা 24 অনুযায়ী ছাড় :		
খণ্ডের উপর সূন্দর ধারা 24(b)		
[সর্বোচ্চ 30,000 টাকা অথবা 1,50,000 টাকা যদি বেশি ঝণ নেওয়া হয় 31st March, 1999 এরপর এবং গৃহসম্পত্তির নির্মাণকার্য সম্পন্ন হয় এপ্রিল 1,2003 এর আগে।]	***	
গৃহসম্পত্তি যদি পূর্ববর্তী অথবা বছরের কিছু সময়ের জন্য মালিকরে নিজের বসবাসের জন্য ব্যবহৃত হয় এবং অন্য সময়ের জন্য ভাড়া দেওয়া হয় :		
মোট বার্ষিক মূল্য (অনুমান করতে হবে যে গৃহসম্পত্তি সম্পূর্ণ বছর ভাড়া দেওয়া ছিল)।		
[প্রকৃত ভাড়া সম্পূর্ণ বছরের জন্য, ন্যায্য ভাড়া অথবা পৌর মূল্য—এর মধ্যে যেটি বৃহত্তম—কোনও কোনও ক্ষেত্রে প্রদত্ত ভাড়া পর্যন্ত সীমাবদ্ধ।]	***	
বাদ : মালিক কর্তৃক প্রদত্ত পৌরকর বা অন্যান্য আঞ্চলিক কর	***	
নিট বার্ষিক মূল্য	***	
বাদ : নিজের বসবাসের জন্য ব্যবহার করা সময় (বা অংশ) এর জন্য ছাড় [ধারা 23(2)(a)]	***	
সময়িত বার্ষিক মূল্য—	***	
বাদ : ধারা 24 অনুযায়ী ছাড় :		
ভাড়া দেওয়া গৃহসম্পত্তির জন্য এই ধারায় অনুমোদিত সমস্ত ছাড় দিতে হবে : যে মোট ছাড়ের পরিমাণ সময়িত বার্ষিক মূল্যের বেশি যেন না হয়। অর্থাৎ এই ধরনের গৃহসম্পত্তির ক্ষেত্রে কোনও ক্ষতি বিবেচনা করা হবে না।	*** ***	

টাকা	টাকা	টাকা
অথবা		
*ধারা 23(3) এ উল্লেখিত কিছু নির্দিষ্ট কারণে নিজের আবাস গৃহটি বছরের কোনও সময়ের জন্য ব্যবহার করা যায়নি (এবং এই গৃহসম্পত্তি ভাড়া বা অন্য কোনও উদ্দেশ্যে ব্যবহৃত হয় নি) সময়িত বার্ষিক মূল্য [ধারা 23(3)]	Nil	
বাদ : 24 ধারা অনুযায়ী ছাড় :		
ঝরণের উপর সুন্দ ধারা 24(b) [সর্বোচ্চ 30,000 টাকা অথবা 1,50,000 টাকা যদি ঝরণ নেওয়া হয় মার্চ 31, 1999 এরপর।]	***	***
গৃহসম্পত্তি থেকে আয় [(1) + (2)]	***	***
C) ব্যাবসা বা পেশা থেকে লাভ বা মুনাফা :		
(i) ব্যাবসা থেকে আয় :		
লাভ-ক্ষতির হিসাবে প্রদর্শিত নিট মুনাফা যোগ :	***	
যে খরচগুলি লাভ-ক্ষতির হিসাবে ডেবিট করা হয়েছে, কিন্তু আয়কর আইন অনুযায়ী ছাড়যোগ্য নয় :		
আয়কর	***	
ব্যক্তিগত খরচ	***	
আইন ভঙ্গের জন্য কোনও আইনি খরচ (legal charges)	***	
বাড়ির খরচ	***	
কুখ্যানের জন্য সঞ্চিত	***	
মূলধনি খরচ প্রভৃতি	***	
বাদ : যে খরচগুলি লাভ-ক্ষতির হিসাবে দেখানো হয়নি কিন্তু আয়কর আইন অনুযায়ী ছাড়যোগ্য :	***	***
বিজ্ঞান ভিত্তিক গবেষণার জন্য মূলধনি খরচ	***	***

	টাকা	টাকা	টাকা
আয়কর বিধি অনুযায়ী অবচয় প্রভৃতি বাদ : যে আয়গুলি লাভ-ক্ষতির হিসাবে ক্রেডিট করা হয়েছে কিন্তু এই খাতে করযোগ্য নয় :	***	***	
ব্যাংক থেকে সুদ হায়ী সম্পত্তি বিক্রয়জনিত লাভ গৃহসম্পত্তি থেকে ভাড়া বাবদ আয় (যে ভাড়া ব্যাবসার সঙ্গে সম্পর্কযুক্ত নয়) প্রভৃতি	*** *** ***		
বাদ : যে আয়গুলি লাভ-ক্ষতির হিসাব ক্রেডিট করা হয়েছে কিন্তু আয়কর আইন অনুযায়ী করযোগ্য নয় : ভারতীয় কোম্পানি বা UTI থেকে প্রাপ্ত সুদ বাবার কাছ থেকে পাওয়া কোনও উপহার		*** ***	***
Post Office Savings Bank থেকে প্রাপ্ত সুদ যোগ : যে ক্ষতি লাভ-ক্ষতির হিসাবে ডেবিট করা হয়েছে কিন্তু আয়কর আইন অনুযায়ী এই খাতে সমন্বয় করা যায় না : জমানত থেকে ক্ষতি, প্রভৃতি মূলধনি সম্পত্তি বিক্রয়ের ফলে ক্ষতি	*** *** ***	*** ***	
বাদ : পূর্ববর্তী বছরের জের টেনে নিয়ে আসা ক্ষতি যা ধারা 72 এবং 73 অনুযায়ী প্রতিসাদনযোগ্য এবং অবচয়, ধারা 32(2) অনুযায়ী প্রতিসাদন করতে হবে।		*** ***	*** ***
(2) পেশা থেকে আয় :			
পেশা থেকে আয়	***		
বাদ : আয়কর অনুযায়ী পেশার সংক্রান্ত যে বায়গুলি ছাড়যোগ্য	***	***	

	টাকা	টাকা	টাকা
ব্যাবসা বা পেশা থেকে আয় [(1) + (2)]		***	***
(D) মূলধনি লাভ :			
(1) দীর্ঘমেয়াদী মূলধনি আয় :			
দীর্ঘমেয়াদী মূলধনি সম্পত্তি হস্তান্তরের ফলে প্রাপ্ত বা প্রাপ্ত আয়		***	
বাদ : মূলধনী সম্পত্তি সম্পর্কিত খরচ ও মুদ্রাস্ফীতি সময়িত ব্যয়			
সম্পত্তি হস্তান্তরের জন্য খরচ	***		
মুদ্রাস্ফীতি-সময়িত সম্পত্তির অর্জিত মূল্য	***		
মুদ্রাস্ফীতি-সময়িত সম্পত্তির উন্নয়ন বাবদ খরচ	***	***	
বাদ : ধারা 54, 54B, 54D, 54EA, 54EB, 54F এবং 54G অনুযায়ী ছাড়		***	

(2) ব্যক্তিমেয়াদী মূলধনি আয় :			
ব্যক্তিমেয়াদী মূলধনী সম্পত্তি হস্তান্তরের ফলে প্রাপ্ত বা প্রাপ্ত আয়		***	
বাদ : খরচ ও ব্যয় :			
সম্পত্তি হস্তান্তরের জন্য খরচ	***		
সম্পত্তির অর্জিত মূল্য	***		
সম্পত্তি উন্নয়ন বাবদ খরচ :	***	***	
বাদ : ধারা 54B, 54D এবং 54G অনুযায়ী ছাড়		***	

(3) পূর্ববর্তী বছরের থেকে জের টেনে আনা মূলধনি ক্ষতি — ধারা 74 অনুযায়ী প্রতিসামন মূলধনি আয় (1) + (2) + (3)			
(E) অন্যান্য উৎস থেকে আয় :			***

টাকা	টাকা	টাকা
সমগ্র মোট আয় (প্রতিটি উৎস থেকে নির্ধারণ করার পর)	***	
বাদ : ধারা 57 অনুযায়ী ছাড় (লটারি, ক্রসওয়ার্ড পাজল, বোড়দোড় প্রভৃতি থেকে আয় হলে এই ছাড় পাওয়া যায় না)	*** ***	
ধারা 60 থেকে 64 অনুযায়ী অন্য ব্যক্তির যে আয় নির্ধারীর আয়ের সঙ্গে যুক্ত করতে হয়		*** *** ***
সমগ্র মোট আয়		*** ***
বাদ : আয়কর আইনের VIA নং পরিচেদ অনুযায়ী ছাড় (ধারা 80CCC থেকে 80U পর্যন্ত)		***
মোট আয়		***

1.3 'ব্যক্তি বিশেষ' এর কর নির্ধারণ (Assessment of Individual)

1961 সালের আয়কর আইনের 2(31) ধারা অনুসারে কর নির্ধারীর [আয়কর আইনের 2(7) ধারাতে
সংজ্ঞায়িত] অন্তর্ভুক্ত একক নিম্নরূপ :

- (i) কোনও ব্যক্তি বিশেষ (an individual),
- (ii) কোনও যৌথ হিন্দু পরিবার (a Hindu undivided family),
- (iii) কোনও কোম্পানি বা যৌথ কারবার (a company),
- (iv) কোনও অংশীদারী কারবার (a partnership firm),
- (v) কোনও ব্যক্তি বিশেষদের সমিতি বা সংঘ, তা নিবন্ধিত হোক বা না হোক (an association of
persons or a body of individuals, whether incorporated or not),
- (vi) কোনও স্থানীয় কর্তৃপক্ষ (a local authority),
- (vii) উপরিউক্ত (১নং থেকে VI) শ্রেণিতে অন্তর্ভুক্ত ছাড়াও যে কোনও আইন সম্মত কৃত্রিম ব্যক্তি
(every artificial Juridical person not falling any one of the above-stated categories in
between No. I to VI)।

বিভিন্ন খাতে আয় নির্ধারণের পর কোনও ব্যক্তি বিশেষ (উপরের ১নং) এর করযোগ্য আয় নির্ধারণ
করতে হয়। কোনও বিশেষ ব্যক্তির মোট আয় (Gross Total Income) হল, বেতন থেকে আয়, গৃহসম্পত্তির

আয়, ব্যাবসা বা পেশা থেকে আয়, মূলধনি লাভের আয় এবং অন্যান্য উৎসের আয়গুলির যোগফল। গেট আয় নির্ধারণের পর মোট আয় থেকে 80 ধারার ছড়গুলি (80CCC, 80D, 80 DDB, 80E, 80G, 80GG, 80U প্রভৃতি) বিবেচনা করে বাদ দিতে হয় এবং বাদ দেবার পর যে আয় পাওয়া যায় তাই হল ব্যক্তি বিশেষ এর নিট করযোগ্য আয়। এরূপ করযোগ্য আয়ের উপরই ব্যক্তি বিশেষকে আয়কর আইন অনুসারে কর প্রদান করতে হয়। সুতরাং ব্যক্তি বিশেষ এর সর্বমোট আয় (Gross Total Income) থেকে ধারার ছড় বাদ দেবার পর মোট আয় (Total Income) বা উপরে বর্ণিত নীট করযোগ্য আয় নির্ধারণ করা হয়।

কোনও ব্যক্তি-বিশেষ এর মোট আয় বা Total Income নিরূপণের ধাপগুলি (steps) হল :

১য় : আবাসিক ঘর্যাদা অনুসারে বিভিন্ন আয় অন্তর্ভুক্তিরণের বিষয়টি বিবেচনা

২য় : বিভিন্ন উৎসের আয়গুলি দেখা যেমন,

- (a) বেতন থেকে আয় (ধারা : 15 থেকে 17)
- (b) গৃহসম্পত্তি থেকে আয় (ধারা : 22 থেকে 27)
- (c) ব্যাবসা বা পেশা থেকে আয় (ধারা : 28 থেকে 44)
- (d) 'মূলধনি-লাভ' থেকে আয় (ধারা : 45 থেকে 47)
- (e) অন্যান্য উৎস থেকে আয় (ধারা : 56 থেকে 59)

৩য় : সর্বমোট আয় (Gross Total Income) বের করা;

৪র্থ : সর্বমোট আয় থেকে ধারার ছড়গুলি (ব্যক্তি-বিশেষ এর ক্ষেত্রে 80C, 80CCC, 80D, 80DD, 80DDB, 80E, 80G, 80U প্রভৃতি) বাদ দেওয়া;

বিশেষ বিশেষ উৎসের বর্তমান বছরের আয় থেকে পূর্ববর্তী বিগত বছরসমূহের ক্ষতির অঙ্ক (যদি কিছু থাকে) বাদ দিতে হয় (আয়কর আইনের 70-79 ধারাসমূহে উল্লিখিত)।

11.4 ব্যবহারিক উদাহরণ

উদাহরণ (1) Sri A. K. Basu আর্থিক বছর 31শে মার্চ 2006 তারিখে শেখ হওয়া পূর্ববর্তী বছরের জন্য নিম্নলিখিত তথ্য দাখিল করেন। তাঁর মোট আয় ও প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করুন :

(a) মাসিক মূল বেতন ও মুখ্য ভাড়া 12,000 টাকা। (b) নিয়োগকর্তা অফিস ও ব্যক্তিগত কাজের জন্য অর্থশক্তি সম্পর্ক একটি মোটর গাড়ি (চালকসহ) দিয়েছেন। গাড়িটি চালু রাখা ও রক্ষণাবেক্ষণের বাদ সমস্ত খরচ নিয়োগকর্তা বহন করেন। (c) Mr. A. K. Basu দুটি বাড়ির মালিক। প্রথম বাড়িটি তিনি নিজের বসবাসের উদ্দেশ্যে ব্যবহার করেন এবং দ্বিতীয় বাড়িটি মাসিক 2000 টাকায় বসবাসের জন্য ভাড়া দিয়েছেন। প্রথম ও দ্বিতীয় বাড়ির পৌরমূল্য যথাক্রমে 40,000 টাকা ও 60,000 টাকা। পৌরমূল্যের 10%

হারে পৌরকর ধার্য করা হয়। Mr. A. K. Basu প্রথম ও দ্বিতীয় বাড়ির জন্য অগ্রিম বিমার কিষ্টি বাবদ 1200 টাকা এবং 3500 টাকা প্রদান করেছেন। প্রথম বাড়িটির নির্মাণ কার্যের জন্য তিনি 1লা এপ্রিল 1992 তারিখে যে ঋণ নিয়েছিলেন তার সুদ বাবদ এ বছর 12,200 টাকা প্রদান করেছেন। (d) তিনি SBI থেকে সুদ 8700 টাকা এবং UTI থেকে লভ্যাংশ 12,900 টাকা এবং লটারি থেকে মোট আয় 22,000 টাকা অর্জন করেছেন (e) তিনি নিজের জীবনের উপর জীবন বিমার কিষ্টি বাবদ 18,200 টাকা প্রদান করেছেন। (f) Mr. A. K. Basu NSC (VIII Issue) তে 10,000 টাকা জমা করেছেন। (g) বাড়ি নির্মাণের জন্য যে ঋণ নিয়েছেন তার আসল বাবদ এ বছর 12,000 টাকা পরিশোধ করেছেন। (h) NSC এর উপর এ বছর সুদ জমা পড়েছে 18,575 টাকা (যষ্ঠ বছরের সুদ 5173 টাকা অন্তর্ভুক্ত)।

সমাধান :

**Computation of total income of Mr. A. K. Basu for the assessment
year 2006-2007 relating to the previous year 2005-2006**

	Rs.	Rs.	Rs.
(A) Income from Salaries :			
Basic Salary and dearness allowance [value of motor car provided by the Employer to Mr. A. K. Basu treated as perquisite]		1,44,000	
u/s 17 (2)(iii) [Rs. (1,600 + 600) × 12]		26,400	
Gross Income from Salaries			1,70,400
(B) Income from house property :			
First house (sub occupied)			
– Adjusted annual value as per section 23 (2)(a)	Nil		
Less: Deductioon for interest on Loan u/s 24(b) – no other deduction is allowed as per section 24	12,200	(-) 12,200	
Second House (Let out) :			
Gross annual value (higher of defacto rent Rs. 62,400 and municipal value Rs. 60,000)	62,400	12200	1,70,400

Less:	Municipal tax paid by owner	6,000		
	- Net Annual Value	56,400		
Less:	Deduction u/s 24:			
	Standard Deduction u/s 24(a)			
	[30% of adjusted Annual Value]			
		16,920	39,480	27,280
(C) Income from other sources :				
	Bank Interest		8,700	
	Divident from UTI -exempted u/s 10(34)		Nil	
	Accured interest on NSC		18,575	
	Lottery Income		22,000	
				49,275
	Gross Total Income			2,46,955
Less:	Deduction u/s 80C			
	Rs. (10,000+12000+13402)		53,602	
	Total Income			1,93,353
	(Rounded off under section 288A)			1,93,350

Statement showing computation of tax payable

	Rs.
Tax on lottery income (40% of Rs. 22000)	8,800
Tax on the balance of income of Rs. (193350-22000) = Rs. 171350 upto Rs. 1,00,000 - nil	Nil
on Rs. 50,000 @ 10%	5000
on Rs. 21,350 @ 20%	4270
at normal rate i.e. 72,800	9270
	18070

	Rs.
Add Educational cess 2%	361
Tax payable	18431
	<hr/>

উদাহরণ 2. Form the following information compute total income and tax payable by Mr. Rahul basu for the assessment year 2006-2007 :

	Rs.
Income from Salary	72,000
Income from House Property	48,000
Income from Business	80,000
Income from Capital Gain :	
Long term	75,000
Short term	15,000
Income from Lottery (Gross)	50,000
Bank Interest received	18,000
Dividend from U. T. I.	7,000
Dividend from Co-operative society	2,000
During the previous year, he made following expenditure/Investments :	
Medical Insurance premium on the health of his wife and children	Rs. 3,000
Donation to P.M.'S. National Relief Fund	Rs. 1,000
Contribution to Recognised Provident Fund	Rs. 5,000
Contribution to Public Provident Fund	Rs. 10,000
Purchase of NSC (VIII) Issue	Rs. 20,000
Tax deducted from Salary Rs. 2,000 and from lottery Rs. 20,000	

সমাধান :

Computation of total Income of Mr. Rahul Basu, a resident individual, for the Assessment year 2006-2007 relating to the previous year 2005-2006

	Rs.	Rs.
Income from Salary		72,000
Income from House Property		48,000
Income from Business		80,000
Income from Capital Gain :		
Long term	75,000	
Short term	15,000	90,000
Income from other sources :		
Income from lottery	50,000	
Bank Interest	18,000	
Dividend from UTI/[Fully exempted u/s 10(34)]	Nil	
Dividend from Co-operative Society	2,000	70,000
Gross Total Income		3,60,000
Less : Deduction u/s 80C ($5000 + 10,000 + 20,000$)	35,000	
Less : Deduction u/s 80D	3,000	
Less : Deduction u/s 80G (100%)	1,000	39,000
Total Taxable Income		321,000

	Rs.	
Computation of Tax liability :		
Tax at General rate on Rs. 1,96,000 [$3,21,000 - (50,000 + 75,000)$]		
up to Rs. 1,00,000	Nil	
on Rs. 50,000 @ 10%	5000	
on Rs. 46,000 @ 20%	9200	14,200
Tax @ 20% on long term Capital Gain of Rs. 75,000	15,000	
Tax @ 40% on lottery income of Rs. 50,000	20,000	
	49,200	
Add educational cess 2%	984	
Gross Tax Payable	50,184	

Net Tax Payable	Rs.
Less : Tax deducted from Salary	2,000
Less : Tax deducted from Lottery earnings	20,000
ACTUAL TAX PAYABLE	28,184
Rounded off u/s 288 B	28,180

উদাহরণ (3) শ্রী বাসু দুর্গাপুরে বসবাস করেন। 2005-2006 সালের জন্য তিনি তাঁর চাকুরি-সংক্রান্ত নিম্নলিখিত তথ্য পেশ করেছেন :

(a) Jayanta Corporation থেকে মূল বেতন মাসিক 4000 টাকা।

(b) চাকুরির শর্ত অনুযায়ী মহার্ধভাতা মাসিক 500 টাকা।

(c) তাঁর দুটি সন্তানের প্রত্যেকের জন্য শিক্ষাভাতা মাসিক 150 টাকা।

(d) স্বীকৃত ভবিষ্যানিধিতে তিনি এ বছরে 5,400 টাকা জমা দিয়েছেন। এই তহবিলে নিয়োগকর্তা 6,000 টাকা জমা দিয়েছেন। এই তহবিলে সুদ ক্রেডিট করা হয়েছে 5,460 টাকা। সুদ বাদে তহবিলে মোট সঞ্চিত আর্থের পরিমাণ 42,000 টাকা।

(e) বসবাসের জন্য নিয়োগকর্তা তাঁকে বিনাভাড়ায় একটি সজ্জিত বাসস্থান দিয়েছেন। এজন্য নিয়োগকর্তা মাসে 400 টাকা হারে ভাড়া প্রদান করেন। নিয়োগকর্তা কর্তৃক অদ্বিতীয় আসবাবপত্রের ত্রয়মূল্য 5,000 টাকা। অন্যান্য ভাড়া করা আসবাবপত্রের জন্য নিয়োগকর্তা মাসিক 150 টাকা হারে ভাড়া প্রদান করেন।

(f) নিয়োগকর্তা তাঁর জন্য একজন মালী ও একজন বাড়ুদারকে যথাক্রমে মাসিক 250 টাকা ও 300 টাকা হারে মজুরি প্রদান করেন। তাঁর বাড়ির টেলিফোনের জন্য নিয়োগকর্তা টেলিফোন বিল বাবদ 1,900 টাকা প্রদান করেছেন।

(g) তিনি এ বছরে ব্যাংক থেকে সুদ 5,000 টাকা, UTI থেকে লভ্যাংশ 4,000 টাকা এবং ভারতীয় কোম্পানি থেকে লভ্যাংশ 3,160 টাকা আয় করেছেন।

(h) তিনি এ বছর সর্বজনীন ভবিষ্যানিধিতে 3,000 টাকা এবং জাতীয়, সঞ্চয় প্রকল্পে 5,000 টাকা লগ্ন করেন। এছাড়া তিনি 5,000 টাকা ত্রয় বায় করে State Bank-এর মিউচুয়াল ফান্ডের ইউনিট ক্রয় করেছেন।

সংশ্লিষ্ট নির্ধারণ বছরের জন্য Sree Basu-র মোট কর নির্ধারণ করুন।

সমাধান : Computation of total Income of Mr. Badal Basu, a resident individual for the Assessment year 2006-2007 relating to the Previous year 2005-2006

	Rs.	Rs.	Rs.
(A) Income from Salaries :			
Basic Salary (Rs. 4,000 × 12,		48,000	
Dearness Allowance (Rs. 500 × 12		6,000	
Children Education Allowance		54,000	
(Rs. 150 × 2 × 12)	3,600		
Less : Exemption under section 10 (14)			
[Rs. 100 per month per child for a maximum of two children			
(Rs. 100 × 2 × 12)]	2,400	1,200	
Employer's Contribution to Recognised Provident fund :			
(In excess of 12% of Salary)			
[Rs. 6000–12% of Rs. 54,000			
Basic + DA]		Nil	
Interest Credited to recognised provident fund in excess of 8.5% rate			
[Rs. 5460–8.5% of Rs. 42,000]		1,890	
Add. Perquisites – Sec 17(2) :			
Rent free accomodation – Sec 17(2)(i)	13,340		
Gardener (Rs. 250 × 12) – Sec 17 (2)(ii)	3,000		
Sweeper (Rs. 300 × 12) – Sec 17 (2)(iii)	3,600	19,940	77,030
GROSS INCOME FROM SALARIES			
(B) Income from other sources :			
Bank Interest		5,000	
Unit Trust divident-exempted u/s 10(34)		Nil	
Dividend from Indian Company-exempted u/s 10(34)		Nil	5,000
GROSS TOTAL INCOME (Total Income)			82,030

গণনা সংক্ষিপ্ত টীকা :

(1) সজ্জিত বাসস্থান ব্যবহারের জন্য মূল্য নির্ধারণ :

(a)	এফেক্টে বেতনের পরিমাণ হল 55,200 টাকা (মূল বেতন 48,000 টাকা + মহার্ঘ ভাতা 6,000 টাকা + সন্তানদের জন্য শিক্ষা ভাতার করযোগ্য অংশ' 1,000 টাকা।)
(b)	বাসস্থানটির ন্যায্য ভাড়া 4,800 টাকা (অনুমান করা হয়েছে যে, নিয়োগকর্তা যে ভাড়া প্রদান করেছেন তা যুক্তি সংগত ভাড়া এবং বাসস্থানটির পৌরভূল্যের কম নয়)
(c)	মূল্যায়ন :
	বেতন (55,200 টাকা) এর 20% 11040 টাকা
	যোগ : আসবাবপত্রের ক্ষয়মূল্যের 10% 500 টাকা
	যোগ : আসবাবপত্রের জন্য নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত ভাড়া 1,800 টাকা
	<hr/>
	13,340 টাকা

(2) এফেক্টে অনুমান করা হয়েছে যে, মালী এবং ঝাঁড়ুদার নিয়োগকর্তা কর্তৃক নিয়োজিত হয়েছে।

(3) নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত কর্মচারীর বাসগৃহে স্থাপিত টেলিফোন খরচ করযুক্ত বেতনপূরক। ~

11.5 সারাংশ

এই এককটিতে স্বতন্ত্র ব্যক্তির কর ভাবে নির্ধারণ করা হয়েছে, আপনি এখন সহজেই সমগ্র মোট আয় নির্ণয় করে ধারা 80-র বিভিন্ন ছাড় বাদ দিয়ে করযোগ্য আয় নির্ণয় করতে পারবেন। আবার সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের কর হার প্রয়োগ করে নির্ধারীর প্রদেয় কর সহজেই নির্ণয় করতে পারবেন।

11.6 অনুশীলনী

(a) (1) একজন স্বতন্ত্র ব্যক্তির মোট আয় কীভাবে নির্ধারিত হয়?

(2) একজন স্বতন্ত্র ব্যক্তির প্রদেয় করের পরিমাণ কীভাবে নির্ধারণ করা হয়?

(b) ব্যবহারিক থামাবলী (Practical Problems) :

প্রথ 1. Mr. A. K. Basu কলিকাতায় একটি বেসরকারি প্রতিষ্ঠানে 1992 সাল থেকে চাকুরি করছেন। আর্থিক বছর মার্চ 31, 2002 তারিখে শেষ হওয়া বছরের জন্য তিনি নিম্নলিখিত বি঵রণ পেশ করেছেন :

(a) মূল বেতন মাসিক 7,500 টাকা।

(b) মহার্ঘ ভাতা মাসিক 3,500 টাকা।

- (c) আপ্যায়ন ভাতা মাসিক 700 টাকা। (প্রকৃত খরচ 4,500 টাকা)।
- (d) অমগ ভাতা 4,000 টাকা (অফিসের কাজের জন্য ব্যয় হয় 70%)।
- (e) বসবাসের জন্য নিয়োগকর্তা কলকাতায় বিনাভাড়ায় একটি বাসগ্রাম দিয়েছেন ন্যায় ভাড়া মাসিক 2,500 টাকা।
- (f) তিনি শীকৃত ভবিষ্যনিধিতে 15,000 টাকা জমা দেন। নিয়োকর্তাৰ সম্পরিমাণ অর্থ জমা দেন। বাৰ্ষিক 13.5% হারে সুদ ধাৰ্য কৰে এই বছৰ এই তহবিলে সুদ হিসাবে 6,750 টাকা ক্রেডিট কৰা হয়েছে।
- (g) তিনি ভাৱতীয় কোম্পানিৰ থেকে লভ্যাংশ বাবদ 15,200 টাকা, লটারি থেকে নিট 20,000 টাকা (40% হারে কৰ বাদে) আয় কৰেছেন।
- (h) তিনি জাতীয় সংগ্রহ সার্টিফিকেট (আষ্টম পৰ্যায়)-এ 15,000 টাকা এবং SBI-এৰ হায়ী আমানতে 10,000 টাকা লাভ কৰেছেন।
- (i) তিনি তাঁৰ জীবনেৰ উপৰ জীৱন বিমাৰ প্ৰিমিয়াম 8,000 টাকা এবং তাঁৰ স্ত্ৰীৰ জীবনেৰ উপৰ জীৱন বিমাৰ প্ৰিমিয়াম বাবদ 2,500 টাকা প্ৰদান কৰেছেন। নিৰ্ধাৰণ বছৰ 2002-2003 এৰ জন্য তাঁৰ মোট আয় ও প্ৰদেয় কৰেৱে পৰিমাণ নিৰ্ধাৰণ কৰুন।

ধৰ্ম 2. Mr. A. K. Chakraborty একজন চাটীড় আকাউন্ট্যান্ট পূৰ্ববতী বছৰ 2006-2007 এৰ জন্য নিম্নলিখিত আয়-ব্যয়েৰ হিসাব তিনি দাখিল কৰেছেন। তাঁৰ মোট আয় এবং কৰ দায় নিৰ্ধাৰণ কৰুন।

- (a) অতিথি শিক্ষক হিসাবে বৰ্ধমান বিশ্ববিদ্যালয়ে শিক্ষাদানেৰ জন্য বেতন 8,000 টাকা।
- (b) পৰীক্ষক হিসাবে থাণ্ড পারিশ্রমিক 5,000 টাকা।
- (c) কোচিং ইনসিটিউট থেকে আয় 40,000 টাকা (এই আয় অৰ্জনেৰ জন্য ব্যয় 8,000 টাকা)
- (d) তিনি পৰিবাৰ পৰিকল্পনাৰ উন্নয়নেৰ জন্য সহকাৰকে 45,00 টাকা দান কৰেছেন।
- (e) তিনি তাঁৰ স্ত্ৰীৰ জীবনেৰ উপৰ জীৱন বিমাৰ প্ৰিমিয়াম বাবদ 12,000 টাকা দান কৰেছেন।
- (f) পেশা সংক্ৰান্ত আয়-ব্যয়—আয়ঃ (i) অডিটোৱ জন্য আয় 80,200 টাকা, (ii) কৰ পৰামৰ্শ বাবদ আয় 30,800 টাকা।

ব্যয় সদস্য এবং পেশাৰ সার্টিফিকেটেৰ জন্য ধাৰ্য ফি 1,800 টাকা; মোটৰ গাড়িৰ খৰচ 9,000 ; অফিস খৰচ 12,000 টাকা; অফিস ঘৰেৰ ভাড়া 18,000 টাকা।

ধৰ্ম 3. Mr. S. Ghosh একজন ভাৱতীয় নাগৱিক, পূৰ্ববতী বছৰ 2005-2006 এৰ জন্য নিম্নলিখিত আয়-ব্যয়েৰ বিবৰণ পেশ কৰেছেন :

- (a) ব্যবসা থেকে আয় 2,00,000 টাকা। লাভ ও ক্ষতিৰ হিসাবে ডেবিট ও ক্রেডিট কৰা নিম্নলিখিত লেখাগুলিৰ জন্য সমন্বয় প্ৰয়োজন :
- (i) গাড়িৰ খৰচ হিসাবে দেখানো হয়েছে 18,000 টাকা।

- (ii) তার নিজের পারিশ্রমিক 30,000 টাকা।
- (iii) প্রধানমন্ত্রীর জাতীয় ত্রান তহবিলে দান 10,000 টাকা।
- (iv) ক্রেডিট করা হয়েছে : ব্যাংক সুদ 15,000 টাকা, UTI থেকে আপ্য লভ্যাংশ 14,500 টাকা।
নির্ধারণ বছর 2006-2007-এর জন্য Mr. S. Ghosh-এর করযোগ্য আয় ও প্রদেয় করের পরিমাণ নির্ণয় করুন।

প্রশ্ন 4. Mr. A. K. Sen 31 মার্চ 2006 এ শেষ হওয়া বছরের জন্য নিম্নলিখিত আয় ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্য পেশ করেছেন। তাঁর মোট আয় এবং প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করুন।

- (a) একটি বেসরকারি প্রতিষ্ঠান থেকে আপ্য বেতন 60,000 টাকা।
- (b) সরকারি জমানত থেকে আপ্য সুদ 2,000 টাকা। (10.5% হার কর বাবে)
- (c) তিনি লঙ্ঘনে নিবন্ধীকৃত একটি কোম্পানি থেকে 9,000 টাকা লভ্যাংশ পেয়েছেন।
- (d) তিনি 20,000 টাকায় কিছু শেয়ার বিক্রয় করেছেন (শেয়ারগুলি জুন 1997-এ 15,000 টাকার ভ্রয় করেছিলেন)
- (e) তিনি জাতীয় সঞ্চয় সার্টিফিকেট (অষ্টম পর্যায়)-এ 80,000 টাকা এবং সর্বজনীন ভবিষ্যন্তিতে 5,000 টাকা লঘি করেছেন।
- (f) তিনি প্রধানমন্ত্রীর আগ তহবিলে 10,000 টাকা প্রদান করেছেন।

প্রশ্ন 5. Mr. A. Mitra পূর্ববর্তী বছর 2005-2006 এর জন্য নিম্নলিখিত বিবরণ পেশ করেছেন :

- (a) মূল বেতন মাসিক 20,000 টাকা।
- (b) মহার্ধ ভাতা মাসিক 9,000 টাকা।
- (c) বাড়ি ভাতা ভাতা মাসিক 2,000 টাকা।
- (d) দ্বিকৃত ভবিষ্যন্তিতে নিজ প্রদত্ত অংশ 40,000 টাকা। এই নিধিতে বার্ষিক 12.5% হারে ক্রেডিট করা সুদের পরিমাণ 5,000 টাকা।
- (e) তিনি কলকাতায় তাঁর নিজের বাড়িতে বসবাস করেন। এটি নির্মাণের জন্য তিনি HDFC থেকে যে ধোন নিয়েছিলেন তার জন্য তিনি এ বছর কিসিতের মাধ্যমে 40,000 টাকা (সুদ 30,000 টাকা সহ) পরিশোধ করেছেন।
- (f) তিনি জাতীয় সঞ্চয় সার্টিফিকেট 15,000 টাকা এবং Reliance Ltd.-এর শেয়ারে 5,000 টাকা লঘি করেছেন।

নির্ধারণ বছর 2006-2007 এর জন্য তাঁর করযোগ্য আয় ও কর দায় নির্ধারণ করুন।

প্রশ্ন 6. Mr. R. K. Das একজন ভারতীয় নাগরিক, মার্চ 31, 2006 তারিখে শেষ হওয়া বছরের জন্য তিনি নিম্নলিখিত বিবরণ পেশ করেছেন :

Telco Ltd থেকে আপ্য বেতন :

- (a) মূল বেতন মাসিক 20,000 টাকা।

- (b) মহার্থ ভাতা—মূল বেতনের 75%
 - (c) দুজন সস্তানের শিক্ষাভাতা (সস্তান-থিতি মাসিক 250 টাকা হারে)
 - (d) দস্তুরি (চাকুবির শর্ত অনুযায়ী) বিক্রয়ের উপর 0.5% হারে। আর্থিক বছর 2005-2006-এ কোম্পানির বিক্রয়ের পরিমাণ 9,00,000 টাকা।
 - (e) বিনা ভাড়ায় কলকাতায় একটি বাসস্থানের সুবিধেভোগ যার ন্যায্য ভাড়া হল বার্ষিক 30,000 টাকা। নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত আসবাবপত্রের ত্রয়মূল্য 20,500 টাকা।
 - (f) Telco Ltd থেকে প্রাপ্ত অবসর বৃত্তি :

অবসর বৃত্তি 2000 মালের জুলাই মাস থেকে মাসিক 4,500 টাকা হারে।

 - (g) প্রাপ্ত অবসর বৃত্তি নিক্ষিত মূল্য 35,000 টাকা
- অন্যান্য তথ্য :
- (h) প্রাপ্ত বাক্ষে সুদ 9,000 টাকা ভারতীয় কোম্পানির লভ্যাংশ 8,000 টাকা এবং লটারি থেকে নিট আয় 14,000 টাকা (40% হারে কর বাদে)।
 - (i) তিনি UBI-এর স্থায়ী আধানতে 20,000 টাকা, জাতীয় সঞ্চয় সার্টিফিকেটে 20,000 টাকা এবং সর্বজনীন ভবিষ্যৎনির্ধিতে 20,000 টাকা লগ্নি করেছেন।
- নির্ধারণ বছর 2006-2007 এর দরুন তাঁর মোট আয় ও খন্দেয় করের পরিমাণ নির্ধারণ করুন।

11.7 উত্তর সংকেত

A. 1-11.3

2-11.4

একক 12 □ অংশীদারী প্রতিষ্ঠানের কর নির্ধারণ ও প্রদেয় কর নির্ণয়

গঠন

- 12.1 উদ্দেশ্য
- 12.2 প্রস্তাবনা
- 12.3 অংশীদারী কারবারের আয় ও কর নির্ধারণ
- 12.4 একটি একক ব্যক্তিবর্গের সমিতি হিসাবে অংশীদারী কারবারের কর নির্ধারণ
 - 12.5.1 অংশীদারী ফার্মের করযোগ্য আয় ও কর নির্ধারণের নিয়ম
 - 12.5.2 অংশীদারী ফার্মের করযোগ্য আয় নির্ধারণ পদ্ধতি
 - 12.5.3 বহিঃমূলাফা
- 12.6 ব্যবহারিক উদাহরণ
- 12.7 সারাংশ
- 12.8 অনুশীলনী
- 12.9 গ্রহণক্ষমী

12.1 উদ্দেশ্য

- এই এককটি পড়ে আপনি
- অংশীদারী কারবারের আয় এবং
 - ওই আয়ের উপর কর নির্ধারণ করতে পারবেন।

12.2 প্রস্তাবনা

আয়কর আইন অনুসারে একটি গুরুত্বপূর্ণ নির্ধারী হল অংশীদারী কারবার। এই আইন অনুসারে এই নির্ধারীকে দুই ভাবে দেখা হয়—অংশীদারী প্রতিষ্ঠান হিসাবে এবং ব্যক্তিবর্গের সমিতিরূপে। স্বাভাবিকভাবেই এই দুই ক্ষেত্রে দুইভাবে কর নির্ধারণ করা হয়। এই বিষয়ে আয়কর আইনের ধারা 40 বিশেষ গুরুত্বপূর্ণ। অংশীদারী প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের সমিতিরূপে আয় নির্ণয়ের জন্য আপনাকে আয়কর আইনের বিভিন্ন ধারা, উপধারাগুলি ভালো করে জানতে হবে।

12.3 অংশীদারী কারবারের আয় ও কর নির্ধারণ

অংশীদারী কারবারের আয় ও কর নির্ধারণ সম্পর্কিত কয়েকটি মূল্যবান তথ্য—

কর নির্ধারণ বছর 1992-93 পর্যন্ত অংশীদারী কারবারের শ্রেণিবিভাজন এবং কর নির্ধারণের প্রথা ও পদ্ধতি সম্পূর্ণ বিলোপ করে 1992 সালের অর্থ আইন দ্বারা 40 এবং 184 ধারার নিয়মাবলীগুলির সংশোধন করে কর নির্ধারণ বছর 1993-94 থেকে অংশীদারী কারবারের কর নির্ধারণ সম্পর্কে একটি নতুন প্রকল্প কার্যকর করা হয়েছে।

নতুন প্রকল্পের মূলকথা—

- (1) 1993-94 কর নির্ধারণ বছর থেকে অংশীদারী কারবারকে একটি প্রত্যন্ত সপ্ত বলে গণ্য করা হবে।
- (2) অংশীদারী কারবারের মোট আয় থেকে একজন সক্রিয় অংশীদারের প্রাপ্ত বা প্রাপ্ত অংশ অংশীদারের মোট আয়ের সাথে যোগ করা হবে না। অর্থাৎ অংশীদারের কাছে তা সম্পূর্ণ করমুক্ত বলে গণ্য হবে।
- (3) অংশীদারী কারবার কর্তৃক কারবারের এরজন সক্রিয় অংশীদারকে থদন্ত অথবা দেয় বেতন, অধিবৃত্তি, দস্তুরি কিংবা পারিশ্রমিক, তা যে-নামেই দেওয়া হোক না কেন, তা অংশীদারী কারবারের আয় থেকে হিসাবপত্রভিত্তিক লাভের (Book-Profit) একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত বাদযোগ্য হবে।
- (4) একজন সক্রিয় অংশীদারকে কারবার কর্তৃক থদন্ত অথবা দেয় সুন্দ অংশীদারী কারবারের আয় থেকে বাদযোগ্য হবে, যদি সুন্দের হার বার্ষিক 12% এর বেশি না হয়।
- (5) একটি অংশীদারী কারবারকে 35% হারে আয়কর দিতে হবে এবং দেয় আয়করের উপর 2.5% অধিভার (Surcharge) দিতে হবে।

1993-94 নির্ধারণ বছর থেকে আয় ও কর নির্ধারণের জন্য অংশীদারী কারবারকে দুই ভাগে ভাগ করা হয়—

- (A) অংশীদারী কারবারকে অংশীদারী কারবার হিসাবেই নির্ধারণ করা হয় (Partership firm assessed as such) বা (PFAS)
- (B) অংশীদারী কারবারকে কিছু ব্যক্তিবর্গের সমিতি হিসাবে নির্ধারণ করা হয় (Partnership firm assessed as association of persons) or PFAOP.

অংশীদারী কারবার PFAS বিবেচিত হওয়ার শর্ত—একটি কারবার তখনই অংশীদারী কারবার হিসাবে বিবেচ্য হবে যদি—(1) কোনও লিখিত অংশীদারীদের দলিল দৃষ্টে অংশীদারীদের প্রমাণ পাওয়া যায় [184(1)(i)] ধারা এবং

- (2) অংশীদারী দলিলে প্রতিটি অংশীদারের প্রাপ্ত অংশ নির্দিষ্ট করে দেওয়া থাকে [184(1)(ii)]
- (3) চুক্তির একটি প্রত্যয়িত কপি রিটার্নের সাথে প্রথম যখন ওই প্রতিষ্ঠান PFAS হিসাবে গণ্য হয়েছিল দেওয়া হয়েছে।

অংশীদারী কারবারের আয় ও করনির্ধারণ সম্পর্কিত কয়েকটি বিশেষ টীকা—

(1) যে সকল অংশীদারী কারবার যন্ত্রবিদ্যা (Engineering), আইন, চিকিৎসা, হস্তি, হিসাবরক্ষা, প্রযুক্তিগত উপদেশ, আভাস্তরীণ সাজ-সজ্জা পেশায় নিম্নুক্ত সে সকল অংশীদারী কারবারকে 44AA ধারা অনুযায়ী পেশাগত অংশীদারী কারবার বলা হয়।

(2) অংশীদারদের ব্যক্তিগত কর নির্ধারণের ক্ষেত্রে অংশীদারী কারবার থেকে প্রাপ্ত বা আপ্য বেতন, অধিবৃত্তি, দস্তুরি কিংবা পারিশ্রমিক তা যে নামেই দেওয়া হোক না কেন 28(V) ধারা অনুযায়ী ব্যবসা কিংবা পেশা থেকে আয় হিসাবে করযোগ্য হবে, বেতনখাতে নয়।

(3) অংশীদারদের প্রদত্ত বা দেয় পারিশ্রমিক অথবা সুদ যদি আংশিক বাদযোগ্য নাও হয়ে থাকে, তবু তা অংশীদারদের হাতে করযোগ্য হবে না, বরং এ আয় উপার্জন করা বাবদ যদি কোনও আনুষঙ্গিক খরচ হয়, তবে সেই খরচ 32 থেকে 37 ধারা অনুসারে অংশীদারদের হাতে বাদযোগ্য হবে।

(4) কোনও অংশীদারী কারবার থেকে নাবালক সন্তান (সুবিধা আপক হিসেবে) অথবা অংশীদারের স্ত্রী কর্তৃক প্রাপ্ত আয় অংশীদারের পিতা/স্বামীর আয়ের সাথে যোগ হবে না; কারণ ধারা 64(1)(i) এবং 64(1)(iii) ধারা তুলে দেওয়া হয়েছে। তবে নাবালক সন্তানের ধারণায় আর পিতা কিংবা মাতার মধ্যে যার আয় বেশি তার আয়ের সাথে ধারা 64(1A) অনুসারে যোগ হবে। তবে ধারা 10(32) অনুযায়ী প্রতিটি নাবালক সন্তানের আয় থেকে 1,500 টাকা করে বাদ দেওয়া হবে।

(5) কোনও অংশীদারী কারবারের যদি লোকসান হয় এবং সম্পূর্ণ লোকসান কারবারের ওই বছরের অন্য কোনও খাতের আয় থেকে পান্টা দাবি হিসাবে বাদ দেওয়া না যায়, তবে বাকি লোকসানের জের পরবর্তী বছরে বা বছরগুলিতে ব্যাবসায় কিংবা পেশা খাতের আয় থেকে পান্টা দাবি হিসাবে বাদ দেওয়ার জন্য টেনে নিয়ে যাওয়া চলবে। 1992-93 কর নির্ধারণ বছর অথবা তার পূর্ববর্তী কোনও বছরে নিবন্ধিত অংশীদারী কারবারের লোকসান যদি অংশীদারদের মধ্যে বণ্টন করে দেওয়া হয়ে থাকে এবং অংশীদারেরা যদি সেই লোকসান তাদের অন্য কোনও খাতের আয় থেকে পান্টা দাবি হিসেবে বাদ দিতে না পেরে থাকে, তবে সেই লোকসান অংশীদারী কারবারের লাভ থেকে পান্টা দাবি হিসাবে বাদ দেওয়া যাবে, অবশ্য অংশীদারেরা যদি তখনও সংশ্লিষ্ট অংশীদারী কারবারের অংশীদার হিসাবে থাকেন।

12.4 একটি একক ব্যক্তিবর্গের সমিতি (AOP) হিসাবে গণ্য অংশীদারী কারবারের কর নির্ধারণ

কোনও অংশীদারী কারবার যদি 184 ধারার বিভিন্ন উপধারা নির্দেশ পালন করতে তাক্ষম হয়, অথবা 144 ধারার উল্লিখিত খেলাপন্থগুলির মধ্যে কোনও একটি খেলাপ করে, তা হলে সেই অংশীদারী কারবারকে একটি একক ব্যক্তিবর্গের সমিতি হিসাবে গণ্য করে কর নির্ধারণ বছর 1993-94 থেকে, কর নির্ধারণ করা হবে। অর্থাৎ অংশীদারী কারবারের কর নির্ধারণ সংক্রান্ত আইন এই প্রকার অংশীদারী কারবারের ক্ষেত্রে

প্রযোজ্য হবে না, প্রযোজ্য হবে একটি একক ব্যক্তিবর্গের সমিতির কর নির্ধারণ সংত্রিভুত যাবতীয় আইন, যে সম্পর্কে নীচে আলোচনা করা হল :

(I) মোট আয় নির্ণয়ের ক্ষেত্রে কারবার কর্তৃক অংশীদারদের প্রদত্ত বা দেয় নিম্নলিখিত পরিশ্রমিক গুলি
40(ba) ধারা অনুযায়ী বাদযোগ্য হবে না —

(a) বেতন, অধিবৃত্তি, দস্তুর অথবা পারিশ্রমিক, তা যে নামেই দেওয়া হোক না কেন।

(b) অংশীদারদের মূলধনের উপর অথবা কারবারকে প্রদত্ত খণ্ডের উপর সুদ।

(c) সুদের ক্ষেত্রে যদি কোনও অংশীদার কারবার থেকে সুদ পায়, আবার কারবারকে সুদ দেয় (অর্থাৎ অর্থ গ্রহণের উপর সুদ) তবে নেট সুদ (প্রাপ্ত সুদ বাদ প্রদত্ত সুদ) বাদযোগ্য হবে।

(d) যহানগরী বায় পূর্তি ভাতা।

(II) একজন অংশীদার যদি তার গৃহসম্পত্তি কারবারকে ভাড়া দেয়, তবে তার জন্য প্রদত্ত ভাড়া বাদযোগ্য হবে।

(III) নিম্নলিখিত পদ্ধতিতে এই কারবারের করযোগ্য আয় নির্ণয় করতে হবে :

বিভিন্ন খাতে করযোগ্য আয়ের সমষ্টি—

বাদ : পাণ্টা দাবি হিসাবে টেনে আনা লোকসানের জের

বাদ : 80G, 80GGA, 80HH, 80HHA, 80HHB, 80HHBA, 80HHC, 80HHD, 80HHE,
80-I, 80-IA, 80-O ধারার অযোজ্য ছাড়

= করযোগ্য আয়

● এ-জাতীয় কারবারের অংশীদারদের কর-দায় :

প্রথম পর্যায় : প্রথমে দেখতে হবে যে, অংশীদারদের অংশ নির্দিষ্ট কিনা।

দ্বিতীয় পর্যায় : যদি অংশীদারদের অংশ নির্দিষ্ট হয়, তবে দেখতে হবে যে, কোনও একজন অংশীদারের
কারবারের অংশ বাদে অন্যান্য খাতের করযোগ্য আয় 50,000 টাকার বেশি কিনা।

তৃতীয় পর্যায় : যদি অংশীদারদের অংশ নির্দিষ্ট না হয়, তাহলে এই কারবার একক ব্যক্তি করদাতাদের
ক্ষেত্রে প্রযোজ্য কর হার অনুযায়ী আয়কর দেবে, আর যদি একজন অংশীদারের অন্যান্য খাতে করযোগ্য
আয় 50,000 টাকার বেশি হয়, তবে কারবারকে করযোগ্য আয়ের উপর সর্বোচ্চ 35% হারে আয়কর
দিতে হবে।

● এ-জাতীয় কারবারের অংশীদারদের কর-দায় :

এই জাতীয় কারবারের অংশীদারদের কর দায় কারবারের নিজস্ব কর-দায়ের উপর নির্ভরশীল, যেমন—

(I) কারবার যদি সর্বোচ্চ হারে (অর্থাৎ 35% হারে) কর দিয়ে থাকে, তবে কারবার থেকে প্রাপ্ত লাভের
অংশ অংশীদারদের মেটি আয়ের সাথে যোগ হবে না।

(2) কারবার যদি একক ব্যক্তি করদাতাদের ক্ষেত্রে প্রযোজ্য হারে আয়কর দিয়ে থাকে, তবে কারবার থেকে প্রাণ্ত লাভের অংশ করদাতাদের মোট আয়ের সাথে যোগ করা হবে, তবে তারা সেই লাভ বাবদ 86 ধারায় কর রেহাই পাবে।

(3) যদি কারবার মোট আয় করমুক্ত সীমার নীচে হয়, তাহলে যেহেতু কারবারকে কোনও আয়কর দিতে হবে না, সেহেতু কারবার থেকে প্রাণ্ত লাভের অংশ অংশীদারদের মোট আয়ের সাথে যোগ হবে এবং তারা 86 ধারার কর রেহাই দাবি করতে পারবে না।

12.5.1 অংশীদারী ফার্মের করযোগ্য আয় এবং কর নির্ধারণ

অংশীদারী ফার্মের আয়কর নির্ধারণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচিত :

- (i) অংশীদারী ফার্মের অংশীদারী চৃত্তি (Partnership deed) থাকা দরকার। [U/S 184(1)(i)]
- (ii) অংশীদারী চৃত্তিনামাতে অংশীদারদের ব্যক্তিগত অংশ উল্লেখ থাকা দরকার [Sec. 184(1)(ii)]
- (iii) 1993-94 নির্ধারণ বছরের বিগত বছর সম্পর্কীয় আয় দাখিলার সঙ্গে অংশীদারী চৃত্তি নামার প্রত্যয়িত কপি (Certified copy) পেশ করতে হয় [Sec. 184(2)]
- (iv) অংশীদারী ফার্ম সংক্রান্ত সাংবিধানিক পরিবর্তন না ঘটলে প্রতি বছরেই ফার্মগুলির আয় নির্ধারণ করতে হয় [Sec. 184(4)]
- (v) আয় দাখিলার সঙ্গে অংশীদারী চৃত্তিনামার সংশোধিত কপি (যদি সংশোধিত হয়) পেশ করতে হয় [Sec. 184(5)]
- (vi) নির্বাচিত ফার্ম এবং অনিবাচিত ফার্মের পার্থক্য করযোগ্য আয় নির্ধারণের ক্ষেত্রে ধরা হয় না।
সম্পূর্ণ পৃথক একক হিসাবে ফার্মের করযোগ্য আয় নির্ধারিত হয়।

অংশীদারী ফার্মের করযোগ্য আয়ের উপর কর :

করযোগ্য আয়ের শতকরা 30 ভাগ এবং এভাবে আসা রাশির উপর শতকরা 2.5 Surcharge ভাগ যুক্ত করে কর-পরিমাণ নির্ধারণ হয়।

12.5.2 অংশীদারী ফার্মের করযোগ্য আয় নির্ধারণ পদ্ধতি (Method of computing firm's total income)

অন্যান্য কারবার ও পেশার করযোগ্য আয় যেভাবে নির্ধারণ করা হয়, অনুরূপভাবেই অংশীদারী ফার্মের করযোগ্য আয় নির্ধারণ করতে হয়, শুধুমাত্র পার্থক্য যে অংশীদারী মূলধনের সুদ, অংশীদারদের খাণের উপর সুদ, অংশীদারদের পারিশামিক 40(b) ধারা অনুযায়ী বাদ বা ছাড়যোগ্য।

সংক্ষেপে পদ্ধতি নিম্নরূপ :

	Rs.
(i) কার্যের Profit & Loss A/c অনুযায়ী Net Profit/Loss	—
(ii) Add. কারবারী ও পেশা লাভের ক্ষেত্রে যে সমস্ত খরচ অনুমোদন করা হয় না (P & L A/c Debit দিক আছে) সম্পূর্ণ পরিমাণ	—
(iii) Add. অংশীদারদের মূলধনের উপর সুদ ¹ ও খাগের উপর সুদ, অংশীদারদের পারিশ্রমিক ² যেমন—Salary, Commision, Bonus থভৃতি—(P&L A/c Debit দিকে দেওয়া হয়েছে)	—
(iv) Less. অন্যান্য উৎস থেকে আয়সমূহ (P&L A/c Credit দিকে আছে যেগুলি)	—
(v) Less. (ii) নং যুক্ত আছে কিন্তু তার মধ্যে যদি বাদযোগ্য সমগ্র/কিছু থাকে	—
(vi) Less. 40(b) (iv) ধারা অনুযায়ী বাদযোগ্য মূলধন ও অংশীদারদের খাগের উপর সুদ এবং 40(b) (v) ধারা অনুযায়ী বাদযোগ্য অংশীদারদের পারিশ্রমিক :	—
(vii) কারবার বা পেশা থেকে আয় (Income from business of Profession) :	—
(viii) Add. অন্যান্য উৎস থেকে আয় (iv নং-এ যেগুলি বাদ আছে)	—
(ix) মেটি আয় (GTI)	—
(x) Less. 80G থেকে 80U ধারা অনুযায়ী বাদসমূহ	—
(xi) করযোগ্য আয় (Total Income)	—
¹ মূলধনের উপর সুদ (Interest on Capital)	সর্বোচ্চ হার 12% U/s 40(b) (iv)
² পারিশ্রমিক (Remuneration) :	

অংশীদারদের পারিশ্রমিক বলতে ফার্ম থেকে আংশ বা প্রাপ্ত অংশীদারদের Salary, Bonus, Commission এবং Other Remuncration এবং বুবায়। নিম্নলিখিত পারিশ্রমিক বাদযোগ্য নয় :

- (i) কর্মরত নয় এমন কোনও অংশীদার যদি কোনও নামে পারিশ্রমিক পান। [Sec 40(b)(i)]
- (ii) যদি কোনও অংশীদারের পারিশ্রমিক চুক্তিতে উল্লিখিত না থাকে [Sec 40(b)(ii)]
- (iii) পূর্বের অংশীদারী-চুক্তিনামা সংশোধিত না করে পরবর্তী চুক্তিনামায় পারিশ্রমিকের হার পরিবর্তন করা হয়।

কর্মসূচি অংশীদারদের পারিশ্রমিক বাদযোগ্য যথন :—

- (a) অংশীদারী-চুক্তিনামাতে বর্ণিত এবং অনুমোদিত বা চুক্তিনামা স্বীকৃত পারিশ্রমিক প্রদান বা প্রদেয়
- (b) কারবারী ফার্ম অথবা পেশাদারী ফার্ম হিসাবে সুনির্দিষ্ট।

44AA ধারাতে 'পেশাদারী ফার্ম' বলা হয়েছে যে..... Legal medical, engineering, architectural সংক্রান্ত পেশা অথবা accountancy, technical Consultancy or interior decoration অথবা অন্যান্য বিজ্ঞাপিত পেশা অঙ্গভূক্ত।

- 40(b)(v) ধারা অনুযায়ী পারিশ্রমিক বাদসংক্রান্ত নিয়মাবলী

পেশাদারী ফার্ম (Professional firm)	কারবারী ফার্ম (Bussiness firm)	বাদযোগ্য পরিমাণ Rs.
1. বহিমুনাফার প্রথম 1,00,000 টাকা অবধি অথবা লোকসানের ক্ষেত্রে	বহিমুনাফার প্রথম 75,000 টাকা অবধি অথবা লোকসানের ক্ষেত্রে	50,000 টাকা অথবা বহিমুনাফার—90% —যৌটি বেশি
2. বহিমুনাফার পরবর্তী 1,00,000 টাকা অবধি	বহিমুনাফার পরবর্তী 75,000 টাকা অবধি	উক্ত টাকার 60%
3. অবশিষ্ট বহিমুনাফার উপর	অবশিষ্ট বহিমুনাফার উপর	উক্ত টাকার 40%

12.5.3 বহিমুনাফা (Book-Profit)

ব্যাবসা এবং পেশার করযোগ্য আয় নির্ধারণের সময় সংহার নীট লাভ থেকে ধারা 24-44D অনুযায়ী ব্যাবসা ও পেশা বহির্ভূত বিয়ন্গুলি সমন্বয় সাধন করে এবং অংশীদারদের পারিশ্রমিক, সুদ (মূলধন ও ঝণের উপর) যোগ করা হয়, সঙ্গে সঙ্গে মূলধনের উপর সুদ ব্যবদ (প্রকৃত বা সর্বোচ্চ 12% P.a) বাদযোগ্য রাশি বিয়োগ করতে হয়। অর্থাৎ

Rs.

Net Profit as per P&L A/c

Add and Deduct : items disallowed u/s 28 to 44 D

Add: Interest on Cap etc. Remuneration etc.

(যেগুলি P&L A/C এ Debit করা আছে : সম্পূর্ণ অংশ)

Less: মূলধনের উপর সুদ (প্রকৃত বা সর্বোচ্চ) সীমা 12% P.a

হিসাব-বহি লাভ : (Book Profit)

12.6 ব্যবহারিক উদাহরণ

উদাহরণ : (1) সরকার ট্রেডার্স একটি অংশীদারী কারবার, 31শে মার্চ 2006-সমাপ্ত হওয়া আর্থিক বছরের লাভ ও ঝতি হিসাব ও অন্যান্য তথ্য নিচে পেশ করা হল।

নির্ধারণ বছর 2006-2007 এর জন্য অংশীদারী কারবারের মোট আয় এবং করের পরিমাণ নির্ধারণ করুন :

Profit & Loss Account for the year ended 31st March, 2006

To Salaries	36,000	By Gross Profit	96,000
To Rent	12,000	By Surplus on Sale of Shares	15,000
To Electricity and water	2,200	By Refunds received	
To Legal Expenses	3,500	(excise penalty)	2,500
To Trade Expenses	6,500	By Income tax	7,700
To Depreciation	8,000	By Scrap Sales	5,000
To Repairs	6,000	By Commission	5,000
To Entertainment Expenses	9,000		
To Rents rates & taxes	2,500		
To Net Profit	42,500		
	1,31,200		1,31,200

অন্যান্য তথ্য :

- (1) একটি বৈদ্যুতিক মেট্রির প্রতিস্থাপনের যে টাকা ব্যয় হয়েছে তা মেরামতি খরচ হিসাবে দেখানো আছে।
- (2) বেতনের মধ্যে সক্রিয় অংশীদারদের প্রদত্ত বেতন 12,000 টাকা অন্তর্ভুক্ত আছে।
- (3) একজন অংশীদারের গৃহসম্পত্তি কারবার ব্যবহার করেছে। এজন্য অংশীদারকে যে 6,000 টাকা ভাড়া পদান করা হয়েছে তা ভাড়ার মধ্যে অন্তর্ভুক্ত করা আছে।
- (4) উক্ত গৃহসম্পত্তির উপর ধার্য করা পৌরকর 1,000 টাকা পদান করা হয়েছে, যা অংশীদারকে বহন করতে হবে। এই ব্যয় ভাড়া, খাজনা ও করের মধ্যে অন্তর্ভুক্ত করা আছে।
- (5) নির্ধারণ বছর 1995-96-এ excise penalty লাভ-ঝতির হিসাবে ডেবিট করা হয়েছিল কিন্তু ছাড় পাওয়া যায় নি।

- (6) অংশীদারদের সম্পত্তি নিয়ে বিবাদ ঘটানোর জন্য উকিলকে যে 500 টাকা প্রদান করা হয়েছে
তা এর মধ্যে অস্তর্ভুক্ত করা আছে।
- (7) 24 মাসের বেশি শেয়ারগুলি ধরে রাখার পর বিক্রয় করা হয়েছিল।
- (8) ব্যাবসায়িক ব্যয়ের মধ্যে অস্তর্ভুক্ত করা আছে :

দাতব্য প্রতিষ্ঠানে দান 1,500 টাকা

Diwali পূজার খরচ 1,000 টাকা

সমাধান :

Statement showing Computation of total income

	Rs.	Rs.	Rs.
(A) Income from business :			
Net Profit as per Profit & loss Account		42,500	
Add: Inadmissible partner		12,000	
Salary to managing partner (treated separately)	12,000		
Municipal tax relating to the premises of the Partner	1,000		
Conveyance allowance to (treated separately)	3,600		
Donation to charitable institution	1,500		
Legal expenses to protect partner's property	500	18,600	
		61,000	
Less : Income not taxable :			
Refund of excise penalty (disallowed in earlier year's assessment)	2,500		
Refund of Income tax	7,700	10,200	
Book Profit		35,900	
Less : Remuneration (salary and Conveyance allowance) to managing partner—actual amount of remuneration paid to partner amounting			
Rs. 15,600 is allowed under Section 40(b)			
(v) as such amount is less than Rs. 50,000		15,600	
			20,300

	Rs.	Rs.	Rs.
(B) Income from Capital Gains			
Profit on Sale of Shares (assuming Calculated as per Section 48)			15,000
Gross Total Income			35,300
Less : Deduction u/s 80G in respect of donation to charitable Institution—50% of qualifying donation of Rs. 1,500.			750
Total Income			34,550

Computation of tax payable for the Ay 2002-2003

Tax on total income of Rs. 34,550@30%	10,365
Add : Surcharge@2.5%	259
Tax Liability	10,624

মন্তব্য :

- (1) একেত্রে অনুমান করা হয়েছে যে, সরকার ট্রেডার্স ধারা 184-তে উল্লিখিত শর্তগুলি পূরণ করেছে এবং এজন্য PFAS হিসাবে নির্ধারণ করা হয়েছে।
- (2) অংশীদারী কারবার কর্তৃক অংশীদারকে প্রদত্ত বাড়িভাড়া ছাড়যোগ্য ব্যয়।
- (3) আপ্যায়ন ব্যয় ধারা 37(1) অনুযায়ী সম্পূর্ণ ছাড়যোগ্য। এখানে অনুমান করা হয়েছে যে, এই ব্যয় মূলধনি ব্যয় নয় এবং সম্পূর্ণ ব্যয়ই ব্যাবসার প্রয়োজনে করা হয়েছে।
- (4) Diwali পূজার ব্যয় সম্পূর্ণ ছাড়যোগ্য বলে বিবেচ হয়েছে। অনুমান করা হয়েছে যে, এই ব্যয় ব্যাবসার প্রয়োজনেই করা হয়েছে।
- (5) বৈদ্যুতিক মোটর প্রতিস্থাপনের ব্যয় ছাড়যোগ্য [CIT Vs. Sri Rama Sugar Mills Ltd. (1952) 21 ITR 1GI (MAD)].

উদাহরণ : 2

X, Y এবং Z একটি অংশীদারী কারবারের অংশীদার, যে কারবারটি আয়কর আইন অনুযায়ী অংশীদারী কারবার হিসাবে (PFAS) নির্ধারণ করা হয়। 31st মার্চ, 2006-এ শেষ হওয়া বছরের জন্য কারবারের লাভ-ক্ষতির হিসাব নিচে পেশ করা হল :

	Rs.		Rs.
To Salaries to Staff	42,000	By Gross Profit	2,92,000
To Business Expenses	15,000	By Dividend from an Indian Company	15,000
To Int. on Bank loan	10,000	By Interest on Bank Deposit	12,000
To Salary to Partners :			
X	48,000		
Y	36,000		
Z	30,000		
To Interest in Capital :			
X	9,000		
Y	6,000		
Z	6,000		
To Commission to Z	12,000		
To Donation to C-M's			
Flood Relief Fund	3,000		
To Depreciation	25,000		
To Provision for Bad-Debts	2,000		
To Share of Profit :			
X	37,000		
Y	25,000		
Z	12,000		
	3,19,000		3,19000

অন্যান্য তথ্য :

- (1) Income Rule অনুযায়ী ছাড়যোগ্য অবচয়ের পরিমাণ টাকা।
- (2) পূর্ববর্তী বছর 2003-2004 এর জন্য বকেয়া কর বিক্রয় বাবদ 15,000 টাকা সেপ্টেম্বর 15, 2005 তারিখ প্রদান করা হয়েছে। নির্ধারণ বছর 2001-2002 এর জন্য রিটার্ন দাখিল করার শেষ তারিখ ছিল আগস্ট 31,2005।
- (3) অংশীদারী দলিলে উল্লেখ করা আছে (i) X মাসিক টাকা, মাসিক Y টাকা এবং Z মাসিক 2,500 টাকা হারে বেতন পাবে, (ii) X-কে বার্ষিক 15% হারে এবং Y ও Z-কে বার্ষিক 20% হারে মূলধনের উপর সুদ দেওয়া হবে। (iii) Z-কে 48,00,000 টাকা ক্রয়ের উপর 0.25% হারে দনুরি দেওয়া হবে (iv) এবং অবশিষ্ট লাভ 3:2:1 অনুপাতে অংশীদারীদের মধ্যে বন্টন করা হবে।

নির্ধারণ বছর 2006-07 এর জন্য কারবারের মোট আয় ও প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করুন।

Computation of taxable Income

	Rs.	Rs.	Rs.
A Income from Business			
Net Profit as per Profit & Loss Account		75,000	
Add : Expenses disallowed			
Provision for Bad-Debt	2,000		
Depreciation (treated separately)	25,000		
Donation to 'M's Flood Relief Fund	3,000		
Commission to Z (treated separately)	12,000		
Interest on Capital (Do)	21,000		
Salaries to Partners (Do)	1,14,000		
		1,77,000	
		2,52,000	
Less : Exenses allowed			
Interest on Capital to Partners—allowable subject to maximum rate of interest of p.a. as per section 14,400 40 (b) (iv) [Please see Note No.]			
Depreciation as per Income tax Rule	30,000		

	Rs.	Rs.	Rs.
Payment of Outstanding Sales tax (See note 2)	15,000		
		59,400	
		192,600	
Less : Income not taxable as business income :			
dividend from Indian Company	15,000		
Interest on Bank deposit	12,000	27,000	
Book Profit			
Less : Remuneration (Salaries & Commission)			
Paid to Partners allowable as per section 40(b)(v) [Note 3]		1,15,140	44,860
(B) Income from other sources :			
Dividend from Indian Company-	Nil		
Exempted on Bank deposit	12,000	12,000	
Gross Total Income			56,860
Less : Deduction under Chapter VIA			Nil
Total Income			56,860

Statement Showing Computation of tax payable

Tax on total income of Rs @ 30%	17,058
Add : Surcharge@ 2.5	426
Tax Payable	17484

সমাধান সম্পর্কিত টাকা :

(1) ধারা 40(b)(iv) অনুসারে অংশীদারদের প্রদত্ত সুদ বাবদ ছাড়ের পরিমাণ নির্ধারণ :-	
X-কে প্রদত্ত সুদ (সুদের বার্ষিক হার 12% এর কম)	7,200
Y-কে প্রদত্ত সুদ (সর্বোচ্চ বার্ষিক 12% হারে ধর্য করা সুদ ছাড়যোগ্য অর্থাৎ ছাড়যোগ্য	
সুদের পরিমাণ টাকা	বা 3,600 টাকা
Z-কে প্রদত্ত সুদ (ছাড়যোগ্য সুদের পরিমাণ) 6,000 টাকা	3,600
	<hr/>
	14,400

- (2) যেহেতু পূর্ববর্তী বছর 2002 এর বিক্রয়কর ওই বছরের জন্য আয়ের রিটার্ন দাখিল করার জন্য যে শেষ দিন ধর্য করা আছে (31st August 2002) সেদিন পর্যন্ত প্রদান করা হয়নি, তাই ধারা 43B অনুযায়ী ওই বিক্রয়কর উক্ত পূর্ববর্তী বছরে ছাড়যোগ্য ব্যয় বলে বিবেচিত হয়নি। নির্ধারণ বছর 2005-2006-এর আয় নির্ধারণের সময় উক্ত ধারা অনুসারে ওই ব্যয় ছাড়যোগ্য হবে কেননা, পূর্ববর্তী বছর 2004-2005-এ উক্ত বিক্রয়কর প্রদান করা হয়েছে।
- (3) ধারা 40(b)(v) অনুসারে ছাড়যোগ্য অংশীদারদের পারিশ্রমিকের পরিমাণ নির্ধারণ (এখানে অনুমান করা হচ্ছে যে অংশীদারগণ সকলেই সত্ত্বিক অংশীদার)

সর্বোচ্চ পারিশ্রমিকের পরিমাণ যা ছাড়যোগ্য :

	টাকা
Book Profit-এর থ্রিপল 75,000 টাকার 90%	67,500
Book Profit-এর পরবর্তী 75,000 টাকার 60%	45,000
Book Profit-এর অবশিষ্ট 6,600 অংশ টাকার 40%	2640
	<u>115,140</u>

যেহেতু প্রদত্ত পাকৃত পারিশ্রমিকের পরিমাণ $1,26,000(1,14,000 + \text{টাকা} + 12,000 \text{ টাকা})$ যা ছাড়যোগ্য সর্বোচ্চ পারিশ্রমিকের পরিমাণ অপেক্ষা বেশি, তাই পারিশ্রমিক বাবদ ছাড়ের পরিমাণ হবে 1,15,140 টাকা।

- (4) মুখ্যমন্ত্রীর বন্ধান্ত্রণ তথ্বিলে দান করা ধারা 80G অনুযায়ী ছাড়যোগ্য নয়।
- (5) সভ্যাংশ, সুদ অভূতি আয়ের জন্য অংশীদারী কারবার 80L ধারায় কোনও ছাড় পায় না।
- উদাহরণ (3) : রাহুল এবং রাতুল একটি অংশীদারী কারবারের সামান অংশের অংশীদার। 31st March 2006 এ শেষ হওয়া আর্থিক বছরের জন্য লাভ ও ক্ষতির হিসাব নিচে দেওয়া হল :

To Charities and donation	12,900	By Gross Profit	98,200
To Advertisement	8,300	Bad-Debt recovered	12,500
To Bad-Debt	4,700	Dicvident from Indian Company	5,700
To Depereciation	7,800	Profit Sale of Shares	8,900
To Salaried to Empioyses	25,000		
To General Expenses	8,200		
To Salaries :			
Rahul	10,500		
Ratul	8,300		
Commission to Ratul	3,500		

Rent to Rahul	3,800		
Interest on Capital @12%			
Ratul	7,500		
Rahul	6,000		
To Net Profit	18,200		
	1,25,300		1,25,300

অন্তিম তথ্য :

- (a) বিক্রয়ের বিলম্বের থদানের জন্য জরিমানা বাবদ 2,300 টাকা এবং নতুন অংশীদারী দলিল প্রস্তুত করার জন্য উকিলকে যে 3,500 টাকা প্রদান করা হয়েছে তাসাধারণ ব্যয় এর মধ্যে অন্তর্ভুক্ত করা আছে।
- (b) রাজনৈতিক পত্রিকার বিজ্ঞাপনের জন্য প্রদত্ত 1200 টাকা Sign Board এবং নতুন বাবদ ব্যয় 4,700 টাকা বিজ্ঞাপন ব্যয়েরমধ্যে অন্তর্ভুক্ত আছে।
- (c) কারবার থেকে প্রাপ্ত আয় বাদে অংশীদারদের আর কোনও অতিরিক্ত আয় নেই।
- (d) যে 500 শেয়ার মে, 2004-এ 6,300 টাকায় গ্রহ করা হয়েছিল তা ফেব্রুয়ারি 2005-এ 15,200 টাকায় বিক্রয় করা হয়েছে।
- (e) 1997-98 বছরের কু-খণ্ড বাবদ 15,000 টাকা ছাড় দাবি করা হয়েছিল কিন্তু নির্ধারণ আধিকারিক 10,000 টাকা মঙ্গুর করেছিলেন। এই কু-খণ্ড থেকে এ 12,500 বছরে টাকা উত্থার করা গেছে।
- (f) কু-খণ্ড আদালতে বিচারাধীন এবং এখনও এ ব্যপারে কোনও সিদ্ধান্ত হয় নি।
- (g) Charities and Donations-এর মধ্যে নিম্নলিখিত দানগুলি অন্তর্ভুক্ত করা আছে :
 (i) বাবসায়ীদের সমিতিকে দান 3,000 টাকা (ii) বাংলাদেশের একটি বিশ্ববিদ্যালয়কে দান 8,200 টাকা এবং (iii) জাতীয় প্রতিরক্ষা তথ্বিলে 2,800 দান টাকা।
- (h) 2001 সালের 1লা তারিখে Plant and Machinery -এর অবচয় বাদে ক্রয়মূল্য(W.D.V) 35,000 টাকা। একটি Machinery 12,000 নতুন টাকার অর্থ করা হয়েছে এবং মে 2000 থেকে ব্যবহার করা হচ্ছে। সমষ্ট মেশিনারির Machinery 25% হারে অবচয় ধার্য করা হয়। এপ্রিল 1, 2004 Plant and Machineries-এর উল্লেখ আছে তা বাদে ওই তারিখে কারবারের অন্য কোনও সম্পত্তি ছিল না।

সমাধান—

	Rs.	Rs.	Rs.
(A) Income from business			
Net Profit as per Profit & Loss Account		18,200	

	Rs.	Rs.	Rs.
Add : Inadmissible Expenses :			
Interest on Partners's Capital (treated separately)	13,500		
Salaries and Commission to Partnes (treated separately)	22,300		
Charities and Donnation (trested separately)	12,900		
Cost of new sinn board, being capital expenditure	4,700		
Cist of insertions in Political Journal	1,200		
Depreciation (treated separately)	7,800		
Bad Debt prematurely written off (as the dispute has not yet settled)	4,700	67,100	
		85,300	
Less : Admission expenses			
Depreciation (See Note 1)	12,925		
Donation of the Trade Association	3,000		
Interest to Partners (allowed in full u/s 40 (b) (iv) as the rate of interest in p.a.)	13,500	29,425	
		55,875	
Less : Income not chargeable as business income :			
Dividend from Indian Company	5,700		
Profit on sale of shares	8,900	14,600	
		41,275	
Less : Income not taxable :			
Bad-Debt recovered (Please follow Note4)		2,500	
Book Profit		38,775	
Less : Remuneration to partners (allowed in full u/s 40 (b)(v) as such remuneration does not exced Rs. 50,000)		22,300	16,475

	Rs.	Rs.	Rs.
(B) Income from Capital Gains :			
Short term Capital Gain arising out of sale of shares (Rs. 15,200-Rs. 6,300)			8,900
(C) Income from other sources :			
Dividends from Indian Company (exempted u/s 10 (34))			Nil
Gross Total Income			
Less : Deduction u/s 80G (100% of the donation made to National Defence Fund)			2,800
Total Income (rounded off u/s 288A)			22,580

Statement showing computation of tax payable

	Rs.
Tax on total Income of Rs. 22,580@30%	6774
Add : Surcharge@2.5%	169
Tax Payable	6943

Statement Showing Ascertainment of Total Income of the Partner

	RAHUL	RATUL
(A) Income from Business		
Salary from the firm	10,500	8,300
Commission from the firm	-	3,500
Interest on the Capital from the firm	7,500	6,000
Share of Profit from the firm [exempted u/s 10(2A)]	Nil	Nil
(B) Income from House Property :		
Income of Ratul:		
Rent received (assuming higher than municipal value)	3,800	
Less : Standard Deduction u/s 24(a) $\frac{30}{100} \times 3,800$	1,140	2,660
	20,660	17,800

সমাধান সম্পর্কিত টীকা

(1) Plant and Machineries-এর Block-এর উপর অবচয়ের পরিমাণ নির্ধারণ

	টাকা
1st April, 2000 তারিখে অবচয় বাদে ক্রয়মূল্য (W.D.V)	35,000
যোগ ১ বর্তমান বছরে যে নতুন মেশিনারী কেনা হয়েছে তার ক্রয় মূল্য [180 দিনের বেশি ব্যবহার করা হয়েছে।]	12,000
যোগ ১ নতুন Sign Board-এর ক্রয়মূল্য (অনুমান করা হচ্ছে এটি 179 দিনের বেশি ব্যবহার করা হয়েছে)	4,700
নির্ধারণ বছর 2001-2002-এর জন্য অবচয় বাদে ক্রয়মূল্য (W.D.V)	<u>51,700</u>

$$\therefore \text{অবচয়ের} = \frac{25}{100} \times \text{Rs. } 51,700 \text{ পরিমাণ অথবা } 12,925 \text{ টাকা}$$

- (2) এক্ষেত্রে অনুমান করা হয়েছে যে অংশীদারী কারবারটি ধারা 184 তে উল্লিখিত সমস্ত শর্তগুলি
পূরণ করেছে এবং এজন্য এই কারবারটিকে PFAS হিসাবে বিবেচনা করা হয়েছে।
- (3) অনুমান করা হয়েছে যে দূজন অংশীদারই সক্রিয় অংশীদার। এইজন্য অংশীদারদের প্রদত্ত পারিশ্রমিক
ধারা 40(b)(v) অনুযায়ী ছাড় দেওয়া হয়েছে।
- (4) অনুমান করা হয়েছে যে, যে কৃ-খণ্ড এ বছর পুনরুদ্ধার করা হয়েছে তা পূর্বের পূর্ববর্তী বছরে
কৃ-খণ্ড বাবদ যে 10,000 টাকা ছাড় পাওয়া গিয়েছিল তার সম্পর্ক অংশ এবং যে 5,000 টাকা
কৃ-খণ্ড বাবদ ছাড় হয়েছিল কিন্তু ছাড় পাওয়া যাইনি, তা থেকে 2,500 টাকা।
- (5) অংশীদারী কারবার অংশীদারকে যে বাড়িভাড়া প্রদান করেছে তা ব্যয়।
- (6) বাংলাদেশের বিশ্ববিদ্যালয়কে যে দান করা হয়েছে তা 80G ধারা অনুযায়ী ছাড় পাবে না।
- (7) চলমান প্রতিষ্ঠানের ক্ষেত্রে নতুন অংশীদারী দলিল প্রস্তুত করার জন্য ব্যয় ছাড়যোগ্য ব্যয় হিসাবে
বিবেচিত হয়।
- (8) বিলম্বে বিক্রয়কর প্রদানের জন্য যে জরিমানা ধার্য হয়েছে তা ছাড়যোগ্য ব্যয়।

উদাহরণ : 4

Basuco একটি অংশীদারী কারবার যার তিনজন অংশীদার হলেন A, B ও C অংশীদারদের লাভ-
লোকস্থানের অনুপাত 3:2:1 হল আর্থিক বছর 31 শে মার্চ 2006 শেষ হওয়া বছরে এই প্রতিষ্ঠানের 56,000
টাকা ক্ষতি দেওয়া হয়েছে। নীচের তথ্যগুলিকে বিবেচনা করে নির্ধারণ বছর 2006-2007 এর জন্য উক্ত
অংশীদারী কারবারের মোট আয় ও প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করুন এবং অংশীদারদের করযোগ্য আয়
নির্ধারণ করুন।

- (1) অংশীদারদের মূলধনের উপর সুদ বার্ষিক 20% হারে যথাক্রমে 10,000 টাকা 8,000 টাকা এবং
6,000 টাকা।

- (2) A-কে প্রদত্ত দস্তরির পরিমাণ 2,000 টাকা।
- (3) অংশীদারী কারবার A, B, এবং C-এর পরিশ্রমিক যথাক্রমে 38,000 টাকা 20,000 টাকা এবং 20,000 টাকা।
- (4) অংশীদার A-র প্রাপ্তবয়স্ক পুত্র এই কারবারে সেবা প্রদান করেছেন। এজন্য অংশীদারী কারবার তাকে 24,000 টাকা পরিশ্রমিক প্রদান করেছে।

সমাধান :

Statement Showing Ascertainment of Total Income

	Rs.	Rs.	Rs.
(A) Income from Business			
Net Loss as per Profit & Loss Account		(-) 66,000	
Add : Indammissible Expenses			
Remuneration to Partners	80,000		
Rs. (38,000 + 20,000 + 20,000+2,000)	24,000	1,04,000	
Interest on partner's Capital Rs. (10,000+ 8,000+6,000) [treated seperately]		48,000	
B/F		48,000	
Less : Interest on Partner's Capital-allowable u/s 40 (b) (IV) subject to maximum rate of interest of 12% p.a. [$\frac{18}{20} \times$ Rs.24,000 or Rs 14400]		14400	
Book Profit		33,600	
Less : Remuneration to partners-allowable u/s section 40(b) (v) subject to a maximum of 90% of the book profit of Rs. 33600 or Rs 50,000 whichever in higher		50,000	
		(-) 16,400	
(B) Income from all other heads		Nil	
Less : Deduction under Chapter VIA		(-) 23,600	
Total Income (Loss)		Nil	
		(-) 23,600	

Statement Showing Computation of Tax Payable

No Tax to be paid by the firm as has suffered a loss for the previous year 2005-2006

অংশীদারী কারবার থেকে প্রাপ্ত আয় অংশীদারদের হাতে যত্থানি করাযোগ্য তা নিচে নির্ধারণ করে দেখানো হল :

	Total (Rs.)	A (Rs.)	B (Rs.)	C (Rs.)
Income Chargeable under the head Profit and Gains of Business or Profession:				
Remuneration to the extent of the amount allowed to the assessment of the firm (allocated in the ratio of such remuneration actually paid i.e. 4 : 2 : 2)	50,000	25,000	12,500	12,500
Interest on Partner's Capital to the Extent of the amount allowed in the assessment of the firm (i.e. @ 12% on capital)	14,400	6,000	4,800	3,600
64,400	31,000	17,300	16,100	

- (1) এক্ষেত্রে অনুমান করা হয়েছে যে অংশীদারী কারবারটি ধারা 184 তে উল্লিখিত সমস্ত শর্ত পূরণ করেছে এবং সেইজন্য কারবারটিকে PFAS হিসাবে নির্বাচন করা হয়েছে।
- (2) অনুমান করা হয়েছে যে, অংশীদারী কারবারটির সমস্ত অংশীদার সক্রিয় এবং কারবার কর্তৃক অদও অংশীদারদের পারিশ্রমিক ও সুদ অংশীদারী দলিল দ্বারা অনুমোদিত।
- (3) অংশীদারী কারবারের যে ক্ষতি হয়েছে তা অংশীদারদের ব্যটন করা যায় না। এই ক্ষতি প্রতিসাদনের জন্য অংশীদারী কারবার ধারা 72 অনুসারে পরবর্তী বছর জের টেনে নিতে পারে।
- (4) A-র সন্তানকে প্রদত্ত বেতন ধারা 40A(2) অনুসারে ছাড়যোগ্য নয় বলে এক্ষেত্রে তা বিবেচনা করা হয় নি।

12.7 সারাংশ

এই এককটিতে আপনি অংশীদারী কারবারের কর ভার (tax liability) নির্ণয় করা শিখেছেন। আপনি জেনেছেন যে আয়কর আইন অনুসারে অংশীদারীকে দুই ভাবে দেখা হয়—প্রতিষ্ঠান হিসাবে ও ব্যক্তিবর্গের সমিতিরূপে। এখন আপনি সহজেই আয়কর আইনের বিভিন্ন ধারা, উপধারা প্রয়োগ করে দুই ক্ষেত্রেই করযোগ্য আয় ও কর ভার নির্ণয় করতে পারবেন।

12.8 অনুশীলনী

(A) সংক্ষিপ্ত প্রশ্ন (Short-type questions) :

- (1) আয় ও কর নির্ধারণের পরিপ্রেক্ষিতে অংশীদারী কারবারের শ্রেণিবিভাগ করুন।
- (2) কিছু ব্যক্তিবর্গের সমিতি হিসাবে একটি অংশীদারী কারবারের আয় কখন নির্ধারণযোগ্য হয়?
- (3) অংশীদারী কারবারের ক্ষতি কীভাবে প্রতিসাদন (set off) করা হয়। এ সম্পর্কে আয়কর আইনের বিধানগুলি উল্লেখ করুন।
- (4) অংশীদারী কারবারের আয়করের পরিমাণ কীভাবে নির্ধারিত হয়?
- (5) একটি অংশীদারী কারবারের নিম্নলিখিত আয়গুলি অংশীদারীদের হাতে করযোগ্য কিনা বলুন :
অংশীদারী কারবার থেকে থাণ্ড লাভ, থাণ্ড পারিশ্রমিক ও সুদ।
- (6) 'Book Profit' বলতে কি বোঝেন?

(B) বিশদ প্রশ্ন (Essay-type questions) :

- (1) অংশীদারী কারবার হিসাবে গণ্য হওয়ার শর্তগুলি আলোচনা করুন।
- (2) অংশীদারী কারবার হিসাবে গণ্য হওয়ার জন্য কী করণীয়?
- (3) অংশীদারীদের অদত অথবা দেয় পারিশ্রমিকের ছাড়যোগ্য হওয়ার শর্তগুলি আলোচনা করুন।

(C) ব্যবহারিক প্রশ্নাবলি :

- (1) Rohit Taxtile একটি অংশধারী কারবার। এই কারবারে Ratul, Ratul এবং Ranjit সমান অংশের অংশীদার, আর্থিক বছর মার্চ 31,2006-এ শেষ হওয়া লাভক্ষতির হিসাবে কারবারের 90,000 টাকা লাভ দেখানো হয়েছে। নিম্নলিখিত তথ্যের ভিত্তিতে কর নির্ধারণ বছর 2006-2007-এর জন্য অংশীদারী কারবারের মোট আয় ও অদেয় করের পরিমাণ নির্ধারণ করুন :
 - (a) অংশীদারীদের মূলধনের উপর সুদ বার্ষিক 20% হারে ধার্য করে ডেবিট করা হয়েছে যথাক্রমে 9,000 টাকা 6,000 টাকা এবং 7,000 টাকা।
 - (b) অংশীদারদের পারিশ্রমিক ডেবিট করা হয়েছে যথাক্রমে 25,000 টাকা 19,000 টাকা ও 31,000 টাকা।
 - (c) ভারতীয় কোম্পানি থেকে থাণ্ড লভ্যাংশ 8,800 টাকা হিসাবে ব্রেডিট করা হয়েছে।
 - (d) জাতীয় প্রতিরক্ষা তহবিলে 3,500 টাকা যে দান করা হয়েছে তা হিসাবে ডেবিট করা হয়েছে।
- (2) Sovam Interprisc একটি অংশীদারী কারবার যার তিনজন অংশীদারী হলেন X, Y এবং Z অংশীদারদের লাভ-লোকসান বন্টনের অনুপাত হল 1 : 2 : 1 আর্থিক বছর 31st March, 2006 অন্তে লাভক্ষতির হিসাবে কারবারের 45,000 টাকা ক্ষতি হিসাবে দেখানো হয়েছে। উল্লেখিত অংশীদারী কারবার থেকে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :
 - (a) অংশীদারী কারবারের মূলধনের উপর সুদ বার্ষিক 20% হারে ধার্য করে ডেবিট করা হয়েছে যথাক্রমে 9,000 টাকা 6,000 টাকা এবং 7,000 টাকা।
 - (b) অংশীদারদের পারিশ্রমিক ডেবিট করা হয়েছে যথাক্রমে 25,000 টাকা 19,000 টাকা ও 31,000 টাকা।
 - (c) ভারতীয় কোম্পানি থেকে থাণ্ড লভ্যাংশ 8,800 টাকা হিসাবে ব্রেডিট করা হয়েছে।
 - (d) জাতীয় প্রতিরক্ষা তহবিলে 3,500 টাকা যে দান করা হয়েছে তা হিসাবে ডেবিট করা হয়েছে।

- (a) অংশীদারী পারিশ্রমিক হিসাবে যথাক্রমে 20,000 টাকা, 20,000 টাকা ও 17,000 টাকা লাভক্ষতির হিসাবে ডেবিট করা আছে।
- (b) অংশীদারী X-র খাতের উপর বার্ষিক 20% হারে—4,000 টাকা লাভক্ষতির হিসাব ডেবিট করা হয়েছে।
- (c) অংশীদারদের মূলধনের উপর সুদ বার্ষিক 20% হারে—যথাক্রমে 7,000 টাকা 5,000 টাকা 3,500 টাকা এবং টাকা লাভক্ষতির হিসাবে ডেবিট করা হয়েছে।
- (d) অনুমোদিত দাতব্য প্রতিষ্ঠানে দান বাবদ 4,500 টাকা লাভক্ষতির হিসাবে ডেবিট করা হয়েছে।
- (e) ব্যাংক থেকে সুদ বাবদ টাকা 15,000 লাভক্ষতির হিসাবে ডেবিট করা আছে।
- (f) ভারতীয় কোম্পানি থেকে লাভ্যাণ্ড বাবদ 9,500 টাকা লাভক্ষতির হিসাবে প্রেভিট করা আছে।
উল্লেখিত অংশীদারী কারবারটির (1) মেট আয় ও প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করুন।
- (3) X, Y এবং Z একটি অংশীদারী কারবারের সমান অংশের অংশীদার। আর্থিক বছর '31st March 2006-এ' শেষ হওয়া বছরের এবং কারবারের লাভক্ষতির হিসাব পেশ করা হল :

Profit & Loss Account for the year ended 31st March, 2002

	Rs.		Rs.
To Salaries	64,000	By Gross Profit	2,63,800
To General Expenses	29,000	By Bank Interest	6,000
To Rent, Rates and taxes	25,200	By Bad-Debt (disallowed)	
To Bad debt	7,900	earlier year's assessment	9,500
To Reserve for Bad-Debt	6,700		
To Depreciation	10,700		
To Advertisement	10,300		
To Charities of Donation	9,500		
To Legal expenses	9,900		
To Loss of sale of car	3,500		
To Partner's Salaries			
X : Rs. 20,000			
Y : Rs 14,000			
Z : Rs. 12,000	46,000		
To Commission to Z	6,000		
To Rent to Y	13,000		
To Interest on Capital	24,000		
To Net pof Profit	2,79,300		2,79,300

নিম্নলিখিত অতিরিক্ত তথ্যগুলিকে বিবেচনা করুন :

- (a) বিজ্ঞাপন বাবদ যে বায় দেখানো হয়েছে তার মধ্যে নিম্নলিখিত ব্যয়গুলি অন্তর্ভুক্ত : স্থায়ী Signboard এর ব্যয় 4,600 টাকা; ব্যবসায়িক পত্রিকাতে বিজ্ঞাপন বাবদ ব্যয় 4,600 টাকা এবং খরিদ্দারের উপহার প্রদান বাবদ ব্যয় 2,700 টাকা।
 - (b) অংশীদারী কারবারের আয়ের রিটার্ন প্রস্তুত করার জন্য একজন চাটার্ড অ্যাকাউন্ট্যান্টকে পারিশ্রমিক বাবদ যে 5,000 টাকা প্রদান করা হয়েছে তা General Expenses-এর মধ্যে অন্তর্ভুক্ত করা আছে।
 - (c) ব্যবসায়ীদের সংগঠনকে 3,400 টাকা এবং অনুমোদিত প্রতিষ্ঠানে 4,000 টাকা যে দান করা হয়েছে তা Charities and Donation হিসাবে অন্তর্ভুক্ত করা আছে।
 - (d) গাড়িটি এই আর্থিক বছরে 33,000 টাকায় ক্রয় করা হয়েছিল এবং 3,500 টাকা ক্ষতিতে বিক্রয় করা হয়েছে।
 - (e) অংশীদারদের মূলধনের উপর সুদ বার্ষিক 20% হারে ধার্য করে যথাক্রমে 12,000, 6,000 টাকা 6,000 এবং টাকা হিসাবে দেখানো হয়েছে।
 - (f) অংশীদারদের পারিশ্রমিক ও সুদপ্রদান অংশীদারী দলিলে উল্লেখ করা আছে।
- (4) মার্চ 31,2006-এর জন্য প্রস্তুত করা Bandhab Stores একটি অংশীদারী কারবারের লাভ ও ক্ষতির হিসাবটি পেশ করা হল। X, Y এবং Z সমান অংশের অংশীদার।

Profit & Loss Account for the year ended 31st March, 2006

	Rs.		Rs.
To Partner's Salaries		By Gross Profit b/d	2,01,500
X	34,000	By Interest on drawing	
Y	22,000	X	5,500
Z	15,000	Y	4,500
To Interest on Capital		Z	3,000
X	7,000		
Y	5,000		
Z	4,000		
To Other trade expenses	45,000		
To Net Profit	82,500		
	2,14,500		2,14,500

অতিরিক্ত তথ্য :

- (a) নির্ধারণ অধিকারিকের মতে X-কে যে পরিশ্রমিক প্রদান করা হয়েছে তার মধ্যে 7,000 টাকা অতিরিক্ত পারিশ্রমিক বলে গণ্য করা যায়।
- (b) অন্যান্য ব্যাবসায়িক ব্যয়ের মধ্যে X-এর প্রাণ্বসঞ্চ পুত্রের কারবারের সেবাদানের পারিশ্রমিক ব্যবস্থা যে 7,000 টাকা প্রদান করা হয়েছে তা অস্তর্ভুক্ত আছে।


নির্ধারণ বছর 2006-2007-এর জন্য অংশীদারী কারবারের মোট আয় ও করভার নির্ধারণ করুন,

12.9 উত্তর সংকেত

- (a) (1) 12.3
(2) 12.4
(3) 12.3
(4) 12.3
(5) 12.3
(6) 12.5.1
- (b) (1) 12.3
(2) 12.3
(3) শর্তগুলি হল
(a) বেতন বা পারিশ্রমিক একজন কার্যকরী অংশীদারকে দেওয়া হয়েছে,
(b) এই পারিশ্রমিক অংশীদারী চুক্তি অনুসারে প্রদত্ত হয়েছে।
(c) চুক্তি সম্পাদনের পরবর্তী কোনও সময়ের জন্য এই বেতন প্রদত্ত হয়েছে।
(d) পারিশ্রমিকের পরিমাণ বা সীমা চুক্তিতে নির্দিষ্ট করা আছে

12.10 গ্রন্থপঞ্জী

- (1) কর ব্যবস্থা—প্রণালী ও প্রয়োগ : বিশ্বজিৎ ভদ্র ও অশোক সংগতি।
(2) আয়কর পরিচয়—ডি. কে. চৰবৰ্তী।





মানুষের জ্ঞান ও ভাবকে বইয়ের মধ্যে সংশ্লিষ্ট করিবার যে একটা অচুর সুবিধা আছে, সে কথা
কেহই অস্মীকার করিতে পারে না। কিন্তু সেই সুবিধার দ্বারা মনের স্বাভাবিক শক্তিকে একেবারে
আচম্ভ করিয়া ফেলিলে বুদ্ধিকে বাবু করিয়া তোলা হয়।

—রবীন্দ্রনাথ ঠাকুর

ভারতের একটা mission আছে, একটা গৌরবময় ভবিষ্যৎ আছে, সেই ভবিষ্যৎ ভারতের
উত্তরাধিকারী আমরাই। নৃতন ভারতের মুক্তির ইতিহাস আমরাই রচনা করছি এবং করব। এই বিশ্বাস
আছে বলেই আমরা সব দুঃখ কষ্ট সহ্য করতে পারি, অন্ধকারময় বর্তমানকে অগ্রহ্য করতে পারি,
বাস্তবের নিষ্ঠুর সত্যগুলি আদর্শের কঠিন আঘাতে ধূলিসাং করতে পারি।

—সুভাষচন্দ্র বসু

Any system of education which ignores Indian conditions,
requirements, history and sociology is too unscientific to commend
itself to any rational support.

—Subhas Chandra Bose

Price : Rs. 150.00

(NSOU-র ছাত্র-ছাত্রীদের কাছে বিক্রয়ের জন্য নয়)

Published by Netaji Subhas Open University, DD-26, Sector-I,
Salt Lake, Kolkata - 700 064 & Printed at Prabaha, 45, Raja Rammohan
Roy Sarani, Kolkata - 700 009.